বাংলাদেশ অর্থনীতি সমিতি

সাময়িকী

২০১৭

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association

বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭

জামালউদ্দিন আহমেদ
সম্পাদক

জানুয়ারি ২০১৭

বাংলাদেশ অর্থনীতি সমিতি
৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ১০০০
টেলিফোন: ৯৩৪ ৫৯৯৬, ফ্যাক্স: ৮৮০-২-৯৩৪ ৫৯৯৬
Website : www.bea-bd.org
E-mail: bea.dhaka@gmail.com

বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭

কৃতজ্ঞতা স্বীকার
বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক
বাংলাদেশ অর্থনীতি সমিতিকে আর্থিক সহায়তা

[সাময়িকীতে প্রকাশিত বিভিন্ন মতামত, মতবাদ
সকল ক্ষেত্রেই বাংলাদেশ অর্থনীতি সমিতির
নীতিমালার প্রতিফলন নয়]

প্রকাশকাল
জানুয়ারি ২০১৭

প্রকাশক
বাংলাদেশ অর্থনীতি সমিতি
৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ১০০০
টেলিফোন: ৯৩৪ ৫৯৯৬, ফ্যাক্স: ৮৮০-২-৯৩৪ ৫৯৯৬
Website : bea-bd.org
ই-মেইল: bea.dhaka@gmail.com

কভার ডিজাইন
সৈয়দ আসরারুল হক (সোপেন)
শাহিন আহাম্মদ

মুদ্রণে
আগামী প্রিন্টিং এন্ড পাবলিশিং কোং
২৭ বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা ১২০৫
ফোন: ০১৯৭১ ১১৮ ২৪৩

মূল্য
তিনশত পঞ্চাশ টাকা মাত্র
সদস্যদের জন্য: দুইশত টাকা

BANGLADESH ARTHONITI SAMITY SAMOYIKI-2017. A Periodical of Bangladesh Economic Association. Published by Bangladesh Economic Association, 4/C, Eskaton Garden Road, Dhaka 1000, Bangladesh. Tel. 9345996, Fax. 880-2-934 5996, Website : bea-bd.org e-mail. bea.dhaka@gmail.com January 2017. Cover designed by Syed Asrarul Hoque (Sopen) and Shahin Ahmed. Printed by Agami Printing & Publishing Co.

Price: Taka 650; US$ 30

বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭

সম্পাদক
জামালউদ্দিন আহমেদ

সম্পাদনা পরিষদ
এ. এফ. মুজতাহিদ
ড. সাইদুর রহমান
ড. নাজমুল বারী
ড. তৌফিক আহমদ চৌধূরী
ড. মোঃ লিয়াকত হোসেন মোড়ল
মোঃ মোস্তাফিজুর রহমান সরদার
অধ্যাপক অজয় কুমার বিশ্বাস
অধ্যাপক মোঃ সাইদুর রহমান
অধ্যাপক সুভাস কুমার সেনগুপ্ত
আসমার ওসমান

উপদেষ্টা পরিষদ
অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী
ড. কাজী খলীকুজ্জামান আহমদ
অধ্যাপক ড. আবুল বারকাত
অধ্যাপক. মুহাম্মদ ফরাসউদ্দিন
অধ্যাপক ড. এম এ সাত্তার মন্ডল
অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধূরী
খোন্দকার ইব্রাহীম খালেদ
ড. ইসমাইল হোসেন

বাংলাদেশ অর্থনীতি সমিতি
৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা ১০০০
টেলিফোন: ৯৩৪৫৯৯৬, ফ্যাক্স: ৮৮০-২-৯৩৪ ৫৯৯৬
Website : www.bea-bd.org
E-mail: bea.dhaka@gmail.com

BEA Executive Committee
2015-2017

President
Ashraf Uddin Chowdhury

Vice- Presidents
Tofazzal Hossain Miah
Mohammad Mamon
Mohammad Hanif
A.F. Mujtahid
A.K. Monaw-war Uddin Ahmad

General Secretary
Jamaluddin Ahmed

Treasurer
Md. Mostafizur Rahman Sarder

Joint Secretary
Md. Liakat Hossain Moral
Syeda Nazma Parvin Papri

Assistant Secretary
Sahanara Begum
Meherunnesa
Mir Hasan Mohammad Zahid
Sk. Ali Ahmed
Sukumar Ghosh

Members
Abul Barkat
M. Moazzem Hossain Khan
Nazmul Bari
Md. Nazrul Islam
Md. Saidur Rahman
Amirul Islam
A.K.M. Ismail
Md. Morshed Hossain
Md. Jahangir Alam
Ajoy Kumar Biswas
Md. Habibul Islam
Syed Asraul Haque
Partha Sarathee Ghosh
Subhash Kumar Sengupta

বাংলাদেশ অর্থনীতি সমিতি কার্যনির্বাহক কমিটি
২০১৫-২০১৭

সভাপতি

আশরাফ উদ্দিন চৌধুরী

সহ-সভাপতি

মোঃ তোফাজ্জল হোসেন মিয়া
মোহাম্মদ মামুন
মোঃ হানিফ
এ.এফ. মুজতাহিদ
এ.কে. মনো-ওয়ার উদ্দীন আহমদ

সাধারণ সম্পাদক

জামালউদ্দিন আহমেদ

কোষাধ্যক্ষ

মোঃ মোস্তাফিজুর রহমান সরদার

যুগ্ম-সম্পাদক

মোঃ লিয়াকত হোসেন মোড়ল
সৈয়দা নাজমা পারভীন পাপড়ি

সহ-সম্পাদক

শাহানারা বেগম
মেহেরুননেছা
মীর হাসান মোহাঃ জাহিদ
শেখ আলী আহমেদ
সুকুমার ঘোষ

সদস্য

আবুল বারকাত
মোঃ মোয়াজ্জেম হোসেন খান
নাজমুল বারী
মোঃ নজরুল ইসলাম
মোঃ সাইদুর রহমান
আমিরুল ইসলাম
এ.কে.এম ইছমাইল
মোঃ মোরশেদ হোসেন
মোঃ জাহাঙ্গীর আলম
অজয় কুমার বিশ্বাস
মোঃ হাবিবুল ইসলাম
সৈয়দ এসরারুল হক
পার্থ সারথী ঘোষ
সুভাস কুমার সেনগুপ্ত

বাংলাদেশ অর্থনীতি সমিতি

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্দেশ্য ও লক্ষ্য

অর্থনৈতিক, বিশেষ করে বাংলাদেশের অর্থনৈতিক বিষয়ে শিক্ষা, অনুসন্ধান ও গবেষণার উন্নয়ন সাধনে উদ্যোগ গ্রহণ এবং উৎসাহ ও সহায়তা প্রদান।

অর্থনৈতিক বিষয় সংক্রান্ত সাময়িকী প্রকাশনা।

অর্থনৈতিক বিষয়াদির উপর সভা, সম্মেলন ও আলোচনা সভার আয়োজন।

অর্থনীতিবিদদের পেশাগত স্বার্থ সংরক্ষণ।

(বাংলাদেশ অর্থনীতি সমিতি, *গঠনতন্ত্র, ধারা খ)*

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

সম্পাদকের নিবেদন

বাংলাদেশ অর্থনীতি সমিতির বহুকাঙ্খিত ২০তম দ্বিবার্ষিক সম্মেলন উপলক্ষে আমাদের স্মারক-শুভেচ্ছা। বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭ সম্মানিত সদস্য ও সুপ্রিয় পাঠকদের হাতে তুলে দিতে পেরে আমরা আনন্দিত।

বাংলাদেশ অর্থনীতি সমিতির সাময়িকী প্রকাশ আমাদের সমিতির কার্যনির্বাহক কমিটির অন্যতম প্রধান দায়িত্ব (গঠনতন্ত্র, ধারা খ২: উৎস ও লক্ষ্য)। সাময়িকী প্রকাশের কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সমিতির কার্যনির্বাহক কমিটি একজন সম্পাদক এবং একটি সম্পাদকীয় পরিষদ নিযুক্ত করবেন– এটিও গঠনতান্ত্রিক নির্দেশ (ধারা চ১১: কার্যনির্বাহক কমিটি ও কর্মকর্তাদের কর্তব্য)। গণতান্ত্রিক বিধি-বিধানের প্রতি বর্তমান কার্যনির্বাহক কমিটির পূর্ণ আস্থার অন্যতম নিদর্শনই হল 'বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭'।

অর্থনীতিবিদদের পেশাগত দায়িত্ব পালনের সাথে সামাজিক দায়বদ্ধতা পালনের স্বচ্ছ সমন্বিত প্রয়াসের প্রতিফলন– এবারের বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭। গত কয়েকটি দ্বিবার্ষিক সম্মেলনের মত এবারও একটি বৃহদায়তন ও বৈচিত্র্যসমৃদ্ধ সাময়িকী বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রকাশ করলো। এবার সাময়িকীতে প্রবন্ধের সংখ্যা ৫০ টি এবং লেখকের সংখ্যা ৭০ জন। প্রবন্ধের বিষয়ভিত্তিক বৈচিত্রও বেশি।

সমিতির গত দুই বছরের কর্মকাণ্ডের লিখিত প্রমাণাদি আছে এবারের সাময়িকীতে। যার মধ্যে অন্যতম সমিতি কর্তৃক প্রবর্তিত অর্থনীতি সমিতি স্বর্ণপদক ২০১৫ প্রাপ্তদের পরিচিতি, দ্বিবার্ষিক সম্মেলনের (২০১৫) উপর বক্তব্য/প্রতিবেদন, আঞ্চলিক সেমিনার (ময়মনসিংহ ও রাজশাহী), বিভিন্ন সংবাদ সম্মেলন, শোকবার্তা ও প্রেস বিজ্ঞপ্তি। এছাড়াও, সংযোজিত হলো বাংলাদেশ অর্থনীতি সমিতির ২০১৫-২০১৭ কার্যক্রমের নির্বাচিত ফটো-এ্যালবাম।

বাংলাদেশ অর্থনীতি সমিতি এ-দেশের মানুষের মুক্তি ও স্বাধীনতা-মধ্যস্থতাকারী মানব উন্নয়ন দর্শনে বিশ্বাসী এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ অর্থনীতিবিদদের সংগঠন হিসেবে পরিচিত। দায়িত্ব গ্রহণের পর থেকেই বর্তমান নির্বাচিত কার্যনির্বাহক কমিটি এ দেশে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বয়নে তাদের সীমিত সাধ্যের মধ্যে কাজ করে চলেছে। এ কাজের স্বচ্ছ বহিঃপ্রকাশই বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭। প্রকাশনার পরিসর বাড়লে ভুল-ত্রুটি বাড়ে। সবরকম সতর্কতা গ্রহণ করার পরও যদি এ সাময়িকীতে ত্রুটি-বিচ্যুতি থেকে থাকে তাহলে আমরা আন্তরিকভাবে দুঃখিত। আশা করি পাঠকবৃন্দ ভবিষ্যতে আরো উন্নত সাময়িকী প্রকাশে ইতিবাচক পরামর্শ দেবেন।

আমরা প্রত্যাশা করছি, "রূপকল্প ২০২১"–মুক্তিযুদ্ধের ৫০ বছর পূর্তির সময় ২০২১ সালে বাংলাদেশ হবে "অসাম্প্রদায়িক, প্রগতিশীল, উদার গণতান্ত্রিক কল্যাণ রাষ্ট্র–– বিনির্মাণে সম্মানিত সদস্য, আগ্রহী পাঠক ও কল্যাণকামী গবেষক-নাগরিকদের চিন্তা-চেতনার বিকাশে বাংলাদেশ অর্থনীতি সমিতির বর্তমান সাময়িকী সহ সকল প্রকাশনা সবিশেষ ভূমিকা রাখতে সমর্থ হবে।

প্রুফ দেখাসহ প্রকাশনা সংশ্লিষ্ট নানান জটিল ও কষ্টদায়ক কাজে সহায়তার জন্য অনেকের কাছে ঋণ স্বীকার করছি, যাদের মধ্যে অন্যতম সেলিম রেজা, মোজাম্মেল হক, আনিসুর রহমান ও রাজু আহমেদ। সেই সাথে আরো যাদের প্রতি ঋণ স্বীকার না করলেই নয় তারা হলেন, আগামী প্রেসের মুদ্রণ কর্মী এবং স্বত্ত্বাধিকারী শাহিন আহাম্মদ এবং প্রচ্ছদ ডিজাইনার সৈয়দ আসরারুল হক। এবারের সাময়িকী সুপ্রিয় পাঠক ও শুভার্থীদের মনোযোগ লাভে সক্ষম হলে আমাদের উদ্যোগ যথার্থ বলে মনে করবো।

সবাইকে আন্তরিক ধন্যবাদ।

ড: জামালউদ্দিন আহমেদ

সম্পাদক, বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী ২০১৭
এবং
সাধারণ সম্পাদক, বাংলাদেশ অর্থনীতি সমিতি

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

সূচিপত্র

সম্পাদকের নিবেদন vii

১. উন্নয়ন বৈষম্য ও বাজেটে রংপুর বিভাগে নারীর জন্য অধিক বরাদ্দ: একটি পর্যালোচনা ১
মোঃ মোরশেদ হোসেন

২. দারিদ্র্যের বহুমাত্রিকতা এবং দারিদ্র্য বিমোচন কৌশল: প্রেক্ষিত বাংলাদেশ ১৫
মোঃ জহির উদ্দিন আরিফ

৩. সুশিক্ষায় শিক্ষকের ভূমিকা ২৭
সরদার সৈয়দ আহমেদ

৪. Banks and Regional Development in Bangladesh ৪৩
Habibullah Bahar

৫. Agrarian Relations in Bengal: From Ancient to British Period ৫১
Md. Nur Alam

৬. Financial Inclusion: The Digital Way ৬৫
Quazi Mortuza Ali

৭. Rethinking Political Economy and Development ৭৭
Shamema Akter

৮. Importance of Extending Financial Inclusion for the Development of Rangpur Region ১০৩
Md. Mohiuddin Hossain
Most. Ayesha Akter

৯. A Study on the Community Based Fisheries Management ১১৩
Md. Muzaffar Ahmed

১০. কৃষি উৎপাদনে নারী ১৩৩
হাসিনা বানু

১১. Manpower Export in Bangladesh:Problems and Prospects ১৪১
Sardar Syed Ahamed
Md. Rezaul Karim

১২. Employment and Unemployment Situation in Bangladesh: A Dismal Picture of Development ১৬৫
Sarder Syed Ahmed
Md. Rezaul Karim Khan

১৩. জেন্ডার সমতাঃ মহাজোট সরকারের অর্জন ও আগামীর কথা ১৮৯
হান্নানা বেগম

১৪. Energy Sector Development and Energy Security in Bangladesh ১৯৯
T. Ishtiaque
F. Ahsan
N.M.A Haq
M.A.R.Sarkar

১৫. Dynamics of Women Entrepreneurship in the SME Sector: A Study on Rangpur Region ২১৫
Md Mohiuddin Hossain
Most. Sonia Akhter

১৬. টেকসই উন্নয়নঃ বাংলাদেশের নারীশিক্ষা ও প্রশিক্ষণ ২৩১
হান্নানা বেগম

১৭. Alternative Financing for SMEs ২৩৭
Ferdaus Ara Begum

১৮. The Role of Maritime Cluster in Enhancing the Strength and Development of Maritime Sectors of Bangladesh ২৫৩
Halima Begum

১৯. Sustainable Development ২৭৫
Monju Ara Begum
Mir Yousuf Ali

২০. Value Chain Inclusiveness : Unleashing the Potential for Increasing Agricultural Financing ২৯৭
M. Hassanullah

২১. প্রস্তাবিত গঙ্গা ব্যারেজ প্রকল্পঃ সম্ভাবনা ও সমস্যা ৩০১
মোঃ নূরে হেলাল

২২. Impact of Macroeconomic Variables on the Stock Market Returns in Bangladesh: Does a Meaningful Impact Exist? ৩১৫
Mahedi Masuduzzaman

২৩. রবীন্দ্রনাথের আর্থ–সামাজিক উন্নয়ন ভাবনা ও কার্যক্রম পর্যালোচনা ৩৩৯
মেহেরুননেছা

২৪. Birth-Philosophy of Bangladesh and Future of Bangladesh: A Study Towards Building a Welfare State ৩৫৩
Kalyankar Mistry

২৫. Skills Development, Employment Opportunities & Gender Analysis through a Project Intervention ৩৯৫
Md Abdul Moji
Morsaline Mojid

২৬. Socioeconomic Policy Considerations for Sustainable Agricultural Development & Food Security in Bangladesh: An Assessment ৪১১
Md. Abdul Mojid

২৭. Prospects and Challenges of Industrialization in Bangladesh ৪১৭
M. A. Rashid Sarkar

২৮. Prospects of Non Bank Financial Institutions & Money Market: Indication from Bangladesh ৪৩৫
Bidduth Kanti Nath
Sujan Kanti Biswas
Rajib Datta

২৯. Social Protection and Economic Development Through Co-operative ৪৫১
Md. Mahbubur Rahman

৩০. Financing Small and Medium Enterprises: Results from a Branch Level Study ৪৭৫
Mihir Kumar Roy
Md. Abdur Rouf
Md. Abdus Salam Sarker
Shafiul Azam

৩১. Potential and Problems of Remittance Use:A Case of Some Villages in Comilla ৫০৭
Mihir Kumar Roy
Salah Uddin Ibne Syed

৩২. ভূমি অধিকার এবং আমাদের সমাজ বাস্তবতা: কতিপয় সুপারিশ ৫২৭
মুহাম্মদ জসীম উদ্‌দীন

৩৩. ভালো শিক্ষা প্রতিষ্ঠান বনাম আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান: একটি পর্যালোচনা ৫৪৭
মুহাম্মদ জসীম উদ্‌দীন

৩৪. An Overview on Micro, Small and Medium Enterprise (MSME) Investment of Banks specially focused on EXIM Bank ৫৬৩
Md. Main Uddin

৩৫. Recruitment and Selection Procedure of Pharmaceuticals Companies : A Case Study on Sanofi Aventis, Bangladesh ৫৮১
Alvy Riasat Malik
Nusrat Jahan
Israt Jahan Kumkum

৩৬. Adoption and Satisfaction of Debit Card Users in Sylhet City: Selected Private Commercial Banks of Bangladesh ৫৯৩
S. M. Saief Uddin Ahmed

৩৭. Natural Resources and Development: Bangladesh perspective ৬১৩
Shishir Reza

৩৮. Structural transformation with self-reliant growth ৬২৫
Mohammad Ali Akbar

৩৯. The March to Development: A Survey of the Developmental Efforts and Achievements of Bangladesh ৬৩৫
A.N.K.Noman

৪০. International Migration and Immigration from Bangladesh: A Cost-Benefit analysis ৬৪৫
Kazi Al Mamun

৪১. পরিকল্পিত চট্টগ্রাম: সমস্যা-সম্ভাবনা ও করণীয় ৬৬৯
শিমুল বড়ুয়া

৪২. Enabling Environment for Green (Eco) Banking: Implications for Banking Sector of Bangladesh ৬৮৩
Moslehuddin Chowdhury Khaled
Bidduth Kanti Nath

৪৩. নোয়াখালীর অর্থনৈতিক উন্নয়নের সমস্যা ও সম্ভাবনা ৭০১
মোহাম্মদ মোস্তফা কামাল

৪৪. বঙ্গবন্ধুর কৃষি উন্নয়ণ ভাবনা ৭০৯
মোঃ জয়নাল আবেদীন

৪৫. Poultry Industry in Bangladesh: Present Status and Future Potential ৭১৩
S. K. Raha

৪৬. Sustainable Development and Bangladesh ৭২৭
Md. Abdul Halim

৪৭. The Prospects of Nuclear Power in Bangladesh ৭৩৫
Asif Reza Chowdhury
Raihan Ul Islam Shezan
M.A.R. Sarkar

৪৮. ২০১৫ সালে বাংলাদেশের নারীঃ সিডও সনদের মূলকথা ও জাতিসংঘের প্রত্যাশা ৭৪৫
হান্নানা বেগম

৪৯. বাংলাদেশের অবকাঠামো (অর্থনৈতিক ও সামাজিক) যানবাহন, শিক্ষা ও স্বাস্থ্য ৭৫৩
মোঃ মনোহর আলী

৫০. Women Empowerment and Sustainable Development ৭৫৯
Rasheda Akhter Khanam

৫১. প্রেস বিজ্ঞপ্তি, শোকবার্তা ও অন্যান্য ৭৬৩

৫২. বাংলাদেশ অর্থনীতি সমিতি সম্মাননা স্বর্ণপদক ২০১৫: সম্মাননা পরিচিতি ৭৭৭

৫৩. বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৯তম দ্বিবার্ষিক সম্মেলন-২০১৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতির ভাষণ ৭৮১
আবুল বারকাত

৫৪. বাংলাদেশ অর্থনীতি সমিতির অষ্টাদশ সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়কের শুভেচ্ছা ভাষণ ৭৮৫
জামালউদ্দিন আহমেদ

৫৫. বাংলাদেশ অর্থনীতি সমিতির ২৭ শে পৌষ ১৪২১/১০ জানুয়ারী ২০১৫-এ অনুষ্ঠিত সমিতির সাধারণ সভায় কার্যনির্বাহক কমিটির সাধারণ সম্পাদকের প্রতিবেদন ৭৮৯

৫৬. বাংলাদেশ অর্থনীতি সমিতির ২০১৫-২০১৭ কার্যক্রমের ফটো এ্যালবাম ৮০৯

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

উন্নয়ন বৈষম্য ও বাজেটে রংপুর বিভাগে নারীর জন্য অধিক বরাদ্দ: একটি পর্যালোচনা

মোঃ মোরশেদ হোসেন*

ভুমিকা

জাতীয় বাজেট একটি দেশের বাৎসরিক আয়- ব্যয় বরাদ্দই শুধু প্রকাশ করে না, একই সংগে রাষ্ট্রের নীতি ও কৌশল বাজেটে প্রতিফলিত হয়। বাজেট হলো, জনগনের কল্যাণ চিন্তার একটি উপস্থাপনা। এই কারণে আশা করা যায় যে, বাজেট হবে অর্ন্তভুক্তিমূলক (inclusive)। নারী- পুরুষ, গ্রাম- শহর, দরিদ্র- ধনী, সব জাতি ধর্মমত. প্রতিবন্ধী জনগোষ্ঠী সকলের প্রয়োজনকে গুরুত্বের সাথে বিবেচনা করে সরকার নিজস্ব রাজনৈতিক দর্শন অনুযায়ী অর্থনীতির অগ্রাধিকারভিত্তিক খাতগুলোকে নির্বাচন করবে এমনটাই আশাকরা যায়।

জাতীয় বাজেটে নারীর জন্য কতটুকু বরাদ্দ- এ বিষয়ে যাওয়ার আগে নারীর জন্য কেন আলাদা বরাদ্দ দরকার এ বিষয়ের উপর আলোকপাত করা প্রয়োজন। আর রংপুর বিভাগের নারীদের কেন আরও অতিরিক্ত বরাদ্দ দরকার সেটিই মূলত এ প্রবন্ধের প্রধান আলোচ্য বিষয়।

নারীর জন্য কেন আলাদা বরাদ্দ, উন্নয়ন বৈষম্য ও রংপুর বিভাগে নারীর আর্থ- সামাজিক অবস্থা

আমরা জানি, বাংলাদেশের সংবিধানে নারী পুরুষের সমঅধিকার নিশ্চিত করা হয়েছে। অর্থাৎ সাংবিধানিক অধিকারের আলোকে মৌলিক অধিকার ও সুযোগ আদায়ের ক্ষেত্রে নারী-পুরুষের কোন বৈষম্য বা তারতম্য থাকবে না। কিন্তু বাস্তবক্ষেত্রে চিত্র একেবারে ভিন্ন। সমাজের গভীরে প্রোথিত পিতৃতান্ত্রিকতার ফলে জেন্ডার বৈষম্য নারীকে তার ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করে সকল কর্মকান্ডে পুরুষের প্রাধান্য বিস্তারে সাহায্য করছে। আর্থ-সামাজিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক অধিকার

---

* সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

আদায়ের ক্ষেত্রে এখনও নারীকে পুরুষের মুখাপেক্ষী থাকতে হয়। খাদ্য, পুষ্টি, স্বাস্থ্যসেবা, শিক্ষা প্রভৃতি সকলক্ষেত্রেই পিতৃতান্ত্রিক সমাজকাঠামোকে টিকিয়ে রাখার প্রয়াস পরিলক্ষিত হয়। সম্পদ বা ভূমি মালিকানা বাংলাদেশে ক্ষমতায়নের ক্ষেত্রে খুবই গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হয়। অথচ খুব অল্প নারীর সম্পদের উপর মালিকানা সত্ত্ব রয়েছে। কর্মসংস্থান ও সম্পদের অভাব অধিকাংশ ক্ষেত্রে নারীর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া অর্জনে বিরাট এক অন্তরায় স্বরূপ।[১]

বাংলাদেশের নারীরা মূলতঃ নানা বঞ্চনার শিকার। এ বঞ্চনা দারিদ্র-উদ্ভূত বঞ্চনা, ক্ষমতাহীনতা উদ্ভূত বঞ্চনা, নিঃসঙ্গতা- বিচ্ছিন্নতা- একাকিত্ব- উদ্ভূত বঞ্চনা, শারীরিক দুর্দশা-উদ্ভূত বঞ্চনা, ভঙ্গুরতা-উদ্ভূত বঞ্চনা। তাই এদেশের নারীদের প্রকৃত অবস্থা জানার জন্য প্রথমেই নারীদের আর্থ-সামাজিক শ্রেণী অবস্থান জানা প্রয়োজন। একারণেই নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন করতে শ্রেণিগত অবস্থান বিশ্লেষণ করতে হবে। এ প্রসংগে ড. আবুল বারকাত, "বাংলাদেশে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নঃ মানব উন্নয়ন পরিকল্পনায় যা ভাবতে হবে" প্রবন্ধে দেখিয়েছেন যে, এদেশের ১৫ কোটি মানুষের মধ্যে প্রকৃত দরিদ্র-বিত্তহীন মানুষের সংখ্যা হবে কমপক্ষে ১২ কোটি ৪৩ লাখ (অর্থাৎ জনসংখ্যার ৮৩%)। এ ১২ কোটি ৪৩ লাখ মানুষ মানব উন্নয়ন সংশ্লিষ্ট যে কোন মাপকাঠিতে দরিদ্র। আর এ মানুষের মধ্যে অর্ধেক মানুষ অর্থাৎ ৬ কোটি ২০ লাখ নারী দ্বি-মাত্রিক দারিদ্র– (**হতে পারে বহুমাত্রিক**)– একবার নারী হিসাবে আর একবার দরিদ্র বিত্তহীন নারী হিসাবে। তিনি দেখিয়েছেন এদেশের মধ্যবিত্ত নারীদের সংখ্যা ৭২ লাখ আর উচ্চবিত্ত ও ধনী নারী ৫৬ লাখ (৭.৭%)। তাঁর মতে এদেশে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নসহ মানুষের ক্ষমতায়নের যতরূপ থাকতে পারে তা দূর করতে হলে অবশ্যই ৬ কোটি ২০ লাখ (৮৫%) দরিদ্র বিত্তহীন নারীর কথা সর্বাগ্রে ভাবা প্রয়োজন। ৫৬ লাখ (৭.৭%) ধনী ও উচ্চবিত্ত নারীর উচ্চপদ, প্রশাসনিক পদ, উচ্চশিক্ষা নয়।[২]

ড. আবুল বারকাতের উপরোক্ত **নারী দারিদ্রের বহুমাত্রিকতার** একটি মাত্রা হিসাবে "উন্নয়ন বৈষম্য" পর্যালোচনার দাবী রাখে যা রংপুর বিভাগের নারীদের জন্য প্রযোজ্য।

রংপুর বিভাগ যা আটটি জেলা নিয়ে গঠিত, দীর্ঘদিন হতে উন্নয়ন বৈষম্যের শিকার। উন্নয়ন বৈষম্যের কারণে সৃষ্ট আঞ্চলিক বৈষম্য যাকে বিশ্বব্যাংক "East-West Economic Divide" বলে ব্যাখ্যা করেছে।[৩]

বাংলাদেশের সরকারের ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার (২০১১-১০১৫) Managing Regional Disparities for Shared Growth and Sustained Poverty Reduction অধ্যায়ে এই আঞ্চলিক বৈষম্যের কথা স্বীকার করে বলা হয়েছে "The Government is very much concerned about regional disparities and is committed to take all necessary steps to reduce disparities. The Sixth Five Year Plan provides a strong platform to develop a strategy for lowering regional disparities over the longer term and to provide a policy framework for initiating proper actions. As a reflection of its concerns and strong commitment, the government has decided to put special focus on the subject in the Sixth Plan." [৪]

আবার ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নারীর সমতার ক্ষেত্রে বলা হয়েছে, এটা স্বীকৃত যে, নারীরা অসমজাতীয় নানা শ্রেণিতে বিভক্ত যেমন তাদের অবস্থা, বঞ্চনা এবং প্রয়োজনীয়তা সম্প্রদায়, ধর্ম এবং স্থান ভেদে ভিন্ন হয়।

ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার দলিলে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও দারিদ্র হ্রাসের অঞ্চলগত - ভৌগোলিক দিক সম্পর্কে বলা হয়েছে যে গত দুই দশকে বাংলাদেশ দারিদ্র হ্রাসে উন্নতি করেছে। কিন্তু জাতীয় পর্যায়ে

ছক- ১: বিভাগভিত্তিক দারিদ্র চিত্র

(উচ্চ দারিদ্র রেখা অনুসারে)

	দারিদ্র হার (মাথাগননা সূচক) ২০১০	দারিদ্র হার (মাথাগননা সূচক) ২০০৫	দারিদ্র ব্যবধান (Poverty Gap) ২০১০	দারিদ্র ব্যবধান বর্গ (Squared Poverty Gap) ২০১০
জাতীয়	৩১.৫	৪০.০	৬.৫	২.০
বরিশাল	৩৯.৪	৫২.০	৯.৮	৩.৪
চট্টগ্রাম	২৬.২	৩৪.০	৫.১	১.৫
ঢাকা	৩০.৫	৩২.০	৬.২	১.৮
খুলনা	৩২.১	৪৫.৭	৬.৪	২.০
রাজশাহী	৩৫.৭	৫১.২	৬.২	১.৯
রংপুর	৪৬.২	-	১১.০	৩.৫
সিলেট	২৮.১	৩৩.৮	৪.৭	১.৩

উৎস: *Reports of the Household Income & Expenditure Survey-2010*

দারিদ্র হ্রাসে যে উন্নতি তা আঞ্চলিক পর্যায়ে সমভাবে হয়নি। বলা হয়েছে দারিদ হ্রাসে ভাল করেছে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগ - খারাপ করেছে রংপুর, বরিশাল, খুলনা বিভাগ (ছক- ১)।

ছক- ১ হতে দৃশ্যমান, জাতীয় পর্যায়ে দারিদ্র হার যেখানে উচ্চ দারিদ্র রেখা অনুসারে ৩১.৫ শতাংশ, সেখানে উত্তরবঙ্গের রংপুর বিভাগে দারিদ্র হার ৪৬.২ শতাংশ। দারিদ্র ব্যবধান (Poverty Gap) দেশের অন্যান্য বিভাগ এর চেয়ে রংপুর বিভাগে বেশী। জাতীয় দারিদ্র ব্যবধান যেখানে ৬.৫ সেখানে রংপুর বিভাগে দারিদ্র ব্যবধান হার ১১.০ অর্থাৎ দারিদ্ররেখা হতে দরিদ্ররা অনেক বেশী নীচে অবস্থান করে। আবার দারিদ্র ব্যবধান বর্গ (Squared Poverty Gap) সকল বিভাগের চেয়ে রংপুর বিভাগে বেশী ৩.৫ অর্থাৎ দারিদ্রের তীব্রতা রংপুর বিভাগে সবচেয়ে বেশী।[৫]

আবার জনগণের আয় ও ব্যয়ের হিসাব থেকে দেখা যায়, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগের জনগণের মাসিক গড় আয় যথাক্রমে ১৩২২৬ টাকা, ১৪০৯২ টাকা ও ১১৬২৯ টাকা এবং মাসিক গড় ব্যয় যথাক্রমে ১১৬৪৩ টাকা, ১৪৩৬০ টাকা ও ১২০০৩ টাকা সেখানে রংপুর বিভাগের জনগণের গড় মাসিক আয় ও ব্যয় যথাক্রমে ৮৩৫৯ টাকা ও ৮২৯৮ টাকা। রংপুর বিভাগের জনগণের মাসিক গড় আয় ও ব্যয় অন্যান্য বিভাগ এর তুলনায় অনেক কম।

উত্তরবঙ্গের দরিদ্র মানুষদের মধ্যে নারীরা নারী হিসাবে আরো বেশী দারিদ্রের শিকার। বিশেষকরে মঙ্গাপীড়িত চরাঞ্চলের হতদরিদ্র নারীদের জীবনকথা যেন বঞ্চনা আর দীর্ঘশ্বাসের শোকগাথা। ব্রহ্মপুত্র, যমুনা, তিস্তা ও ধরলা তীরে যে জনপদ, চরপ্রধান গ্রাম, যেখানে ৬৮ শতাংশ মানুষ ভূমিহীন, কর্ম- খাদ্য

সংকট প্রকট সেখানেই। আজ হয়তো মঙ্গা নেই কিংবা কমে গেছে। কিন্তু চরাঞ্চলের জনগণের স্থায়ী কর্মসংস্থান হয়নি।[৭]

রংপুর বিভাগে কর্মক্ষম মানুষের মধ্যে (বয়স ১৫ বৎসর ও তার বেশী) ৮৮.৪৬ শতাংশ পুরুষ শ্রমশক্তিতে অংশগ্রহণ করে কিন্তু নারীদের মধ্যে মাত্র ৩৬.৩৩ শতাংশ শ্রমশক্তিতে অংশগ্রহণ করে।[৮]

দারিদ্র দূরীকরণে সরকারের সামাজিক নিরাপত্তা (Social Safety Net) বিদ্যমান। উত্তরবঙ্গে হতদরিদ্র ও দরিদ্র নারীদের একটা বড় অংশ এর আওতার বাইরে রয়ে গেছে। দারিদ্রের হার রংপুর বিভাগে বেশী হলেও সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় খুলনা ও বরিশাল- এর পরিবারের শতকরা হার বেশী। রংপুর বিভাগে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় পরিবারের সংখ্যা ৩৩.৬৫%, খুলনা ও বরিশাল বিভাগে এ হার যথাক্রমে ৩৭.৩০% ও ৩৪.৪৩%।[৯] ২০১২- ১৩ অর্থবছরে "উত্তরাঞ্চলে হতদরিদ্রদের জন্য কর্মসংস্থান" প্রকল্পে বরাদ্দ ছিল ১৫.৩১ কোটি টাকা। ২০১৩- ১৪ অর্থবছরে এ প্রকল্পে কোন অর্থ বরাদ্দ দেয়া হয়নি।

অর্থমন্ত্রণালয়ের এক তথ্যে জানা গেছে জেলা ভিত্তিক সরকারী উন্নয়ন ও অনুন্নয়ন ব্যয়ের মধ্যে অসমতা রয়ে গেছে। ২০০৯- ২০১০ সালের অর্থমন্ত্রণালয়ের এক পরিসংখ্যান অনুযায়ী মাথাপিছু উন্নয়ন ব্যয়বরাদ্দ ঢাকা, চট্টগ্রাম ও সিলেট জেলায় যেখানে যথাক্রমে ১.৩৭৭, ১.৪২১ ও ১.৩২৫ হাজার টাকা সেখানে রংপুর জেলায় এ ব্যয় মাত্র ০.৮৬৫ হাজার টাকা। আবার ২০০৯- ২০১০ সালে মাথাপিছু অনুন্নয়ন ব্যয়বরাদ্দ ঢাকা ও সিলেট জেলায় যেখানে যথাক্রমে ১২.৩৭০ ও ৫.০৪৯ হাজার টাকা সেখানে রংপুর জেলায় এ ব্যয় মাত্র ৩.৯৯১ হাজার টাকা।[১০]

১৯৯৫-৯৬ থেকে ২০০৭-০৮ পর্যন্ত সড়ক পরিবহনে মাথাপিছু এডিপিরোড (adproad) ছিল জামালপুর জেলায় ৩০২০.৫০ টাকা, সেখানে রংপুর জেলায় এর পরিমান ছিল মাত্র ৪৯২.৬৭ টাকা। [১১]

দীর্ঘদিন হতে চলে আসা উন্নয়ন ব্যয়বরাদ্দে এ বৈষম্য এ অঞ্চলের জনগণকে পিছিয়ে রেখেছে। রাস্তা-ঘাট, বিদ্যুৎ, গ্যাস, শিক্ষাপ্রতিষ্ঠান, স্বাস্থ্যকেন্দ্র এদেশের অন্যান্য অঞ্চলের মতো না হওয়ায় দরিদ্র মানুষ দরিদ্র রয়ে গেছে। ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আঞ্চলিক বৈষম্যের কথা বলা হলেও বিগত কয়েকবছরের বাজেটে কোন অতিরিক্ত বরাদ্দ দেয়া হয়নি।

মানব উন্নয়নের ক্ষেত্রেও রয়েছে আঞ্চলিক বৈষম্য। ৭ বছর এবং তার বেশী বয়সের ক্ষেত্রে জাতীয় শিক্ষার হার যেখানে ৫৭.৯১, ঢাকা বিভাগে ৫৭.৭৩, চট্টগ্রামে ৬০.৫৪, খুলনায় ৫৯.২৮, সেখানে রংপুর বিভাগে এ হার ৫৪.৬৮ ও রাজশাহীতে ৫৭.৩৭। রংপুর বিভাগে এ শিক্ষার হারে নারী ও পুরুষের মধ্যে রয়েছে পার্থক্য। রংপুর বিভাগে পুরুষ শিক্ষার হার ৫৯.৮৮ ও নারী শিক্ষার হার ৪৯.৩৬। এ ক্ষেত্রে স্পষ্টত: রংপুর বিভাগের পুরুষ ও নারীরা শিক্ষার হারে পিছিয়ে আছে অন্যান্য বিভাগের তুলনায়, আবার এ অঞ্চলের নারীরা পুরুষদের তুলনায় আরো পিছিয়ে।[১২]

রংপুর বিভাগে শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে প্রয়োজনের তুলনায় কম। আবার শিক্ষাপ্রতিষ্ঠানে যাওয়ার জন্য প্রয়োজনীয় পোশাক, খাদ্য না থাকায় অনেক কন্যা শিশুর স্কুলে যাওয়া হয়ে উঠে না। আবার স্কুল শুরু করলেও ড্রপ আউট হয়ে যেতে হয় কন্যাশিশুটিকে দারিদ্র ও সামাজিক প্রতিকূলতার কারণে।

রংপুর বিভাগে প্রয়োজনের তুলনায় স্বাস্থ্যকেন্দ্র কম। এ অঞ্চলের দরিদ্র নারীরা দূরের স্বাস্থ্যকেন্দ্রের যাতায়াতভাতা ও অন্যান্য খরচ জোগাড় করতে না পেরে চিকিৎসা নেয় গ্রামের কবিরাজ, হাতুরে

ডাক্তারদের কিংবা সন্তান প্রসব করে প্রশিক্ষণবিহীন দাইয়ের হাতে। যদিওবা ইউনিয়ন বা উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে যায়, সেখানে থাকে না ডাক্তার, নেই ঔষধ কিংবা অপারেশনের যন্ত্রপাতি। আর জেলা শহরে যাওয়ার মতো অ্যাম্বুলেন্সভাড়া ও অন্যান্য খরচ জোগাতে জমি কিংবা হালের গরু কিংবা ভিটে-মাটি বিক্রয় করে দরিদ্র পরিণত হয় হতদরিদ্রে।

রংপুর বিভাগ শিল্পায়নে অনেক পিছিয়ে আছে। এ অঞ্চলের দরিদ্র নারীরা ঢাকা, চট্টগ্রামের বিভিন্ন গার্মেন্টস কারখানায় কাজ করছে। এ অঞ্চলে গার্মেন্টস শিল্প ও অন্যান্য শিল্প প্রতিষ্ঠিত হলে নারীর কর্মসংস্থান সৃষ্টি হতো, অর্থনৈতিক কর্মকাণ্ডে নারীর অংশগ্রহণ বাড়তো। এ অঞ্চলে গ্যাস না আসা, শিল্পায়নে পিছিয়ে পড়ার একটি অন্যতম কারণ হিসাবে চিহ্নিত করা যায়।

বর্তমান সময়ে বিশ্বায়নের যুগে তথ্যপ্রযুক্তি উন্নয়নের সীমারেখা নির্ধারণ করে দেয়। Digital Divide এর শিকার রংপুর বিভাগ। ঢাকা বিভাগে বিদ্যুৎ, মোবাইল সুবিধা, টেলিফোন সুবিধা, কম্পিউটার সুবিধা ও ই- মেইল সুবিধা পায় যেখানে যথাক্রমে ৬৭.৩৪, ৭১.৭১, ২.৩৮, ৪.৭০ ও ২.৩৫ শতাংশ জনগণ সেখানে রংপুর বিভাগে এ হার যথাক্রমে ৩০.০৭, ৪১.৫৯, ১.২৫, ০.৭০ ও ০.৪৩। এসব ব্যবহারকারীদের মধ্যে পুরুষের চেয়ে নারীর সংখ্য কম।[১৩]

এন বি আই, আর ডি আর এস ২০১২ এর এক সমীক্ষা অনুযায়ী ঢাকা বিভাগে একজন পুরুষ শ্রমিকের মজুরীর হার প্রতিদিন ২৫০- ৩০০ টাকা, নারী শ্রমিকের মজুরীর হার প্রতিদিন ২০০- ২৫০ টাকা কিন্তু রংপুর বিভাগে এ হার পুরুষ শ্রমিকের ২১১.২০ টাকা কিন্তু নারী শ্রমিকের মজুরীর হার ১৫০.০০ টাকা। উত্তরবঙ্গের নারীরা অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করে শিকার হচ্ছে মজুরী বৈষম্যের।

সম্প্রতি সেন্টার ফর পলিসি ডায়ালগ এর "বাংলাদেশের নারীর অনুদঘাটিত অবস্থান অনুসন্ধান: প্রতিবন্ধকতা, সম্পৃক্ততা ও সম্ভাব্যতা" শীর্ষক গবেষণায় বলা হয়েছে যে দেশে নারীদের গৃহস্থালী কাজের অর্থমূল্য হিসাব করা হয় না। বাংলদেশের নারীরা দৈনিক গড়ে ১৬ ঘন্টা গৃহস্থালীর কাজ করেন যার জন্য তারা কোন মজুরী পান না। তারা সব মিলিয়ে প্রতিবছর ৭৭ কোটি ১৬ ঘন্টা কাজ করেন। এতে এ কাজের অর্থমূল্য হয় ৬ হাজার ৯৮১ কোটি থেকে ৯ হাজার ১০৩ কোটি ডলার। এই অর্থ যদি বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) যুক্ত করা হতো তাহলে এর আকার দ্বিগুনের বেশি হতো।[১৪] এপ্রসংগে ড. আবুল বারকাত তার গবেষণায় নারীদের গৃহস্থালী কর্মকাণ্ডের, খানার শিশু ও প্রবীণদের যত্ন- আত্নির নাম দিয়েছেন "ভালোবাসার অর্থনীতি", কারণ নারীরা এসব করেন ভালোবেসে। তিনি ভালোবাসার অর্থনীতির বার্ষিক অর্থমূল্য নির্ধারণ করেন ২৪৯৬১৫ কোটি টাকা, যার মধ্যে গ্রামাঞ্চলের নারীর অংশ ৭৯ ভাগ আর শহরাঞ্চলের নারীর অংশ ২১ ভাগ। তিনি দেখিয়েছেন ভালোবাসার অর্থনীতি জিডিপিতে যোগ করলে জিডিপিতে নারীর অবদান ২০ ভাগ থেকে দাড়াবে ৪৮ ভাগে।[১৫]

একজন নারী উদয়াস্ত পরিশ্রম করেন, কিন্তু এর কোন মূল্যায়ন হয় না। বাংলাদেশ মহিলা বিষয়ক অধিদপ্তরের এক গবেষণায় একজন গ্রামীণ নারী প্রতিদিন যে গার্হস্থ্যকর্ম সম্পাদন করেন যার কোন বাজার মূল্য নাই তার একটি ছক নিম্নরূপ:

উত্তরবঙ্গের নারীরা জন্ম থেকে সময়, শ্রম ও আয় ব্যয় করেন পরিবারের পিছনে, কিন্তু এর কোন স্বীকৃতি নেই।

সময়	কাজকর্ম
ভোরবেলা	শয্যা ত্যাগ,হাত- মুখ ধোয়া, ধর্মীয় উপাসনা, হাস মুরগী ছাড়া ও খাবার দেয়া, গরু- ছাগল বের করে গোয়াল ও উঠোন ঝাড় দেয়া, গরুকে কাবার দেয়া, বাসী বাসন- কোসন মাজা, নাস্তা তৈরি, পরিবারের সদস্যদের নাস্তা খাওয়ানো, ছোট সন্তানকে বুকের দুধ খাওয়ানো, পানি আনা, ঘর- দোর পরিস্কার করা, গরু- ছাগলকে মাঠে ঘাস খেতে দেয়া, দুধ দোয়ানো, লাকড়ি সংগ্রহ করা।
সকাল	ধানসেদ্ধ ও শুকানো, ধানভানা, মশলাপেষা, চালঝাড়া ইত্যাদি
দুপুর	খাদ্য সংগ্রহ ও রান্না করা, কাপড় ধোয়া, ছেলে- মেয়েদের গোসল করানো ও নিজে করা, স্বামী ও ছেলে- মেয়েদের খাওয়ানো ও নিজে খাওয়া, থালা- বাসন ও হাড়ি- পাতিল মাজা।
বিকাল/ সন্ধ্যা	প্রতিবেশীদের সংগে গল্প করা ও কাথা সেলাই করা, জাল বোনা, গরু- ছাগল আনা ও গোয়ালে ঢোকানো, হাস- মুরগী ঘরে আনা, রাতের খাবার তৈরি ও খাওয়ানো।
রাত	বিছানা করা, সন্তানদের শোয়ানো, ঘর-দোর বন্ধ করা শুতে যাওয়া, সারা রাতের বিভিন্ন সময়ে শিশুর পরিচর্যা করা ও শিশুকে বুকের দুধ খাওয়ানো, স্বামীর পরিচর্যা করা, বৃদ্ধের পরিচর্যা করা ইত্যাদি

উৎস: বাংলাদেশ মহিলা বিষয়ক অধিদপ্তর (১৯৮৪)[১৬]

"Reports of the Household Income & Expenditure Survey 2010 অনুসারে দেখা যায়, রংপুর বিভাগে প্রবাসীর সংখ্যা, রেমিটেন্স প্রেরণের পরিমান অন্যান্য বিভাগের তুলনায় কম। মোট রেমিটেন্সের পরিমানের শতকরা হার যখন ঢাকা, চট্টগ্রাম ও সিলেট বিভাগে যথাক্রমে ৩৪.৯৭, ৪২.৩৭ ও ৬.৯৫ সেখানে রংপুর বিভাগে এ হার মাত্র ০.৬৯ শতাংশ। রংপুর বিভাগের নারী প্রবাসীর সংখ্যা কম।[১৭]

উন্নয়ন বৈষম্যের শিকার রংপুর বিভাগের জনগণ এমনিতেই পিছিয়ে আছে। এ বিভাগের ৭৯, ০৫৯৩৪ জন নারী এদেশে সবচেয়ে বেশি ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। তাদের সম্পর্কে ভাবার সময় এখনই।

নারী সমাজের বরাদ্দ ও জেন্ডার বাজেট

নারী সমাজের বরাদ্দের আলোচনায় জেন্ডার বাজেট ইস্যুটি গুরুত্বপূর্ণ। সহজভাষায় জেন্ডার বাজেট হচ্ছে এক ধরণের বাজেট প্রক্রিয়া যার আর্থিক বরাদ্দ, করারোপ ও রাজস্বনীতির মাধ্যমে নারীর সমঅধিকার নিশ্চিত করা যায়। আরও একটু সুক্ষ্মভাবে বলতে গেলে জেন্ডার বাজেটিং্এর মাধ্যমে বাজেটের সকলখাতে নারী- পুরুষের সমতার বিষয়টি অর্ন্তভুক্তিকরণ, রাজস্ব আয়- ব্যয়ের পুর্নবিন্যাসে জেন্ডার সমতা রক্ষাকরণ, বাজেটের জেন্ডারভিত্তিক মূল্যায়ন- এই ব্যাপারগুলো প্রতিফলিত হয়ে থাকে।

প্রতিমা পাল মজুমদারের মতে," জেন্ডার সংবেদনশীল বাজেট সেটিই যা জাতীয় বাজেটের রাজস্ব ও উন্নয়ন নীতি গ্রহণের ক্ষেত্রে জেন্ডার উন্নয়ন বিষয়ক জাতীয় নীতি অনুসরণ করবে, নারী- পুরুষের সমতা আনয়নের লক্ষ্যে নারীর পশ্চাৎপদতা দূরীকরণে বিনিয়োগ করবে, নারী- পুরুষের স্ব স্ব সৃজনশীলতাকে

যথাযথ কাজে লাগানোর জন্যে সুনির্দিষ্ট পদক্ষেপ নিবে, পিছিয়ে থাকা নারীর প্রতি Positive Discrimination এর ভিত্তিতে উন্নয়ন নীতি প্রণয়ন করবে এবং নারী পুরুষের প্রয়োজনের উপর ভিত্তি করে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প পরিকল্পনা করবে।"[১৮]

জেন্ডার সংবেদনশীল বাজেট কেবল নারী উন্নয়নের জন্য প্রয়োজন নয়, দেশের সার্বিক উন্নয়ন নির্ভর করে সুষম ও জেন্ডার নিরপেক্ষ উন্নয়ন পদ্ধতির উপর যা নারী- পুরুষের সমঅধিকার নিশ্চিতকরণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে। বাংলাদেশে নারী আন্দোলনকারীদের দীর্ঘদিনের দাবীর মুখে ২০০৬-০৭ অর্থবছরের বাজেটে "জেন্ডার বাজেটিং" শিরোনামে মাত্র ৭ লাইনের একটি অনুচ্ছেদ অর্ন্তভুক্ত হয়। তবে সেখানে নারীর জন্য খাতওয়ারী বরাদ্দের কোন হিসাব ছিল না।[১৯] ২০১২- ১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে জেন্ডার বাজেটিংয়ের অংশ হিসাবে যথাক্রমে ২৫ টি ও ৪০ টি মন্ত্রণালয়ে নারী উন্নয়নের জন্য বরাদ্দের হিসাব দিয়ে আলাদা প্রতিবেদন করা হয়।[২০]

জেন্ডার বাজেটের বাস্তবতায় দেখা যায়, বাংলাদেশের রাজস্ব বাজেটে নারীদের অংশ অত্যন্ত কম যার কারণে বাজেটের একটা বড় অংশের প্রায় কোন সুবিধা নারীরা পাচ্ছে না। যেহেত সরকারী কর্মকর্তা-কর্মচারীদের মাত্র ১৫% নারী, সেহেতু বিভিন্ন ভাতা, সুবিধা, ভর্তুকী ইত্যাদি থেকে নারীরা লাভবান হতে পারছে না। অপরপক্ষে মহিলা ও শিশু মন্ত্রণালয়ে রাজস্ব বাজেট বরাদ্দ খুবই কম (২%)। তাই নারীরা রাজস্ব বাজেট থেকে একরকম বাইরে পড়ে আছে।[২১]

নারীর জন্য উন্নয়ন বাজেটে সরাসরি বরাদ্দের পরিমান বাংলাদেশের নারী- পুরুষের বিদ্যমান অসমতার প্রেক্ষিতে অতি নগণ্য। বিগত ১০ বছরে মহিলা ও শিশু মন্ত্রনালয়ের বরাদ্দ মোট প্রস্তাবিত উন্নয়ন বাজেটের

১ থেকে ১.৫ শতাংশ যা কিনা সংশোধিত বাজেটে অনেক ক্ষেত্রে হ্রাস পেয়েছে। তাই সরাসরি বরাদ্দের ভিত্তিতে বাজেটকে জেন্ডার সংবেদনশীল বলা যায় না। পাল মজুমদার বাজেটের জেন্ডার সংবেদনশীলতা বিশ্লেষণ করতে গিয়ে দেখিয়েছেন যে, শুধু নারীর জন্য গৃহিত প্রকল্পের সংখ্যা বাড়ার পরিবর্তে কমে যাচ্ছে। যেমন ২০০০-০১ অর্থবছরে ১০ টি ক্ষেত্রে কেবল নারীর জন্য প্রকল্প বরাদ্দ ছিল, যা ২০১০-২০১১ অর্থবছরে ৭ টি তে এসে দাড়িয়েছে। সাম্প্রতিককালে ২০১০-২০১১ অর্থবছরের বাজেটে কিছু গুরুত্বপূর্ণ ক্ষেত্র যেমন শিক্ষা, বিজ্ঞান ইত্যাদি খাতে নারীর বরাদ্দ অনেক কমে এসেছে যা একেবারে জেন্ডার সংবেদনশীল নয়।[২২]

সায়মা হক বিদিশা "জেন্ডার সংবেদনশীল বাজেট ও এর পরিবীক্ষণ ও মূল্যায়ন" প্রবন্ধে দেখিয়েছেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০১০-২০১১ তে মোট উন্নয়ন বরদ্দের মধ্যে জেন্ডার অন্ধ উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ ছিল ৫৪.৭৬%, জেন্ডার সংবেদনশীল উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ ছিল ৪৩.৯৫%, কিন্তু নারী লক্ষ্যভুত উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ ছিল মাত্র ১.২৮%। এক্ষেত্রে ৯১৬ টি উন্নয়ন প্রকল্পের মধ্যে মাত্র ২৬ টি (২.৮৪%) ছিল নারী লক্ষ্যভূত উন্নয়ন কর্মসূচি।

বিভিন্ন বছরের বাজেট থেকে এটি স্পষ্ট যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, মহিলা ও শিশু, পল্লী উন্নয়ন ও সমবায় ইত্যাদি মন্ত্রণালয়ে নারীদের জন্য বিশেষ বরাদ্দ রয়েছে, তবে বেশ কিছু মন্ত্রণালয় যেমন গৃহায়ন ও গণপূর্ত, দূর্যোগ ও ত্রাণ, ভুমি, সড়ক ও রেল ইত্যাদি মন্ত্রণালয়ে বরাদ্দ খুবই অপ্রতুল। বাজেটকে নারী বান্ধব ও নারীর ক্ষমতায়নের প্রক্রিয়া ত্বরান্বিত করতে সকল মন্ত্রণালয়ে নারীদের জন্য পর্যাপ্ত বরাদ্দের ব্যাপারে গুরুত্ব দিতে হবে।

একটি দেশের বাজেট নারীর ক্ষমতায়ন ও নারীর অধিকার রক্ষায় কতটুকু ভুমিকা পালন করছে তা সঠিকভাবে বিশ্লেষণ করা না গেলে জেন্ডার বাজেটিং এর উদ্দেশ্য সাধিত হয় না। তবে আমাদের দেশের মতো দেশে যেখানে আর্থ- সামাজিক প্রেক্ষাপটে নারীরা পুরুষের তুলনায় পশ্চাৎপদ অবস্থায় রয়েছে, সেখানে বাজেট জেন্ডার সংবেদনশীলতা অর্জন করতে কতটা সক্ষম হয়েছে, তা নিরুপন করা অত্যন্ত জটিল ও সময়সাপেক্ষ ব্যাপার। এক্ষেত্রে মূল প্রতিবন্ধকতা হচ্ছে জেন্ডারভিত্তিক উপাত্তের অভাব।

কাগজে- কলমে নীতিমালা ও অর্থবন্টনের ব্যবস্থা থাকলেও তা যদি নারীর আর্থ- সামাজিক অবস্থা ও অবস্থানের উন্নয়ন ঘটাতে সক্ষম না হয়, তবে সেই অর্থবন্টন বা নীতিমালা প্রণয়নের যৌক্তিকতা প্রশ্নবিদ্ধ হয়। একটি দেশের বাজেট কতটা জেন্ডার সংবেদনশীল তা বোঝার জন্য দু ধরণের বিশ্লেষণ করা যেতে পারে। ১. আর্থিক, যা কিনা বাজেটে অর্থবন্টন কতটা নারী-পুরুষের সমতা আনয়নের লক্ষ্যে প্রনীত তার বিশ্লেষণ এবং ২. ফলাফল নির্ভর, যা বাজেটের বন্টিত অর্থ, করনীতি ও রাজস্ব ব্যবস্থা নারীরি অবস্থা ও অবস্থানের উন্নয়নে ও নারী- পুরুষের সমতা আনয়নে কতটা সফলকাম তার বিশ্লেষণ। গতানুগতিক প্রক্রিয়ায় আমাদের দেশে যে কোন প্রকল্প বা নীতিমালার মূলায়ণ হয়ে থাকে "আর্থিক" যা অর্থের বন্টন বা ব্যবহারের সাফল্যের মধ্যেই সীমাবদ্ধ। কিন্তু বর্তমানে অনেক দেশেই "আর্থিক" মূল্যায়নের পরিবর্তে "ফলাফল ভিত্তিক মূল্যায়ন" প্রক্রিয়াকে অধিকতর উপযোগী মনে করছে। কারণ একটি নীতি, দলিল বা প্রকল্পকে তখনই সফল বলা যাবে যখন তা নির্দিষ্ট লক্ষ্যে পৌছাতে সাহায্য করবে।

এ আলোচনা থেকে বলা যায়, সারাদেশের সচেতন নারীরা, গবেষকরা যেখানে জেন্ডার বাজেটের বাস্তবায়ন নিয়ে সন্দিহান, সুফল ভোগ করতে পারছে না সেখানে রংপুর বিভাগের একজন হতদরিদ্র নারী কিভাবে এর সুফল ভোগ করবে।

সুপারিশসমূহ

১. প্রতিটি মন্ত্রণালয়কে জেন্ডার সংবেদনশীল বাজেট তৈরী করতে হবে এবং তা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ নিতে হবে।

২. নারী সাংসদ, স্থানীয় নির্বাচিত নারী সদস্যদের কাজ করবার জন্য সুনির্দিষ্ট কর্মসূচির ভিত্তিতে বাজেট বরাদ্দ করতে হবে।

৩. উন্নয়নে পিছিয়ে পড়া রংপুর বিভাগের নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য প্রতিবছর বাজেটে অধিক বরাদ্দ ও বিশেষ বরাদ্দ দেয়া।

৪. দরিদ্র নারীদের আয়বর্ধক কর্মসূচি, প্রশিক্ষণ ও বাজার সংযোগের জন্য প্রতিটি জেলা- উপজেলায় ব্যবস্থা রাখতে হবে। নারীপ্রধান পরিবারের কর্মসংস্থানের জন্য অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ রাখতে হবে।

৫. শিল্পোদ্যেক্তাদের জন্য বন্ধকী ছাড়া ঋণের সীমা বাড়ানো এবং প্রাথমিক বছরগুলোতে কর ছুটি দেয়া যেতে পারে।

৬. নারী- পুরুষের মজুরী বৈষম্য দূর করতে হবে।এজন্য প্রয়োজনীয় নীতিমালা তৈরী ও মনিটরিং করতে হবে।

৭. মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের বরাদ্দ বার্ষিক উন্নয়ন কর্মসূচির কমপক্ষে ১০% করতে হবে।

৮. নারী উদ্যোক্তাদের জন্য ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে এককালীন ২০০ কোটি টাকা বরাদ্দ রাখতে হবে।

৯. দরিদ্র বিত্তহীন- প্রান্তস্থ নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নসহ সামগ্রিক ক্ষমতায়ন বিষয়ে দীর্ঘমেয়াদি কর্মসূচির মাধ্যমে সচেতন করে তুলতে হবে।

১০. যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অনুষ্ঠিত উইমেন এমপাওয়ারমেন্ট প্রিন্সিপালস বা ডব্লিউপি- এর ষষ্ঠ বার্ষিক সম্মেলনে অভিমত ব্যক্ত করা হয় যে, বিশ্বব্যাপি অর্থনীতির পরিসর বাড়াতে লিঙ্গসমতা ও নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন জরুরী। যতবেশী নারী কাজ করবে, অর্থনীতি তত বেশী শক্তিশালী হবে। বিশ্ববাজারে মোট কর্মসংস্থানের ৯০ শতাংশ বেসরকারী খাতে, তাই ব্যবসায়িক সম্প্রদায়সহ অন্যসব গোষ্ঠীর উচিত লিঙ্গসমতাকে প্রাধান্য দেয়া। নারীর অর্থনৈতিক ক্ষমতায়নে বেসরকারী খাতকে এগিয়ে আসতে হবে। এজন্য সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা দিতে হবে।

১১. ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় Women's Advancement and Rights এ স্পষ্টতঃ Ensuring gender sensitive growth with regional balance এর কথা বলা হয়েছে। কৌশল (strategy) হিসাবে উল্লেখ করা হয়েছে, ক. উৎপাদনশীল কর্মসংস্থান খ. নারী স্বাস্থ্য এবং শিক্ষায় বৈষম্য হ্রাস গ. রাজনৈতিক ক্ষমতায়ন ও অংশগ্রহণ ঘ. পরিকল্পনা ও বাজেট প্রক্রিয়ায় জেন্ডার ইস্যুকে সমন্বিত করা ঙ. অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণে নারীর অংশগ্রহণ জোরদার করা। এসকল কৌশল (strategy) বাস্তবায়ন করতে হবে।

১২. Convention on the Elimination of All Forms of Discrimination against Women (CEDAW) কমিটির বাংলদেশের নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন সম্পর্কে অভিমত হলো- জমিতে নারীদের মালিকানা নিয়ন্ত্রণ ও ব্যবহার সংকোচনকারী বৈষম্যমূলক আইনসমূহ সংশোধন করতে এবং নারী উদ্যোক্তা হওয়ার পথে বাধাসমূহ চিহ্নিত করে দূর করতে হবে। বিভিন্নস্তরের নারীদের বিশেষ অবস্থার কথা মনে রেখে নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নে উৎসাহদানকারী উদ্যেগসমূহ জোরদার করতে হবে। সামাজিক ও অর্থনেতিক নীতিমালা নারীদের উপর কেমন প্রভাব ফেলছে তা নিয়মিত পরিবীক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।[২৩]

১৩. জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১- এ নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে জরুরী বিষয়াদি সম্পর্কে বলা হয়েছে, ক. স্বাস্থ্য, শিক্ষা, প্রশিক্ষণ, জীবনব্যাপী শিক্ষা, কারিগরি শিক্ষা, আয়বর্ধক প্রশিক্ষণ, তথ্য ও প্রযুক্তিতে নারীকে পূর্ণ ও সমান সুযোগ প্রদান করা। খ. উপার্জন, উত্তরাধিকার, ঋণ ভূমি ও বাজার ব্যবস্থাপনার মাধ্যমে অর্জিত সম্পদের ক্ষেত্রে নারীর পূর্ণ নিয়ন্ত্রণের অধিকার প্রদান করা।[২৪] এগুলো বাস্তবায়ন করতে হবে।

১৪. অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণে নারীদের পূর্ণ ও সমান অংশগ্রহণে সক্ষম করে তোলার উদ্দেশ্যে পদ্ধতি উদ্ভাবন ও গঠনমূলক কার্যব্যবস্থা প্রয়োগ করা।

১৫. নারী পরিচালিত ব্যবসায়ের উন্নয়ন ঘটানো ও সহায়তা দান এবং ঋণ ও মূলধন লাভের সুযোগ বৃদ্ধি করা।

১৬. নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য কর্মসংস্থানের ক্ষেত্রে বৈষম্যবিরোধী আইন গ্রহণ ও বলবৎ করা।

১৭. উন্নয়ন বৈষম্য কমানোর জন্য প্রকৃত অর্থে "জেলা বাজেট" প্রণয়ন ও বাস্তবায়ন করা।

১৮. স্থানীয় উন্নয়ন পরিকল্পনা তৈরি ও বাস্তবায়নে গ্রামীণ নারীদের অংশগ্রহণ বৃদ্ধি ও জোরদার করা।

১৯. জমিতে নারীদের উত্তরাধিকার ও মালিকানা সংরক্ষণে পরিষ্কার আইনি কাঠামো প্রতিষ্ঠা করতে এবং গ্রামাঞ্চলে সম্পত্তিতে নারীদের অধিকার পূর্ণভোগে বাধাস্বরূপ ক্ষতিকর প্রথা ও চিরাচরিত রীতিসমূহ সংশোধনে বা দূরীকরণে ব্যাপক কর্মকৌশল (strategy) প্রতিষ্ঠা করা।

২০. রংপুর বিভাগের নারী উদ্যোক্তাদের সহজশর্তে ঋণ দেয়া। ঋণের সুদের হার অন্যান্য অঞ্চলের চেয়ে কম হতে হবে।

২১. উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সরকারী সহযোগিতা করা।

২২. ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ দেয়া।

২৩. রংপুর বিভাগের নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন বিষয়ে গবেষণা কার্যক্রম বৃদ্ধি করা।

২৪. রংপুর বিভাগের নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নে প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ।

২৫. রংপুর বিভাগের সংখ্যালঘু নারী, যেমন দলিত সম্প্রদায়ের নারী , অভিবাসী নারী, উদবাস্তু নারী, বয়স্ক নারী ও প্রতিবন্ধি নারীসহ সুবিধাবঞ্চিত নারীদের জন্য শিক্ষা, কর্মসংস্থান, স্বাস্থ্যসেবা, গৃহায়ন, সহিংসতা থেকে রক্ষা ও ন্যায় বিচার পেতে যে বিভিন্নপ্রকার বৈষম্যের ভোগান্তি পোহাতে হয়, তা থেকে রক্ষা করার পদক্ষেপ নিতে হবে।

উপসংহার

বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক বিকাশের ক্ষেত্রে যে উন্নয়ন বৈষম্য বিদ্যমান, তা গ্রামীণ, বিশেষ করে রংপুর বিভাগের নারীদের জীবনকে শিক্ষাহীনতা, অসচেতনতা, দারিদ্র , পশ্চাৎপদতায় আষ্টেপৃষ্টে বাঁধে রেখেছে। রংপুর বিভাগের নারীরা দারিদ্র, বন্যা, খরা, দুর্ভিক্ষের প্রথম শিকার। এ প্রসংগে বার্মা বর্তমান মায়ানমারের একটি গবেষণা ফলাফল উল্লেখ করা যেতে পারে। "পশ্চিমা একজন সমাজ গবেষক গবেষণাকর্মটি করেছিলেন তৎকালীন বার্মায়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে ঐ গবেষক বার্মায় গিয়ে দেখলেন যে, নারীরা সবসময়ই পুরুষদের পিছনে পিছনে হাটেন। এ থেকে তিনি উপসংহারে উপনীত হলেন যে বার্মার নারীরা পশ্চাদপদ, অক্ষমতায়িত এবং পিতৃতান্ত্রিকতার শিকার। ঐ একই গবেষক দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে আবারো "নারীর ক্ষমতায়ন" অবস্থা দেখার জন্য বার্মায় গিয়ে দেখলেন ঠিক উল্টোটা অর্থাৎ আগে নারী চলতো- হাটতো পুরুষের পেছন- পেছন, আর এখন পুরুষরা হাটছে নারীর পেছন- পেছন অর্থাৎ নারী সামনে আর পুরুষ পেছনে। উৎফুল্ল হয়ে গবেষক লিখলেন বার্মায় "নারীর ক্ষমতায়নে" নীরব বিপ্লব ঘটে গেছে- নারীরা এখন পুরুষের সামনে। আসলে ঘটনা উল্টো। নারীরা যে আগে হাটছেন আর পুরুষরা নারীর পেছনে (বেশ দূরত্বে) তার কারণ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় বার্মায় প্রচুর ল্যান্ড মাইন পোতা হয়েছিল। অর্থাৎ যে আগে হাটবে আগে মরবে।"[২৫]

রংপুর বিভাগের নারীরা এখনও জেন্ডার বৈষম্য, পারিবারিক বিধিনিষেধ ও পুরুষতান্ত্রিক সামাজিক দৃষ্টিভঙ্গীর কঠিন বেড়াজাল ভেদ করে উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত হওয়ার প্রচেষ্টায় অবিরাম সংগ্রাম করে যাচ্ছে। তাদের সে প্রচেষ্টাকে এগিয়ে নিতে প্রয়োজন সমন্বিত উদ্যোগ। সরকার, স্থানীয় সরকার, রাজনৈতিক নেতৃবৃন্দ, নারী নেতৃবৃন্দ, নারী উন্নয়ন সংস্থা, শিক্ষাবিদ, ব্যবসায়ী সংগঠন, অর্থনৈতিক প্রতিষ্ঠান, এনজিও, উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থা এবং এ অঞ্চলের নারী সমাজ - সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ অঞ্চলের নারীদের হাজার বছর ধরে চলে আসা অর্থনৈতিক পশ্চাদপদতা দূর করে সত্যিকারের অর্থনৈতিক ক্ষমতায়ন অর্জন সম্ভব।[২৬]

তথ্যসূত্র

১. নাজমা সিদ্দিকী, "ক্ষমতায়ন ও সিদ্ধান্ত গ্রহণে নারী- প্রেক্ষিতে বাংলাদেশ", বেজিং কর্মপরিকল্পনায় নারী অগ্রগতির পথরেখা, মাওলা ব্রাদার্স, ২০১১।

২. ড. আবুল বারকাত, "বাংলাদেশে নারীর অর্থনৈতিক ক্ষমতায়নঃ মানব উন্নয়ন পরিকল্পনায় যা ভাবতে হবে" Bangladesh Journal of Political Economy, Vol- 27, No, 1 & 2, Bangladesh Economic Association, 2011 ।

৩. The World Bank, "Poverty Assessment for Bangladesh", Bangladesh Development Series, Paper No. 26, 2008.

৪. Planning Commission, GOB, "Accelareting Growth & Reducing Poverty", 6th Five Year Plan, 2011.

৫. Bangladesh Bureau of Statistics, "Reports of the Household Income & Expenditure Survey 2010, Ministry of Planning, 2011

৬. Bangladesh Bureau of Statistics, "Reports of the Household Income & Expenditure Survey 2010, Ministry of Planning, 2011

৭. মাহবুব রহমান, মঙ্গার আলেখ্য, অগ্রদূত প্রকাশনী, ২০১১।

৮. Bangladesh Bureau of Statistics, Statistical Yearbook of Bangladesh- 2011, Ministry of Planning, GOB, 2011

৯. Bangladesh Bureau of Statistics, "Reports of the Household Income & Expenditure Survey 2010, Ministry of Planning, 2011

১০. Ministry of Finance, GOB

১১. Ministry of Finance, GOB

১২. Center for Policy Dialogue, Occasional Paper Series- 71, 2008

১৩. Bangladesh Bureau of Statistics, "Reports of the Household Income & Expenditure Survey 2010, Ministry of Planning, 2011

১৪. সেন্টার ফর পলিসি ডায়ালগ, "বাংলাদেশের নারীর অনুদঘাটিত অবদান অনুসন্ধানঃ প্রতিবন্ধকতা, সম্পৃক্ততা ও সম্ভাব্যতা", ২০১৪

১৫. ড. আবুল বারকাত, ২০১১, প্রাগুপ্ত

১৬. মেহেরুন্নেছা, গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে নারীর অবদান, Bangladesh Journal of Political Economy, Vol- 24, No, 1 & 2, Bangladesh Economic Association, 2008

১৭. Bangladesh Bureau of Statistics, "Reports of the Household Income & Expenditure Survey 2010, Ministry of Planning, 2011

১৮. পাল মজুমদার, প্রতিমা ," জাতীয় বাজেটে জেন্ডার সংবেদনশীলতা অর্জনে রাজস্বনীতি ও রাজস্ব বাজেটের ভূমিকা", সমীক্ষা, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ২০১০।

১৯. শরমিন্দ নীলোর্মী, "জাতীয় বাজেটে নারীর জন্য বরাদ্দঃ নারী- পুরুষের বৈষম্য দূরীকরণ", মহিলা পরিষদ জার্নাল, ৩য় বর্ষ, ১ম সংখ্যা, ২০১৩।

২০. Ministry of Finance, GOB, Gender Budget Report 2013- 14, 2013

২১. সায়মা হক বিদিশা, "জেন্ডার সংবেদনশীল বাজেট ও এর পরিবীক্ষণ এবং মূল্যায়ন", মহিলা পরিষদ জার্নাল, ২য় বর্ষ, ১ম সংখ্যা, ২০১২

২২. সায়মা হক বিদিশা, ২০১২, প্রাগুপ্ত

২৩. হান্নান বেগম, সিডিও ও বাংলাদেশ, বাংলাদেশ অর্থনীতি সমিতি, ২০১২

২৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১।

২৫. ড. আবুল বারকাত, ২০১১, প্রাগুপ্ত।

২৬. ড. মোঃ মোরশেদ হোসেন, "উন্নয়ন বৈষম্য ঃ উত্তরবঙ্গে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন", USAID ও বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর আয়োজিত "নারী ও উন্নয়ন মেলা ২০১৪" সেমিনারে পঠিত প্রবন্ধ, ২০১৪।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

দারিদ্র্যের বহুমাত্রিকতা এবং দারিদ্র্য বিমোচন কৌশল: প্রেক্ষিত বাংলাদেশ

মোঃ জহির উদ্দিন আরিফ*

সারকথা

বাংলাদেশে দারিদ্র্যের বহুমাত্রিক বৈশিষ্ট্যের স্বরূপ নির্ণয় ও তার আলোকে দারিদ্র্য বিমোচন কৌশল উন্নয়ন বর্তমান প্রবন্ধের মূল উদ্দেশ্য। প্রবন্ধটি বিভিন্ন গবেষণামূলক বই, প্রবন্ধ ও প্রকাশিত রিপোর্ট থেকে প্রাপ্ত মাধ্যমিক উপাত্ত ও তথ্যের উপর ভিত্তি করে রচিত হয়েছে। এছাড়া প্রাথমিক তথ্যের উৎস হিসেবে দীর্ঘদিনের বাস্তব অভিজ্ঞতা ও পর্যবেক্ষণ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে বিষয়টি বিশ্লেষণের প্রয়াস চালানো হয়েছে। আলোচ্য প্রবন্ধে বাংলাদেশের সামগ্রিক আয় ও সম্পদ এবং মানবিক, সামাজিক, রাজনৈতিক ও প্রযুক্তিগত বিভিন্ন অধিকার ও সুযোগের অসম বন্টনের ফলে সৃষ্ট বহুমাত্রিক দারিদ্র্যের খুঁটিনাটি বিভিন্ন দিকের উপর আলোকপাত করা হয়েছে। প্রবন্ধে দেখানো হয়েছে যে, শুধুমাত্র জনগণের আয় ও সম্পদের স্বল্পতার কারণেই দারিদ্র্য সৃষ্টি হয় না, বরং মানবিক, সামাজিক, রাজনৈতিক ও প্রযুক্তিগত নানাবিধ অধিকার ও সুযোগ ভোগের বঞ্চনা থেকেও মানুষ দারিদ্র্যে ভোগে; এমনকি সার্বিকভাবে স্বাভাবিক জীবন ধারণে ব্যর্থ হয়, পরিবার ও সমাজে নানাভাবে যন্ত্রণার স্বীকার হয়ে চিন্তাশক্তি ও কর্মশক্তি হারায় এবং অকালে মারা যায়। ফলে এরূপ বহুমাত্রিক দারিদ্র্যের বিমোচন কৌশলও সঙ্গত কারণেই একমাত্রিক না হয়ে বহুমাত্রিক হবে। তাই শুধুমাত্র অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন ও এর সুষম বন্টনই একমাত্র পন্থা নয়, বরং বিকল্প কৌশল হিসেবে দেশের দরিদ্র জনগোষ্ঠীর জন্য সক্রিয় সামাজিক নীতি গ্রহণ, সরকারী-বেসরকারী ব্যবস্থায় ধারাবাহিকভাবে সুপরিকল্পিত টার্গেটভিত্তিক অর্থনৈতিক কর্মসূচী গ্রহণ ও কার্যকরীকরণ, গ্রাম ও শহরে মহিলা-পুরুষ নির্বিশেষে সকল দরিদ্র জনগোষ্ঠীর ভোটদানের অধিকার, তাদের স্বাধীন ও যৌক্তিক মতামত প্রকাশের অধিকার, সম্পত্তি গ্রহণ ও হস্তান্তরের অধিকার, কাজ পাওয়ার ও করার

* মোঃ জহির উদ্দিন আরিফ, সহযোগী অধ্যাপক, মার্কেটিং বিভাগ, ফ্যাকাল্টি অব বিজনেস স্টাডিজ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০, বাংলাদেশ; এবং প্রেসিডেন্ট, বাংলাদেশ রেনেসাঁ ফাউডেশন। ই-মেইল: <mjarif2004@yahoo.com>, <brfoundation2014@gmail.com>।

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

অধিকার, শিক্ষার অধিকার ইত্যাদি বিশেষ করে নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরণ ও উন্নয়নে নারীকে 'সক্রিয় অংশীদার'করণ, সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা ও দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক প্রক্রিয়ায় ব্যাপক হারে অংশগ্রহণের মধ্য দিয়ে বহুমাত্রিক দারিদ্র্যকে যাদুঘরে পাঠানা যেতে পারে। তাই এ জন্য বাস্তবসম্মত সরকারী-বেসরকারী উদ্যোগ ও জনগণের সম্মিলিত প্রচেষ্টা ও সৃজনশীলতার মাধ্যমে আত্মনির্ভরশীল হওয়া একান্ত প্রয়োজন যা বাংলাদেশকে অদূর ভবিষ্যতে একটি সুখী, সমৃদ্ধশালী, মননশীল ও শান্তিপূর্ণ আধুনিক দেশে পরিণত করবে বলে আশা করা যায়।

ভূমিকা

বাংলাদেশ তৃতীয় বিশ্বের দরিদ্র দেশগুলোর মধ্যে অন্যতম। বর্তমানে এ দেশের জনসংখ্যা প্রায় ১৬ কোটি এবং মাথাপিছু বার্ষিক আয় প্রায় ১৫৮৫ (adjusted for purchasing power parity) মার্কিন ডলার (রমেশ ও অন্যান্য, ২০১২)। এ দেশটি উন্নয়নের কয়েকটি ক্ষেত্রে ইতোমধ্যে ২০১৫ সাল নাগাদ জাতিসংঘের 'সহস্রাব্দের উন্নয়ন লক্ষ্যমাত্রা' অর্জনে সক্ষম হয়েছে। দেশটিতে মূল্যস্ফীতি বাড়লেও সম্প্রতিকালে তা ডাবল্ ডিজিটের নীচে অবস্থান করছে। তবে এ দেশের সমগ্র জনগোষ্ঠীর প্রায় অর্ধেক এখনও দারিদ্র্য সীমার নীচে বাস করে।

সাধারণ অর্থে 'দরিদ্র্য' বলতে 'বঞ্চনার অনুভূতি'কে বুঝায়। কিন্তু, দারিদ্র্যকে এক কথায় সঙ্গায়িত করা কঠিন। বস্তুতঃ দারিদ্র্য কি এবং কারাই-বা দরিদ্র্য তা একমাত্রিক দৃষ্টিভঙ্গিতে বিশ্লেষণযোগ্য নয়, বরং তা বহুমাত্রিকতার আলোকে বিশ্লেষণ করা প্রয়োজন।

দারিদ্র্যকে পরম অর্থে সংঙ্গায়িত করা যায় অথবা আপেক্ষিক অর্থে বিবেচনা করা যেতে পারে। একটি দেশের মানুষের মৌলিক চাহিদা পূরণে যারা ব্যর্থ তারা দরিদ্র; এটি হচ্ছে 'পরম দারিদ্র্য' (Absolute Poverty)। আবার একটি দেশের সাথে অপর একটি দেশের মানুষের আয়ের ও অন্যান্য বঞ্চনার তুলনা থেকেও দারিদ্র্য পরিমাপ করা সম্ভব; যাকে 'আপেক্ষিক দারিদ্র্য' (Relative Poverty) বলে অভিহিত করা যেতে পারে।

বয়লি (Boyle) (১৯৯০) এবং রেইন (Rein) (১৯৭০) দারিদ্র্যের বিশ্লেষণে সম্ভব তিনটি ধারণা ব্যবহার করেন। যথা: (১) জীবন ধারণ, (২) অসমতা ও (৩) সহিষ্ণুতা। প্রথমটি, মূলতঃ সমাজে কাজ করে খাওয়ার মত শক্তি ও স্বাস্থ্যের প্রয়োজনে যে পরিমাণ খাদ্য ও সেবা দরকার তা যারা পায় না তাদেরকেই দরিদ্র বুঝানো হয়। দ্বিতীয়টি, মূলতঃ সম্পদ ও আয়ের বন্টনে বৈষম্যের ভিত্তিতে এবং তৃতীয়টি, সামাজিক দৃষ্টিভঙ্গিতে যাদের অবস্থান নিচে, যারা কম খায়, ভাল কাপড় পরতে পারে না, যাদের বাহ্যিক চাকচিক্য নেই, তারাও দরিদ্র হিসেবে চিহ্নিত।

আবার এ. কে. সেন (১৯৯১)-এর মতে, দৈহিক ক্ষমতা বজায় রাখার জন্য খাদ্য নয় এমন পণ্য ও সেবা যে পরিমাণ প্রয়োজন তা যারা মেটাতে পারে না, তারাই দরিদ্র। এখানে তিনি দারিদ্র্যের বর্ণনায় জৈবিক দিকটি তুলে ধরেছেন।

মিলার (Millar) এবং রবি (Roby) প্রমুখ অর্থনীতিবিদ সমাজের আয় বন্টনের দিক দিয়ে বঞ্চিত শ্রেণিকে দরিদ্র বলে চিহ্নিত করেন। সমাজের দৃষ্টিতে যে মানের জীবন যাপন কমপক্ষে করা প্রয়োজন তার চেয়ে নিম্ন মানের জীবন যাপন যারা করছেন তারা সকলেই দরিদ্র।

আনিসুর রহমান (১৯৯৭) তার "দারিদ্র্য গণনা, দারিদ্য বিমোচন এবং সামাজিক ন্যায় বিচারসহ প্রবৃদ্ধি" নামক প্রবন্ধে উল্লেখ করেছেন- "আজকের অর্থনীতিবিদদের অনেকেই যারা খাদ্য উপাদান ও খাদ্য বহির্ভূত উপাদান পেতে প্রয়োজনীয় মাথাপিছু আয়ের হিসাবের উপর নির্ভর করে 'দারিদ্র্য রেখা' টানছেন এবং 'চরম দারিদ্র্য রেখা'ও টানছেন তাদের এরকম দর্শন দরিদ্র মানুষকে 'গৃহপালিত পশু'র মতই গণ্য করে।" তার এ প্রবন্ধে তিনি আতিউর রহমান ও অন্যান্য গবেষকদের গবেষণা ('সমুন্নয়' কর্তৃক পরিচালিত গবেষণা, ১৯৯৬) সম্পর্কে আলোচনা প্রসঙ্গে বলেন- "সমুন্নয়ের গবেষণাটি জনগণের সাথে আলোচনাভিত্তিক এবং এতে জনগণের নিজেদের মধ্যেও আলোচনা প্রণোদিত করা হয়েছে। সাধারণ মানুষের মতামত অনুসারে বিশুদ্ধ পানি, স্যানিটেশন, সন্তানের শিক্ষার জন্য ন্যূনতম খরচ, সুচিকিৎসার জন্য ন্যূনতম খরচ, চলাফেরার নিরাপত্তার খরচ, মেয়েদের সম্ভ্রম রেখে চলার খরচ ইত্যাদি থেকে বঞ্চনা তাদের মাঝে দারিদ্র্য চেতনা সৃষ্টি করে।"

আনিসুর রহমান (১৯৯৭) এ সকল সাধারণ মানুষের দারিদ্র্যের চেতনার পিছনে আরো কয়েকটি দিকের উল্লেখ করেন যাতে সাধারণ মানুষের প্রয়োজনীয় দাবীর প্রতিফলন ঘটেছে। যেমন-

ক) প্রসূতি পরিচর্যা ও উপযুক্ত তত্ত্বাবধানে সন্তান প্রসবের খরচ;

খ) সন্তানের বিবাহের ন্যূনতম খরচ;

গ) জীবনের গোপনীয়তা (প্রাইভেসি) বজায় রেখে বাস করার মত বাসস্থানের খরচ;

ঘ) আইন আদালতের কাছে সেবা ও ন্যায় বিচার পাবার খরচ- প্রতারণা, লুণ্ঠন. ডাকাতি, সন্ত্রাস, ধর্ষন, ফতোয়াবাজি, নারীর মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে;

ঙ) বৃদ্ধ বয়সেও মানুষের মত বাঁচবার জন্য পুঁজি;

চ) মৃতদেহ সৎকারের এবং কুলখানি ও চল্লিশা পালনের খরচ;

ছ) দুর্যোগ মোকাবিলার জন্য পুঁজি (বন্যার আঘাত, বাড়ি পুড়ে যাওয়া, গরু মারা যাওয়া); ইত্যাদি।

আবার এ সব খরচের অনেকগুলোই স্থানভিত্তিক (Location Specific) বলে তিনি তার প্রবন্ধে অভিমত ব্যক্ত করেছেন। তাই শুধু ব্যক্তির আয় বিবেচনা করলেই হবে না, ব্যক্তি যেখানে অবস্থান করছে সেখানে কোন্‌টি (যথাঃ বিশুদ্ধ পানি, শিক্ষা ও সুচিকিৎসা) পেতে কি খরচ তাও বিবেচনা করতে হবে। এভাবে মানুষের নিজস্ব দারিদ্র্য চেতনা থেকে 'দারিদ্র্য রেখা' টানলে, যা তুলনামূলক ও স্থানভিত্তিক, এবং তুলনামূলক বলে কালভিত্তিকও, সামাজিক ন্যায় বিচারের কিছুটা বিবেচনা এর মধ্যে চলে আসে বলে তিনি মনে করেন।

অমর্ত্য সেন (১৯৯৯) তার "Development As Freedom" গ্রন্থে মানুষের জন্য সার্বিক মুক্তি ও স্বাধীনতার বিষয়টি তুলে ধরেছেন। এখানে তিনি সব ধরনের মুক্তি ও স্বাধীনতার বঞ্চনাকে উন্নয়ন পরিপন্থি তথা দারিদ্র্য হিসেবে চিহ্নিত করেছেন। এছাড়া, তিনি অর্থনীতিতে 'সত্ত্বাধিকার (Entitlement)' ধারণাটি নিয়ে আসেন। তিনি মনে করেন, পণ্য ও সম্পত্তির উপর মালিকানা বা সত্ত্বাধিকার ব্যতীত উপযোগ গ্রহণ সম্ভব নয়। এর ফলে সত্ত্বাধিকারের বঞ্চনাও মানুষের মাঝে এক ধরনের দারিদ্র্য সৃষ্টি করে।

বিনায়ক সেন (১৯৯৫) তার "দারিদ্র্য, অসমতা ও প্রবৃদ্ধি" শীর্ষক প্রবন্ধে বলেন, "বিশেষজ্ঞদের মাঝে এ (দারিদ্র্য) বিষয়ে একটা ঐকমত্য আছে যে, দারিদ্র্যের উপার্জন ও উপার্জন বহির্ভূত দু'টো দিক

রয়েছে। শেষোক্তটির অন্তর্গত হচ্ছে বাসস্থান ও পরিধেয় বস্ত্রের প্রাপ্যতা, পুষ্টি, পয়ঃনিষ্কাশন, স্বাস্থ্য ও শিক্ষার সুযোগ, একটা পর্যাপ্ত ভোগ মাত্রার নিশ্চয়তা, সংকট মোকাবেলার ক্ষমতা ও ব্যক্তিগত নিরাপত্তাবোধ।"

২৯ এপ্রিল, ১৯৯৮ তারিখে প্রকাশিত বিশ্ব ব্যাংকের এক গবেষণা রিপোর্ট "Bangladesh: From Counting the Poor to Making the Poor Count"-এ 'দরিদ্র কারা? (Who are the Poor?)'-এ বিষয়ে একটি প্রশ্নের পরিপ্রেক্ষিতে আরো কয়েকটি প্রশ্ন উল্লেখ করা হয়েছে যে, দরিদ্ররা কি মূলতঃ শহরে না গ্রামে অবস্থান করে? তারা কি নিরক্ষর? তাদের কি নিজস্ব জমি আছে? দরিদ্র পরিবারের মহিলা প্রধান নাকি পুরুষ প্রধান? এভাবে বিশ্ব ব্যাংক ঐ রিপোর্টে এ জাতীয় বিভিন্ন প্রশ্নের অবতারণা এবং এ সব প্রশ্নের উত্তর অনুসন্ধানের মাধ্যমে দরিদ্র এবং দরিদ্র পরিবারের এ সব বৈশিষ্ট্য পরীক্ষার প্রয়াস চালিয়েছে।

সুতরাং, দীর্ঘদিন ধরে উন্নয়ন অর্থনীতিবিদ ও গবেষকদের মধ্যে বিশ্বব্যাপী দারিদ্র্যের ধারণা নিয়ে যে চিন্তাভাবনা ও প্রবণতাগুলো লক্ষ করা যায় তার মধ্যে প্রধান প্রবণতা হচ্ছে- 'মাথাপিছু আয়ভিত্তিক (Head Count)' একটি হিসাব যা দারিদ্র্য গণনার একমাত্র মাপকাঠি হিসেবে গ্রহণ করা। এ প্রবণতা দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী পরিস্থিতিতে তথাকথিত উন্নত বিশ্বের উন্নাসিক ও অহংকারী মানসিকতায় আচ্ছন্ন কতিপয় উন্নয়ন চিন্তাবিদের সৃষ্ট একটি অমানবিক ও সামাজিক ন্যায় বিচার বহির্ভূত দর্শন দ্বারা প্রভাবিত। বাংলাদেশের মত তৃতীয় বিশ্বের তথাকথিত দরিদ্র দেশগুলোর অনেক উন্নয়ন অর্থনীতিবিদও যে কোন উপায়ে প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে মাথাপিছু আয়ের বৃদ্ধিকে দারিদ্র্য বিমোচনের একমাত্র উপায় বলে ধরে নিয়েছেন। কিন্তু মানুষের মানবিক, সামাজিক, রাজনৈতিক, পরিবেশগত ইত্যাদি সব দিকের বঞ্চনা উপেক্ষা করে বা দেখেও না দেখার ভান করে শুধুমাত্র প্রবৃদ্ধি অর্জনই দারিদ্র্য বিমোচনের একমাত্র পথ- এ প্রেসক্রিপশন গ্রহণযোগ্য হতে পারে না। ইতোপূর্বের আলোচনায় যেহেতু প্রতীয়মান যে, দারিদ্র্য একটি বহুমাত্রিক বিষয় সেহেতু দারিদ্র্য বিমোচনও বহুমাত্রিক কর্মকাণ্ড-নির্ভর। দারিদ্র্যের প্রতিটি দিকের প্রতি লক্ষ রেখে তা দূরীকরণের সার্বিক কর্মকাণ্ড গ্রহণ এবং তা বাস্তবায়নের পথে এগিয়ে যেতে হবে। বিশেষতঃ বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে দীর্ঘকাল ধরে শুধু প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের এই একমাত্র ধারণা পুরো উন্নয়ন চিত্রকেই জটিল করেছে। ফলে একদিকে যেমন 'দারিদ্র্য দূরত্ব (Poverty Gap)' বৃদ্ধি পেয়েছে তেমনি অন্যদিকে বেড়েছে অসমতা, লিঙ্গভিত্তিক বৈষম্য আর উপেক্ষিত রয়ে গেছে শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, গ্রামীণ উন্নয়ন, ভৌত পরিকল্পনা, পরিবার কল্যাণ, গণতান্ত্রিক অধিকার (বিশেষ করে ভোটদানের অধিকার, মতামত প্রকাশের অধিকার), অঞ্চলভিত্তিক সুষম বন্টনের মত গুরুত্বপূর্ণ বিষয়গুলো। সুতরাং, এর পরিপ্রেক্ষিতে দারিদ্র্যের বহুমাত্রিক বৈশিষ্ট্যের প্রতি লক্ষ্য রেখে বর্তমান প্রবন্ধের আলোচনায় বাংলাদেশের দারিদ্র্য বিমোচন কৌশল উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখা হয়েছে।

বাংলাদেশে দারিদ্র্যের বহুমাত্রিকতার সার্বিক চিত্র

ইতোপূর্বে বিশ্ব ব্যাংকের উল্লেখিত প্রকাশিত গবেষণা রিপোর্ট অনুযায়ী, ১৯৯০-এর দশকে বাংলাদেশে মাথাপিছু দারিদ্র্য তুলনামূলকভাবে পূর্বের দশকগুলোর তুলনায় হ্রাস পেয়েছে। ১৯৮৩-৮৪ সালে যেখানে ৪১ শতাংশ লোক দারিদ্র্য সীমার নীচে বাস করেছে সেখানে ১৯৯৫-৯৬ সালে এর পরিমাণ কমে গিয়ে

দাঁড়িয়েছে ৩৬ শতাংশে। একই সময়ে মাথাপিছু দারিদ্র্যের হিসাবে দারিদ্র্য সীমার নীচের শহর ও গ্রামের মধ্যে ব্যবধানও দ্বিগুণ বেড়েছে।

১৯৮৩-৮৪ সালে শহুরে ও গ্রামীণ দারিদ্র্য ছিল যথাক্রমে ২৮.০৩ শতাংশ ও ৪২.৬২ যা ১৯৯৫-৯৬ সালে কমে গিয়ে দাঁড়িয়েছে যথাক্রমে ১৪.৩২ শতাংশে ও ৩৯.৭৬ শতাংশে। আবার জাতীয় পর্যায়েও দরিদ্র মানুষের সংখ্যা ক্রমান্বয়ে বেড়েছে। একই রিপোর্টে প্রকাশিত তথ্য অনুযায়ী উল্লেখিত সময়কালে বৈষম্য বৃদ্ধির হারও ছিল উর্ধ্বমুখী। শহরে আয় বৈষম্যের মাত্রার তীব্রতা গ্রামীণ আয় বৈষম্যের তুলনায় অধিক পরিলক্ষিত হয়েছে। বিশেষ কওে, ১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬ সালের মধ্যে এ বৈষম্যের মাত্রা তীব্রতর হয়েছে। সুতরাং বলা যায়, অঞ্চলভিত্তিক সুষম বন্টনের অভাবে দারিদ্র্যের মাত্রা তীব্রতর হয়েছে, যা দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে বিভিন্ন সময়ের অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের দাবীকে ভ্রান্ত ও অগ্রাহ্য প্রমাণিত করে দেয়।

কৃষিভিত্তিক দারিদ্র্য

বাংলাদেশের আবাদযোগ্য কৃষি জমির পরিমাণ অত্যন্ত কম। জমির সুষম বন্টনের অভাবে মাত্র শতকরা ২ ভাগ কৃষকের হাতে ২৫ শতাংশ জমি রয়েছে। শতকরা ৫৪ ভাগ জমি মাত্র ১০ শতাংশ কৃষকের হাতে রয়েছে। পক্ষান্তরে, ৫২ শতাংশ কৃষকের কোন চাষযোগ্য জমি নেই। আবার ভূমিহীন জনগোষ্ঠীর প্রতি দশ জনের ছয় জনই চরম দরিদ্র। বিশেষতঃ গ্রামীণ দারিদ্র্যের ভূমিহীন ক্ষেতমজুর জনগোষ্ঠী 'হত দরিদ্র' পর্যায়ে অবস্থান করছে।

শিক্ষার সুযোগ থেকে বঞ্চনা ও দারিদ্র্য

বাংলাদেশে শিক্ষার সুযোগ একটি বিশেষ শ্রেণীর মধ্যে সীমাবদ্ধ থাকার ফলে দারিদ্র্যের প্রবণতাও বেড়েছে। বিশ্ব ব্যাংকের (১৯৯৮) রিপোর্টে দেখা যায়, যে সব পরিবার শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হয়েছে সে সব পরিবার পূর্বের চেয়ে দরিদ্র হয়েছে। জাতীয়ভিত্তিক হিসাবে, ৬৭ শতাংশ মানুষ শিক্ষার আলো থেকে বঞ্চিত হবার কারণে উচ্চ দারিদ্র্য সীমায় অবস্থান করছে। আবার, শহর ও গ্রামাঞ্চলের মধ্যেও এক্ষেত্রে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়।

পেশাগত দারিদ্র্য

বাংলাদেশে অকৃষি খাতে নিয়োজিত শ্রমিক, বর্গাচাষী, মৎস্য পেশায় নিয়োজিত শ্রমিক, পারিবারিক কৃষি শ্রমিক, সেবা খাতে নিয়োজিত শ্রমজীবি গোষ্ঠীর (যেমন– শিক্ষক, চিকিৎসক, গবেষক, আইনজীবি) তুলনায় দিনমজুর, কারখানা শ্রমিক, ক্ষেতমজুর ইত্যাদি গোষ্ঠীর মানুষ চরম দারিদ্র্যের মধ্যে অবস্থান করছে।

সেবা প্রাপ্তি ও দারিদ্র্য

বাংলাদেশে বিদ্যুৎ, পানীয় জল, পরিবহন ব্যবস্থা, পয়ঃনিষ্কাশন ইত্যাদির ক্ষেত্রে সেবা প্রাপ্তির পরিমাণগত যোগানের ক্ষেত্রে বৈষম্য তীব্র। বিদ্যুতের ক্ষেত্রে গিনি সহগ (Gini Coefficient)-এর মান ০.২১৪ (সেন, ১৯৯৬) এবং পরিবহন খাতে এই গিনি সহগ (Gini Coefficient)-এর মান ০.০৭৩। ১৯৭০-৭৫ সালে নিরাপদ পানীয় জলের যোগান পেত প্রায় ৫৬ শতাংশ মানুষ। বর্তমানে সেই পরিমাণ বৃদ্ধি পেলেও মাথাপিছু নিরাপদ পানীয় জলের সরবরাহের পরিমাণে ঘাটতি বৃদ্ধি পাচ্ছে।

লিঙ্গ বৈষম্য ও দারিদ্র্য

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী হওয়া সত্ত্বেও তারা অর্থনৈতিক ও সামাজিক দিক দিয়ে বঞ্চনার শিকার। নারীর সম অধিকার চরমভাবে উপেক্ষিত থাকায় তারা উন্নয়নে পুরোপুরি 'সক্রিয় অংশীদার' হতে পারছে না। পুরুষের তুলনায় নারীর মাথাপিছু শিক্ষা ও স্বাস্থ্য অধিকার কম। নারী শিক্ষার হার সার্বিকভাবে ৩১.৪ শতাংশ, যেখানে পুরুষ শিক্ষার হার ৫১.৩২ শতাংশ। আবার স্বাস্থ্য খাতের চিত্র খুবই ভয়াবহ। বাংলাদেশে প্রসূতিজনিত মৃত্যুহার প্রতি দশ হাজারে ৮৮৭ (১৯৯৬ সাল অনুযায়ী) যা বিশ্বের অন্যতম সর্বাধিক। শিশু মৃত্যুর ক্ষেত্রে কন্যা শিশু এবং পুত্র শিশুর মৃত্যুহারের অনুপাত ১.৩৩ (১৯৯৩ সাল অনুযায়ী)। ধর্মীয় ও পারিবারিক কাঠামোর প্রেক্ষিতে কার্যকরভাবে নারীর ক্ষমতায়ন না থাকায়, বিশেষ কওে, গ্রামীণ নারী জনগোষ্ঠীর ক্ষেত্রে এ ব্যবধান দারিদ্র্যের মাত্রাকে তীব্র করে তোলে।

তথ্য প্রযুক্তি ও দারিদ্র্য

বিশ্বায়নের প্রক্রিয়ায় এবং মুক্ত বাজার অর্থনীতির অবাধ প্রবাহে বিশ্ব অর্থনীতিতে উন্নয়নের যে সুবাতাস বইছে তারই বাস্তবতায় তথ্য প্রযুক্তি একটি বড় ধরনের ভূমিকা পালন করে চলেছে। এই নতুন তথ্য প্রযুক্তিগত বিপ্লব তথা কম্পিউটার নেটওর্য়াকিং ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য আদান-প্রদান ও যোগাযোগের ক্ষেত্রে এককভাবে কোন দেশ আধিপত্য ও কর্তৃত্ব স্থাপন করতে পারে না। তথাপি বাংলাদেশ এক্ষেত্রে তেমন জোরালো ভূমিকা পালনে ব্যর্থ হচ্ছে। বিশ্ব জুড়ে যেখানে প্রায় ২০০ কোটি মানুষ ইন্টারনেট সুবিধা গ্রহণ করছে সেখানে বাংলাদেশে ব্যবহারকারীর সংখ্যা তেমন উল্লেখযোগ্য নয়। উন্নত বিশ্বে যেখানে প্রতি তিন জনে একজন ইন্টারনেট ব্যবহার করে, সেখানে বাংলাদেশে এখনো মাত্র কয়েক লক্ষ লোক ইন্টারনেট ব্যবহার করছে। তবে সম্প্রতিকালে 'ডিজিটাল বাংলাদেশ' কার্যক্রমের আওতায় বিভিন্ন মন্ত্রনালয়, দফতর ও প্রতিষ্ঠানে কম্পিউটার, ইন্টারনেট প্রযুক্তির ব্যবহার পরিলক্ষিত হলেও ওয়েবসাইটগুলোর তথ্য প্রায়শঃ আপডেট করা হয় না। এমনকি এদেশের শিক্ষিত জনগোষ্ঠীর অনেকেই ইন্টারনেট প্রযুক্তিকে অযথা সন্দেহের চোখে দেখে যা ব্যাপক জ্ঞান চর্চা ও গবেষণার ক্ষেত্রে নেতিবাচক প্রভাব পড়ে। ফলে অনলাইনে/ওয়েবসাইটে প্রকাশিত ও আর্কাইভে সংরক্ষিত রেফার্ড ও ইনডেক্সড্ ইন্টারন্যাশনাল ইলেকট্রনিক জার্নালগুলোতে (ই-জার্নাল বা ডিজিটাল জার্নাল) বাংলাদেশের গবেষকদের প্রকাশিত গবেষণা প্রবন্ধ খুবই অপ্রতুল। আর প্রকাশিত হলেও পর্যাপ্ত ধারণা না থাকায় এবং অযাচিত সন্দেহ, ভয় ও অনীহার কারণে প্রকাশিত ভাল মানের প্রবন্ধগুলো বাংলাদেশে যথাযথ স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অপরাগতা প্রকাশ করায় বাংলাদেশের গবেষকরা ও বিশ্ববিদ্যালয়গুলো আন্তর্জাতিক র‍্যাংকিংয়ে পিছিয়ে পড়ছে। এ সব জার্নালে প্রকাশনার জন্য জমাকৃত গবেষণা প্রবন্ধ পীয়ার রিভিউ করার সময় বিশেষ ধরনের সফ্টওয়ার ব্যবহৃত হয় যা 'প্লাগিয়ারিজম' রোধে সহায়তা করে যা গবেষণা জগতে সবিশেষ গুরুত্ব বহন করে। যেখানে বিশ্বের উন্নত দেশগুলোর বেশীর ভাগ প্রকাশক তাদের প্রিন্টেড কপির জার্নাল অবলুপ্ত করে ই-জার্নাল বা নিজস্ব ওয়েবসাইটে রেফার্ড জার্নাল প্রকাশ করছে যার ফলে প্রকাশনাগুলো অন্যান্য গবেষক ও পন্ডিত ব্যক্তিদের কাছে বিশ্বের যে কোন প্রান্ত থেকে ইন্টারনেটের মাধ্যমে সহজলভ্য সেখানে বাংলাদেশের মেধাবী গবেষকরা দেশে প্রচলিত হাতে গোনা কয়েকটি ভাল মানের প্রিন্টেড জার্নালে তাদের গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য মাসের পর মাস এমনকি কয়েক বছর অপেক্ষা করতে হচ্ছে যা তাদের ধারাবাহিক গবেষণা করতে অনুৎসাহিত করছে, গবেষণার সংখ্যা ও প্রকাশিত গবেষণাপত্রের সংখ্যা অপ্রতুল থাকছে এবং মূল্যবান সময় ও মেধার অপচয়

ঘটাচ্ছে। ফলে জ্ঞান-বিজ্ঞান-কলা-ব্যবসায়-বাণিজ্যে আন্তর্জাতিকভাবে বাংলাদেশ এই প্রতিযোগিতা-মূলক বিশ্বায়নের যুগে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার ক্ষেত্রে অনেকখানি পিছিয়ে পড়ছে। তাই বাংলাদেশে প্রকাশিত প্রিন্টেড জার্নালগুলো প্রকাশকের নিজস্ব ওয়েবসাইটের আর্কাইভে আপলোড করে সংরক্ষণ ও ডিজিটাল বা ই-জার্নালে রূপান্তরিত করা এখন সময়ের দাবী, বিশ্বায়নের যুগে এ থেকে বাংলাদেশের কোনমতেই আর পিছপা হওয়ার সুযোগ নেই।

ঋণের অধিকার ও দারিদ্র্য

বাংলাদেশে প্রাতিষ্ঠানিকভাবে ক্ষুদ্র ঋণ সরবরাহের প্রধান উৎস মূলতঃ ব্যাংক ব্যবস্থা এবং বেসরকারী প্রতিষ্ঠানসমূহ (এনজিও)। সামগ্রিক ঋণ চাহিদার মাত্র ৩০-৩৫ শতাংশ ব্যাংক সরবরাহ করে যা দরিদ্র শ্রেণীর নাগালের বাইরে। অবশিষ্ট প্রাতিষ্ঠানিক ঋণের বড় অংশের যোগানদাতা এনজিওসমূহ (গ্রামীণ ব্যাংক, ব্র্যাক, আশা, প্রশিকা, স্বনির্ভর বাংলাদেশ এবং আরও কিছু প্রতিষ্ঠান)। মূলতঃ টার্গেট গ্রুপের কাছে ক্ষুদ্র ঋণ কার্যক্রম সীমিত রাখার ফলে জনগণের একটি বড় অংশ এ সুবিধার বাইরে থেকে যাচ্ছে। ফলে দারিদ্র্য পরিস্থিতির সার্বিক উন্নতি হচ্ছে না।

বাংলাদেশের জন্য দারিদ্র্য বিমোচন কৌশল

দারিদ্র্যের দুর্বিষহ যন্ত্রণা মানবাধিকারের পরিপন্থী। মানুষ তার স্বাভাবিক অস্তিত্ব বজায় রাখার প্রয়োজনেই দারিদ্র্যের বহুমাত্রিক করাল গ্রাস থেকে প্রতিনিয়ত আত্মরক্ষা করতে চায়। তাই "দরিদ্র জনগণকে, দেশের সাক্ষাৎ উৎপাদক শ্রেণীকে দেশের প্রধান গ্রোথ এজেন্ট করবার জন্য কৌশল উদ্ভাবনে, এবং এ সম্বন্ধে সমাজ সচেতনতা সৃষ্টিতে অবদান রাখতে সমাজকল্যণকামী অর্থনীতিবিদদের এগিয়ে আসার এখনই সময়।" (রহমান, ১৯৯৭: ৩৭)। বাংলাদেশের দারিদ্র্যের বহুমাত্রিকতার দিকগুলো বিশ্লেষণের প্রেক্ষিতে দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে প্রধানতঃ দু'ধরনের পদ্ধতির কথা বলা যায়। যথা–

(১) পুনর্বন্টন পদ্ধতি (Redistributive Approach) ও
(২) অ-পুনর্বন্টন পদ্ধতি (Non-Redistributive Approach)।

এক্ষেত্রে প্রথম পদ্ধতি অর্থাৎ পুনর্বন্টন পদ্ধতি অনুসারে দারিদ্র্য বিমোচন করতে হলে সামাজিক কাঠামোর আমূল পরিবর্তন সাধন করতে হবে। কিন্তু বাংলাদেশের বর্তমান সামাজিক ও রাজনৈতিক অবস্থায় ব্যাপক ভূমি সংস্কার করে জমির পুনঃ ও সুষম বন্টনের মাধ্যমে সামাজিক পরিবর্তন ঘটিয়ে দারিদ্র্য বিমোচনের প্রচেষ্টা গ্রহণ হবে অনেকাংশেই বিশৃঙ্খলার নামান্তর। তাই দ্বিতীয় পদ্ধতি অর্থাৎ অ-পুনর্বন্টন পদ্ধতি গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে বাংলাদেশের বিদ্যমান সামাজিক কাঠামোর মধ্যে থেকে অন্তর্বর্তীকালীন সময়ের জন্য দারিদ্র্য বিমোচনকারী বিভিন্ন কর্মসূচী হাতে নিয়ে তা দক্ষতার সাথে বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা যেতে পারে।

অধ্যাপক রেহমান সোবহান-এর আহ্বানে গঠিত টাস্ক ফোর্সের "দারিদ্র্য বিমোচন" সম্পর্কিত প্রতিবেদনে তিনটি পদক্ষেপের কথা বলা হয়েছিল। (টাস্ক ফোর্স প্রতিবেদন, ১৯৯১: ২৭)। যথা–

ক) সামাজিক খাতসমূহে বাড়তি বিনিয়োগের মাধ্যমে মানুষের দক্ষতা বাড়িয়ে জীবনের মান উন্নত করে দারিদ্র্য বিমোচন করা যায়,

খ) অর্থনৈতিক প্রবৃদ্ধির হার বাড়িয়ে দরিদ্র জনগোষ্ঠীর আয়ও বাড়ানো যায় এবং

গ) নির্দিষ্ট দরিদ্র জনগোষ্ঠীর আয় ও কাজ বৃদ্ধির লক্ষ্যে নিরাপত্তা বেষ্টনির ব্যবস্থা করা।

রহমান (১৯৯৬) তার "গরীব–এর বাজেট ভাবনা ও দারিদ্র্য বিমোচন" শীর্ষক গ্রন্থে বাংলাদেশের দারিদ্র্য বিমোচনের ক্ষেত্রে কৃষি, গ্রামীণ উন্নয়ন, ভৌত পরিকল্পনা, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার কল্যাণ, সমাজ কল্যাণ- এই সাতটি খাতে সম্পদ প্রবাহের উপর গুরুত্ব আরোপ করেছেন। সুতরাং সমাজের বিদ্যমান কাঠামোর মধ্যে থেকে বাংলাদেশের দারিদ্র্য বিমোচনের জন্য নিচের কৌশল গ্রহণ করা যেতে পারে।

১. অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন

বাংলাদেশের দারিদ্র্য বিমোচনের জন্য দ্রুত হারে প্রবৃদ্ধি অর্জন প্রয়োজন। বিশ্ব ব্যাংকের গবেষকরা কর্তৃক প্রস্তুতকৃত পরিশোধিত পরিসংখ্যানমালা বিশ্লেষণ করে দেখা গেছে যে, যে সব দেশে মাথাপিছু জাতীয় আয় দশ বা ততোধিক বছর ধরে বেড়েছে সে সব দেশে দারিদ্র্যের হারও কমেছে একই সময়ে। (ব্রুনো, র‍্যাভালিয়ন ও স্কয়ার, ১৯৯৫; ডেনিঙ্গার ও স্কয়ার, ১৯৯৬)। এ জন্য দরিদ্র মানুষের আয় বাড়াতে হবে, কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করতে পারলে এ আয় বাড়বে। সুতরাং, দারিদ্র্য বিমোচনের জন্য বিশেষ ধরনের প্রবৃদ্ধি অর্থাৎ 'দরিদ্রমুখী প্রবৃদ্ধি (Pro-poor Growth/Broad Based Growth)' অর্জন প্রয়োজন। গরীবদের মোট জাতীয় আয়ের যে শেয়ার তা যদি সময় অনুপাতে বাড়ে তবে বুঝা যাবে যে, 'দরিদ্রমুখী প্রবৃদ্ধি' হচ্ছে। অর্থাৎ জাতীয় আয়ে দরিদ্রদের আয়ের অংশীদারিত্ব বা শেয়ার বাড়লে দরিদ্রমুখী প্রবৃদ্ধি হবে। এখন প্রশ্ন হলো এই দরিদ্রমুখী প্রবৃদ্ধি কিভাবে অর্জন করা যাবে? বাংলাদেশের শতকরা প্রায় ৮০ ভাগ লোক গ্রামে বাস করে, যাদের বেশীর ভাগই দরিদ্র। তাই এসব দরিদ্র জনগোষ্ঠীর কৃষি এবং কৃষিখাত বহির্ভূত (যেমন- রিক্সা চালানো, ব্যবসা করা, দিনমজুর, কারখানায় শ্রম দান ইত্যাদি) কর্মসংস্থান তথা কৃষি এবং অ-কৃষি খাতের কার্যক্রমগুলো বাড়ানো প্রয়োজন। আবার কৃষিখাতে সার, বীজ, কীটনাশক ঔষধ এবং সেচ ব্যবস্থার সঠিক প্রয়োগের মাধ্যমে উৎপাদন বাড়াতে হবে। সুতরাং, 'দরিদ্রমুখী প্রবৃদ্ধি' অর্জন করতে হলে প্রয়োজন-

ক. কৃষি বা গ্রামীণ অবকাঠামোর উন্নয়ন,

খ. কৃষিপণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণ,

গ. কৃষিখাতের সাথে অকৃষি খাতের সংযোগ সাধন,

ঘ. কৃষিভিত্তিক বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্প গড়ে তোলা,

ঙ. বিশেষভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন,

চ. শ্রমনিবিড় কর্মসংস্থানের ব্যবস্থা করা এবং ন্যায্য হারে মজুরী প্রদান,

ছ. শিল্পে সঠিক প্রযুক্তির ব্যবহার,

জ. বহির্মুখী শিল্পায়ন নীতি গ্রহণ ও রপ্তানী ব্যবস্থার উন্নয়ন,

ঝ. বাজারের বৃদ্ধি এবং বহিঃবাজারের সাথে আভ্যন্তরীণ বাজারের সংযোগ স্থাপন,

ঞ. দরিদ্রদের জন্য প্রয়োজনীয় ঋণের ব্যবস্থা করা,

ট. সরকারী পর্যায়ে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার ব্যবস্থা এবং এতে দরিদ্রদের ব্যাপক হারে অংশগ্রহণ নিশ্চিত করা,

ঠ. গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রকে সচল ও কার্যকর করা,

ড. স্বাস্থ্য সেবা প্রদান ব্যবস্থার উন্নয়ন করা এবং প্রতিটি গ্রামে 'কমিউনিটি হাসপাতাল' প্রতিষ্ঠা করা যাতে সসার স্বাস্থ্য সেবা নিশ্চিত হয়,

ণ. আইনের সুশাসন প্রতিষ্ঠা করা এবং সামাজিক কর্মকাণ্ডে দরিদ্রদের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিত করা ইত্যাদি।

বস্তুতঃ কর্মসংস্থানমুখী শ্রমর্নিবিড় প্রবৃদ্ধির মাধ্যমে দরিদ্রমুখী প্রবৃদ্ধি অর্জিত হয়। আর এতে গরীবদের আয় বাড়ে, ফলে তাদের সংকট মোকাবেলার বা সহ্য করার ক্ষমতা (Crisis Coping Capacity) বাড়ে; শিক্ষা, স্বাস্থ্য, বাসস্থান, ভাল মানের ও রুচিশীল খাদ্য ও বস্ত্র পরিধানের সুযোগ বাড়ে। ফলশ্রুতিতে এসব কিছুই দরিদ্রদের দক্ষতা বৃদ্ধি করে, ফলে উৎপাদনশীলতা বাড়ে যা পুনরায় দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য সহায়ক।

২. সক্রিয় সামাজিক নীতি গ্রহণ

বাংলাদেশের মানুষের মৌলিক চাহিদা মেটানোর জন্য ব্যাপকভাবে সরকারী পর্যায়ে ও ব্যক্তি পর্যায়ে বিভিন্ন সামাজিক নীতি গ্রহণ ও এর বাস্তবায়ন প্রয়োজন। এ জন্য সরকারকে প্রয়োজনীয় অর্থ বাজেটে বরাদ্ধ করতে হবে। সরকারকে এমন সামাজিক নীতি গ্রহণ করতে হবে যাতে গরীবরা খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষা ইত্যাদি মৌলিক চাহিদা মেটাতে পারে। "বাংলাদেশের সামাজিক-রাজনৈতিক কারণে প্রয়োজনীয় ভূমি সংস্কার সম্পন্ন করা বেশ কঠিন হবে। তাছাড়া উদ্বৃত্ত জমির স্বল্পতার জন্য ভূমি সংস্কারের বন্টনমূলক উপযোগিতাও অনিশ্চিত। তাই সামাজিক উন্নয়নমূলক খাতে, বিশেষ করে শিক্ষা ও স্বাস্থ্য খাতে অধিকতর বিনিয়োগ করা অতি জরুরী।" (সেন, ১৯৯৫)। বিশেষতঃ শিক্ষাক্ষেত্রে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে এবং সাধারণ শিক্ষার পাশাপাশি প্রয়োজনীয় কারিগরি শিক্ষার ব্যবস্থা করলে দরিদ্ররা উপকৃত হবে। এক্ষেত্রে শহর ও গ্রামাঞ্চলের মধ্যেকার ব্যবধান হ্রাস করতে হবে। পূর্ব এশিয়ার দেশগুলোতে উন্নয়নে প্রধান ভূমিকা রেখেছিল শিক্ষা। এছাড়া নারী শিক্ষা নিশ্চিত করতে হবে। প্রাথমিক স্তরে শিক্ষার্থী ঝরে পড়ার হার রোধ করতে হবে। আশার কথা, বাংলাদেশে ২০১০ সালে প্রণীত বর্তমান জাতীয় শিক্ষা নীতিতে এ সকল দিকের প্রতি গুরুত্বারোপ করা হয়েছে।

বাংলাদেশের দরিদ্র জনগণ বিভিন্ন সময়ে প্রাকৃতিক (বন্যা, ঝড়, জলোচ্ছাস ইত্যাদি) এবং মনুষ্য সৃষ্ট (চুরি, ডাকাতি, দূর্নীতি, আইন-শৃঙ্খলার অবনতি ইত্যাদি) বিভিন্ন ঝুঁকি ও অনিশ্চয়তা তথা সংকটের সম্মুখীন হয়। এ সব দরিদ্রদের সংকট মোকাবেলার বা সহ্য করার ক্ষমতা অনেক কম। ফলে তারা তাদের সীমিত সামর্থ্য বা অর্থনৈতিক ক্ষমতা দিয়ে সংকট কাটিয়ে উঠতে পারে না। আবার অনেক সময় সংকট পূরণের প্রচেষ্টা চালাতে গিয়ে তা ব্যর্থতায় পর্যবসিত হয়। সুতরাং, এমন সামাজিক নীতি গ্রহণ করা প্রয়োজন যাতে বাংলাদেশের এ সকল দরিদ্র জনগোষ্ঠীর সংকট মোকাবেলার ক্ষমতা বাড়ে।

৩. চিহ্নিত কর্মসূচী গ্রহণ

সমাজের সবচেয়ে দরিদ্র শ্রেণিকে রক্ষা করার সুপরিকল্পিত টার্গেটভিত্তিক অর্থনৈতিক কর্মসূচী নেয়া হলে সমাজে বিদ্যমান অসমতা কমিয়ে আনা সম্ভব হবে। কারণ দারিদ্র্য বিমোচনের জন্য বিভিন্ন চিহ্নিত

কর্মসূচী গ্রহণ করলে সামাজিক নিরাপত্তা বেষ্টনী (Social Safety Nets) বিস্তৃত হবে। বিশ্ব ব্যাংক (১৯৯৮) তার প্রতিবেদনে জরুরী ভিত্তিতে 'নিরাপত্তা জাল' কর্মসূচী বাস্ড়বায়নের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছিল। কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী, ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (ভিজিডি), ভালনারেবল গ্রুপ ফিডিং (ভিজিএফ), টেস্ট রিলিফ (টিআর) ইত্যাদি কর্মসূচী ইতোমধ্যে বাংলাদেশে দরিদ্র শ্রেণির জন্য কল্যাণকর প্রমাণিত হয়েছে। সরকারের এই সকল কল্যাণকামী কর্মসূচী দুঃস্থদের কিছুটা পরিমাণে হলেও সহায়তা দেয়, অর্থাৎ এর ভূমিকা সাময়িক। কিন্তু এতে দারিদ্র্য বিমোচন টেকসই হয় না, দারিদ্র্য স্বমূলে উৎপাটনও হয় না। কারণ প্রশাসনিক জটিলতা, দূর্নীতি, সুষ্ঠু বন্টন ব্যবস্থার অভাব ইত্যাদি কারণে এ কর্মসূচীগুলো বাস্তবায়নে জটিলতা সৃষ্টি হয়েছে। তাই এ সব সমস্যা ও জটিলতা নিরসনের পদক্ষেপ সরকারী পর্যায়ে ও স্থানীয় পর্যায়ে গ্রহণ করা হলে এ সব চিহ্নিত কর্মসূচীর কার্যকারিতা দারিদ্র্য বিমোচনে অনেকখানি সহায়ক হবে- এ কথা বলা যায়।

৪. বিভিন্ন অধিকার গ্রহণের সুযোগ দান

দরিদ্রদের বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক অধিকার রয়েছে। যেমন– ভোটদানের অধিকার, স্বাধীন ও যৌক্তিক মতামত প্রকাশের অধিকার, সম্পত্তি গ্রহণ ও হস্তান্তরের অধিকার, কাজ পাওয়ার ও করার অধিকার, শিক্ষার অধিকার ইত্যাদি। গ্রাম ও শহরে মহিলা-পুরুষ নির্বিশেষে সকল দরিদ্র জনগোষ্ঠীর এ সকল অধিকার প্রাপ্তি নিশ্চিত করতে হবে। দারিদ্র্য বিমোচনের স্বার্থেই নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে হবে। নারী আজ আর উন্নয়নের 'নিষ্ক্রিয় অংশীদার' নয় বরং 'সক্রিয় অংশীদার' (সেন, ১৯৯৯)।

গ্রামগুলোতে পর্যাপ্ত শহুরে সুবিধা যেমন- বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা, বিদ্যুতের ব্যবস্থা, জ্বালানীর ব্যবস্থা, বাসস্থান সুবিধা, যাতায়াত ও যোগাযোগের ব্যবস্থা ইত্যাদি নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে এনজিও প্রদত্ত সুবিধা ও বৈদেশিক সাহায্য দূর্নীতিমুক্তভাবে, সুষ্ঠু ও সঠিকভাবে কাজে লাগাতে হবে। এছাড়া যুব সমাজকে শিক্ষিত ও দক্ষ করে তুলতে হবে এবং তাদের মানসিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন ও উন্নয়ন সাধন করতে হবে যাতে তারা সরকারী চাকুরীর আশায় না থেকে বেশী করে উৎপাদনশীল খাতে নিজেদেরকে নিয়োগ করতে সচেষ্ট হয়। এর ফলে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে। এছাড়া দারিদ্র্য বিমোচনের অন্যতম হাতিয়ার হিসেবে তথ্য প্রযুক্তি তথা ইন্টারনেট প্রযুক্তি কার্যকরভাবে ব্যবহারের শক্তি অর্জনে বাংলাদেশকে আরো সক্রিয় হতে হবে এবং দক্ষ প্রোগ্রামার তৈরীর মাধ্যমে উন্নয়নের পথে অনেক দূর এগিয়ে যেতে হবে।

৫. সুশাসন এবং সামাজিক প্রক্রিয়ায় অংশগ্রহণ

সমাজের সর্বস্তরে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। কেননা সুশাসন প্রতিষ্ঠিত হলে দরিদ্র মানুষ আশার আলো দেখবে। এ লক্ষ্যে বিভিন্ন সামাজিক ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে তাদের সক্রিয় ও স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। ফলে সমাজের সদস্য হিসেবে তারা নিজেরাই নিজেদের সমস্যা মিটাতে সক্ষম হবে যা তাদের আত্মনির্ভরতা অর্জনে সহায়ক হবে। "আজ আমাদের দেশটা যে এমন বিষম গরিব তার প্রধান কারণ, আমরা ছাড়া ছাড়া হইয়া নিজের দায় একলা বহিতেছি। ভারে যখন ভাঙ্গিয়া পড়ি তখন মাথা তুলিয়া দাঁড়াইবার জো থাকে না।...অনেক গরিব আপন সামর্থ্য এক জায়গায় মিলাইতে পারিলে সেই মিলনই মূলধন।...অনেকের ভাবনার যোগ ঘটিয়া সভ্য মানুষের ভাবনা বড় হইয়াছে। তেমনি অনেকের কাজের যোগ ঘটিলে জটিল কাজ আপনি বড়ো হইয়া উঠিতে পারে।" (ঠাকুর, ১৩৯৮

বাংলা: ৩১৪)। সুতরাং, দারিদ্র্য বিমোচনের জন্য একদিকে যেমন সুশাসন সমাজে প্রতিষ্ঠিত হওয়া প্রয়োজন তেমনি অন্যদিকে সমাজের দরিদ্র জনগোষ্ঠীর সামাজিক প্রক্রিয়ায় ব্যাপক হারে অংশগ্রহণ একান্ত আবশ্যক।

উপসংহার

বাংলাদেশের দারিদ্র্যের বহুমাত্রিকতা বিশ্লেষণের প্রেক্ষিতে দারিদ্র্য বিমোচনের জন্য 'বহুমাত্রিক কৌশল' নির্বাচন, প্রয়োগ ও এর বাস্তবায়ন অপরিহার্য। সে আলোকে উল্লেখিত কৌশলগুলো দারিদ্র্য বিমোচনের 'বহুমাত্রিক পন্থা' হিসেবে গ্রহণ করা যেতে পারে। পাশাপাশি বাংলাদেশের প্রেক্ষিতে কোন্ বিষয়গুলোতে জরুরী দৃষ্টি দেয়া প্রয়োজন সে বিষয়েও এ প্রবন্ধে আলোকপাত করা হয়েছে। তাই কোন্ নীতিমালা গ্রহণ করলে প্রবৃদ্ধির হার বজায় রেখে দারিদ্র্যের উপর সর্বাধিক প্রভাব বিস্তার করা যাবে সে ব্যাপারে সচেতন হতে হবে– শুধু প্রবৃদ্ধির হার ত্বরান্বিত করলেই চলবে না। সামাজিক ন্যায় বিচারসহ প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে দারিদ্র্য বিমোচনের সামষ্টিক কৌশল গ্রহণ অনেকাংশেই যে বিবেচনাপ্রসূত- এ কথা নিঃসন্দেহে বলা যায়।

দারিদ্র্য বিমোচনে শুধুমাত্র সরকারী উদ্যোগই নয়, বেসরকারী ও জনগণের সম্মিলিত উদ্যোগের প্রয়োজনীয়তাও অপরিসীম। সুতরাং বিকল্প ভাবনা দিয়ে দারিদ্র্যকে জয় করতে হবে। মানুষ তার সৃজনশীলতার মাধ্যমে আত্মনির্ভরশীল হতে পারে। তাই বলা যায়, আত্মশক্তিতে বলীয়ান ব্যক্তি কখনো দরিদ্র থাকতে পারে না। দারিদ্র্য মানবিকতার বিরুদ্ধে একটি শ্লোগান। অমানবিকতার বিরুদ্ধে সংগ্রাম, সাম্য, ভ্রাতৃত্ববোধ প্রতিষ্ঠার মাধ্যমে দারিদ্র্য বিমোচন তাই আজ আধুনিক উন্নয়ন অর্থনীতিবিদ, চিন্তাবিদ ও গবেষকদের মূল লক্ষ্য হয়ে দাঁড়িয়েছে।

তথ্যসূত্র

১. Bruno, M. Ravallion, M. and Squire, L. (1995), "Equity and Growth in Developing Countries: Old and New Perspectives on the Policy Issues" (Mimeo.), World Bank: Washington, D.C.

২. Deininger, K. and Squire, L. (1996), "New Ways of Looking at Old Issues: Inequality and Growth" (Mimeo), World Bank: Washington, D.C.

৩. Ramesh, Jairam, Pande, Varad and Bhandari, Pranjul (2012), "Heard of the 'Bangladesh Shining' Story?", The Hindu, September, 7. http://www.thehindu.com/opinion/op-ed/article3867058.ece

৪. রহমান, মোঃ আনিসুর (১৯৯৭), "দারিদ্র্য গণনা, দারিদ্র্য বিমোচন এবং সামাজিক ন্যায় বিচারসহ প্রবৃদ্ধি", রুশিদান ইসলাম রহমান (সম্পাদিত), *দারিদ্র্য ও উন্নয়নঃ প্রেক্ষাপট বাংলাদেশ*, বিআইডিএস, ঢাকা।

৫. রহমান, মোঃ আনিসুর (১৯৯৮), "সামাজিক ন্যায় বিচারসহ প্রবৃদ্ধি ও দারিদ্র্য বিমোচন", *মুক্তিযুদ্ধোত্তর বাংলাদেশঃ অর্থনীতি ও গণতন্ত্রের সংকট*, নওরোজ কিতাবিস্তান, ঢাকা, জানুয়ারি, পৃঃ ১২৪-১২৯।

৬. রহমান, আতিউর (১৯৯৬), "গরীব–এর বাজেট ভাবনা ও দারিদ্র্য বিমোচন", *ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট পলিসি এনালাইসিস অ্যান্ড অ্যাডভোকেসি*, প্রশিকা, ঢাকা, জুলাই, পৃঃ ১-১১২।

৭. Sen, Amartya (1999), "Women's Agency and Social Change", *Development as Freedom*, Oxford University Press, New Delhi, pp. 189-203.

৮. Sen, Binayak (1996), "Economic Development and Human Growth in Bangladesh: 1973-1995", *Journal of Social Studies*, No. 74 (Special Issue: 25 Years of Bangladesh), Centre for Social Studies, Dhaka, pp. 62-99.

৯. সেন, বিনায়ক (১৯৯৫), "দারিদ্র্য, অসমতা ও প্রবৃদ্ধি", *অর্থনৈতিক সংস্কারের অভিজ্ঞতাঃ বাংলাদেশের উন্নয়ন পর্যালোচনা ১৯৯৫*, সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি), ইউনিভার্সিটি প্রেস লিমিটেড।

১০. টাস্ক ফোর্স প্রতিবেদন (১৯৯১), প্রথম খণ্ড, পৃঃ ২৭।

১১. The World Bank Report (1998), "Bangladesh: From Counting the Poor to Making the Poor Count, Poverty Reduction and Economic Management Network", World Bank: South Asian Region.

১২. ঠাকুর, রবীন্দ্রনাথ (১৩৯৮ বাংলা), "সমবায় নীতি", *রবীন্দ্র রচনাবলী*, চতুর্দশ খণ্ড, বিশ্ব ভারতী।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

সুশিক্ষায় শিক্ষকের ভূমিকা

সরদার সৈয়দ আহমেদ*

ভূমিকা

যে কোন দেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। শিক্ষার মাধ্যমেই জনসংখ্যা জনসম্পদে পরিণত হয়। দেশের জনসংখ্যা মানব সম্পদে রূপান্তরিত হতে পারলে উন্নয়নের স্বয়ংক্রিয় ধারা সৃষ্টি হয়। মানুষের মধ্যে সীমাহীন উদ্ভাবনী শক্তি এবং অসংখ্য গুণাবলী সুপ্ত অবস্থায় থাকে। শিক্ষার কাজ হলো সুপ্ত গুণাবলীর বিকাশ ঘটানোও উদ্ভাবনী শক্তি উজ্জীবিত করা এবং উৎপাদনে সক্ষম করে তোলা। শিক্ষা মানুষকে জ্ঞান দান করে আর এ জ্ঞান ও বুদ্ধির কারণে মানুষ সৃষ্টির সেরা। সৃষ্টির সেরা বলেই মানুষ প্রকৃতিকে বশ করতে পেরেছে, পেরেছে নিজের মত কাজে লাগাতে। জ্ঞান বিজ্ঞান সৃষ্টি হচ্ছে ও বিকশিত হচ্ছে এবং এভাবেই সমাজ গড়ে উঠছে এবং এগিয়ে চলছে সভ্যতা। শিক্ষা মানুষের বিবেকবোধ জাগ্রত করে এবং মূল্যবোধে সমৃদ্ধ করে যা সুন্দর সমাজ বিনির্মানে অপরিহার্য। কাজেই একটা দেশের সার্বিক উন্নয়নে শিক্ষা ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এ জন্য বলা হয় "শিক্ষা জাতির মেরুদন্ড"। আর শিক্ষক হলেন শিক্ষা ব্যবস্থার মেরুদন্ড। এ প্রবন্ধে সুশিক্ষা প্রদানে শিক্ষকের ভূমিকা প্রসঙ্গেই মূলতঃ আলোচনা করা হয়েছে। প্রবন্ধটিতে নিম্নোক্ত বিষয়ে আলোচনা হয়েছে। (ক) অর্থনৈতিক উন্নয়নে শিক্ষার ভূমিকা, (খ) মূল্যবোধ সৃষ্টিতে শিক্ষার ভূমিকা, (গ) শিক্ষা ও সুশিক্ষা (ঘ) শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য (ঙ) সুশিক্ষা ও শিক্ষকের গুণাবলী (চ) শিক্ষকের দয়িত্ব ও কর্তব্য (ছ) বাংলাদেশের শিক্ষকদের ভূমিকা মূল্যায়ণ এবং প্রাসঙ্গিক আলোচনা, (জ) উপসংহার।

---

* অধ্যাপক (অব:) এবং সহ-সভাপতি এবং প্রাক্তন সাধারণ সম্পাদক বাংলাদেশ অর্থনীতি শিক্ষক সমিতি। প্রাক্তন সদস্য, কার্যকরী কমিটি, বাংলাদেশ অর্থনীতি সমিতি। মতামত লেখকের নিজস্ব।

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

(ক) অর্থনৈতিক উন্নয়নে শিক্ষার ভূমিকা

আজকের দিনে এটা মনে করা হয় যে, পুঁজি হলো অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্রবিন্দু। অর্থনৈতিক কর্মকান্ডের মূল চালিকা শক্তি হলো পুঁজি। অধিকাংশ অর্থনীতিবিদই মনে করে Capital is the heart of Economic Development and capital formation is the engine of growth. মানুষের জন্য উন্নয়ন এবং মানুষই হলো উন্নয়নের সক্রিয় এজন্ট। মানুষই হলো সকল প্রকার উন্নয়নের কেন্দ্রবিন্দু। Man is the Centre of all development অর্থাৎ মানব সম্পদ (পুঁজি) হলো অর্থনৈতিক উন্নয়নের মূল চালিকা শক্তি। জিডিপি'র বৃদ্ধি এবং মানব পুঁজির মধ্যে একটা সম্পর্ক আছে। উৎপাদন অপেক্ষকের সাহায্যে মানব সম্পদ উন্নয়ন অপেক্ষক প্রদর্শন করা যেতে পারে। G = F (L, Lb, K, U) যেখানে G = জিডিপি, (অর্থনৈতিক উন্নয়নের সূচক) F = অপেক্ষক, L = প্রাকৃতিক সম্পদ বা ভূমি, Lb = শ্রম, K = প্রাকৃতিক পুঁজি, U = অবশেষ (Residual) (মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত দিকসমূহ)। (মাহমুদুল-২০০৩)

এখন পুঁজি সম্পর্কে আগেকার ধ্যান ধারণার পরিবর্তন হয়েছে। এখন পুঁজিকে নিম্নোক্ত ভাবে ভাগ করা হয়। বস্তু পুঁজি (Material capital) এবং মানব পুঁজি (Human Capital) অথবা দৈহিক পুঁজি (Physical Capital) এবং জীবন্ত পুঁজি (Living capital). পুঁজি গঠনকে এখন বস্তুপুঁজি এবং মানবপুঁজির গঠনকে বুঝায়। বস্তুপুঁজি মওজুদের বৃদ্ধি নির্ভর করে মানব পুঁজি গঠন হারের উপর।

শিক্ষা হলো মানব সম্পদ উন্নয়নের উত্তম মাধ্যম। শিক্ষা মানুষকে জ্ঞান দান করে। জ্ঞান বিশেষ এক প্রকার শক্তি এবং অর্থনীতির মূল্যবান সম্পদ। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন বা কল্যাণে জ্ঞানের ভূমিকাই মুখ্য। অর্থনীতির অন্যতম দিকপাল প্রফেসর আলফ্রেড মার্শাল মনে করতেন, "Knowledge is the most powerful engine of production". একটা দেশের অর্থনৈতিক উন্নয়নে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। Denison দেখান যে, ১৯০৯ সাল হতে ১৯৫৭ সাল পর্যন্ত সময়ে শিক্ষা আমেরিকার অর্থনৈতিক উন্নয়নে ২৩% অবদান রেখেছে। (Jhangan-76) শিক্ষাখাতের ব্যয়কে এখন আর ব্যয়ের দৃষ্টিকোণ থেকে দেখা হয় না। অন্যান্য খাতে পুঁজি খাটালে যে লাভ হয় শিক্ষা খাতে তার চেয়ে অনেক বেশি লাভ হয়। অর্থাৎ শিক্ষায় বিনিয়োগ হল সর্বোৎকৃষ্ট বিনিয়োগ। বড় বড় শিল্প কারখানায় বিনিয়োগের চেয়ে শিক্ষায় বিনিয়োগ অধিকতর লাভজনক। T.W Schultz দেখিয়েছেন যে, "Investment in education contributed 3 times more than investment in physical capital" (Jhingan-76).

রবীন্দ্রনাথ মনে করতেন অশিক্ষার অন্ধকার থেকে বৃহত্তর জনগোষ্ঠিকে মুক্ত করতে না পারলে দেশের শ্রীবৃদ্ধি বেগবান করা অসম্ভব। তবে মানুষকে তিনি নিছক পুঁজি হিসাবে দেখতে চাননি। তিনি চেয়েছিলেন মানব মঙ্গলের মাধ্যমে অর্থনৈতিক বিকাশ ঘটুক (সেন-২০০১)।

দক্ষ জনশক্তি ও প্রযুক্তিগত উন্নয়ন ছাড়া এ জটিল অর্থনৈতিক যুগে কোন দেশের উন্নয়ন সম্ভব নয়। বস্তুগত পুঁজি গঠনের সাথে মানবপুঁজি গঠনও প্রয়োজন যা প্রযুক্তি উন্নয়নকে তরান্বিত করবে। প্রযুক্তিগত উন্নয়ন পুঁজির বা অন্যান্য উপাদনের উৎপাদনশীলতাকে বৃদ্ধি করে থাকে। প্রযুক্তিগত উন্নতি অর্থনৈতিক প্রক্রিয়ায় একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ উপাদান।

প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার নির্ভর করে মানব সম্পদের দক্ষতা ও প্রযুক্তি জ্ঞানস্তরের উপর। আমাদের যথেষ্ট প্রাকৃতিক সম্পদ আছে। কিন্তু এগুলোর অনুসন্ধান ও আবিষ্কার এবং ব্যবহার করার মত বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ বাংলাদেশে নেই বলে বিদেশীদের উপর নির্ভর করতে যাচ্ছে। আমাদের কি আছে, কি নেই আমরা তা বলতে পারছি না। বিদেশী বিশেষজ্ঞ যা বলে আমরা তা মেনে নেই। যথেষ্ট মেধা, জ্ঞান ও প্রজ্ঞা ক্ষমতা সম্পন্ন লোকের অভাব হলে প্রকৃতিকে বশ করা যায় না এবং উন্নয়নের সিঁড়িতেও পা ফেলা যায় না। শিক্ষার মাধ্যমে জনগণের সুপ্ত সম্ভাবনা শক্তি ও মেধার বিকাশ ঘটিয়ে দেশে উন্নত পরিবেশ সৃষ্টি করা প্রয়োজন।

শিক্ষা মানুষকে উৎপাদন কলাকৌশল সম্পর্কে জ্ঞান দান করা ছাড়াও উন্নয়নের সহায়ক দৃষ্টিভঙ্গি সৃষ্টি করে থাকে। জনগণকে উন্নত জীবনযাপনে উৎসাহী করতে শিক্ষার প্রয়োজন। একমাত্র শিক্ষাই পারে তাদের জীবনবোধ জাগ্রত করতে।

শিক্ষা মানুষের নৈতিক ও আধ্যাত্মিক জ্ঞান দান করে থাকে। যা সুষম উন্নয়নের সহায়ক উপাদান হিসাবে কাজ করে। অর্থনৈতিক কর্মকান্ডে সামাজিক ও ধর্মীয় মূল্যবোধের প্রভাব প্রচুর। অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে অর্থনীতি বর্হিভূত উপাদান অর্থাৎ সামাজিক ও মানবীয় মূল্যবোধ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অমর্ত্য সেন উন্নয়ন প্রক্রিয়ায় মৌলিক চাহিদার গুরুত্বের কথা বলেছেন এবং বিবেক, নীতিবোধ বা নৈতিক মূল্যবোধের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন।

(খ) মূল্যবোধ সৃষ্টিতে শিক্ষার ভূমিকা

বেঁচে থাকার জন্য অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা এবং শিক্ষার প্রয়োজন। এ সমস্ত মৌলিক প্রয়োজন মেটাতে না পারলে জীবন হয়ে পড়ে দুর্বিসহ। অর্থনৈতিক চিন্তা মানুষের মনুষত্ব লাভের ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায়। কিন্তু মানুষ শুধু অর্থনৈতিক মানব নয়। বস্তুর বাহিরে আরো জগৎ আছে, ইন্দ্রিয়ের সুখ ছাড়াও আত্মার ক্ষুধা আছে। আত্মার স্বাধীনতাই আত্মার ক্ষুধা মিটাতে পারে। প্রমথ চৌধুরী বলেছেন, "একথা আমরা সবাই জানি যে, উদরের দাবি রক্ষা না করলে মানুষের দেহ বাঁচে না কিন্তু এ কথা সকলেই জানি যে, মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না।" "অন্ন বস্ত্রের প্রাচুর্যের চেয়ে মুক্তি বড়, এ বোধটি মানুষের মনুষ্যত্বের পরিচয়। চিন্তার স্বাধীনতা, বুদ্ধির স্বাধীনতা, আত্মপ্রকাশের স্বাধীনতা যেখানে নেই সেখানে মুক্তি নেই। মুক্তির জন্য দুইটি উপায় অবলম্বন করতে হবে। একটি অন্নবস্ত্রের চিন্তা থেকে মুক্তি দেয়ার চেষ্টা, আরেকটি শিক্ষা-দীক্ষার দ্বারা মানুষকে মনুষ্যত্বের স্বাদ পাওয়ানোর সাধনা। এ উভয় বিধ চেষ্টার ফলেই মানবজীবনের উন্নয়ন সম্ভব"।

জীবন ধারনের জন্য অর্থ চিন্তা প্রয়োজনীয় কিন্তু মানুষ হিসাবে বেঁচে থাকতে হলে আত্মার স্বাধীনতাও অত্যাবশ্যকীয়। মোতাহের হোসেন চৌধুরীর মতে, "অর্থ চিন্তার নিগড়ে সকলে বন্দী। ধনী, দরিদ্র সকলেরই অন্তরে সেই একই ধ্বনি উত্থিত হচ্ছে। চাই, চাই, আরও চাই। অর্থ সাধনাই জীবন সাধনা নয়- একথা মানুষকে ভাল করে বোঝাতে না পারলে মানব জীবনে শিক্ষা সোনা ফলাতে পারবে না।" আমাদের শিক্ষিত সমাজের লোলুপ দৃষ্টি আজ অর্থের উপরই পড়ে রয়েছে।" জীবনে অর্থের প্রয়োজন রয়েছে তাই বলে জীবনের সব কিছুকে অর্থের মান দন্ডে পরিমাপ করা ঠিক নহে। অর্থ মানুষকে বাঁচিয়ে রাখতে পারে মাত্র, সুখ, শান্তি, কল্যাণের ক্ষেত্রে অর্থের ভূমিকা তেমন গুরুত্বপূর্ণ নয়। মানব জাতির উন্নতি এবং কল্যাণে বস্তুগত শিক্ষার চেয়ে আদর্শের শিক্ষা অধিকতর ভূমিকা পালন করে থাকে। শিক্ষার

আসল কাজ মূল্যবোধ সৃষ্টি করা। শিক্ষার মাধ্যমে জ্ঞান আহরিত হয় এবং এ আহরিত জ্ঞানই মূল্যবোধ সৃষ্টির মাধ্যম। জ্ঞান সকল বিষয়ের প্রকৃত রূপ তুলে ধরে আর মূল্যবোধ তার যথার্থতা নিরূপণ করে। শিক্ষাই মানুষকে জৈবিকতার নীচের ঘর থেকে মনুষ্যত্ব লোকের উপরের ঘরে পৌঁছে দেয়। এখানে পৌঁছেই মানুষ বুঝতে শেখে অর্থ সাধনার চেয়ে জীবন সাধনা বড় এবং জীবন সাধনায় মুক্তি। নিষ্ঠা, সততা, ন্যায়বোধ, দেশাত্মবোধ, সহমর্মিতা, সৃষ্টিকর্তার প্রতি আনুগত্য ইত্যাদি নৈতিক ও সামাজিক মূল্যবোধ মানব কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। যে শিক্ষা মানবীয় গুণাবলীর বিকাশ ঘটায় না, সে শিক্ষা ব্যর্থ অন্তসার শূন্য। আমরা নৈতিক ও সামাজিক মুল্যবোধের অবক্ষয়ের বিষমচক্রে আবর্তীত হচ্ছি। ফলে সর্বপ্রকার উন্নয়ন বা কল্যাণ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। শিক্ষা ব্যবস্থা নৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত না হলে সামাজিক কল্যাণ ব্যাহত হয়। প্রকৃত কল্যাণের স্বার্থে পাঠ্যসূচিতে কার্ল মার্ক্স-এর অর্থনৈতিক মানব (Economic man) এবং ফ্রয়েডের যৌন মানবের Sexual man) অপেক্ষা এরিষ্টটলের সামাজিক মানুষের (Social Being) উপর অধিকতর গুরুত্ব আরোপ করা প্রয়োজন। Education is both for learning and earning full of moral values এরকম আদর্শের শিক্ষা ব্যবস্থাই উত্তম। সামাজিক মূল্যবোধ এবং নৈতিক মূল্যবোধসহ "Learning to think and thinking to learn" এ ধারার দিকে জোর দেয়া যেতে পারে (রহমান-২০০২)।

(গ) শিক্ষা ও সুশিক্ষা

পৃথিবীতে আসার পর থেকেই মানুষকে প্রতিনিয়ত জীবন সংগ্রামে অবতীর্ণ হতে হয়। জীবন ধারনের জন্য মানুষকে প্রকৃতির সঙ্গে লড়তে হচ্ছে। সীমাহীন অভাব মোচনের প্রচেষ্টা চলতে থাকে এবং এর ফলে নিত্য নতুন উৎপাদন কলাকৌশল ও জ্ঞান সঞ্চিত হচ্ছে। মানুষ উৎপাদনের কেন্দ্র বিন্দু এবং মানুষই মানুষের জন্য উৎপাদন করে অর্থাৎ মানুষ উৎপাদন ও উন্নয়নের সক্রিয় এজেন্ট। উৎপাদনের সম্পর্কের মধ্য দিয়ে সামাজিক সম্পর্ক এবং মানসিক সম্পর্ক গড়ে ওঠে। মানুষ তার প্রয়োজন মিটানোর জন্য যে সব জ্ঞান, কলাকৌশল, মূল্যবোধ ও গুণাবলী অর্জন করে থাকে, তাকে বলা হয় শিক্ষা।

বিভিন্ন মনিষি বিভিন্নভাবে দৃষ্টিকোণ থেকে শিক্ষার সংজ্ঞা দিয়েছেন। সমাজতাত্ত্বিকগণের মতে বস্তুগত এবং সমাজ জীবনের নিয়মসমূহ, তাদের পারস্পরিক সম্পর্ক, সম্পদ, যোগসূত্র সম্পর্কিত যে জ্ঞান তাকে আয়ত্ব করার পদ্ধতিকে বলা হয় শিক্ষা। (রহমান-২০০৩) এ সংজ্ঞার সারকথা হলো "মানুষ অর্থনৈতিক মানব" বা বস্তুকে কেন্দ্র করেই শিক্ষা। অর্থাৎ জীবন জীবিকার প্রয়োজনেই শিক্ষা। তাই "শিক্ষা হল জীবনযাপনের নবিশি"। (হক-২০০০)

বেগম রোকেয়া বলেন, "ঈশ্বর যে স্বাভাবিক জ্ঞান ক্ষমতা দিয়েছেন সেই ক্ষমতাকে অনুশীলন দ্বারা বৃদ্ধি করাই শিক্ষা।" শিক্ষা মানুষকে চিন্তা করতে শেখায় আর এ চিন্তু মানুষের জ্ঞান ভান্ডারকে সমৃদ্ধ করে।

সক্রেটিস বলেছেন, "Know thyself" নিজেকে জানাই শিক্ষা। নিজেকে জানার মধ্যে অপরকে জানার এবং সৃষ্টি কর্তাকে জানার সুযোগ বিদ্যমান। নিজেকে জানতে হলে আত্ম উপলব্ধির প্রয়োজন। তাই বলা হয় "Education is for self realizazation." (জামাল-২০০৩)। রবীন্দ্রনাথ বলেছেন, "জীবনের সাথে জীবনের আশ্রয়স্থল খোঁজার নামই শিক্ষা।" (রহমান-২০০৩) শিক্ষা আমাদেরকে ভাবতে শিক্ষায় ঃ- আমরা কোথা থেকে এসেছি এবং কেন এসেছি, কোথায় যাব ইত্যাদি। অতএব, অপার শক্তির মহিমা অনুসন্ধান ও আবিষ্কারই শিক্ষা। তাই শিক্ষা হলো আত্মজিজ্ঞাসা।

"শিক্ষা মানুষকে সুসজ্জিত, আলোকিত এবং হৃদয়ের মাঝে সুপ্ত সুকুমার বৃত্তিগুলোকে স্ফুটিত করে। যে শিক্ষা মানুষকে পরিমার্জিত, পরিশীলিত, চরিত্রবান, সংস্কৃতিবান ও আদর্শবান করে গড়ে তোলে তাই সুশিক্ষা। এর ফলে মানুষ সৎ চিন্তা, সৎ কর্মে উদ্দিপ্ত হয় এবং কর্মকৌশল, দক্ষতা ও উদ্ভাবনের গুণে গুনান্বিত হয়ে উঠে।" (আলম-২০০৩)। শিক্ষার প্রধান উদ্দেশ্য চরিত্রবান মানুষ সৃষ্টি করা। চরিত্র হলো মানব জীবনের গৌরব ও মুকুট স্বরূপ। "The Crown and glory of life is caracter" যে শিক্ষায় মানবীয় গুণাবলী বিকশিত হয়, সৎ, যোগ্য চরিত্রবান নাগরিক সৃষ্টি হয় তা সুশিক্ষা। শিক্ষা ব্যবস্থার লক্ষ্য ও উদ্দেশ্য হল দেশের আর্থসামাজিক উন্নয়ন। এ লক্ষ্য অর্জনে প্রয়োজন দক্ষ, সৃজনশীল, দেশপ্রেমিক, দায়িত্বশীল, কর্তব্য পরায়ণ ও নিষ্ঠাবান সৎ ও যোগ্য জনশক্তির। এ সমস্ত গুণাবলী সম্পন্ন নাগরিক সৃষ্টিকেই বলা হয় সুশিক্ষা, যে শিক্ষা নৈতিক, সামাজিক এবং মানবীয় মূল্যবোধে সমৃদ্ধ সে শিক্ষাই হল সুশিক্ষা। সুশিক্ষা ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক এবং রাষ্ট্রীয় জীবনে প্রকৃত কল্যাণ সাধনে সহায়ক। কুশিক্ষা মূল্যবোধের অবক্ষয় সৃষ্টি করে, সামাাজিক কল্যাণকে তিরোহিত করে। সুশিক্ষা বা প্রকৃত শিক্ষা মানুষকে একদিকে যেমন দক্ষ করে তোলে তেমনি অন্যদিকে উন্নত মানবিক চেতনায় সমৃদ্ধ করে। স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে সার্টিফিকেট পেলেই শিক্ষিত হওয়া যায় না। শিক্ষিত হতে হলে মানবীয় গুণাবলীর বিকাশ ঘটানো প্রয়োজন।

(ঘ) শিক্ষার লক্ষ ও উদ্দেশ্য

শিক্ষার লক্ষ্য মানুষকে প্রকৃত মানুষে পরিণত করা। প্রকৃত মানুষ হতে হলে সৃষ্টি এবং সৃষ্টিকর্তার সঙ্গে মানুষের যে সম্পর্ক তা উপলব্ধি করতে হবে। এ উপলব্ধি আসে মানুষের আত্মদর্শ থেকে। আত্মদর্শন থেকেই মানুষ এ জগৎ এবং তার সৃষ্টিকর্তা সম্পর্কে অবগত হতে পারে। তাই সক্রেটিস বলেছিলেন, "নিজেকে জান"। নিজেকে জানাই আত্ম উপলব্ধি। তাই বলা চলে আত্ম উপলব্ধি সৃষ্টি করাই শিক্ষার মূল উদ্দেশ্য। এরিস্টটল মনে করতেন মানুষিক ও অধ্যাত্মিক জীবনের চরম বিকাশ সাধনই শিক্ষার মূল উদ্দেশ্য (রহমান-২০০৩) কাজেই শিক্ষার উদ্দেশ্য হবে জীবন জিজ্ঞাসা।

মানুষ সামাজিক জীব। সমাজের উন্নয়ন ও কল্যাণ আজ সবার কাম্য। প্রকৃত সামাজিক কল্যানের জন্য মানবীয় মূল্যবোধ প্রয়োজন। মানবীয় গুণাবলী যেমন সততা, দয়া, মানুষের প্রতি শ্রদ্ধাবোধ, বিবেকবোধ, নীতিবোধ, দেশাত্মবোধ, অধিকার ও কর্তব্য ইত্যাদি গুণাবলী সুশীল সমাজ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কাজেই সুনাগরিকের গুণাবলী এবং মানবীয় গুনাবলী অর্জনই শিক্ষার অন্যতম উদ্দেশ্য হওয়া উচিত। মোতাহের হোসেন চৌধুরী বলেছেন, "শিক্ষা বস্তুকে নয়, শিক্ষার্থীর অন্তরকে বড় করে দেখে তার ভিতরকার শক্তিকে জাগ্রত করাই যেন আমাদের শিক্ষার লক্ষ্য হয়।"

জীবনের জন্য জীবিকার প্রয়োজন। জীবিকা অর্জনের জন্য উপার্জন ক্ষমতা থাকা দরকার। মানুষকে তাই উপার্জনে সক্ষম করে তুলতে শিক্ষার প্রয়োজন। অর্থাৎ শিক্ষা মানুষকে উৎপাদনে দক্ষ করে তুলে। প্রাকৃতিক সম্পদের সর্বোত্তম ব্যবহার করে মানুষ সুখে শান্তিতে বসবাস করুক এটা সৃষ্টিকর্তাও চান। এ পৃথিবী আকাশমন্ডলী, পাহাড়, পর্বত, নদী, সমুদ্র, ভূ-পৃষ্ঠে এবং বিশ্ব ভ্রমান্ডে যা কিছু আছে এসব কিছুই মানুষের কল্যাণে সৃষ্টি করা হয়েছে। প্রাকৃতিক সম্পদ ব্যবহার করার জন্য যে উদ্ভাবনী শক্তি প্রয়োজন তা শিক্ষার মাধ্যমেই অর্জিত হয়। অর্থনৈতিক কল্যাণ সাধনের লক্ষ্যেও শিক্ষা অপরিহার্য। কাজেই শিক্ষার অন্যতম উদ্দেশ্য হলো মানুষের জীবিকার প্রয়োজন মিটানো। তবে একথা মনে রাখতে

হবে যে, মানব জীবন শুধু ভোগ লালসা চরিতার্থ করার জন্য নয়। মানুষ শুধু স্বার্থপর আত্মসুখবাদী প্রাণী নয়। রবিন্দ্রনাথ বলেছেন, "এটা মনে স্থির রাখতে হবে যে, কেবল ইন্দ্রিয়ের শিক্ষা নয়, কেবল জ্ঞানের শিক্ষা নয়, বোধের শিক্ষাকে আমাদের বিদ্যালয়ে স্থান দিতে হবে। অর্থাৎ কেবল কারখানার দক্ষতা, শিক্ষা নয়, স্কুল কলেজের পরীক্ষা পাশ করা নয়। আমাদের যথার্থ শিক্ষা তপোবনের প্রকৃতির সঙ্গে মিলিত হয়ে তপস্যার দ্বারা পবিত্র হয়।" (ঘোষ-১৯৯৩) জীবনে পরিপূর্ণতা অর্জনই প্রকৃত শিক্ষা। প্রকৃত শিক্ষা দেয়াই শিক্ষা ব্যবস্থার লক্ষ্য হওয়া উচিত। প্রকৃত পক্ষে শিক্ষার উদ্দেশ্য হল বস্তুগত, নৈতিক ও আধ্যাত্মিক উন্নতি লাভ করা।

(ঙ) সুশিক্ষক ও শিক্ষকের গুণাবলী

শিক্ষক হলেন শিক্ষা ব্যবস্থার মূল স্তম্ব। সমাজের বিবেক, আদর্শের প্রতীক। সুশিক্ষা বিতরণের জন্য সুশিক্ষকের প্রয়োজন। অর্থাৎ শিক্ষককে সুশিক্ষিত হতে হবে। সুশিক্ষিত শিক্ষকই সুশিক্ষক। শিক্ষক যে জ্ঞান শিক্ষার্থীকে দান করেন তা মানুষের কল্যাণে ব্যবহৃত হতে পারে আবার অনেক ক্ষেত্রে ক্ষতির কারণ হতে পারে। যদি তা মূল্যবোধ সমৃদ্ধ না হয়।

সুশিক্ষা নির্ভর করে মূলবোধের উপর। মূল্যবোধ নিয়ে রয়েছে নানা মতভেদ এবং নানা বিভাজন। ফলে শিক্ষক অনেক ক্ষেত্রে নিজেও জানেন না তিনি কোন মূল্যবোধে বিশ্বাসী। নৈতিকতা ও বিবেকবোধ সমৃদ্ধ এবং মানবিক মূল্যবোধ সম্পন্ন শিক্ষকই সুশিক্ষক। আমাদের দেশে উচ্চস্তরের অনেক বিষয় আছে নীতি নিরপেক্ষ যেমন অর্থনীতির কথা বলা যায়। আমাদের কলেজ ও বিশ্ববিদ্যালয় সমূহে মূলত পুঁজিবাদী অর্থনীতির আলোচনাই পাঠ্যসূচিতে ভরপুর। পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থায় সর্বত্র শোষণের জাল বিস্তার করা থাকে। কিন্তু এগুলো প্রচলিত সামাজিক মূল্যবোধ দ্বারা সমর্থিত। পুঁজিবাদী ব্যবস্থায় সুদ এবং বন্টন তত্ত্ব এবং অন্যান্য তত্ত্ব সমূহ জ্যামিতিক এবং গাণিতিক ব্যাখ্যা দিয়ে অন্তসারশূন্য মডেল তৈরি করা হচ্ছে। কিন্তু এগুলোতে প্রকৃত সত্য লুকিয়ে থাকছে (আড়াল করে রাখা হয়)। অকারণে ব্যাখ্যার পান্ডিত্বপূর্ণ আলোচনা। সুদ নামক বস্তুর অস্তিত্ব থাকার কথা নয় অর্থনৈতিক কারণেই অথচ বিদ্যমান আছে। বন্টন তত্ত্বে শ্রমিকের পারিশ্রমিক নির্ধারিত হয় প্রান্তিক উৎপাদনশীলতা ও চাহিদা-যোগান দ্বারা। এটা অনৈতিক এবং অমানবিক ও অন্যায়।[১] এ ব্যবস্থায় ধনী কর্তৃক গরীব শ্রেণী প্রতিমুহূর্তে শোষিত হচ্ছে নানা কায়দায় কিন্তু আমরা এ সমস্ত কর্মকান্ডকে সামাজিক মূল্যবোধ পরিপন্থী বলছি না। বিভিন্ন সমাজে মানুষের চিন্তা ও মূল্যবোধ বিভিন্ন রকম হয় বলেই বোধ হয়, সেক্সপিয়ার বলেছিলেন, "There is nothing either good or bad but thinking makes it so" কাজেই শিক্ষককে আবিষ্কার করতে হবে, কোন মূল্যবোধ সঠিক। সত্যের সাধনা ও অনুসন্ধান শিক্ষকের চিন্তার জগতকে আন্দোলিত করে এবং সত্য আবিষ্কারকে সম্ভব করে তোলে। সত্যের সাধনা এবং সঠিক পথ প্রদর্শনই শিক্ষকের ব্রত। সুশিক্ষা এবং সুশিক্ষক পেতে হলে শিক্ষার সর্বস্তরের পাঠ্যসূচিতে সামাজিক, ধর্মীয়, নৈতিক ও মানবীয় মূল্যবোধের আলোচনা বাধ্যতামূলক করা উচিত।

শিক্ষা ব্যবস্থায় শিক্ষকের ভূমিকেই প্রধান। স্যার জন এডাম-এর মতে "শিক্ষক হলেন মানুষ গড়ার করিগর" (মঞ্জু-৮৩)। এ কারিগরের দক্ষতা ও যোগ্যতার উপরেই নির্ভর করে আউট পুটের গুণগত মান। শিক্ষনের জন্য অনেক উপাদানের প্রয়োজন যেমন- শিক্ষক, বই জার্নাল, অবকাঠামো, যন্ত্রপাতি ও অন্যান্য উপকরণ। এ সমস্ত সম্পদের মধ্যে শিক্ষক হলেন জীবন্ত সম্পদ বা পুঁজি। ছাত্র নামক

কাঁচামালের দ্বারা জ্ঞান শিল্প উৎপাদনের ক্ষেত্রে অন্যান্য উপকরণের ভূমিকা নিষ্ক্রীয় এবং পরোক্ষ এবং শিক্ষক পুঁজির ভূমিকা সক্রিয় এবং প্রত্যক্ষ। শিক্ষা কারখানার জীবন্ত পুঁজি (শিক্ষক) বস্তু পুঁজির সংস্পর্শে সক্রিয় হয়ে উঠে এবং জ্ঞান নামক উৎপাদনের সৃষ্টি হয়। এ উৎপাদনের (জ্ঞান) ধরন, প্রকৃতি ও গুণগত মানের উপরই নির্ভর করে দেশের প্রকৃত উন্নয়ন। বড় বড় শিল্পকারখানার চেয়ে শিক্ষা (প্রতিষ্ঠান) নামক কারখানা গড়ে তোলা অধিকতর লাভজনক। আর এ সমস্ত কারখানার উৎপাদনের মান এবং হার নির্ভর করে শিক্ষকের জ্ঞানের স্তর (দক্ষতা) এবং গুণগত মানের উপর। ভাল আউট পুটের জন্য অবশ্যই ভাল ইনপুট প্রয়োজন। জাতির উন্নয়নে শিক্ষকের ভূমিকা অপরিসীম। জাতির ভবিষ্যত সুনাগরিক ও দক্ষ জনশক্তি সৃষ্টি ক্ষেত্রে শিক্ষকের ভূমিকা অনন্তকালের। হেনরী এডাস-এর মতে শিক্ষকের প্রভাব অনন্ত কালে গিয়েও শেষ হয় না। (রহমান-২০০৩)। এ কারণে শিক্ষকের অনেক যোগ্যতা ও গুণাবলী থাক অপরিহার্য। শিক্ষককে হতে হয় ন্যায় পরায়ন, দয়ালু, মহৎ, সরল, কর্তব্যপরায়ন, বিনয়ী এবং দেশপ্রেমিক। মোট কথা একজন শিক্ষককে হতে হবে সুশিক্ষিত, সুদক্ষ এবং সুনিপুন। শিক্ষকদের মধ্যে এ সমস্ত গুণাবলীর ঘাটতি থাকলে শিক্ষার মূল উদ্দেশ্য ব্যহত হবে এবং সমগ্র জাতি ধ্বংসের মুখোমুখী হবে। সামাজিক মূল্যবোদের অবক্ষয়ের কারণে বাংলাদেশের সমাজ জীবন আজ ক্ষতবিক্ষত। জান ও মালের নিরাপত্তা নেই। সর্বত্র বিশৃঙ্খলা, নৈরাজ্য বিরাজমান। সুশিক্ষা তথা শিক্ষা ব্যবস্থায় দুর্বলতার কারণেই দেশে আজ সর্বত্র নৈরাজ্য-নৈরাশ্য ও সন্ত্রাস।

এ অবস্থা থেকে জাতির মুক্তির জন্য গুচ্ছ গুচ্ছ চিন্তাশীল, জ্ঞান তাপস, প্রজ্ঞাবান পাঞ্জেরির প্রয়োজন। শিক্ষকরাই হলেন সে পাঞ্জেরি। জাতির এ দুর্যোগ মুহূর্তে শিক্ষকদেরই এগিয়ে আসতে হবে। সুশিক্ষার আজ বড় অভাব। আর সুশিক্ষার অভাবের কারণ হলো সুশিক্ষকের অভাব। "শিক্ষক একজন শিল্পীর ন্যায় মানব মনের সহজাত প্রবৃত্তি, ধী-মনীষাও সুপ্ত সম্ভাবনার পরিস্ফুটন ঘটিয়ে সত্যিকারের মানুষ তৈরির কাজে নিয়োজিত থাকেন। (রহমান-২০০৩)। কাজেই শিক্ষককে হতে হবে একজন সত্যিকারের মানুষ যিনি হবেন অজস্র গুণাবলীর অধিকারী। রবীন্দ্রনাথ বলেছেন, "যে শিক্ষক নিজেই যথার্থ শিক্ষক নহেন, তিনি অন্যকে শিক্ষাদান করিবেন কিভাবে? যে প্রদীপ নিজেই জ্বলিতেছে না বা আলোদান করিতেছে না সে প্রদীপ হইতে অন্য প্রদীপ কিভাবে প্রজ্জ্বলিত হইবে বা আলো গ্রহণ করিবে।" (রহমান-২০০৩)।

প্রমথ চৌধুরী বলেছেন, "শিক্ষক ছাত্রকে শিক্ষার পথ দেখিয়ে দিতে পারেন। তার কৌতুহল উদ্রেক করতে পারেন। তার বুদ্ধিবৃত্তিকে জাগ্রত করতে পারেন। মনোরাজ্যের ঐশ্বর্যের সন্ধান দিতে পারেন। তার জ্ঞান পিপাসাকে জ্বলন্ত করতে পারেন।" দার্শিনিক জন লক মনে করেন জন্মের সময় মানুষের মস্তিষ্ক একটা খালি শ্লেটের মতো। খালি শ্লেটের উপর যে রকম দাগ অংকিত হবে মস্তিষ্ক সে রকম দাগ পড়বে। প্রাথমিক স্তরের শিক্ষার্থীরা কাদামাটির মত। এ স্তরের শিক্ষকগণ কুমারের মত যে রকম খুশী শিশুকে গড়ে তোলতে পারেন। এ স্তরের শিক্ষা হলো উচ্চ শিক্ষা বা জাতীয় উন্নয়নের ভিত্তি ভূমি। গুরুর কাজ শিশুকে সুশিক্ষিত হতে সহায়তা করা। প্রমথ চৌধুরীর মতে, "সুশিক্ষিত ব্যক্তিই স্বশিক্ষিত।" 'যিনি যথার্থ গুরু তিনি শিষ্যের আত্মাকে উদ্বেলিত করেন এবং তার অর্ন্তনিহিত সকল প্রচ্ছন্ন শক্তিকে ব্যক্ত করে তোলেন। সেই শক্তির বলে শিষ্য নিজের মন নিজে গড়ে তোলে। নিজের অভিমত বিদ্যা নিজে অর্জন করে।" ছাত্রের মধ্যে জ্ঞান পিপাসা সৃষ্টি করাই শিক্ষকের মূল কাজ। পরীক্ষায় পাশ করানোই শিক্ষকের মূল কাজ নয়। পরীক্ষায় পাশের সঙ্গে ছাত্রের সুপ্ত প্রতিভাকে জাগিয়ে তোলতে না পারলে

শিক্ষা হবে সার্টিফিকেট সর্বস্ব। এ রকম বিদ্যাকে আমরা উৎসাহিত করছি। পাশের সংখ্যা বেশি হলে আমরা খুশি হই। কিন্তু প্রকৃত পক্ষে কত জন প্রকৃত শিক্ষা পেল তার খবর আমরা রাখি না। পরীক্ষা পাশ করা এবং শিক্ষিত হওয়া এক কথা নয়। বর্তমানে আমাদের যে শিক্ষা ব্যবস্থা চালু আছে তাতে পরীক্ষায় পাশ করানোই শিক্ষকের প্রধান কাজ হিসাবে মনে করা হয়। পরীক্ষা পদ্ধতির ত্রুটির কারণে ছাত্রকে অনেক মুখস্ত করতে হয়। মুখস্ত করে লেখা এক প্রকারের নকল। শিক্ষকগণ ছাত্রছাত্রীদের নোট মুখস্ত করান এবং প্রশ্ন নির্বাচন করে দেন। এর অর্থ হলো শিক্ষক নিজেই শিক্ষার্থীর জ্ঞান আহরণে বাধার সৃষ্টি করছেন এবং প্রতিভার ধ্বংস করছেন। ছাত্রের মধ্যে যে সুপ্ত প্রতিভা বিরাজমান তা বিকশিত হওয়ার সুযোগ সৃষ্টিতে ব্যর্থ হচ্ছেন। দার্শনিকদের মতে "শিক্ষার লক্ষ্য হবে শিক্ষার্থীকে কি চিন্তা করতে হবে তা না শিক্ষিয়ে কি করে চিন্তা করতে হবে তা শিখানো। এমনভাবে মানুষিক উন্নতি হওয়া যাতে কেবল অন্যের চিন্তা বস্তু দিয়েই মস্তিষ্ককে ভারাক্রান্ত না রেখে নিজে স্বাধীনভাবে চিন্তা করার মনমানসিকতা অর্জন করে" (শামসুল হক-১৯৯২) প্রত্যেক শিক্ষকের জন্য জ্ঞান তত্ত্বের ভাল ধারণা থাকা প্রয়োজন। অর্থাৎ শিক্ষককে হতে হবে দার্শনিক। "দর্শনহীন শিক্ষক কান্ডারী বিহীন নৌকার মত।"- একজন শিক্ষার্থীর কাছে তার শিক্ষক হলেন, A friend, a guide and a philosopher, এসব কথা মনে রেখেই শিক্ষককে কাজ করতে হবে। শিক্ষককে হতে হবে বিজ্ঞ, প্রাজ্ঞ ও দক্ষ এবং দার্শনিক।

শিক্ষার্থীকে আকৃষ্ট করার জন্য শিক্ষকের প্রথম কাজ হল তার প্রতি শিক্ষার্থীর ভক্তি ও শ্রদ্ধাবোধ জাগ্রত করা। বিষয়ের উপর শিক্ষকের পান্ডিত্য ও গভীরতা শিক্ষার্থীকে আকৃষ্ট করে তুলতে পারে। শিক্ষকের সুন্দর, সাবলীল আচার-আচরণ, বাচনভঙ্গি, অঙ্গবঙ্গি এবং ভাষার পঞ্জলতা শিক্ষার্থীকে মনোযোগী করে তুলে। ছাত্রকে মনোযোগী করতে পারলেই শিক্ষক হবেন সার্থক। প্রমথ চৌধুরীর মতে, "শিক্ষকের স্বার্থকতা শিক্ষাদান করায় নয়, ছাত্রকে তা অর্জনে সক্ষম করে তোলে।" শিক্ষক যা বলেন, ছাত্র তা অনুধাবন করতে পারল কি না সেদিকে শিক্ষককে বিশেষভাবে দৃষ্টি রাখতে হবে। রবীন্দ্রনাথ বলেছেন, "কি শিখার তা ভাববার কথা বটে, কাকে শিখাব, তার মনটা কি করে পাওয়া যেতে পারে, সেটিও কম কথা নয়।"

শিক্ষক হবেন মনেপ্রাণে শিক্ষক। শিক্ষা এবং শিক্ষার্থীর মঙ্গল চিন্তা সব সময় তাকে তাড়িত করবে। শিক্ষক হবেন মহান জ্ঞান দাতা। শিক্ষাদানে কার্পন্য শিক্ষকের ব্যবসায়িক মনোভাবেই বহিঃপ্রকাশ। শিক্ষা পণ্যের দোকানী সাজা আর শিক্ষক হওয়া এককথা নয়। শিক্ষা অমূল্য ধন। এর বেচা কেনা না হওয়াই উচিৎ। শিক্ষা দানে বৃদ্ধি এবং বিপননে হ্রাস পায়। শিক্ষা দানে কার্পন্য করলে এবং তা পণ্য হিসাবে বিক্রি করলে শিক্ষকতার মূল আদর্শই বিপন্ন হয়। শিক্ষক হবেন একজন আদর্শ মানব ও ভালবাসা এবং শ্রদ্ধার পাত্র। গিলবার্ট হেইট এর মতে আদর্শ শিক্ষকের বৈশিষ্ট্য হলো ছাত্রের প্রতি প্রীতি, বিষয়ের প্রতি প্রীতি এবং পেশার প্রতি প্রীতি (মঞ্জু-৮৩) একজন সুশিক্ষক তার ছাত্রদেরকে মনে প্রাণে ভালবাসবেন। তার জ্ঞান ও প্রজ্ঞা দিয়ে শিক্ষার্থীর আত্মাকে উদ্বেলিত করেন। শিক্ষকতাকে নিছক পেশা হিসাবে নেয়া উচিত নয়। শিক্ষকতা শুধুমাত্র একটি পেশা নয়, নেশাও হবে। শিক্ষা দানে আত্মতৃপ্তি, অনাবিল আনন্দ এবং গৌরব বোধ না থাকলে প্রকৃত শিক্ষক হওয়া যায় না। প্রকৃত শিক্ষক হবেন ত্যাগীমানব, উদার জ্ঞানী, নদীর স্রোতের মত তার সানিধ্যে এসে নোংরা জিনিসও পুত পবিত্র হয় এবং অচল বস্তুও স্রোতে পড়ে সচল হয়ে ওঠে।

(চ) শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য

শিক্ষকের অনেক কাজ ও দায়িত্ব কর্তব্য রয়েছে। মানব সম্পদ সৃষ্টিতে শিক্ষককে অজস্র মহৎ গুর্ণের অধিকারী হতে হয়। শিক্ষক জাতির পথ প্রদর্শক, দ্বীপন। ফ্রেয়বেলের মতে শিক্ষকের কাজ ফুল বাগানের মালির কাজ। ফুলের চারা লালন পালন করে ফুল ফল ধরানোর কাজই শিক্ষকের। একজন শিক্ষক কি কাজ করবেন বা কি দায়িত্ব পালন করবেন সে সম্পর্কে আব্দুল্লাহ আল মুতী নিম্নোক্তভাবে বর্ণনা করেছেন।

১। নিজ বিষয়ের উপর পূর্ণ অধিকার এবং শ্রেণী কক্ষে শিক্ষা দানে দক্ষতা।

২। যথা সময়ে তার উপর অর্পিত শিক্ষাক্রম সমাপ্ত করা।

৩। শিক্ষার্থীদের শুধু তাদের বিষয়ের জ্ঞান অর্জন নয় এবং পরিপূর্ণ মানুষ হিসাবে গড়ে উঠতে সাহায্য করা।

৪। শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে জানা এবং তাদের নানা ধরনের শিক্ষগত ও অন্যান্য সমস্যা সম্বন্ধে অবহিত হয়ে সে সবের সমাধানে সহায়তা করা।

৫। নিজের জ্ঞান ও দক্ষতার নিরন্তর সঞ্জীবনের উদ্যোগ গ্রহণ করা।

৬। কোন না কোন ধরনের গবেষণা ও সে গবেষণার ফলাফল প্রকাশের প্রবণতা।

৭। নিজের জ্ঞানকে সমসাময়িক সামাজিক-অর্থনৈতিক সমস্যাবলীর সমাধান যথাসাধ্য প্রয়োগের চেষ্টা করা।

৮। জ্ঞানের অগ্রগতি এবং সমাজ ও শিক্ষার্থীর চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে শিক্ষাক্রমের নিরন্তর উন্নয়নের চেষ্টা করা।

প্রফেসর মোজাফফর আহমেদ বলেছেন, "Class is speciifc but not specified world. The teacher defines his effective and revealed role and responsibilities and in doing this he has to be conscious of students need in terms of better and relevant educational experience vis-a-vis their aspirations and expectations. Teacher is not merly a giver of knowledge but also a facilitator for learning throgh cultivation of inrinsic motivation for it"- (Mozaffer – 91).

উপরোক্ত আলোচনা থেকে আমরা বলতে পারি শিক্ষকের কাজ হলো পাঠদান করা, ছাত্রের সমস্যার সমাধান করা, শিক্ষর্থীর মধ্যে জ্ঞান পিপাশা সৃষ্টি করা, পাঠ্যক্রমের উন্নয়ন করা, অধ্যয়ন, অধ্যাবসায় ও গবেষণা করা, আর্থ-সামাজিক সমস্যা সমাধান সচেষ্ট হওয়া।

(ছ) বাংলাদেশের শিক্ষকদের ভূমিকার মূল্যায়ন এবং প্রাসঙ্গিক আলোচনা

বাংলাদেশের শিক্ষকগণ শিক্ষাক্ষেত্রে যে ভূমিকা পালন করেছেন তার কিছু চিত্র তুলে ধরার চেষ্টা করছি। শিক্ষক শ্রদ্ধার পাত্র আবার সমালোচনার পাত্রও বটে। বিগত চার দশকে শিক্ষকের যে ভূমিকা পালন করেছেন তা সত্যিই লজ্জাস্কর এবং দুঃখের। শিক্ষকদের অপরিহার্য গুণাবলীর ঘাটতির কারণে শিক্ষকগণ আজ সমালোচনার পাত্রে পরিণত হয়েছেন। তারা আজ আগের মত শ্রদ্ধার পাত্র নন।

শিক্ষকগণ এখন রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে পড়েছেন। এতে শিক্ষকের প্রতি শিক্ষার্থীদের শ্রদ্ধাবোধ হ্রাস পেয়েছে। শিক্ষক হবেন রাজনীতি নিরপেক্ষ। কারণ তিনি সকল দলমতের ছাত্রেরই শিক্ষক। ব্রিটিশ এবং পাকিস্তান আমলে এদেশে যারা শিক্ষকতা করতেন তারা ছিলেন ধনী পরিবারের লোক। তারা গৌরব, আত্মতৃপ্তি এবং সম্মানের জন্য শিক্ষকতা করতেন- টাকা পয়সার জন্য নয়। এখনকার শিক্ষকগণ অধিকাংশ অস্বচ্ছল পরিবারের সন্তান।

বাংলাদেশে বর্তমানে ছাত্র শিক্ষক সম্পর্ক একদম নষ্ট হয়ে গেছে। ছাত্র শিক্ষককে শ্রদ্ধা করে না। শিক্ষকও ছাত্রকে ভালবাসে না। শিক্ষক যদি ছাত্রকে আপন করে নিতে না পারেন তবে ছাত্র শিক্ষক সম্পর্ক মধুর হবে না। ছাত্রের সমস্যা নিজ সমস্যা হিসাবে মনে করতে হবে এবং নিজ সন্তান তুল্য মনে করতে হবে। ভক্তি শ্রদ্ধা পেতে হলে নিঃস্বার্থ ত্যাগী মহাপুরুষ হতে হয়। প্রাচীন ভারতীয় শিক্ষাগুরুগণ অনেক ক্ষেত্রে শিষ্যের জীবনযাপনের ব্যয় ভারও বহন করতেন। শিষ্য ও গুরুর জন্য নিজের প্রাণ বাজি রাখতে কুণ্ঠিত হত না।

শিক্ষকগণ যখন ব্যবসায়ী মনোভাব নিয়ে শিক্ষকতা পেশায় আসেন, তখনই সমস্যার সৃষ্টি হয়। বাংলাদেশের শিক্ষকদের উপর বস্তুবাদী দর্শনের ভুত চেপেছে। তারা এখন অর্থ চিন্তার নিগড়ে আবদ্ধ হয়ে পড়েছেন। তারা সেবার মনোবৃত্তি ত্যাগ করেছেন। ভাল মানুষ বাননোর গৌরব অর্জনে আত্মতৃপ্তি বা আনন্দ উপভোগ করতে ব্যর্থ হচ্ছেন বা চাচ্ছেন না। তারা এখন সমাজের অন্যদের সাথে পাল্লা দিয়ে চলতে অব্যস্ত হয়ে পড়েছেন। Plain living and high thinking এর আদর্শ তারা মেনে নিতে রাজী নয়। Teaching is for earning and better living-এখন তাদের আদর্শ হয়ে দাঁড়িয়েছে।

ডঃ আতিউর রহমান এবং Transparency International বাংলাদেশের শিক্ষায় দুর্নীতি ও অনিয়মের যে চিত্র তুলে ধরেছেন তা জাতিকে হতাশ করেছে।

Transparency International Bangladesh (1999) এর একটি জরিপ ভিত্তিক প্রতিবেদনে দেখা যায় যে, (সারণী-১)

সারণী ১ : বাংলাদেশে বিদ্যালয়ে সন্তান-সন্ততি ভর্তিতে পরিবারের নিয়ম-বহির্ভূত খরচ, টিউটর নিয়োগ

অঞ্চল	পরিবারের সংখ্যা	পরিবারের শতকরা ভাগ	
		বিদ্যালয়ে ভর্তিতে নিয়ম বহির্ভূত খরচ	বিদ্যালয় শিক্ষককে টিউটর নিয়োগ
মোট	৪৪৮	৪.৬	২১.২
গ্রামীণ	৩৯৮	৪.৭	২১.৬
শহুরে	৫০	৩.৮	১৮.০

সূত্র ঃ Transparency International, Bangladesh, 1999. (আলম-২০০২)

প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে প্রায় ২১% ভাগ পরিবার বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাকে প্রাইভেট টিউটর হিসাবে নিয়োগ দেয়, তাদের সন্তানদের ভর্তি নিশ্চিত করার জন্য। প্রায় শতকরা ৫ ভাগ পরিবার নিয়ম বহির্ভূত বিদ্যালয় ভিত্তিক ফিস দিয়ে থাকে এজন্য।

প্রাথমিক শিক্ষার জন্য রাষ্ট্র যেখানে বিনামূল্যে বই বিতরণ করে তাকে, সেখানে জাতীয়ভাবে শতকরা ৩০ ভাগ ক্ষেত্রে পরিবারগুলোকে টাকা দিয়ে বই কিনতে হয়। (সারণী-২)। শহুরে পরিবারের ক্ষেত্রে এ হার ৭৬%।

একইভাবে মাধ্যমিক শিক্ষা পর্যায়ে প্রাইভেট টিউটরের বাধ্যবাধকতা ৪২%, ভর্তির জন্য বাড়তি টাকা দেয়া (২৯% পরিবার ক্ষেত্রে), বৃত্তি/উপবৃত্তির টাকা বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সমর্পন করা (শতকরা ১৯ ভাগ পরিবারের ক্ষেত্রে) এসব তথ্য পাওয়া যায়। (সারণী-৩)

সারণী ২ : বাংলাদেশে প্রাথমিক বিদ্যালয় থেকে (বিনামূল্যে বিতরণকৃত) পাঠ্যপুস্তকের জন্য খরচ

অঞ্চল	পরিবারের সংখ্যা	বিদ্যালয় থেকে প্রাপ্তি%	(%)	ক্রয় করেছেন (%)
মোট	৩২৯	৮৩.০	১৭.০	২৯.৭
গ্রামীণ	২৯৯	৮৪.৬	১৫.৪	২৯.২
শহুরে	৩০	৬৬.৭	৩৩.৩	৭৫.৯

সূত্র ঃ Transparency International, Bangladesh, 1999. (আলম-২০০২)

সারণী ৩ : বাংলাদেশে মাধ্যমিক বিদ্যালয়ে নিয়ম-বহির্ভূত কাজের অভিযোগ

অঞ্চল	পরিবারের সংখ্যা (%) পরিবার	বিদ্যালয়ের নিয়ম বহির্ভূত কাজ সম্বন্ধে অভিযোগ করছে		বৃত্তি-উপবৃত্তির টাকা কেটে রাখে	অন্যান্য ধরনের
		গৃহ শিক্ষক হলে ভর্তি		ভর্তির জন্য বাড়তি টাকা	
মোট	৪৩০	৪১.৯	২৮.৬	১৮.৬	৩৩.৬
গ্রামীণ	৩৭৬	৪০.৪	২৮.২	১৮.১	৩৩.০
শহুরে	৫৪	৫১.৯	৩১.৫	২২.২	৩৭.০

সূত্র ঃ Transparency International, Bangladesh, 1999. (আলম-২০০২)

বেসরকারী মুনাফাভিত্তিক ব্যবসায়িক শিক্ষা প্রতিষ্ঠান সমূহ উচ্চ মূল্যে শিক্ষা-পণ্য বিক্রি হচ্ছে।[২] দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান সমূহের আর্থিক বিষয়ে সরকারের নিয়ন্ত্রণ নেই বললেই চলে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান বিভিন্ন খাতে এবং বিভিন্ন হারে অর্থ আদায় করে থাকে। সকল জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন নামে, বিভিন্ন হারে অর্থ আদায় করে যথেচ্ছাভাবে ব্যবহার করে থাকে বলে অভিযোগ শোনা যায়। শ্রেণী কক্ষে শিক্ষকের অমনোযোগিতা ও অনাগ্রহের কারণে গৃহ শিক্ষকতা এবং কোচিং সেন্টার নামক বিদ্যা বিপণী বিতানের সৃষ্টি হয়েছে। এছাড়া শিক্ষকগণ প্রশ্নপত্র ফাঁস ও উত্তরপত্রের কেলেংকারিতে জড়িত হয়ে পড়েন বলে অভিযোগ শুনা যায়। শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচনী পরীক্ষার পর ২০০-৮০০ টাকা কোচিং ফি নেয়া হয়। অথচ উক্ত সময়ের বেতনও নেয়া হয়। যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে, সে সমস্ত বিষয়ের জন্য চাঁদা তোলা হয়। উপরোক্ত কারণে এবং গৃহ শিক্ষকতার কারণে শিক্ষার্থীর শিক্ষা ব্যয় বেড়ে যায়। এছাড়া থাকা খাওয়া ও অন্যান্য উপকরণের মূল্য

ধরলে দেখা যায় যে প্রতিষ্ঠানকে দেয় ব্যয় ও প্রতিষ্ঠান বহির্ভুত শিক্ষা ব্যয়ের অনুপাত ১:২৫ (আনু- ২০০২) শিক্ষার ব্যয় ব্যাপক বৃদ্ধির ফলে দরিদ্র শ্রেণীর সন্তানেরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হয়।

শ্রেণী কক্ষে পাঠদান করা শিক্ষকের প্রধান কাজ। এছাড়াও ক্লাশ টেস্ট, দলভিত্তিক আলোচনা, সাহিত্য ও সংস্কৃতিক অনুষ্ঠান এবং বিষয় ভিত্তিক সেমিনারের লেখক ও আলোচক হিসাবে অংশগ্রহণ বাধ্যতামূলক না হওয়াতে শিক্ষকরা কোন মতে ক্লাশ শেষ করেই বাড়তি রোজগারের জন্য ব্যস্ত হয়ে পড়েন। শ্রেণী কক্ষে পাঠদান বা ভাষণ দেয়াই শিক্ষকের প্রধান কাজ হলেও একমাত্র কাজ নয়। জ্ঞানের চর্চা, পরিচর্যা, সত্যের অনুসন্ধান ও আবিষ্কার করা শিক্ষকের অন্যতম কাজ। নিত্যনূতন আবিষ্কারের জন্য প্রয়োজন জ্ঞানের প্রসারতা ও গভীর চিন্তা ও চেতনার। সৃজনশীল চিন্তা ভাবনা ও গবেষণা লব্ধ জ্ঞান দ্বারা সমাজের বৃহত্তম কল্যাণ সাধন করাও যে শিক্ষকের কাজ একথা এদেশের কলেজ শিক্ষকগণ একেবারে ভুলে গেছেন। কলেজ পর্যায়ে শিক্ষকদের গবেষণার সুযোগ সুবিধা যেমন সীমিত তেমনি আবার তাদের মানসিক সামর্থ্য, আগ্রহ এবং যোগ্যতা ও সময় নেই বললেই চলে। সরকারী বেসরকারী কলেজ সমূহে পদোন্নতির জন্য সিনিয়রিটিই মূখ্য বিষয় হওয়াতে গবেষণা ও লেখার ব্যাপারে তারা একদমই আগ্রহী নন।

বাংলাদেশ অর্থনীতি সমিতির জাতীয় সম্মেলনে (২০০২) সমিতির সভাপতি প্রফেসর মইনুল হোসেন কলেজ শিক্ষকদের মধ্য হতে মাত্র ২/৩ জন সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেছেন বলে দুঃখ প্রকাশ করেছিলেন। উল্লেখ্য যে উক্ত সেমিনারে প্রায় ৫০টি প্রবন্ধ উপস্থাপিত হয়েছিল। এ প্রবন্ধের লেখক জুন- ২০০৩ সালে ৫০ জন অর্থনীতির কলেজ শিক্ষকের মতামত জরিপ করেছিলেন এবং দেখতে পান যে, শতকরা ৬০% শিক্ষকই কোন সেমিনারে অংশগ্রহণ করেন নাই, ৮২% শিক্ষক জীবনে কোন কিছুই লেখেন নাই, ৬৮% শিক্ষক জীবনে কখনই কোন জার্নাল পড়েন নাই, ৪৬% শিক্ষক কোন প্রশিক্ষণ গ্রহণ করেন নাই এবং ৬২% নিজেদের সুখী বলে মনে করেন।[৩] বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ তাদের মূল দায়িত্ব বাদ দিয়ে ঠিকাদারী গবেষণা কাজে ব্যস্ত থাকেন। বেসরকারী বিশ্ববিদ্যলয় এবং কলেজ সমূহে উচ্চ শিক্ষা কোর্স চালু হওয়ার সুবাদে ১০/১২টি পর্যন্ত খন্ডকালীন চাকুরীর ব্যবস্থা করতে পেরেছেন। রাজনীতির সঙ্গে যুক্ত হয়ে কে, কার চেয়ে ভাল পজিশন পাবেন এ নিয়ে চরম প্রতিযোগিতায় লিপ্ত হয়ে পড়েছেন।

আরোপ করেছিলেন এবং তিনি বিশ্বাস করতেন যে সমবায়ের মাধ্যমেই দারিদ্র্য দূর করা সম্ভব। তাঁর মতে মানুষ যখন একত্রিত হতে পারে না তখনই তার দীনতা প্রকাশ পায়। মানুষের এই ক্ষুদ্রতাকে তিনি অনুর্বর বালু মাটির সঙ্গে তুলনা করেছেন। বালু মাটি একত্রে দানা বাঁধতে পারে না বলে সে মাটিতে ফসল হয় না। কর্মশ্রমকে একত্রিত করে জনসাধারণের জন্য অর্থশক্তি অর্জনে সমবায়নীতির পথকে তিনি সঠিক পথ হিসেবে মনে করতেন। সমবায়ের মাধ্যমে দুর্বলের পক্ষেও সেই শক্তি অর্জন সম্ভব যে শক্তি ঐক্য ও সংঘবদ্ধতার ভিত্তির ওপর দাঁড়িয়ে। তাঁর মতে, অসংখ্য দরিদ্র মানুষ যখন নিজস্ব সামর্থ্য একত্রিত করতে পারবে সেই মিলনই মূলধন। তাঁর সমবায় ভাবনায় তাঁর নিজস্ব মতাদর্শের প্রতিফলন ঘটেছে, তিনি চেয়েছিলেন সমবায় ব্যবস্থায় কোনো আমলাতান্ত্রিকতার উপস্থিতি থাকবে না, সমবায়নীতির মাধ্যমে যে অর্থনৈতিক ব্যবস্থা তাতে জনগনের পুরোপুরি স্বায়ত্ত্বশাসন বহাল থাকবে এবং এতসঙ্গে আন্তর্জাতিক অর্থনৈতিক সংযোগ ঘটাতে হবে। পারস্পারিক ঐক্যবদ্ধতা ও সংঘবদ্ধতা এবং আন্তর্জাতিক অর্থনৈতিক সংযোগের সঙ্গে সমবায় ব্যবস্থায় জনগনের সার্বভৌমত্বের সমন্বয়–রবীন্দ্রনাথের সমবায় ব্যবস্থার এ ধারণা নি:সন্দেহে গতানুগতিক সমবায় ধারণা থেকে ভিন্ন মাত্রার সংযোজন বলা যায়। সমবায়কে তিনি এভাবে গণতান্ত্রিক বৈশিষ্ট্যে চিহ্নিত করেছেন। তিনি মনে করতেন ধন–সম্পদ কোনো একক ব্যাক্তি বা সম্প্রদায়ের হাতে গচ্ছিত থাকবে না, সর্বসাধারণের শক্তি সম্মিলিত হয়ে সে ধন হবে সমবায়ের মাধ্যমে জনগণের সম্পদ। পল্লীকে আধুনিকায়ন ও আত্মনির্ভরশীল করে গড়ে তোলার জন্য তিনি কেন্দ্রিয় সমবায় ব্যাংক, সঞ্চয় ও ঋণদান সমবায়, সেচ সমবায়, মৎস্য চাষ সমবায়, তন্তুবায় সমবায়, সমবায় ভাণ্ডার, ধর্মগোলা ইত্যাদি বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছিলেন। তাঁর সমবায় ভাবনাটি অর্থনীতিতে Cooperative society কেই বুঝায় না, ভাবনাটির দ্বারা Economics of large scale production concept কেও নির্দেশ করে। এক কথায়, কেবল ঐক্যবদ্ধতা দিয়ে নয় একটি আদর্শ সমবায় গড়ে তুলতে হলে সততা এবং মানসিক সংঘবদ্ধতা থাকতে হবে। এ প্রসঙ্গে তিনি বলেন :

''বালি জমিতে ফসল হয় না, কেননা তাহা আঁট বাঁধে না; তাই তাহাতে রস জমে না, ফাঁক দিয়া সব গলিয়া যায়। তাই সেই জমির দারিদ্র্য ঘোচাইতে হইলে তাহাতে পলিমাটি, পাতা-পচা প্রভৃতি এমন-কিছু যোগ করিতে হয় যাহাতে তার ফাঁক বোজে, তার আটা হয়। মানুষেরও ঠিক তাই; তাদের মধ্যে ফাঁক বেশি হইলেই তাদের শক্তি কাজে লাগে না, থাকিয়াও না থাকার মতো হয়।''[৪]

তাঁর যৌথ খামার ধারণাটির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে তাঁর সমবায় ভাবনাটি। তিনি মনে করতেন আধুনিক যান্ত্রিক চাষপদ্ধতির প্রধান বাধা হচ্ছে খণ্ড খণ্ড জমি। সমবায়নীতির মাধ্যমে খণ্ড–বিখণ্ড জমিগুলোকে যান্ত্রিক চাষপদ্ধতির আওতায় এনে উৎপাদন বাড়ানো সম্ভব। সমবায়ের মাধ্যমে দারিদ্র্য ঘোচাতে হলে সর্বপ্রথম তিনি কৃষককে আত্মশক্তির বলে বলীয়ান হওয়ার ওপর গুরুত্ব আরোপ করেছেন। তাঁর মতে আত্মশক্তির জন্য সর্বপ্রথম যে জিনিসটি প্রয়োজন তা হলো আত্মবিশ্বাস। তিনি সবসময় মনে করতেন, প্রত্যেক মানুষ এক অফুরন্ত শক্তির আধার। মানুষের মধ্যে যে সুপ্ত শক্তি বিরাজমান সেটিকে জাগিয়ে তুলতে পারলে তার দ্বারা সবকিছু সম্ভব। তিনি মানুষের ভেতরের এসব শক্তিকে কাজে লাগিয়ে বিপ্লবের মাধ্যমে দারিদ্র্য দূর করার কথা বলেছেন। প্রায় ১০০ বছর পুর্বে সমবায়ের মাধ্যমে আধুনিক যান্ত্রিক চাষপদ্ধতির মাধ্যমে জমিতে ট্রাক্টর ব্যবহারের মাধ্যমে টুকরো জমির আল উঠিয়ে একত্রে ফসল ফলানো, উৎপাদিত ফসল সমবায় গোলায় রাখা এবং পণ্য বিপণনের সুযোগ্য ব্যবস্থার ওপর গুরুত্ব আরোপ করেছেন এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। এর ফলে কৃষকের শ্রম সাশ্রয় হয়, পরিবহণ ও বিপণন খরচ কম হয়। কৃষকের পক্ষে তার শ্রম অন্য কোনো উৎপাদনশীল খাতে বিনিয়োগ করে আয় বাড়ানো সম্ভব। রবীন্দ্রনাথ খুব গভীরভাবে অবলোকন করেছিলেন কৃষক তার আলবাধা সুনির্দিষ্ট জমিতে হালের লাঙ্গল ও জোয়াল ব্যবহার করে উদয়াস্ত পরিশ্রম করে সামান্য ফসল

পায় যা দ্বারা তার জীবন নির্বাহ ও কৃষিঋণ পরিশোধ করা কঠিন হয়ে পড়ে। কৃষকের এই নিস্পেষিত জীবন তাঁকে বিষণ্ন ভাবালুতায় আচ্ছন্ন করে ফেলে। কিভাবে সমবায়ের মাধ্যমে জমি একত্রিকরণ করে যান্ত্রিক চাষপদ্ধতির আওতায় এনে উৎপাদন বাড়ানো যায় সে তথ্য কৃষকের দ্বারে গিয়ে তাদেরকে বোঝাতে সক্ষম হয়েছিলেন। এ প্রসঙ্গে রাশিয়ার চিঠিতে তিনি বলেন–

> ''চাষীকে আত্মশক্তিতে দৃঢ় করে তুলতে হবে, এই ছিল আমার অভিপ্রায়। এ সম্বন্ধে দুটো কথা সর্বদাই আমার মনে আন্দোলিত হয়েছে–জমির স্বত্ব ন্যায়ত জমিদারের নয়, সে চাষীর; দ্বিতীয়ত, সমবায় নীতি–অনুসারে চাষের ক্ষেত্র একত্র করে চাষ না করতে পারলে কৃষির উন্নতি হতেই পারে না। মান্ধাতার আমলের হাল লাঙল নিয়ে আলবাঁধা টুকরো জমিতে ফসল ফলানো আর ফুটো কলসিতে জল আনা একই কথা। কিন্তু এ দুটো পন্থাই দুরূহ। প্রথমত চাষীকে জমির স্বত্ব দিলেই সে স্বত্ব পরমুহূর্তেই মহাজনের হাতে গিয়ে পড়বে, তার দুঃখভার বাড়বে বৈ কমবে না। কৃষিক্ষেত্র একত্রীকরণের কথা আমি নিজে একদিন চাষীদের ডেকে আলোচনা করেছিলুম। শিলাইদহে আমি যে বাড়িতে থাকতুম তার বারান্দা থেকে দেখা যায়, খেতের পর খেত নিরন্তর চলে গেছে দিগন্ত পেরিয়ে। ভোরবেলা থেকে হাল লাঙল এবং গোরু নিয়ে একটি-একটি করে চাষী আসে, আপন টুকরো খেতটুকু ঘুরে ঘুরে চাষ করে চলে যায়। এইরকম ভাগ-করা শক্তির যে কতটা অপচয় ঘটে প্রতিদিন সে আমি সচক্ষে দেখেছি। চাষীদের ডেকে যখন সমস্ত জমি একত্র করে কলের লাঙলে চাষ করার সুবিধের কথা বুঝিয়ে বললুম, তারা তখনই সমস্ত মেনে নিলে।''[৫]

আমাদের গ্রামীণ অর্থনীতির মূল চিত্র হলো কৃষকরা সবসময় দরিদ্র ও নিম্নবিত্ত। এবং তাদের এ অবস্থা অপরিবর্তনীয়। দরিদ্র ক্রমশ দরিদ্র হচ্ছে এবং ধনীরা ততোধিক ধনী হচ্ছে। এর কারণ বিশ্বব্যাপী পুঁজিবাদের ভয়ঙ্কর আগ্রাসন। এ অবস্থা থেকে পরিত্রাণের একমাত্র উপায় হিসেবে তিনি চিহ্নিত করেছেন সমবায় পদ্ধতি গড়ে তোলা। তিনি মনে করতেন মানুষ তার কর্মদক্ষতা দিয়ে উৎপাদন ও উপার্জন করতে পারে এবং এর সুফল সম্মিলিতভাবে ভোগ করতে পারে। সমবায়ের পথ হলো সত্য ও ন্যয়ের পথ। একমাত্র সমবায় নীতির মাধ্যমে মানুষ অর্জন করতে পারে তার আত্মসম্মানবোধ ও আত্মবিশ্বাস এবং সমবায়ের মধ্যে নিহিত রয়েছে অংশীদারিত্ব, পারস্পারিক নির্ভরশীলতা ও ভরসার অর্থনীতি।

মানবিক উন্নয়ন ভাবনা

ইংরেজি 'Development' শব্দের বাংলা প্রতিশব্দ হলো 'উন্নয়ন'। উন্নয়ন শব্দের সংজ্ঞা নিরূপণ করতে গিয়ে অর্থনীতিবিদদের মধ্যে নানা মতপার্থক্য পরিলক্ষিত হয়। প্রকৃত উন্নয়ন বলতে একটি রাষ্ট্র বা সমাজের কোন্ অবস্থানকে বুঝায় অথবা এর কোনো পরিমাপক বা মানদণ্ড আছে কিনা তা নিয়ে মতপার্থক্য ঘোচেনি।'উন্নয়ন' শব্দের সজ্ঞা নিয়ে মতপার্থক্যের বিশ্লেষণ আজকের আলোচ্য বিষয় নয়, জমিদার কবি মানবিক উন্নয়ন নিয়ে কি ভাবতেন সে বিষয়ে একটু আলোকপাত করার প্রয়াস এখানে। মানবিক উন্নয়নকে তিনি এভাবে ব্যাখ্যা করেছেন, প্রথমে প্রয়োজন মনুষ্যত্বের উন্নয়ন আর মনুষ্যত্বের উন্নয়নের অন্তর্নিহিত তাৎপর্য হলো সামাজিক, মানবিক ও সামগ্রিক উন্নয়ন।

তৎকালীন ভারতবর্ষীয় সমাজ ছিল দুটি ভাগে বিভক্ত। একটি ধনিক শ্রেণি, অপরটি প্রান্তিক জনগোষ্ঠী। রবীন্দ্রনাথ একটি অংশকে পেছনে ফেলে অপরাংশের উন্নয়নের বিপক্ষে ছিলেন। তাঁর মানবিক উন্নয়ন ধারণাটি ছিল মূলত গ্রামোন্নয়নকেন্দ্রিক। তাঁর গ্রামোন্নয়ন ভাবনাটি ছিল সামগ্রিক উন্নয়ন ভাবনার অংশ। তিনি মনে করতেন, কৃষিভিত্তিক গ্রামের উন্নতি ছাড়া ভারতবর্ষীয় সমাজের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়।

যেহেতু আশি শতাংশ মানুষ ছিল কৃষিজীবি। একদিকে কৃষকসমাজের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে শহরের চাকচিক্যময় সমাজ অপরদিকে প্রান্তিক এই জনগোষ্ঠীর জীবনযাত্রার নিম্নমান ও শিক্ষার আলোবঞ্চিত-চিকিৎসা সুবিধাবঞ্চিত-কুসংস্কারাচ্ছন্ন ও দারিদ্র্যের চাকায় আষ্টেপৃষ্টে নিষ্পেষিত অমানবিক জীবনযন্ত্রণা জমিদার কবিকে ভাবিয়ে তুলেছিল। এই ভাবনার পেছনে কাজ করেছে তাঁর মানবিক চেতনা। তিনি চির অধিকারবঞ্চিতএই মানুষগুলিকে আত্মশক্তির ওপর নির্ভরশীল হয়ে পরিপূর্ণ মানুষ হয়ে ওঠার অনুকুলে সেচ্চার ছিলেন। স্বদেশী সমাজ গড়ে তোলা, গ্রাম-গ্রামীণ মানুষের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য তিনি স্কুল নির্মাণ, রাস্তাঘাট নির্মাণ, সুপেয় জলের জন্য পুকুর খনন, স্যানিটারির সুব্যবস্থা, স্থানীয় স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ ইত্যাদি প্রতিষ্ঠা করেন। এসবই ছিল তাঁর সমাজনৈতিক ভাবনার অন্তর্গত মানবিক উন্নয়ন ভাবনা। এ প্রসঙ্গে বলা যায়–

> ''আজ চূড়ান্ত বিচারে মানব উন্নয়ন মানে মানুষের উন্নয়ন, মানুষের জন্য উন্নয়ন এবং মানুষের দ্বারা উন্নয়ন। 'মানুষের উন্নয়ন' বলতে বুঝায় মানব সম্পদ উন্নয়ন, মানব সক্ষমতার বৃদ্ধি ও প্রসার। উন্নয়নের সুফল প্রত্যেক মানুষের জীবনে পৌঁছে দেয়ার অন্য নাম মানুষের জন্য উন্নয়ন। অর্থনৈতিক প্রবৃদ্ধি থেকে শুরু করে সব রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক কর্মকাণ্ডের সুফল সমাজের প্রতিটি মানুষ যেন ভোগ করতে পারে। মানুষের দ্বারা উন্নয়ন প্রক্রিয়ায় সাধারণ মানুষের অংশগ্রহণকে বোঝায়। এ অংশগ্রহণ শুধু সিদ্ধান্ত গ্রহণের বাস্তবায়নের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। উন্নয়ন প্রক্রিয়ায় যেসব দিক মানুষের জীবনকে প্রভাবিত করে, সে সব দিক নিয়ন্ত্রণ নয় বরং সে দিকগুলোকে প্রয়োজনবোধে প্রভাবিত করার সুযোগ প্রতিটি মানুষের থাকে। তাহলে সে মাত্রিকতাকেই মানুষের দ্বারা উন্নয়ন বলে অভিহিত করা হয়।''[৬]

তাঁর উন্নয়ন ভাবনাগুলো ছিল মানবিক মূল্যবোধভিত্তিক। তিনি মনে করতেন আত্মিক উন্নয়নের মধ্য দিয়ে মানুষের মানবিক মূল্যবোধ জাগ্রত হয়। কেবলমাত্র বাহ্যিক অবকাঠামোগত উন্নয়নই উন্নয়ন নয়, একটি সমাজের সকল মানুষ যখন তাঁর মৌলিক অধিকার ভোগ করতে পারবে তখনই সে সমাজ উন্নত বলে ধরে নেয়া যাবে।এবং কোনো বিশেষ শ্রেণি নয় উন্নয়নের সুফল প্রতিটি মানুষের দ্বারপ্রান্তে পৌঁছে যাওয়াকে তিনি সামগ্রিক উন্নয়নের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করেন। এ প্রসঙ্গে রবীন্দ্রগবেষক অহমদ রফিক বলেন–

> ''মূলত মানবিক বোধে জারিত হওয়ার কারণে রবীন্দ্রনাথ গ্রামীণ জীবন সম্পর্কে এমন কথা ভাবতে ও বলতে পেরেছিলেন যে 'শ্রেষ্ঠত্বের উৎকর্ষে সকল মানুষের সমান অধিকার। গ্রামে গ্রামে আজ মানুষকে সেই অধিকার ফিরিয়ে দিতে হবে'। বহুকাল পূর্বে মানবাধিকার সম্পর্কে রবীন্দ্রনাথের এ উচ্চারণ আজকের মানবাধিকার কর্মীর কথা বলে মনে হতে পারে। কিন্তু লক্ষ করার বিষয় যে আজকালকার মানবাধিকার আন্দোলন প্রধানত নগরকেন্দ্রিক, শিক্ষিত শ্রেণীভিত্তিক, সামান্যই গ্রামভিত্তিক। রবীন্দ্রচেতনা মানবিকতার গুণে ঋদ্ধ ছিল বলেই রবীন্দ্রনাথ স্বশ্রেণী থেকে বিত্তবান বা মধ্যশ্রেণীর চরিত্র উন্মোচন করতে দ্বিধা করেননি, বিশেষ করে অর্থনৈতিক–সামাজিক প্রেক্ষাপটে। শ্রমজীবী মানুষজন থেকে বিভিন্ন শ্রেণীর শোষণ তার কাছে অমানবিক বলে মনে হয়েছে। গ্রামীণ অভিজ্ঞতা থেকে তিনি শুধু কৃষকের অর্থনৈতিক সমস্যাই অনুধাবন করেননি, লক্ষ করেছেন গ্রামে গ্রামে জমিদার-মহাজন শ্রেণীর বাইরেও মধ্যস্বত্বভোগীদের অস্তিত্ব।''[৭]

মানবিক উন্নয়ন ও আত্মিক উন্নয়ন ওতপ্রোত। আত্মিক উন্নয়ন না ঘটলে মানুষ ক্রমশ হয়ে পড়ে আত্মকেন্দ্রিক, স্বার্থপর। তখন তার নৈকিতার পথচ্যুতি ঘটে এবং হিতাহিত জ্ঞানশুন্য হয়ে যে কোনো ধরণের অন্ধকার পথ বেছে নিতে দ্বীধাবোধ করে না। সমাজে সৃস্টি হয় নানারকমের হানাহানি, মানুষে মানুষে সম্পর্কের অবনতি ঘটে। এককথায় সমাজে বিশৃঙ্খলার সৃষ্টি হয় এবং সুস্থ ও সুষ্ঠু সমাজব্যবস্থায়

চরম বিপর্যয় ঘটে। বিশ্বজুড়ে আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিশ্লেষণ করলে এ অবস্থার একটি করুণ চিত্র পরিদৃষ্ট হয়।

ক্ষুদ্রঋণ ভাবনা

পল্লী উন্নয়ন ভাবনার একটি অংশ হলো জমিদার কবি রবীন্দ্রনাথের ক্ষুদ্রঋণ ভাবনা। তিনি মনেপ্রাণে ধারণ করেছিলেন যে কৃষিপ্রধান এদেশে কৃষির উন্নয়ন ব্যতিত সামগ্রিক সমাজকাঠামোর উন্নয়ন সম্ভব নয়। পৈত্রিক জমিদারি ভাগাভাগির পর তাঁর ভাগে পড়ে পতিসরের কালিগ্রাম পরগনার জমিদারি দেখভালের দায়িত্ব যেখানকার আশি ভাগ প্রজা ছিল মুসলিম এবং তারা ছিল কৃষিজীবী। এক ফসলী জমি ছিল অনুর্বর। উপর্যুপরি যে বছর বন্যা বা খরা হত সে বছর কৃষকের দঃখের অন্ত ছিল না। পাশাপাশি জমির খাজনা মেটাতে তাদেরকে উচ্চসুদে মহাজনের দারস্থ হতে হতো। কৃষকের জীবনে নেমে আসত চরম বিপর্যয়। প্রজাদরদী জমিদার কবি কৃষকের এই দুঃখ-দুর্দশা অবলোকন করে পতিসরে একটি কৃষিব্যাংক স্থাপনের সিদ্ধান্ত নলেন। প্রথাসিদ্ধ অন্যান্য জমিদারদের মতো তিনি কুঠিবাড়িতে বসে প্রজাদের সঙ্গে সাক্ষাৎ না করে খুব কাছাকাছি গিয়ে তাদের দুরবস্থার কথা জেনে নিতেন। প্রজাদের ও গ্রামের হতশ্রী অবস্থা সরেজমিনে অবলোকন করে অনুভূতিপ্রবণ ও সংবেদনশীল কবি মর্মাহত হন এবং তাদের ঋণজর্জরিত জীবনের নাগপাশ থেকে মুক্তিদানের জন্য কৃষিব্যাংক স্থাপন করেন। এ প্রসঙ্গে আহমদ রফিক লিখেছেন–

> ''আর ঋণ জর্জরিত কৃষককুলকে মহাজনের হাতে থেকে রক্ষা করার জন্য ধারদেনা করে স্থাপন করেছিলেন সমবায়ভিত্তিক 'কালিগ্রাম কৃষি ব্যাংক' (১৯০৫)। এর সুফল দুস্থ গ্রামীণ কৃষকদের ঘরে ঘরে পৌঁছেছিল যে জন্য শোষক মহাজনদের শেষ পর্যন্ত এলাকা ছেড়ে চলে যেতে হয়।''[৮]

রবীন্দ্রনাথ তাঁর নোবেল পুরস্কারের সম্পূর্ণ অর্থ দিয়ে কৃষি ব্যাংকটি স্থাপন করেছিলেন বটে কিন্তু পরবর্তীতে ব্যাংকটি বন্ধ হয়ে যায় নানা কারণে। বার্ষিক শতকরা মাত্র ১২ টাকা হারে ঋণ দেয়া হতো এই কৃষিব্যাংক থেকে। পতিসরে ব্যাংক স্থাপনের পূর্বে তিনি শিলাইদহে একটি সমবায়ভিত্তিক কৃষিব্যাংক স্থাপন করেছিলেন বলে অপর একটি তথ্যমতে জানা যায়।

শহর ও গ্রামকেন্দ্রিক দারিদ্র্য বৈষম্য অতীতে যেমন ছিল বর্তমানের চিত্র আরো ভয়াবহ যা থেকে আমাদের সমাজকাঠামোর মুক্তি ঘটেনি আজো অবধি। কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে এলিট শ্রেণি কর্তৃক কৃষকসমাজকে স্বল্প মজুরির দ্বারা শ্রম শোষণ। বর্তমান আর্থিক প্রতিষ্ঠানসহ বিভিন্ন ব্যাংকগুলোর উদ্দেশ্য ক্ষুদ্রঋণদানের মাধ্যমে ভূমিহীন কৃষকদের দারিদ্র্য দূরীকরণে সহযোগিতা করা। আহমদ রফিকের ভাষায়–

> ''বাংলাদেশের মোটামুটি হিসাবে প্রায় ১৩,০০০ বেসরকারি সংস্থা তথা এনজিও গ্রামাঞ্চলে রয়েছে। . . . সন্দেহ নেই গ্রামীণ অর্থনীতিতে আয়ের ব্যবস্থা করতে, উপার্জন ক্ষমতা বাড়াতে দুঃস্থদের জন্য এ ধরণের প্রকল্পের গুরুত্ব যথেষ্ট–বিশেষ করে ভূমিহীন শ্রমজীবী মানুষ, সহায়হীন বিধবা গ্রামীণ মহিলা এবং অনুরূপ ক্ষেত্রের দুঃস্থ মানুষের জন্য। . . . কিন্তু এ ক্ষেত্রে ঋণগ্রহীতার অর্থনৈতিক সফলতা নিশ্চিত করতে হলে একাধিক শর্তের বাস্তবায়ন অপরিহার্য। যেমন নিয়মিত ঋণদান পদ্ধতি, ঋণের প্রয়োজন–নির্ভর পরিমাণ, সময় মতো ঋণদান এবং ঋণ পরিশোধের সহায়ক শর্তাবলী ও সুদের পরিশোধযোগ্য হার। তা না হলে ঋণদান অর্থহীন হয়ে ওঠে এই অর্থে যে এতে ঋণগ্রহীতার আর্থিক উন্নতি সম্ভব হয় না। ফলে এর প্রতিক্রিয়া হয়ে ওঠে বিপরীত। এমন কি ঋণ বিনিয়োগের পরিবর্তে জীবনযাত্রার প্রাত্যহিক খরচ মেটাতে ব্যবহৃত হয়ে

যায়। তখন ঋণ অর্থনৈতিক অবস্থা পরিবর্তনের বদলে গ্রহীতার জন্য গলার ফাঁস হয়ে ওঠে। ক্ষেত্র বিশেষে এর পরিণাম হতে পারে মর্মান্তিক।"[৯]

বর্তমানে সরকারি-বেসরকারি ব্যাংকসহ অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানগুলো কৃষকের দারিদ্র্য বিমোচনে যে আর্থিক সহায়তা প্রদান করে তা এত বেশি কঠিন শর্তযুক্ত থাকে যে তাতে কৃষকের কল্যাণ বেশি নাকি ব্যাংকের কল্যাণ বেশি হয় তা ভেবে দেখার বিষয়।

সাম্য ভাবনা

সময়ের দাবির সঙ্গে সঙ্গে উন্নয়ন ও প্রবৃদ্ধি বাড়ছে একইসঙ্গে দারিদ্র্যেরও হার ক্রমাগত বেড়ে চলেছে। এবং বাড়ছে শ্রেণিবৈষম্য। ধনীরা ক্রমশ ধনী হচ্ছে আর দরিদ্ররা হচ্ছে দরিদ্রতর। পল্লীর মানুষের জীবনযাত্রা খুব নিকট থেকে দেখার কারণে তাঁর চোখে স্পষ্ট হয়ে উঠেছিল শ্রেনিবৈষম্যের প্রকৃত চিত্রটি। ধন-সম্পদ যখন একটি শ্রেণির হাতে পুঞ্জিভুত হতে শুরু করে তখন তাদের মাঝে একধরনের লিপ্সা তৈরি হয়। তিনি ধনীর সম্পদ কেড়ে দরিদ্রদের মাঝে বন্টনের যে সাম্যবাদ, তার বিপক্ষে ছিলেন। তিনি মনে করতেন উন্নয়ন ও সুবিধা সকলে যেন ভোগ করতে পারে অর্থাৎ ভাগাভাগির আর্থ-সমাজ ব্যবস্থা। তিনি স্বর্থপরের মতো কোনোকিছু একা ভোগের বিপক্ষে ছিলেন। সামন্তবাদী এক জমিদার পরিবারে জন্মগ্রহণ করলেও তাঁর ভেতরে বাস করত এক মূর্তিমান মনবিক মানুষ যা তাঁকে ভাবতে শিখিয়েছিল শ্রেণীবৈষম্য একটি সমাজকাঠামোতে অসন্তোষের আগুনের উৎপত্তি ঘটায়। তিনি সুখ–দুঃখের ভাগাভাগির অর্থনীতিতে বিশ্বাস করতেন, অন্যকে পেছনে ফেলে একা ভোগ করার বিরোধী ছিলেন। এ প্রসঙ্গে তাঁর মন্তব্য–

> ''আমাদের দেশে কলার পাতায় খাওয়া তো কোনো দিন লজ্জাকর ছিল না, একলা খাওয়াই লজ্জাকর; সেই লজ্জা কি আমরা ফিরিয়া পাইব না? আমরা কি আজ সমস্ত দেশকে পরিবেশন করিতে প্রস্তুত হইবার জন্য নিজের কোনো আরাম কোনো আড়ম্বর পরিত্যাগ করিতে পারিব না? একদিন যাহা আমাদের পক্ষে নিতান্তই সহজ ছিল তাহা কি আমাদের পক্ষে আজ একেবারেই অসাধ্য হইয়া উঠিয়াছে?''[১০]

সাম্যবাদী সমাজব্যবস্থা সম্পর্কে মার্কসের মতবাদ থেকে রবীন্দ্রনাথ একটু ভিন্নমত পোষণ করতেন। মার্কস সর্বশ্রেণির সকল পেশার সমন্বয়ে গঠিত স্বয়ংসম্পূর্ণ সমাজকাঠামোর কথা বলেছেন তিনি সামাজিক বৈষম্যকে ভেঙ্গে ফেলে তিনি নতুন সাম্যবাদী সমাজব্যবস্থা গড়ে তোলার কথা বলেছেন। অন্যদিকে রবীন্দ্রনাথ বলেছেন সমাজের মূল কাঠামো অপরিবর্তিত রেখে আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বয় ঘটানোর কথা। সাম্যবাদী সমাজগঠনে রবীন্দ্রনাথ মার্কীয় মতবাদ সম্পূর্ণরূপে গ্রহণ করেন নি। আহমদ রফিক বলেন–

> ''. . . কিন্তু মার্কসবাদীদের সঙ্গে রবীন্দ্রচিন্তার পার্থক্য বিষয়টির চরিত্র অনুধাবন সত্ত্বেও এর ব্যবহারিক কার্যক্রমে ভিন্নতা। শ্রমের শক্তি ও শ্রমিককে শোষণ সম্পর্কেও রবীন্দ্রনাথের চিন্তাভাবনা স্বচ্ছ, সেখানে রাখঢাক কিছু ছিল না। শ্রেণীচেতনা ও শ্রেণীসংগ্রামের পথ না-ধরা সত্ত্বেও নীতিগত দিক থেকে সমাজতান্ত্রিক ভাবনার সঙ্গে রবীন্দ্রভাবনার মৌলিক পার্থক্য বড় একটা লক্ষ্য করা যায় না। শ্রমজীবী মানুষের অর্থনৈতিক সমস্যা এবং বিভিন্ন শ্রেণীর ধনী কর্তৃক শ্রমশক্তি শোষণের দিকটাও রবীন্দ্রনাথ বুঝতে পেরেছিলেন। কিন্তু তিনি সামন্ততান্ত্রিক ও সাম্রাজ্যবাদী ধনতান্ত্রিক ব্যবস্থা ভেঙে ফেলার সংগ্রামী পথ না ধরে গ্রামের জনশক্তিকে সংহত ও সংগঠিত করে তাদের অর্তনৈতিক উন্নয়নের সংস্কারমূলক চেষ্টা চালিয়েছেন। আর এ প্রচেষ্টায় তাঁর প্রধান নীতিগত অবলম্বন ছিল সমবায় ব্যবস্থা।''[১১]

তাঁর গ্রামোন্নয়ন ভাববনা ছিল একটি সাম্যবাদী অর্থনৈতিক মডেল। জনদরদী এই কবি অপরিসীম মমতা দিয়ে তিনি পল্লীর মানুষের দুঃখ–কষ্টের চাকায় নিস্পেষিত জীবন অবলোকন করে তাদের প্রাপ্য অধিকার ফিরিয়ে দিতে চেয়েছিলেন এবং একটি সুশৃঙ্খল সমাজকাঠামো গড়ে তোলার প্রয়াস নিয়েছিলেন।

দারিদ্র্য ভাবনা

দারিদ্র্য প্রতিটি সমাজের অবয়বে অংকিত এক দুষ্ট ক্ষত। বিভিন্ন সময়ে বিভিন্ন অর্থনীতিবিদ দারিদ্র্য থেকে মুক্তির নানা দাওয়াই দিয়েছেন কিন্তু কোনো সমাজই দারিদ্র্যমুক্ত হয় নি। এ পর্যন্ত কোনো সমাজ থেকে চিরস্থায়ীরূপে দারিদ্র্য বিমোচন সম্ভব হয়নি। প্রত্যেক সমাজে ধনী এবং দরিদ্র দুটি শ্রেণির পাশাপাশি অবস্থান বিরাজমান। ভাগ্যের হাতে মার খেয়ে মুখ থুবড়ে পড়ে থাকা দরিদ্র মানুষের সংখ্যা ক্রমশ বেড়ে চলেছে কারণ দরিদ্রের উপার্জনের পথ থাকে রুদ্ধ। তারা এই দারিদ্র্যকে নিয়তি মেনে নিয়ে দারিদ্র্যের দাসত্ব করে চলেছে। রবীন্দ্রনাথ তৎকালীন ভারতবর্ষীয় সমাজের প্রান্তিক শ্রেণির দারিদ্র্যমুক্তির পথ খুঁজে ফিরেছেন। তাঁর মননে, কর্মে, কথায়,উদ্যোগে স্পষ্টভাবে প্রতীয়মান হয়েছে পল্লীর দরিদ্র্য মানুষের হতাশা দুর্ভোগ ও তাদের দারিদ্র্যমুক্তির কথা। এসব হতদরিদ্র মানুষদেরকে তিনি বোঝাতে পেরেছিলেন মানুষ নিজেই তার ভাগ্যবিধাতা। সুতরাং তাদের ভাগ্যের পরিবর্তন আনতে হলে প্রথমে মানসিকতার পরিবর্তন এনে আত্মশক্তিতে উদ্বুদ্ধ হতে হবে। অর্থাৎ আত্মবিশ্বাস অর্জন করতে হবে। তিনি মনে করতেন প্রত্যেক মানুষ এক অফুরন্ত শক্তির আধার যে শক্তিকে কাজে লাগিয়ে সে আপন ভাগ্য বদদলাতে পারে। এই উপমহাদেশের দরিদ্র্য পল্লীর এসব মানুষের দারিদ্র্যমুক্তি জন্য তাঁর ভাবনার অন্ত ছিল না। এ ব্যাপারে তাঁর ভাবনা ছিল সুদূরপ্রসারী, প্রযুক্তিনির্ভর ও যুগান্তকারী। সামগ্রীক আর্থ-সামাজিক কাঠামো নিয়ে তৎকালীন মানুষ যা ভাবতে পারেনি তিনি তখনই তার বাস্তবায়ন ঘটিয়েছেন। গতানুগতিক কৃষিব্যবস্থার বেড়াজাল থেকে বেরিয়ে এসে উন্নত যান্ত্রিক চাষপদ্ধতি ব্যবহার করে উৎপাদন ও আয় বাড়িয়ে দারিদ্র্য থেকে মুক্তির যে পথ তা তিনি কৃষককে বাতলে দেন। উন্নত কৃষিব্যবস্থা প্রবর্তনের পাশাপাশি তিনি শ্রীনিকেতনে বাটিক, সিরামিক ও চামড়াজাত পণ্য উৎপাদনের মাধ্যমে কৃষকদের আর্থিকভাবে সহায়তা করেন। এছাড়া ধানভানা কল, আখচাষ, তাঁতশিল্প, রেশমশিল্প, আখমাড়াই কল, হাঁস-মুরগির খামার, বেত ও বাঁশশিল্প, মৃৎশিল্প, ছাতা তৈরি, ভুট্টাচাষ, আলুচাষের মাধ্যমে ইত্যাদি বিকল্প উপার্জনের জন্য পদক্ষেপ গ্রহণ করেন। তিনি বিশ্বাস করতেন এভাবে পল্লীর হতদরিদ্র্য মানুষের দারিদ্র্য বিমোচন সম্ভব হবে। আহমদ রফিকের মতে–

> ''দরিদ্র গ্রামবাসীদের জন্য নতুন নতুন অর্থকরী দিক খুলে দেয়ার চেষ্টা ছিল রবীন্দ্রনাথের গ্রামোন্নয়নের অন্যতম বৈশিষ্ট্য। কখনো কৃষিক্ষেত্রে গতানুগতিক চাষাবাদের বাইরে নতুন কোনো ফসল ফলানোর চিন্তা নিয়ে মেতে উঠেছেন। শুধু চিন্তাই নয় হাতেকলমে পরীক্ষা-নিরীক্ষার পর সেসবের সম্ভাবনা মূল্যায়ন করেছেন। যেমন রেশম চাষ তেমনি পতিসরের শুকনো মাটিতে গোলআলু চাষের কথাও ভেবেছেন। এদেশে তখনো আলু চাষের রেওয়াজ হয়নি।''[১২]

দারিদ্র্য মানুষের জীবনে বহুমূখী সমস্যার সৃস্টি করে এবং সহজ-সরল-স্বভাবিক জীবনের পথ রুদ্ধ করে দেয়। নিশ্চল করে তোলে উন্নয়নের স্বভাবিক গতিকে। দারিদ্র্য, হতাশা, অশিক্ষা, কুসংস্কার পরস্পর সমান্তরালে গতিময় হয়ে ওঠে। সুতরাং দারিদ্র্য পরিবেষ্টিত সংস্কৃতিবিহীন এরূপ সমাজকাঠমোর উন্নয়ন আশাতীত। তিনি মনে করতেন, মানুষের জন্য মানুষ এই কথাটি যতদিন মানুষ উপলব্ধি করতে না

পারবে ততদিন সমাজের উন্নয়ন সুদূরপরাহত। দুর্নীতি, সামাজিক বিশৃঙ্খলা, স্বচ্ছতা, জবাবদিহিতার অভাব একটি সমাজকাঠামোকে বিকল সমাজে রূপান্তরিত করে এবং সেখানে দারিদ্র্য চিরস্থায়ী রূপ লাভ করে। এপ্রসঙ্গে আতিউর রহমান বলেন–

> ''দারিদ্র্যের কারণ খুঁজতে গিয়ে মানুষের মনের দৈন্যকে বেশ গুরুত্ব দিয়েছেন। তাঁর মতে অন্যায় ও পার্থিব দারিদ্র্যের চেয়েও বহুগুণ নিকৃষ্ট হল জনগণের ভেতরের নিরাশা। আর সেকারণেই যথোচিত মানসিক প্রবণতা তৈরির বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। তিনি তাই অনুভব করেছেন যে গরিবদের সমবেত হতে হবে, জোট বাঁধতে হবে। একা একা দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই করে জেতা যাবেনা। বাইরে থেকে এসেও কেউ গরিবের দুঃখ বঞ্চনা দূর করতে পারবে না। ভেতর থেকেই তা দূর করতে হবে।''[১৩]

দারিদ্র্য আমাদের জীবনের এক দুষ্ট ক্ষত। এ অবস্থা থেকে মুক্তির জন্য রবীন্দ্রনাথ বিভিন্ন ভাবনা ভেবেছেন। শুধু ভাবনার মধ্যে সীমাবদ্ধ থাকেননি তিনি, বিভিন্ন প্রকল্প প্রণয়ন বাস্তবায়ণ করেছেন। দারিদ্র্য দুরীকরণে রবীন্দ্রন্দ্রনাথের এসব ভাবনা কালোত্তীর্ণ যার গ্রহনযোগ্যতা আজো আমাদের সমাজে স্বীকৃত এবং অনুকরণীয়। দারিদ্র্য দূরীকরণে তিনি সমবায়নীতির ওপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছিলেন। একমাত্র দৃঢ়চেতা, সৎ, মানুষই পারে মানুষের ভেতরের আত্মবিশ্বাসী মানুষকে জাগিয়ে তুলতে, যিনি হবেন সমাজ প্রবর্তক ও পরিবর্তক এবং তাঁর দ্বারাই সমাজ ও রাষ্ট্র হবে চিরদারিদ্র্যমুক্ত যুগে যুগে সমাজে এমন প্রতিনিধি ছিল তাঁর প্রত্যাশা।

শিক্ষা ভাবনা

প্রাচীন ঔপনিবেশিক শাসনামল থেকে শুরু করে আমাদের শিক্ষাব্যবস্থা পর্যালোচনা করলে দেখা যায়, তৎকালীন শিক্ষাব্যবস্থার উদ্দেশ্য ছিল একটি নাগরিক সমাজ গড়ে তোলা, যারা দাসত্ব করবে ঔপনিবেশিক প্রভুদের। পরবর্তীকালে একই ধারাবাহিকতায় কেরানী বাহিনী গড়ে তোলার উদ্দেশ্যকে সামনে রেখে শিক্ষাব্যবস্থা গড়ে তোলা হয়। এমতাবস্থায় রবীন্দ্রনাথের শিক্ষাভাবনা ছিল এক নতুন দিগন্ত উন্মোচনকারী প্রক্রিয়া। তাঁর মতে কেরাণী সৃষ্টি নয়, মানুষ সৃষ্টির মধ্য দিয়ে আত্মচেতনার বিকাশ শিক্ষার একমাত্র উদ্দেশ্য হওয়া উচিত। স্বশিক্ষিত রবীন্দ্রনাথ ঠিকই বুঝতে পেরেছিলেন কিভাবে বাঙালী সমাজকে শিক্ষার মাধ্যমে দাসত্বের শৃঙ্খলে আবদ্ধ এবং শোষণ করা হচ্ছে। তাই তিনি বাংলভাষার আলোকে এই জাতিকে একটি স্বাধীন জাতি হিসাবে গড়ে তোলার জন্য নতুন করে গোটা শিক্ষাব্যবস্থা ঢেলে সাজাবার কথা ভাবেন। এবং সমাজের তরুণদের প্রতি নিজেদের শেকড় ও ঐতিহ্যের সন্ধানের জন্য আহবান জানান।

রবীন্দ্রনাথের শিক্ষাদর্শনের মধ্যে তিনটি প্রবণতা লক্ষ্য করা যায়। ভাববাদী, প্রকৃতিবাদী এবং প্রয়োগবাদী। তাঁর শিক্ষাভাবনার একটি চিত্র পাওয়া যায় তাঁর 'লক্ষ্য ও শিক্ষা' প্রবন্ধে–

> ''তুমি কেরানীর চেয়ে বড়ো, ডেপুটি-মুন্সেফের চেয়ে বড়ো, তুমি যাহা শিক্ণষা করিতেছ তাহা হাউইয়ের মতো কোনোক্রমে ইস্কুল-মাস্টারি পর্যন্ত ইড়িয়া তাহার পর পেন্সনভোগী জরাজীর্ণতার মধ্যে ছাই হইয়া মাটিতে আসিয়া পড়িবার জন্য নহে, এই মন্ত্রটি জপ করিতে দেওয়ার শিক্ষাই আমাদের দেশে সকলের চেয়ে প্রয়োজনীয় এই মন্ত্রটি জপ করিতে দেওয়ার শিক্ষাই আমাদের দেশে সকলের চেয়ে প্রয়োজনীয় শিক্ষা–এই কথাটি আমাদের নিশিদিন মনে রাখিতে হইবে। এইটে বুঝিতে না পারার মূঢ়তাই আমাদের সকলের চেয়ে বড়ো মূঢ়তা। আমাদের সমাজে এ কথা আমাদিগকে বোঝায় না, আমাদের ইস্কুলেও এ শিক্ষা নাই।''[১৪]

তাঁর মতে, প্রচলিত শিক্ষাব্যবস্থার সীমাবদ্ধতা হলো প্রকৃতি থেকে মানুষের বিচ্ছিন্নতা। তিনি বিশ্বাস

করতেন, প্রকৃতি ও মানুষের মধ্যে রয়েছে নিবিড় বন্ধনের একাত্মতা। তাই তিনি প্রকৃতি সমৃদ্ধ শান্তিনিকেতনকে বেছে নিয়েছিলেন শিক্ষালয়ের উপযুক্ত স্থান হিসেবে। তাঁর শিক্ষাচিন্তায় বিদেশী কোনো ভাবনা অনুকরণ করার প্রয়াস ছিল না। কেবলমাত্র বাঙালী সংস্কৃতিতে তিনি গভীরভাবে বিশ্বাসী ছিলেন। তবে তাঁর শিক্ষাভাবনায় সম্পূর্ণভাবে বাঙালী চেতনার প্রতিফলন ঘটলেও প্রাচ্য থেকে আগত বিজ্ঞান শিক্ষা ও সংস্কৃতির সঙ্গে সমন্বয় ঘটান। একইসঙ্গে মানবচেতনা তাঁর শিক্ষাব্যবস্থায় সংযোজিত করেছে ঐক্য, সংহতি ও সাম্যের সংমিশ্রণ। রবীন্দ্রনাথ ছিলেন সৌন্দর্যের উপাসক। তাঁর মতে, শিক্ষাব্যবস্থা এমন হওয়া উচিত যাতে শিক্ষার্থীর মাঝে সৌন্দর্যচেতনার উন্মেষ ঘটে। তিনি নারীশিক্ষার ওপর গুরুত্ব আরোপ করেছেন। তাঁর শিক্ষাদর্শনের অন্যতম অনুসঙ্গ ছিল নারীশিক্ষা ও শিশুশিক্ষা। শিক্ষাব্যবস্থার প্রকৃত রূপ সম্পর্কে কোনো প্রশ্নকে তিনি আপত্তিকর বলে মনে করেছেন। তাঁর মতে শিক্ষাব্যবস্থা এমন হতে হতে হবে যা মানুষের জীবনঘনিষ্ট। এ প্রসঙ্গে আতিউর রহমান বলেন–

> ''শিক্ষাপ্রণালী কেমন হওয়া উচিত–এ প্রশ্ন রবীন্দ্রনাথের কাছে আপত্তিকর মনে হয়েছে। কেননা জীবন আর শিক্ষা ভিন্ন ভিন্ন জিনিস নয়। মূলত: জীবনচলার জন্যে, সুন্দর ক'রে বাঁচার জন্যে মানুষের শিক্ষার প্রয়োজন হয়। শিক্ষা তাই জীবনবিচ্ছিন্ন কোনো প্রস্তাবনা হতে পারে না।''[১৫]

শেষ কথা

রবীন্দ্রনাথ একজন শুদ্ধ কবি হয়েও মানবসমাজের এমন কোনো দিক নেই যেদিকটাতে তাঁর ভাবনার স্পর্শ পায়নি। তিনি একদিকে যেমন ছিলেন দার্শণিক ভাববাদী অপরদিকে ছিলেন জীবনবাদী। আধ্যাত্মবাদের সঙ্গে জীবনবাদের সমন্বিত রূপের মাঝে নিহিত রয়েছে তাঁর ভাবনাগুলোর প্রকাশ অর্থাৎ সমাজের কল্যাণে গৃহীত বিভিন্ন ক্ষেত্রভিত্তিক পদক্ষেপ। মানবকল্যাণচেতনা সমৃদ্ধ এই কবির লেখায়-মননে-কর্মে লাঞ্ছিত-বঞ্চিত ও অবহেলিত মানুষের কথা উঠে এসেছে পুনঃপুনঃ। তাঁর সাহিত্য ও কর্মসাধণায় মানুষের প্রতি যুক্তিহীন অন্ধবিশ্বাসের হাত থেকে মুক্তির প্রচেষ্টা ছিল। তিনি মনে করতেন, মোহমুক্তবুদ্ধি, সংকীর্ণ নিষেধের শাসন থেকে মুক্তি এবং অনৈক্যবোধ থেকে মুক্তির মাধ্যমে মানুষের জাগরণ ঘটে। দীর্ঘজীবনব্যাপী তিনি প্রতিটি সামাজিক-রাজনৈতিক ঘটনায় আলোড়িত হয়েছেন এবং কোনো কোনো ঘটনার সঙ্গে তাঁর সংশ্লিষ্টতা ছিল প্রত্যক্ষ। মানুষের প্রতি, জীবের প্রতি গভীর মমত্ববোধ, সমাজের প্রতি কর্তব্যবোধ তাঁর জীবনাদর্শের মূল বক্তব্য। বাঙালী সংস্কৃতির রূপকার রবীন্দ্রনাথ আমাদের চিরকালের অহংঙ্কার। উপমহাদেশে আর্থ-সামাজিক প্রেক্ষাপটে তাঁর জীবনাদর্শ আমাদের এক পরম নির্ভরতা। সেদিক থেকে বিবেচনা করলে আমাদের সমাজে রবীন্দ্রনাথের গ্রহণযোগ্যতা ও প্রাসঙ্গিকতা ইতিবাচক। কোনো কোনো মহলের বিতর্ক, বিরোধিতা সত্বেও রবীন্দ্রনাথের জীবনদর্শন, তাঁর আর্থ-সামাজিক ভাবনার প্রতিফলন হয়ে উঠেছে চিরন্তন।

তথ্যসূত্র

১. মুখোপধ্যায়, প্রভাতকুমার (২০০৭)। রবিজীবনী। কলকাতা: আনন্দ পাবলিশার্স। ৫ম খণ্ড: পৃঃ ২৯১-২।

২. মুখোপধ্যায়, শিশির (২০১০)। *শ্রীনিকেতন: রবীন্দ্রনাথের পল্লিসংগঠন ও কৃষিচিন্তার জাতীয় গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান*। তপনকুমার সোম সম্পাঃ *রবীন্দ্রনাথের শান্তিনিকেতন ও শ্রীনিকেতন*। কলকাতা: দীপ প্রকাশন। পৃঃ ৪৬২।

৩. আহমদ রফিক (২০১১)। নানা আলোয় রবীন্দ্রনাথ। ঢাকা: অনিন্দ্য প্রকাশ। ১ম খণ্ড: পৃঃ ৪৬৭।

৪. ঠাকুর, রবীন্দ্রনাথ। *সমবায়নীতি-১*, *রবীন্দ্র রচনাবলী*। কলকাতা: বিশ্বভারতী। ১৪শ খণ্ড: পৃঃ ৩১৩।

৫. ঠাকুর, রবীন্দ্রনাথ। *রাশিয়ার চিঠি*, *রবীন্দ্র রচনাবলী*, কলকাতা: বিশ্বভারতী। ১০ম খণ্ড: পৃঃ ৫৬২-৩।

৬. বাদল কুমার ঘোষ (১৪০৬ বাং)। *বিকল্প উন্নয়ন দর্শন; রবীন্দ্রনাথের অর্থনৈতিক চিন্তার আলোকে। বাংলাদেশ উন্নয়ন সমীক্ষা।* ঢাকা: বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান। বার্ষিক সংখ্যা: পৃঃ ১৬৮

৭. আহমদ রফিক (১৯৯৮)। *রবীন্দ্রভূবনে পতিসর*, ঢাকা: সাহিত্য প্রকাশ। পৃঃ ১৮৫-৬।

৮. আহমদ রফিক (২০১১)। নানা আলোয় রবীন্দ্রনাথ। ঢাকা: অনিন্দ্য প্রকাশ। ১ম খণ্ড: পৃঃ ৪৬৯।

৯. আহমদ রফিক (২০১১)। নানা আলোয় রবীন্দ্রনাথ। ঢাকা: অনিন্দ্য প্রকাশ। ১ম খণ্ড: পৃঃ ২০৩।

১০. ঠাকুর, রবীন্দ্রনাথ (১৩৯৩ বাং)। রবীন্দ্র রচনাবলী। কলকাতা: বিশ্বভারতী। ২য় খণ্ড: পৃঃ ৬২৪।

১১. আহমদ রফিক। প্রাগুক্ত। পৃঃ ১৬৪।

১২. উপর্যুক্ত। পৃঃ ৭৫।

১৩. আতিউর রহমান (২০০৪)। *রবীন্দ্র চিন্তায় দারিদ্র্য ও প্রগতি*। ঢাকা: উৎস প্রকাশন। পৃঃ ৬৯।

১৪. ঠাকুর, রবীন্দ্রনাথ। *লক্ষ্য ও শিক্ষা*; রবীন্দ্র রচনাবলী। কলকাতা: বিশ্বভারতী। ত্রয়োদশ খণ্ড: পৃ:৭০০।

১৫. আতিউর রহমান (২০০৮)। রবীন্দ্রভাবনায় সমাজ, সংস্কৃতি ও অর্থনীতি। ঢাকা: অ্যাডর্ন পাবলিকেশন। পৃ:১০৯।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

Birth-Philosophy of Bangladesh and Future of Bangladesh: A Study Towards Building a Welfare State

Kalyankar Mistry*

Abstract

This paper believes that the birth of Bangladesh was possible due to Bangali nationalism, secularism, and a strong aspiration for establishing a welfare state free from poverty, misrule, injustice, social deprivation, and discrimination. But the independent Bangladesh denied to establish the "Birth-Philosophy of Bangladesh (BPB)" as such the post-independence crises were risen and thus Bangladesh could not proceed towards her final destination of building a welfare state. This paper argues that growth of GDP and GNI will have little impact in attaining the sustainable development and establishing democracy for ensuring peace in society until the "Birth-Philosophy of Bangladesh (BPB)" is materialized and practiced dully in every stage of our social and national life. In this perspective, in the eyes of a young Bangladeshi, the future of Bangladesh has been drawn and the Kalyan's State Vision (KSV) based on the "Birth-Philosophy of Bangladesh (BPB)" is presented to the nation.

Key Words: *Birth-Philosophy of Bangladesh (BPB), poverty, deprivation, discrimination, sustainable development, Bangali Cultural-Civilization, Bangali nationalism, Secularism, Democracy, Welfare State.*

---

* Ph. D. Researcher, DU & Deputy Manager (Administration), Bangladesh Chemical Industries Corporation (BCIC), Ministry of Industries, Dhaka. Mail: kalyan2025@yahoo.com

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

1. Keeping Eyes on the Future

The 21st century Bangladesh has made its people disappointed and insecure as unrest and uncertainty prevailing in the fields of politics, economy, development, education, governance, and other social and national sectors that are always keeping the people very anxious and unhappy leading them to be afraid in thinking about the future of Bangladesh. No one knows where our country goes. But we have to know where Bangladesh is going, because we love Bangladesh; we live in Bangladesh; we have only one Bangladesh and we got this Bangladesh at the cost of a sea of blood. Our life and future of Bangladesh are inseparable. The 'Birth-Philosophy of Bangladesh' was to build a democratic, developed and secular state free from poverty, social injustice, discrimination and deprivation, and any kind of injustice based on ethnic background. Bangladesh could be a middle-income country 20 years ago if the "Birth-Philosophy of Bangladesh (BPB)" was dully established in our social and national life. The 'Birth-Philosophy of Bangladesh' should have been the foundation of the philosophy of development. The authority of Bangladesh failed to perceive this truth. Even after 43 years of independence, this truth needs to be perceived in order to restart the journey of establishing the 'Birth-Philosophy of Bangladesh'. Because, Bangladesh cannot deny to establish her 'Birth-Philosophy'. The starting of this millennium should have been the celebration year for Bangladesh as a poverty and illiteracy free country, but even after one and half decade of that, Bangladesh is still planning for becoming a middle-income country in 2021. After crossing the 43rd anniversary of independence, Bangladesh has to face the most crucial question of what is the future of Bangladesh. What will be the answer to this question? No one knows! These feelings have led a young Bangladeshi to draw the future of Bangladesh based on the study of time.

1.1 Key Components of Birth-Philosophy of Bangladesh (BPB)

1. Bangali Cultural-Civilization, Nationalism and Secularism
2. Discrimination and Deprivation Free Governance
3. Economic Freedom and Poverty Free Country
4. Ensuring Basic Rights of People
5. Cravings for a Welfare State

1.1.1. BPB: A Brief Explanation

The tyranny of the Pakistani ruler made the people of this region adamant to making an independent state where there would be no misrule, no discrimination, no social deprivation, and no social injustice. This nation strongly hoped to

establish a welfare state for themselves and their future generation. '1947' was the biggest mistake of Indian political history that created scope of destroying the Bangali cultural-civilization, nationalism, secularism and peaceful social life. '1971' was the best time for the Bangali nation to correct that mistake and to establish an independent state based on Bangali cultural-civilization, Bangali nationalism, and secularism. In 1971, the Bangali nation unanimously decided their final destination of building a welfare state where there will be no misrule, no discrimination and deprivation, no poverty, no fanatics, and no violation of human rights. The common people who carried unfortunate luck ages after ages, at least, hoped this. In 1971 this nation also settled the key principles of governing the country— Bangali nationalism, democracy, secularism and socialism which were the four foundations of the constitution of the People's Republic of Bangladesh. This philosophy is called the "Birth-Philosophy of Bangladesh (BPB)". But the reality is that the dream of the Bangali nation was not fulfilled. Before completion of one decade as an independent state, Bangladesh went away from her "birth-philosophy" and stood against it. From then, Bangladesh lost the way. It might be true that by going away from her birth-philosophy, Bangladesh killed her own dream and promise that once Bangladesh had. It might also be true that by doing these, Bangladesh killed her bright future. It was just a suicidal act for Bangladesh.

1.2 The Constitution Admits BPB

The constitution of the People's Republic of Bangladesh proclaimed in 1972 in the light of the values and principles of great liberation war offers all the necessary directions for building a democratic, egalitarian, and secular welfare-state. The constitution of 1972 could be the guideline for us in building a just society. One thing should be clear to all that the liberation war'1971 gave birth to our independent Bangladesh. So liberation war and its values should never be a matter of negligence. Some articles are quoted here from the constitution of Bangladesh. Seventh Schedule [Article 150 (2)]-The proclamation of Independence. It reads: "—— In order to ensure for the people of Bangladesh, equality, human dignity and social justice."[1] In the preamble of the constitution, it is said, "Further pledging that, it shall be a fundamental aim of the state to realize through the democratic process a socialist society, free from exploitation, a society in which the rule of law, fundamental human rights and freedom, equality and justice, political, economic and social, will be secured for all citizens."[2] Regarding fundamental rights, Article 27 states, "All citizens are equal before law and are entitled to equal protection of law."[3] Article 28.(1) states, "The

State shall not discriminate against any citizen on grounds only of religion, race, caste, sex or place of birth."[4] Article 29.(1) states,"There shall be equality of opportunity for all citizens in respect of employment or office in the service of the Republic."[5] Article 29.(2) states," No citizen shall, on grounds only of religion, race, caste, sex or place of birth, be ineligible for, or discriminated against in respect of, any employment or office in the service of the Republic."[6] However, the constitution of Bangladesh declares that the people are the source of all power. In reality, it is just a mockery.

2. People's TTQ and TTCP

People of today's Bangladesh who are supposed to be the owner of the country as enshrined in the Article 7 of the constitution of the People's Republic of Bangladesh, have some questions but answers are not found. People are much more anxious about those questions. What are these questions and concerned issues? These are presented here under the headline of "Top Ten Questions (TTQ)" and "Top Ten Concern of People (TTCP)" respectively.

2.1.1 TTQ

Q1. When will the political violence be stopped?

Q2. Is there any possibility of eradicating corruption from this country?

Q3. When will patriotism and nationalism lead our political leadership?

Q4. When will stop all sort of *mastani*, *Todbir*, extortion in the name of politics?

Q5. When will law and order be maintained impartially?

Q6. When will the law enforcing agencies not be used in favor of influential leaders and high officials?

Q7. When will the highway and city's road be free of traffic jam and accident?

Q8. When will the common people be treated as honorable citizens of the country by the authority?

Q9. When will all efforts of the government be invested in protecting the people's interest and right instead of violating?

Q10. When will the common people think of the government as their friend?

2.2 Top Ten Concerns of People (TTCP)

There are some identified issues that are randomly interrupting the smooth process of civic life as well as standing as obstacles to sustainable development

of the country. Moreover, crisis of development is mainly circled with these issues which are called 'TTCP'.

2.2.1 TTCP

1. Political conflicts
2. Corruption
3. Political *mastani*, extortion
4. Traffic jam
5. Road accident
6. Prices of essentials
7. Power and electricity
8. Law and order
9. Black money and *Todbir* (Illegal persuasion)
10. Social injustice

Probably TTCP covers all issues that have already made this nation very helpless and unable to dream for a good day in near future. Ashraf Chowdhury gave evidence, "——- Social instability caused by corruption, cheating, extortion of money, robbery, abduction, eviction, violence at meeting, processions, etc and other organized crimes are important components of daily news of the local dailies in recent years."[7] It is observed that the electronic and print media are very much busy to cover the news related the 'TTCP'. The large portion of the newspaper pages are occupied by the TTQ and TTCP issues. People want the answers to the questions raised in TTQ but they are not getting any. They feel helpless, sometime they feel as betrayed when any elected government forgets the promises pledged to their voters before election.

3. Experts Remarks on Bangladesh's Future

Some renowned experts and institutions of the country made attempts to draw the picture of future Bangladesh in 1995, 2000 and 2010. A revisit to that is as follows:

a. Eminent writer Abul Monsur Ahmad told us his own thoughts about this country, its independence and people. He wrote, "In my childhood, I saw the downtrodden's poverty and their illiteracy. A handful rich people tortured them and now I see, no change has occurred. —— The soil of the country has become independent, but the owner of the soil could not be."[8]

b. 1974: The Bangla version of Plato's Republic translated by National Professor Sardar Fazlul Karim (1925-2014) was published in 1974. He wrote in 'dedication

note' of the book: "By observing the whole society, the situation of social, political and especially prevailing situation in the field of study of knowledge inspired me to dedicate:

"In Bangladesh of 1974
Even then those who study the knowledge
And believe in rationale
For them."[9]

In 1982, he wrote his preface for 2nd edition of the same book, after 8 years of its first publication, "At present in all spheres of our life, instead of decreasing, crisis is increased. For this reason the essence of the dedication note remains the same."[10] Prof. Sardar Fazlul Karim found the situation of the country unchanged both in 1974 and 1982 that could not encouraged him to think himself happy.

c. 1995: In 1995 Musharraf Hossain (Professor, Department of Economics, DU) and Selina Jahan (Associate Professor Department of Economics, DU) jointly wrote an article in Bangla entitled "Bangladesh of 2000" (*Duihazar saler* Bangladesh) which was published in Bangladesh Journal of Political Economy. The writers analyzed the key issues related to development of the country including political, social and international and economical condition etc. In conclusion, they wrote, "The picture of 2000 was horrible, in next 15 years, we will have an unfriendly international environment, state machinery will not be people-oriented, there will be broader disparity in social issues, socio-economic ...that is directly related to development that we will have in 2000, might not be development-oriented."[11] In 1995, those were their predictions regarding "Bangladesh of 2000". We crossed 2000 13 years ago. We are the finest witnesses to the changes in the last 13 years.

d. 2000: On the eve of the new millennium, the University of Dhaka, the highest learning institute of the land, published a book named 'Bangladesh in the New Millennium'[12] edited by Prof. Abul Kalam (Department of International Relations). In this book, there are some articles written by some professors, experts of respective areas, emphasizing those issues that might happen to Bangladesh in the new millennium. What those professors of the highest educational institution wrote about the future of the country is very important. They predicted about some issues related to development, democracy, society, international relations etc ahead of new millennium. Those were 13 years ago. The areas that were needed to be addressed for the improvement, but after 13 years, substantive changes are not visible.

e. At the threshold of the millennium Prof. Rehman Sobhan expressed his observations regarding the overall situation of Bangladesh. His view "As Bangladeshi nears into the new millennium it may be categorized as a land of unfulfilled promise. It was not always seen as a land of promises, even though promises were made, but quite often they remained unfulfilled. ——The country's adverse demography, hostile natural environment, un-diversified economic structure, extraordinary degree of external dependence and unstable political history contained the necessary ingredients of a failed state. ....At the dawn of the new millennium Bangladesh has established that there are areas where adversity can be, and has been, transformed into opportunity which could point to a promising future."[13]

f. A letter entitled 'Vision of the Young' written by this writer which was published in the Daily Star in January 1997.

It reads, "I enjoyed The Daily Star seminar 'Vision of the Young' on 13 January'97. I want to thank The Daily Star family, especially the editor Mr. Mahfuz Anam for this arrangement where the young men got opportunity to express their opinions about the nation. And I would like to thank all the participants for their opinions. There is a great significance of such seminar. The young society is the heart of a nation. I think, we should try to know what the young people are thinking about the nation's present and future. We have crossed a quarter-century as an independent nation. But, what have we got, what was our expectation and what is the present condition of the country? At the end of 20th century, we are the most helpless as a nation in the world. We are going to welcome the 21st century. But what is our preparation in this regard? We really do not have any preparation. This is our limitation and that is the present reality. But our leaders do not seem to realize this reality. Here lies our misery, but there is still time. If we fail to utilize this time, our future will sink in darkness."

I believe what I wrote 17 year ago is also the reality of today's Bangladesh. Needless to explain more. This is the view of the most conscious citizens of the country. In fact it should be.

2.1 2014: Today's reality: Before 12 years, we crossed 2000 and we could easily say how Bangladesh was in 2000. It is true that Bangladesh made some remarkable progress in many sectors but in respect of necessity, it was not satisfactory. Internal political conflict of Bangladesh has been active destroying force for social and economic development. Then in last 15 years, was there not any development in Bangladesh? What are the implications of the growth of GDP, GNI, Remittance, Foreign reserve, and Export in development? There is some

development, but it could not make expected changes in the life status of common people. Dr. Nurul Islam currently is serving World Bank as an economist who wrote a book entitled 'Agami Diner Bangladesh'. His views: "The future of Bangladesh depends on which direction the economy goes."[14] Dr. Islam emphasized on the economic policy for predicting the future of Bangladesh. But in this work, it is again and again declared that the future of Bangladesh depends on the philosophy of state policy and development based on Bangali cultural-civilization, nationalism, and secularism. Prof. Abul Barkat expressed concerns over the situation prevailing in the country. He wrote, "We all are little or much anxious about the overall situation of politics, economy, development and development philosophy of the country and this anxiousness is increasing."[15] He also wrote, "For sustainable development, secular, and patriotic policy is needed."[16] Prof. Mainul Islam made a remark, "State-characteristics of Bangladesh are the main barriers to the development process of Bangladesh."[17]

Prof. Rehman Sobahan, Prof. Mozaffar ahmed, Prof. Mainul Islam, Prof. Abul Barkat, none of them expressed satisfaction in observing and analyzing the government policies and actions that were taken and practiced by the previous governments of last 40 years. They all directly or indirectly suggested a secular, more transparent and credible governance policy for ensuring good governance and materializing the key principles and dreams of the great liberation war of 1971. In their views, the principles of liberation war should be the development philosophy of Bangladesh. All the renowned experts have come to a single point is they all are optimistic about the bright future of Bangladesh that depends on the secular state-policy and its practice and appropriate use of resources and opportunities.

4. Post-Independence Crisis

The present reality of Bangladesh gives evidence that Bangladesh failed to face the post-independence crises due to some factors for which all crises that Bangladesh is facing at present are created. Bangladesh is such a state that was born with heavy expectations of its citizens and debt for its own creation. After independence, this state failed to fulfill the hope of the people. Golam Murshed wrote about this expectation of Bangalis as they fought for an independent land. He wrote, "The Bangalis won independent Bangladesh through a nine month war. In an independent country, practice of human rights, economic freedom, secularism and democracy were expected to such a level that the Bangalis did not get, even though, the colonial regime ended."[18] Many scholars and eminent citizens bear the same views. Why Bangladesh could not proceed towards her

destination of building a developed country based on the 'Birth-Philosophy of Bangladesh'. Bangladesh won the liberation war but failed to face the post-independent crises. The fate of Bangladesh was unfortunate. It can be said, denial to establish the 'Birth-Philosophy of Bangladesh' and values of our great liberation war in national and social life might be the reason for creating post-independence crisis.

There are five basic factors including all the sub-factors and reasons identified under the title 'Factors for Post-Independence Crisis (FPIC)'.

4.1 Factors for Post-Independence Crisis (FPIC)

1. Repudiation of Bangali Cultural-Civilization and Nationalism
2. Discrimination and Social Deprivation
3. Political and Social Instability and Conspiracy
4. Exploitation of State-Power and Wealth
5. International Relations and Conspiracy

4.1.1 FPIC: A Brief

A group of people, who did not accept the independence of Bangladesh, were extremely adamant to introduce a new culture based on religion. They never accepted Bangali-culture. A Bangali poet of middle age Abdul Hakim (1620-1690) explained this issue in his famous poem *"Bangobani"* clearly which we all read in our early stage of student life. He severely criticized those people who tried to divide our history, culture, language, heritage and own civilization on the basis of a particular religion. Abdul Hakim became very serious to identify those culprits who did not show respect to Bangla language. We never forget his words, "*Je Sob Bangete janme Hingse Bangobani/ Sesob Kahar Janma Nrinaye No Jani*"[19] [Those who were born in Bangla but disrespect Bangla language, No identity of those people's birth]. He also advised those people to leave Bangla if they did not love Bangla language." This philosophy of patriotism and nationalism is the teaching of Banglai cultural-civilization. The principles, against which the Bangali nation fought in 1971, unfortunately in independent Bangladesh, have been implemented by the state-mechanism. It might be enough for making conclusion that the vision of liberation war is not implemented. Immediate after the independence, Bangladesh mistook the biggest one by not keeping trust on Bangali cultural-civilization, and nationalism truly that's why hundred of problems and crisis threw the future of Bangladesh to the dark.

The birth of independent Bangladesh was possible because of Bangali nationalism, secularism, and Bangla language. How could it be possible for a people that once united for a common belief and promising future, forget the commitment for which they fought a blood-shedding war and conquered the independence? Immediately after the achievement of the long-coveted independence, the most leading people dramatically changed themselves and became intolerant for becoming rich over night. They did so, as a result, the nation lost the right way. It was possible because of denying Bangali nationalism and patriotism. Prof. Muntasir Mamun became very upset to explain the matter. He has written a book entitled *'Bijayee Hayeeo Ja Parini*' in Bangla which is self-explanatory. He shared his bitter experience "No government took any institutional initiative for research on liberation war.—we appealed to many for establishing an institution for research on liberation war, but no one gave ears."[20] Justice Habibur Rahaman said, "We fought war of liberation for establishing human rights, but after independence, we could not establish human rights. We violated it."[21] How state-power and wealth were misused was described in a book written by Sheikh Fazlul Karim Monir. He wrote, "One day I talked with a foreigner. He said, all are good except one think that all you lost your patience. All of you are involved in unexpected competitions for capturing something valuable at once. We are fighting for repairing the war ravaged country. Suddenly some people became rich in Bangladesh."[22] Probably it does not need to explain more.

The Bangali nation knows how cruel and inhuman the discrimination and social deprivation are. This nation had experience of it during the British and Pakistan period. For this reason, becoming free from discrimination and deprivation this nation fought in 1971. The constitution also prohibits it. Even though it happened in past, it is happening at present and probably it will be continuing to happen in future. Bangladesh was not created for any discrimination and social deprivation based on religion and social status. One of the founding principles of Bangladesh was not to allow any discrimination and social deprivation in any stage of the nation. After the independence, the key positions of the government including civil and military bureaucracy were blocked for some competent and patriotic people who could serve the best for the nation. It was done following the religious doctrine that was followed by the Pakistani ruler. It would be clear if social arrangement viewed by Prof. Sen is studied with due importance. Social arrangements can block the individual's development as well as nation's development. Prof. Sen wrote, "The freedom to lead different types of life is reflected in the persons capability set. The capability of a person depends on a

The literacy rate (literate at initial level and literate at advanced level) for 15-45 years age in national level is 51.3 percent (Literacy Assessment Survey, 2011). The Multiple Indicator Cluster Survey (MICS) 2009 reveals that 81.3 percent of children of primary school age in Bangladesh are attending primary & secondary school and secondary schools are attended by 49.0 percent (LAS, 2011). The study finding shows that most of the family members are interested to go abroad for earning and the family members have no interest in higher education like graduation. For that reason only 5.8 percent arefound H.S.C pass whereas primary pass is 31.3 percent and high school pass is 40.8 percent.

2.5 Occupational Pattern of the Respondents Family Member

In the studied respondents households a significant portion (21.9 percent) of the family members are involved in principal profession like service in abroad

Table 03: Occupational Pattern of the Respondents Family Member

Occupational Pattern	Occupation (%)	
	Primary/Principal (%)	Secondary (%)
Agriculture (Self)	37 (5.8)	11(1.8)
Agriculture (Labor)	05 (0.8)	01(0.16)
Service	05 (0.8)	-
Business	13 (2)	04 (0.62)
Off-farm Labor	06 (0.9)	-
Service in Abroad	142 (21.9)	-
House wives	119 (18.42)	-
Children (0-9 year)	147 (22.29)	-
Student	134 (20.74)	-
Unemployed	38 (5.88)	-
Others	03 (0.49)	-
Total	**646**	**17**

Source: Field Survey, 2014, Multiple Answer Recorded.

followed by service at home country (0.8 percent) and business (2 percent) of which 0.62 percent are involved in business as secondary profession. It also reveals from the table that only 5.8 percent of the respondents are involved in self agriculture as principal profession and among them 1.8 percent respondents are involved as secondary profession.

Beside this 0.8 percent respondents are involved in agriculture as labor as principal profession and among them 0.16 percent of the respondents is involved as secondary profession. A very small proportion of the respondents are involved in off-farm labor. The other groups in the respondents the households are housewife, unemployed, student, adolescences, carpenter, commissioner, children etc, though they are 67 percent in total but they are not directly involved in any economic activities.

2.6 Land Ownership

The Following table expresses the land ownership pattern of the households. It shows that all of the households own homestead land and their average size of

Table 04: Land Ownership Pattern

Pattern of Land	Ownership Pattern			Average Land in Decimal
	Self	**Tenant**	**Lease**	
Homestead	105	-	-	14
Agricultural Land	78	01	05	43
Non Agricultural Land	11	--		20
Pond	64	-	-	6
Fellow Land	02	-	-	10

Source: Field Survey, 2014

Three fourth of the total households own agriculture land and average size of their land is 43 decimal. Land are used as agricultural land and 20 decimal land are used as non agricultural land by the respondents. Moreover 64 respondents opined that they have pond and their average pond in decimal is 6. Study reveals that 10 decimal lands are used as fellow land by the small portion of the households.

2.7 Sources of Income by the Respondents Household Members

One of the most important indicators of the socio-economic status of the studied households is income. It is very difficult to collect actual data on income because people do not keep records of income and do not want to disclose such information to others (Ahmed, 2009:72). As the families one or more members staying abroad, the number of members are more than the households numbers.

The table shows that the highest average annual income (Tk. 294206) is 61 percent is foreign remittance. Whereas, 22 percent respondents household account Tk. 25328 from agriculture. And only 5 percent respondents household accounted Tk. 100778 from others income source category

Table 05: Sources of Income

Source of Income	No. of Earning Members (%)	Average Annual Income (Taka)
Agriculture	49 (22)	25328.00
Agricultural/off-Farm labor	09 (4)	54000.00
Foreign Remittance	139 (61)	294206.00
Service (in country)	04 (2)	180,000.00
Business	14 (6)	125000.00
Others (rent from shop, interest, driving, tailor, pension etc.)	11 (5)	100778.00
Total	226 (100)	
Per Household Average Annual Income		341615.00

Source: Field Survey, 2014 Note: Multiple Answers Recorded

This table also indicates that the average income of the respondents and household members is Tk. 34,1,615. According to HIES-2010, income per HHs in rural areas was found monthly Tk. 9648 i.e. yearly Tk. 1,15,776 (HIES, 28:2010). It means that the average income of the study areas was found very high than that of HIES figure.

2.8 Duration of Staying Abroad

In the studied households 73.33 Percent single members stay abroad where rest of the families about 2 to 4 members stay abroad. It was observed that during field survey that the households have common livelihood strategies of sending more than one member outside the country.

Table 06: Family Members Staying Abroad

No. of Staying Abroad per Family	No. of Families (%)	Total No. of Staying Abroad
1	77 (73.33)	77
2	22 (20.95)	44
3	5 (4.76)	15
4	1 (0.95)	4
	105	140

Source: Field Survey, 2014

But still three fourth of the total households only single members stay outside. But those members who have small business outside can bring more members which

are locally known as free visa. Free visa is the most expensive way of going to middle-east countries especially in Saudi-Arabia. When a person go middle-east having a free-visa can involve himself in any job even in small business. That's why free visa is very attractive package for the people.

Figure 02: Duration of Staying in Abroad



Source: Field Survey, 2014

Staying duration is an important issue related to remittance earning and it's use economic strength. As many years a member of a household can stays outside, the more the household can secure their livelihood as well as can invest the earning in different sectors. In the studied households more than half of the respondent's family members have been living outside for more than five years of time. Less than one third of the members have been staying outside from three to four years of time and rest of the members of the households have been staying less than two years.

2.9 Remittance Flow

Remittances sent by overseas workers have been contributing a lot to the economic development of the country as well as their households.

Figure 03. Pattern of Remittance Flow



Source: Field Survey, 2014

The above figure shows that 54 percent respondents sent their remittance by monthly basis, while 35 percent by quarterly and 11 percent sent remittance by half yearly. The migrant workers who work as contract basis can send money monthly basis as they get their salary regularly, while others who works irregularly or having own business send money irregularly or in quarterly or in half yearly.

2.10 Channel of Remittance Flow

Bangladeshi overseas workers have been using both the formal and informal channels to send their remittances. Among the formal channels, two channels are common, such as draft issued by a bank or exchange house and electronic funds transfers into accounts. Some government banks such as Sonali Bank Limited, Janata Bank Limited, Agrani Bank Limited and Some private commercial banks such as Bank Asia Limited, Prime Bank Limited, AB Bank Limited, United Commercial Bank Limited, Mercantile Bank Limited, Citibank N.A. and Social Islami Bank Limited are very much active in the remittance market. Among the informal channels, they mostly used *Hundi* system.

Figure 04. Channel of Remittance Flow



Source: Field Survey, 2014
Note : Multiple answer recorded

The sender and remitter are avoiding tax and violating foreign exchange rules & regulations that may facilitate money laundering (The Journal of Asian Business Review, 2013:26). During data collection respondents said that they get remittance by several channels. It depends on availability of channels or benefit they want to get soon without any disturbance. The above figure reveals that 85 percent respondents use bank as formal channel and 65 percent respondents use *Hundi* as illegal channel to send remittance to their family. Only 7, 8 and 2 percent

respondents used formal e-transfer, fellow worker and exchange channel respectively for sending remittance. Multiple channels are being used by them. From the key informants interview the comparison scenario have beendrawn in the following table.

Table 07: A comparison of the main Remittance Flow Channel

Mode of transfer	Advantages	Disadvantages
Via formal institutions (Bank, Exchange House)	Reliable, safe	High transaction costs, time-consuming, formal process, generally available only in towns
Via *Hundi*	Speedy, lower transaction costs	Less reliable
By Hand	Speedy, no transaction costs	Risky

***Hundi* : Illegal but most Effective Channel of Money Transfer**

The *Hundi* system is the most widely used method of sending remittances. *Hundi* is preferred because it is quick, efficient, and accessible, requires less documentation and incurs minimum transaction costs. It is most commonly used when remittances are urgently required, and hand-carrying them to Bangladesh is not possible. In the field observation it was found that the migrant labours earn remittance from different sources. But whenever they want to send money through formal banking channel they face different visible and invisible obstacles. Then the workers prefer *Hundi* for transferring their remittance.

2.1 Obstacles of Remittance Flow

Overseas workers of Bangladesh are regularly encountering various problems in sending remittances, especially to the remote areas of the country, through normal channels because the process of sending remittance through bank is sometime slow and complicated. In that case illegal channel like *Hundi* is more favorable to the migrant workers.

Table 08: Obstacles of Remittance Flow

Obstacles	No. of Respondents (%)
Time Constraint	35 (33)
Costly	04 (3.8)
Less Facility	02(1.9)
Inconvenience of Bank	05(4.8)
Staying far away from Bank	15(14.6)
No Obstacles	44 (41.9)
Total	105 (100)

Source: Field Survey, 2014

It reveals that about 42 percent members of respondents families get their remittance without facing any obstacles while rest 58 percent mentioned different obstacles they have facing receiving remittance. The obstacles are time constrain (33 percent), more costly (3.8 percent), less facilities of bank, inconvenicnce of bank, and long distance from the bank.

2.12 Annual Consumption Expenditure

The following figure shows that the average expenditure of households is Tk. 99,000 where highest Tk. 3,00,000 and lowest is Tk. 24,000. It is observed that difference between highest and lowest household expenditure is about Tk. 2,01,000. It depends upon the family status and nature of expenditure items.

Figure 05. Highest, Lowest and Average Consumption Expenditure



Source: Field Survey, 2014

According to Household Income & Expenditure Survey (HIES) report average monthly consumption expenditure per household was Tk. 11,003 i.e. annually Tk. 1,32,036 in 2010. In rural area, the average consumption expenditure was Tk. 9,436 per month i.e. annually Tk. 1,13,232 (HIES, 2010:33). Therefore, it can be said that both national and rural consumption expenditure is higher than the study village's consumption expenditure. Though it was estimated by HIES in 2010. The above figure represents the remittance earner's household consumption expenditure but there is no significant reflection of the same.

2.15 Annual Non Food Expenditure

A significant portion of remittance has been used for fulfilling household nonfood expenditure. According to the respondents, expenditures those happen out of food expenditure are non food expenditure. It shows that all the studied households have the expenditure of clothes, medication, transport, cell phone bill cost.

Significant portions (80 percent) of households have expenditure in education, and the average annual cost about Tk. 20,000. Along with that a major portion of households have the expense of on buying cosmetics, transport and furniture. But the average cost is not very significant, vary from Tk. 3,000 to7,000.

A small portion of households (20 percent) show their expenditure in buying jewellerry and electronic goods. But average cost were found Tk. 64,000 and 8,000 accordingly, that indicates a large portion of remittance has been using in these type of non food expenditure. The studied households show expenditure in agriculture activities and average cost is about Tk. 13,500, which indicate that still a portion of households are still involved in agriculture activities. One third of the respondents (30 percent) show a large portion of expenditure on loan repayment (Tk. 1,73,000) which indicates that still that portion of households are on loan.

One third of the households have taken loan in last two years. The average amount of money is about Tk. 3,86,000. It was found that along with remittance they lend money for reinvestment. The types of investments: buying land, constructions cost of house, buying motor vehicles, processing fee of going abroad as migrant worker, investment in micro industry (rice mill), investment in small business, fishery etc.

2.16. Type of Investment by Remittance

In the study it shows that still one third of the households of the respondents are still on debt. They took loan with in last two years and the average amount of loan taken by them is close to four hundred thousand taka, which is big amount compare to their family income. The families who took loan in last two years only a single family has used that money for family expenditure. Other three families have used that loan for marriage cost of their daughter. But out of those other families use that loan in different kind of investment. The highest use of the loan is for going abroad as migrant worker. Processing expanse of going outside in is very high in Bangladesh. The average cost of going middle east country from Bangladesh is very high. Bangladeshi migrants pay some of the highest recruiting fees in the region – the average cost per person wishing to work abroad is 4.5 times higher than the GDP per capita of Bangladesh (Tom de Bruyn, 2008).

Saving money for emergences was reportedly the responsibility of the remittance-sender, rather than the recipient, and most recipients spent everything they were sent. What savings they were mostly in valuables (jewellery, household items), rather than cash. Just under half of recipients (43%) told us that remittances were used for daily household expenditures (food, clothing, healthcare, school fees). A

third (32%) said that, in addition, they used remittance money to pay off debts, refurbish the home, pay wedding expenses and arrange dowries for their children. Some 20% of the respondents stated that they used the remittances for housing construction and investment in real estate.

How remittances were spent tended to depend on how long a household had been receiving them. The repayment of loans that were taken to cover the costs of migration is typically the first priority for the first one to two years. Households that had been getting remittances for the previous two years typically spent the money on household expenses and food. Households with four or more years' remittance flows were usually those with extra money to spend on homes and weddings.

Table 12: How remittances have been used

1. House construction, 2. Food/education/health, 3. Buying Land, 4. Giving Loan, 5. Investment in Bussiness, 6. Buying Auto-vehicle, 7. Investment in Agriculture & 8. Buying Flat

It shows in the study that, a large portion of remittance is being used in household consumption, noon food expenditure and repaying loan. Along with that it was also observed that, a significant portion of remittance has been used for construction, rebuild of house and buying land. In objective of the study is to identify the promising sector where remittance can be properly or positively used. This information was collected through questionnaire and informal interview.

In last three years some families have used remittance in financial institutes, specially in multipurpose co-operatives and in had business. The builies house used their scarings in multipurpose cooperatives like IDLC. The came was high return in interest. But most of the multipurpose cooperative have baced beyal and institutional set back. Some builies can not bring back their investment. But still the more then half of the respondents (65) pointed that financial institution can be a potential sector for investment of remittance.

About one fourth of the total respondents pointed that investment in small and medium industry can be another potential sector where remittance can be probably made. Along with that-they identify some obstacles of using remittance. The builies are lack of manpower, lack of market facility, institutional support of govt. Some builes do not have enough land to use it as investment, as most of the remittance is being used in household consumption.

2.17 Use of Remittance and Role of Women

In studied household it indicates that 47% of total population is women. But not a single woman from any households has been found living outside as overseers workers. The household where male members stay outside women have to play the role of temporary household head. Women members have to play important role like marketing household need, Schooling for the children, Drawing remittance from Bank and maintaining household assets. Above she has to bear the responsibility of proper utilization of remittance. For doing this the mobility of women have increased significantly in the studied area.

Observation also prevail during field work that, use of *hijab* has increased a lot. Though the women mobility has increased but they are still being controlled by male members of the households. Use of mobile phone has increased where the male members staying outside dictate the woman member how to use the remittance.

2. Conclusions

Remittance has been playing vital role in socio economic development in Bangladesh. The study identifies some areas of remittance use as well as some potential sector and problem of using remittance in investment sector in rural area. The study identifies the following finding.

1. A significant number of male members are working abroad as migrant workers. Though three fourth of the total households own agricultural land but service in abroad has become the principal livelihood of the studied households.
2. The average income range of the studied families is higher than the national average income.
3. *Hundi* still is the most popular way of sending remittance, though it is illegal and risky. But the migrant worker likes it for no processing fees and for no official procedure among the studied households most of them are receiving remittance regularly.
4. Remittance still largely has been used for household consumption. But it was observed during fieldwork that the quality of consumption both in food and nonfood items have improved due to the influence of remittance.
5. There is a high trend of sending more family members to abroad as worker. This helps the families to keep themselves more dependent on remittance. But this process does not encourage the youth for higher

study. Higher study situation is not satisfactory in the studied household.

6. A significant portion of the studied households is still under debt. This is because of high cost of processing fees for going abroad, reconstruction of houses where only remittance cannot support, and poor management or misuse of remittance.

7. Investment of remittance in productive sector is not very impressive, but the households identify some sectors like small industry, financial insitutions and in agriculture. In last four years some households are facing problems of getting profit as well as investment from multipurpose cooperatives. Investment in land business still is the dominant sector of investment of remittance in the studied area.

References

1. Aggarwal, Reena; Asli Demirgüc-Kunt; and Maria Soledad Martínez Peria (2006). Do Worker's Remittances Promote Financial Development? Washington, DC: World Bank, *World Bank Policy Research Working Paper* No. 3957 (July); available at: http://www wds.worldbank.org/servlet/WDSContentServer/WDSP/IB/2006/06/28/000016406 _20060628102507/Rendered/PDF/wps3957.pdf.
2. Ahmed, Md. Shoaib (2010). Migrant Workers Remittance and Economic Growth: Evidence from Bangladesh. ASA University Review, Vol. 4 No. 1 (January-June), pp. 1-13; available at: http://www.asaub.edu.bd/ data/asaubreview/v4n1sl1.pdf.
3. Bangladesh Bank Research Report 2012. (From http://www.bangladesh-bank.org)
4. Bangladesh Bureau of Statistics, 2011
5. Bureau of Manpower, Employment and Training Report, 2012. (From http://www.bmet.org.bd)
৬. ড. মোঃ আখতারুজ্জামান *et al* (June 2011) "বাংলাদেশে রেমিট্যান্সের ব্যবহার ঃ ভবিষ্যৎ দিক- নির্দেশনা," বাংলাদেশ ব্যাংক, Dhaka
7. Encyclopedia of Social Science,2007
8. FOREIGN REMITTANCE OF BANGLADESH, MAY 2009 http:// mamunseraji.wordpress.com/2010/05/12/ foreign-remittance-of-bangladesh/
9. Hussain, Zahid with Farria Naeem (2009). Remittances in Bangladesh: Determinants and 2010 Outlook. Washington, DC: World Bank, blog of 07/01/2009; available at: http://blogs.worldbank.org/ endpovertyinsouthasia/print/514.
10. Literacy Assessment Survey(LAS) Report, 2011
11. Mahmood, R.A. (1985). Bangladesh: Selected Issues in Employment and Development. The Asian Employment Programme (ILO-ARTEP), Bangkok. http:// mamunseraji.wordpress.com/ 2010/05/12/ foreign-remittance-of-bangladesh/
12. Matin, K.A. (1994). The Overseas Migrant Workers, Remittances and The Economy of Bangladesh:1976/77 to 1992/93.Dhaka University Journal of Business Studies, Vol. 15, No.2, pp. 87-109.
13. Ratha, Dilip; Sanket Mohapatra; and Zhimei Xu (2008). Outlook for Remittances Flows 2008-2010. Washington, DC: World Bank, Development Prospect Group, Migration and Development Brief, No. 8(November); available at: http://siteresources.worldbank.org/ INTPROSPECTS/Resources/334934-1110315015165/MD_Brief 8.pdf.
14. Refugee and Migratory Movement Research Unit. 2008. Migration, Remittances and Development, Policy Brief 4, RMMRU, Dhaka.
15. Report of the Household Income & Expenditure Survey (2010), Bangladesh Bureau of Statistics, Ministry of Planning, Government of Bangladesh

16. Salim, R.A. (1992). Overseas Remittances in Bangladesh: Importance, Potentialities and Policy Options, The Jahangirnagar Review, Part II, Social Science: Vols. XIII & XIV, The Jahangirnagar University, Dhaka.

17. Shoronica on International Migrant's Day (2011), Ministry of Expertise' Welfare and Overseas Employment, Dhaka

18. Siddique, Abu; E. A. Selvanathan; and Saroja Selvanathan (2010). Remittances and Economic Growth: Empirical Evidence from Bangladesh, India and Sri Lanka. Crawley, Australia: The University of Western Australia, Economics Department, Discussion Paper 10/27 (August).

19. Siddiqui, T. 2005. International Labour Migration from Bangladesh: A descent work perspective. Working Paper No.66, Policy Integration Department, National Policy Group, International Labour Office, Geneva.

20. Siddiqui, T. 2009.Efficiency of Migrant Workers' Remittance: The Bangladesh Case, May 2009, RMMRU, University of Dhaka http://www.asiaone.com/Business/ News/ SME+Central/Story/ A1Story20080325-56157.html

21. Asian Development Bank,Manila, August http://www.samren.org/Research_Papers/ doc/ADB Remittance Study.pdf, May 2009

22. Stahl, Charles W. and Ahsanul Habib (1989). The Impact of Overseas Workers' Remittances on Indigenous Industries: Evidence from Bangladesh. *The Developing Economies*, Vol. 27, pp. 269-285.

23. The Bangladesh Journal http://www.bangladeshjournal.com/article/Business/67/ , Jan 09

24. Tom de Bruyn and Umbareen Kuddus, "Dynamics of Remittance Utilization in Bangladesh", International Organization for Migration, Migration and Development programme, January 2005; b) Building a future back home Leveraging migrant worker remittances for development in Asia, The Economist Intelligence Unit, 2008; P-9aaa

25. World Bank Report 2012.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

ভূমি অধিকার এবং আমাদের সমাজ বাস্তবতা : কতিপয় সুপারিশ

মুহাম্মদ জসীম উদ্‌দীন*

সার-সংক্ষেপ

আলোচ্য প্রবন্ধে সামগ্রিক উন্নয়ন গতিশীল ও টেকসই করার মানসে দেশের অগণিত ছিন্নমূল দরিদ্র মানুষের ভাগ্য উন্নয়নে প্রথম পদক্ষেপ হিসেবে এসব খেটে খাওয়া মানুষের ভূমি অধিকার নিশ্চিত করার উপর আলোকপাত করা হয়েছে। প্রবন্ধের শুরুতে লক্ষ্য ও উদ্দেশ্য এবং তথ্য ও পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছে। বাংলাদেশের ছিন্নমূল মানুষের উৎপত্তি ও ইতিহাস, ছিন্নমূল মানুষ পূনর্বাসনে গৃহীত কার্যক্রম ও মূল্যায়নের উপর আলোকপাত করা হয়েছে। বাংলাদেশের উন্নয়নকে প্রকৃত অর্থে টেকসই, সময়োপযোগী এবং বাস্তবসম্মত করতে ছিন্নমূল মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের কোন বিকল্প নেই। আর তা নিশ্চিত করতে সবার আগে সকলের ভূমি অধিকার নিশ্চিত করার উপর জোর দেয়া হয়েছে। প্রবন্ধের শেষাংশে দেশের অগণিত ছিন্নমূল মানুষের সে অধিকার নিশ্চিত করে তাদের জীবন মান উন্নয়নে কতিপয় সুপারিশ উত্থাপন করা হয়েছে।

১. ভূমিকা

ভূমি মানুষের সবচেয়ে প্রাচীন মৌলিক জন্মগত অধিকার। প্রতিটি মানুষের ন্যূনতম একটি নির্দিষ্ট পরিমাণ ভূমি থাকা বাঞ্ছনীয়। আবুল বারকাত ও প্রশান্ত কে রায় তাদের গবেষণা গ্রন্থ "Political Economy of Land Litigation in Bangladesh A Case of Colossal National Wastage" এ ভূমিকায় উল্লেখ করেছেন, ভূমি হচ্ছে একমাত্র স্থাবর সম্পত্তি, যা কিনা সমগ্র কৃষি, স্থাপনাসমূহ, গাছপালা, প্রতিষ্ঠানাদি এবং শিল্পের সাথে জড়িত সবকিছুকে অন্তর্ভূক্ত করে। একটি কুঁড়েঘর নির্মাণের জন্যও প্রয়োজন একখন্ড জমি এবং এটা অনুরূপ সত্য বিশ্ব বাণিজ্য কেন্দ্রের মতো বিশাল বহুতল ভবন নির্মাণের জন্যও। একটি সুন্দর সমাজ, সমৃদ্ধশালী জাতি তথা টেকসই উন্নয়ন নিশ্চিত করার কথা বলতে চাইলে সবার আগে প্রতিটি নাগরিকের ভূমির অধিকার যে কোন মূল্যে নিশ্চিত করতে হবে। একজন

* প্রভাষক, অর্থনীতি বিভাগ, সিলেট ক্যাডেট কলেজ, সিলেট

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

নাগরিক হিসেবে প্রতিটি মানুষের উচিৎ প্রতিটি মানুষের সে অধিকার প্রতিষ্ঠার আন্দোলনে শরিক হওয়া। সেই সাথে রাষ্ট্রের উচিৎ সে অধিকার নিশ্চিত করাকে প্রথম ও প্রধান কাজ হিসেবে গণ্য করা।

আমাদের দেশে ভূমিহীন বাস্তুহারা মানুষের সংখ্যার কথা ভাবলে আৎকে উঠতে হয়। এদের সংখ্যা দিনে দিনে বেড়েই চলছে। বিপুল জনসংখ্যা অধ্যুষিত এই বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে ভূমির মূল্য অস্বাভাবিক হারে বেড়ে চলেছে। সেই সাথে ইরি ফসল চাষের প্রচলন, কৃষি উৎপাদন বৃদ্ধি, কালো টাকার প্রসার, রাস্তা-ঘাট উন্নয়নসহ যোগাযোগ ব্যবস্থার উন্নতি, অসম অর্থনৈতিক উন্নয়ন প্রভৃতি কারণে জমির দাম ক্রমবর্ধমান হারে বেড়েই চলছে। এমন বাস্তবতায় বাস্তুহারা মানুষের অবস্থা কি হতে পারে তা সহজেই অনুমেয়। একজন মানুষ চাষ যোগ্য জমি জমা বিক্রি করতে পারে কিন্তু বসত বাড়ী কোন অবস্থাতেই না। আমাদের সমাজে এমন উপলদ্ধি থাকলে এবং সে উপলদ্ধি রাষ্ট্রীয় কার্যক্রমে প্রতিফলিত হলে একটি পরিবার কোন অবস্থাতেই বাস্তুাহারা হবার কথা নয়। অন্য কথায় বসত বাড়ী বিক্রি করা যাবে না এমন একটি আইন বলবৎ এবং কার্যকর থাকলে এদেশের বাস্তুহারা মানুষ তৈরী হতো না। কিন্তু বাস্তুহারা মানুষের অনুকূলে এমন সংস্কৃতি আমরা কখনই তৈরী করতে চাইনি। কেন চাইনি এবং এখনো কেন হচ্ছে না? এটা বিরাট প্রশ্ন। যে কোন বিবেকবান সচেতন মানুষের মনে এমন প্রশ্ন থাকতেই পারে।

একজন বিত্তহীন মানুষ সমাজের সবচেয়ে নিগৃহীত ব্যক্তি। সবার কাছে সে অবহেলার পাত্র। তাকে নিয়ে সকলেই উপহাস বিদ্রুপ করে। কারো কাছে মানুষ হিসেবে বিবেচিত হয় না । তার জরাজীর্ণ শরীর ,রুগ্ন চেহারা কাউকে আকৃষ্ট করে না। তার মতামত, ভাবনা, ধ্যান-ধারনা এমনকি সমাজের প্রতি ক্ষেত্রে তার কঠোর পরিশ্রমও আমাদের সমাজ বাস্তবতায় কোন প্রকারের মূল্যায়ন হয়না।

ভূমিহীন এবং বিত্তহীন ধারনা দুটি সম্পর্কে কিছু আলোচনা প্রয়োজন। .৪৯ শতক বা তার চেয়ে কম পরিমাণ জমির অধিকারি সবাইকে ভূমিহীন বলা চলে। তার মানে যার বসত বাড়িছাড়া চাষ বাসের সামান্য জায়গা আছে কিংবা নেই এমন মানুষ ভূমিহীন। অপর পক্ষে যার বসবাসের জায়গা জমি নেই তাকে বিত্তহীন বলা যায়। অর্থাৎ যারা অন্যের বাড়িতে বাস করে বিভিন্ন সরকারি স্থাপনা, খেলার মাঠ, রাস্তাঘাট, রেলস্টেশন, বড় গাছ, পরিত্যক্ত ভবন, ইত্যাদিতে বসবাস করে এদের সবাই বিত্তহীন। অর্থাৎ সামান্য হলেও ভূমিহীন মানুষের বসবাসের জায়গা থাকে। কারো কারো বসবাসের জায়গার পাশাপাশি চাষযোগ্য জমিও থাকে। তবে তা নিতান্তই সামান্য। কিন্তু, বিত্তহীনদের বসবাস বা চাষযোগ্য কোন প্রকারের জায়গা জমি থাকে না। এদেরকে ছিন্নমূল, বাস্তুহারাও বলা যায়। যার মানে দাঁড়ায় সকল বিত্তহীনই ভূমিহীন কিন্তু সকল ভূমিহীন বিত্তহীন নয়।

বিত্তহীনদের মধ্যে খাসজমি বিতরণ করা হলে দেশে একটি পরিবারও ভূমিহীন থাকবেনা। দীর্ঘদিন ধরে এই কথা শুনে আসছি। স্বাধীনতা পরবর্তী প্রতিটি সরকারই দারিদ্র্য বিমোচনে সোচ্চার হলেও কোন সরকারই আন্তরিকতার সাথে এই কাজটি করা হয়। খাস জমি বিতরণে কয়েকবার উদ্যোগ নেয়া হলেও বারবার তা অত্যন্ত সীমিত, বন্ধ অথবা অসমাপ্ত রাখা হয়। কিছু কিছু খাস জমি বন্টন করা হলেও প্রকৃত দরিদ্ররা তা পায়নি, অথবা পেলেও পরবর্তীতে প্রভাবশালীরা তা দখল করে নিয়েছে। অধিকন্তু প্রয়াজন নেই এমন ব্যক্তি, গোষ্ঠী, সংস্থা, সংগঠন প্রতিষ্ঠান খাস জমিগুলো দখল করে রেখেছে। গত ১৮ সেপ্টেম্বর ২০১৪ প্রথম আলো পত্রিকায় 'বন্দোবস্ত দিনমজুরের নামে ভোগ দখলে প্রভাবশালীরা' শিরোনামে এক প্রতিবেদনে কিভাবে একজন দিনমজুরের নামে বরাদ্দকৃত জমি প্রভাবশালীরা দখল করে নিয়ে যায় তা বর্ণনা করা হয়েছে। সঙ্গত কারণে খাস জমি বিতরণ তথা দারিদ্র্য বিমোচনে আমাদের আন্তরিকতা ও অঙ্গীকার নিয়ে প্রশ্ন উঠতেই পারে। আমরা যে ভাবেই বিচার করিনা কেন খাস জমি

মূলতঃ ভূমিহীনদের হক। কিন্তু বিদ্যমান বাস্তবতায় দেশের মোট খাস জমির সামান্য পরিমাণই প্রকৃত ভূমিহীনদের দখলে আছে। আর পুরোটাই আছে প্রভাবশালী জোতদারদের দখলে। হতবাক হতে হয় যে, সচেতন মহলের বিভিন্ন ব্যক্তি বা গোষ্ঠী বিভিন্ন কৌশলে, বিভিন্ন উপায়ে রাজনৈতিক ও প্রশাসনিক সহায়তায় উল্লেখযোগ্য পরিমাণ খাস জমি গুলো দখল করে রেখেছে। যে সব অজুহাতে খাস জমি দখল করে রাখা হয় বা হচ্ছে তার কিছু নমুনা নিম্নে উত্থাপন করা হলো -

১। প্রতিষ্ঠিত এনজিও সহ অনেক এনজিও দারিদ্র্য বিমোচনের নামে খাস জমি দখল করে নিচ্ছে।

২। কর্মসংস্থান সৃষ্টি, শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নামে অনেক প্রভাবশালী, আমলা রাজনীতিবিদ ব্যবসয়ী।

৩। বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের নামে।

৪। রাজনৈতিক দল গুলোর দলীয় কার্যালয় স্থাপনের নামে।

৫। বিভিন্ন সমিতি, ক্লাব স্থাপনের নামে।

৬। মসজিদ, মন্দির স্থাপনের নামে।

৭। প্রেস ক্লাব, খেলার মাঠ, শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনের নামে।

৮। পাঠাগার, শিশু কিশোর সংগঠনের নামে।

বিভিন্ন কৌশলে এভাবে খাস জমি দখল করে রাখা কোন অবস্থাতেই কাম্য হতে পারে না। খাস জমির প্রকৃত পাওনাদার কেবল ভূমিহীন মানুষ। ভূমিহীন মানুষের বাসস্থানের জন্য প্রয়োজনীয় ভূমি নিশ্চিত করার দায়িত্ব রাষ্ট্রের। বাংলাদেশের মত দেশ যেখানে প্রায় চার কোটি মানুষের বাসস্থানের জন্য সামান্য ভূমি নেই, যেখানে খাস জমি ভূমিহীনদের মধ্যে বিতরণ অতি জরুরী সেখানে খাস জমি বেদখল হওয় যৌক্তিকতা কতটুকু? আমরা প্রতিনিয়তই দেখছি ভূমিহীনদের জমি দেয়ার কথা বলা হলেও বাস্তবে অনেক ভূমিহীন বাস্তুভিটা বিক্রি করে বিত্তহীনে পরিণত হচ্ছে। নিম্নোক্ত কারণে মানুষ বসত বাড়ী বিক্রি করে থাকে যেমন :

১। পরিবারের কেউ গুরুতর অসুস্থ হলে তার চিকিৎসার জন্য;

২। অধিক ঋণগ্রস্থ হলে;

৩। মামলা মোকদ্দমায় জড়িয়ে;

৪। গ্রাম্য রাজনীতির প্যাঁচে পড়ে বিভিন্ন সালিশে জরিমানা দিয়ে;

৫। যৌতুক, বিয়ে বা অন্য কোন কারণে অর্থের প্রয়োজন হলে;

৬। জুয়া খেলে, অপচয় এবং অর্থের অপব্যবহার করে;

৭। মদ, গাঁজা বা অন্য কোন নেশার আসক্ত হয়ে;

৮। এনজিওদের ক্ষুদ্র ঋণের খপ্পরে পড়ে।

এছাড়া নদী ভাঙ্গন, জলোচ্ছাস ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে উপকূলীয় চর এবং হাওড় এলাকার প্রতি বছর এক উল্লেখযোগ্য পরিমাণ মানুষ বাস্তুহারা হয়ে থাকে। সত্যিকার দারিদ্র্য বিমোচন করতে চাইলে এবং বিত্তহীন মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন চাইলে এক একর বা .৯৯ শতকের নীচে যাদের জমি আছে তাদের জমি বিক্রির সুযোগ সম্পূর্ণ রূপে নিষিদ্ধ ও নিরুৎসাহিত করতে হবে। প্রতি

উপজেলায় .৯৯ শতক বা একরের নীচে জমি আছে এমন মানুষের একটি তালিকা থাকা বাঞ্ছনীয়। বর্তমান তথ্য প্রযুক্তির যুগে এমন তালিকা তৈরী মোটেও কঠিন কাজ নয়। ৯৯ শতকের নীচে যাদের ভূমি আছে তাদের জমি যৌক্তিক বা অযৌক্তিক কারণে বিক্রির সুযোগ বন্ধ করতে হবে। সেই সাথে উপকূলীয় চর ও হাওড় এলাকায় নদী ভাঙ্গন জলোচ্ছাস, ঘুর্ণিঝড় বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগ প্রতি বছর যারা বাস্তুহারা হবে তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে।

বাংলাদেশের মত জন বহুল দেশে ভূমির গুরুত্ব সর্বাধিক। এ বিষয়টি সচেতন মহল বেশ ভালোভাবেই উপলব্ধি করে থাকে। কিন্তু দারিদ্র্যে বিমোচনে এই উপলব্ধি কেন কাজে লাগানো হয়না? বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, রাস্তাঘাট, ব্রীজ কালভার্ট, শিল্প কারখানা, অফিস আদালত, হাসপাতাল, কারাগার, প্রভৃতি স্থাপনে প্রতি বছরই উল্লেখযোগ্য পরিমাণ ভূমি অধিগ্রহণ করতে হয়। বেসরকারি পর্যায়েও বিভিন্ন শিল্প কারখানা, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ফিলিং স্টেশন, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও প্রভৃতি স্থাপনে প্রচুর জমি অধিগ্রহণ করা হচ্ছে। জমি অধিগ্রহণে বাস্তব সম্মত সুনির্দিষ্ট কোন নীতিমালা আছে বলে মনে হয়না। ফলে জমি অধিগ্রহণের কারণে অনেক পরিবারকে বাস্তুহারা হতে হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মোট জমির পরিমাণ ১৭৫৪ একর। দেশের পরিস্থিতি বিবেচনায় একটি বিশ্ববিদ্যালয়ের জন্য এত জমি থাকার প্রয়োজন নেই, যৌক্তিকতাও নেই। একটি বিশ্ববিদ্যালয় স্থাপনে সর্বোচ্চ ২০ একর জমি হলেই চলে। এক্ষেত্রে জমি অধিগ্রহণের নীতিমালা সংস্কার করে একটি যৌক্তিক, সুন্দর, স্পষ্ট ও সুনির্দিষ্ট করে দ্রুত বাস্তবায়ন করা জরুরী। সত্যিকার দারিদ্র্য বিমোচন চাইলে তা করতেই হবে।

১৯৫১ সালে প্রজাস্বত্ত্ব আইনে সাধারন প্রজাগণ তাদের চাষ যোগ্য জমিতে স্বত্ব লাভ করে। কিন্তু বিপুল সংখ্যক জনগোষ্ঠী ভূমিহীন এবং বাস্তুহারা থেকে যায়। এদের জীবন মান তথা আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তনে তখন থেকে ভূমি সংস্কারের বিষয়টি আলোচিত হয়ে আসছে। আর এই সংস্কারের অংশ হিসেবে খাস জমি বাস্তুহারা ও ভূমিহীনদের মাঝে বিতরণ করে তাদের পূনর্বাসনের কাছ জোরে সোরে উচ্চারিত হয়ে আসছে। ফলশ্রুতিতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন সময়ে ভূমি সংস্কার এবং খাস জমি বিতরণের উদ্যোগ নেয়া হলেও অদৃশ্য কারণে সে কর্মসূচী কখনোই আলোর মুখ দেখেনি।

নিরঙ্কুশ বিচারে গত তিন দশকে এদেশে ভূমিহীন মানুষের সংখ্যা বেড়েছে দ্বিগুণ। এ ভূমিহীন মানুষের একটি বড় অংশ স্থানান্তরিত হয়ে বড় বড় শহরের বস্তিগুলোতে ঠাঁই নিয়েছেন, মানবেতর জীবন মেনে নিতে বাধ্য হয়েছেন। গ্রামাঞ্চলের দরিদ্র এবং প্রান্তিক মানুষের সক্ষমতা কমে গেছে। আর এজন্য দায়ী গ্রাম থেকে শহড়ে এ বাধ্যতামূলক অভিবাসন। বাংলাদেশের মত এই ছোট্ট দেশে যেখানে ১৫ কোটিরও অধিক মানুষ বাস করে সঙ্গত কারণেই ছিন্নমূল মানুষের সংখ্যা দ্রুততার সাথে বেড়ে চলছে। এই বৃদ্ধির হার অনিয়ন্ত্রিত। ছিন্নমূল মানুষ মানেই তারা অধিকার সচেতন নয়। এরা পরিবার, সন্তান, সমাজ, দেশ এমন কি নিজের ভবিষ্যৎ নিয়ে ভাবতে পারেনা। ছিন্নমূল পরিবারগুলো অধিক সন্তান জন্মদান করে থাকে। বাস্তব পরিস্থিতি বিচেনায় বর্তমানে দেশে ছিন্নমূল মানুষ একটি বোঝায় পরিণত হয়েছে। মোট কথা ছিন্নমূল মানুষের সংখ্যা যে হারে বেড়ে চলছে অদূর ভবিষ্যতে এই ভয়াবহতার স্বরূপ কি হবে তা বলা মুশকিল।

ছিন্নমূল মানুষের সংখ্যা বৃদ্ধির পেছনে অনেক কারণ থাকতে পারে। বিদ্যমান সমাজ বাস্তবতায় একজন ছিন্নমূল মানুষ তার দারিদ্র্য দশা থেকে বেরিয়ে এসে স্বচ্ছল জীবন যাপনের সুযোগ নেই বললেই চলে। আমাদের সমাজ, রাষ্ট্র সে সুযোগ নিশ্চিত করে না। ফলে একটি ছিন্নমূল পরিবার থেকে আরও একাধিক ছিন্নমূল পরিবারের সৃষ্টি হয়। ধরা যাক, স্বাধীনতা যুদ্ধের সময় 'ক' নামের ২০ বছরের সহায় সম্বলহীন একজন যুবক বিয়ের বন্ধনে আবদ্ধ হলো। বর্তমানে তার বয়স ৬০ বছর যার মধ্যে দাম্পত্য জীবন হলো

৪০ বছরের। এই ৪০ বছর দাম্পত্য জীবনে কয়টি সন্তান নিতে পারে ? ৫টি, ৭টি অথবা ১০টি। ধরে নিই সে ৬টি সন্তান নিয়েছে। বিয়ের প্রথম বছরেই কন্যা সন্তান জন্ম দেয় যার বয়স বর্তমানে ৩৯ বছর। ১৫ বছর বয়সে তার বিয়ে হয়। তার এই ২৪ বছর দাম্পত্য জীবনে ৫টি সন্তান জন্মদান করে যাদের প্রথম ২টি মেয়ে এবং পরের ৩টি ছেলে সন্তান। বড় ২টি মেয়েরই বিয়ে হয়ে গেছে। ১ম মেয়ের ২টি এবং পরের মেয়ের ১টি সন্তান রয়েছে। ক এর ২য় ও ৩য় সন্তানও মেয়ে যাদের বয়স যথাক্রমে ৩৫ এবং ৩২ বছর। ৩৫ বছরের মেয়ের ৪টি এবং ৩২ বয়সের মেয়ের ৩টি সন্তান রয়েছে। ক এর পরের তিনটি সন্তানই ছেলে যাদের বয়স যথাক্রমে ২৮, ২৫ এবং ২০ বছর। ২৮ বছরের ছেলে বিবাহিত এবং তার দু'টি সন্তান রয়েছে। দুই বছর আগে ২৫ বছরের ছেলে বিয়ে করে, তারও একটি সন্তান রয়েছে। বিশ বছরের ছেলেটি এ বছর বিয়ে করবে।

তাহলে একজন থেকে কত জনের সৃষ্টি হলো। অনাকাঙ্খিত হলেও সত্যিই এটাই আমাদের সমাজ বাস্তবতা। ছিন্নমূল মানুষের সংখ্যা বেড়েই চলছে দ্রুত। সহায় সম্বলহীন মানুষের সংখ্যা বৃদ্ধির আরেকটি কারণ হলো ক্ষুদ্র, প্রান্তিক, ভূমিহীন কৃষক মামলা মোকদ্দমায় জড়িয়ে, পুলিশি ঝামেলায় পড়ে, অসুখ বিসুখ, ঋণের দুষ্টচক্রে আবদ্ধ হয়ে, ছেলে মেয়েদের লালন পালন ইত্যাদি অনেক কারণে বাড়ী জমি বিক্রি করতে বাধ্য হয়। এভাবে প্রতিনিয়তই আমাদের দেশে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক ভূমিহীন এবং ছিন্নমূল মানুষে পরিণত হচ্ছে। অনেক মাঝারি কৃষকও ভূমিহীন এবং ভূমিহীন থেকে ছিন্নমূলে পরিণত হচ্ছে। ফলে ছিন্নমূলে মানুষের সংখ্যা বেড়েই চলছে অনিয়ন্ত্রিত ও অপ্রতিরোধ্য হারে।

প্রশ্ন হলো এই ছিন্নমূল মানুষের সংখ্যা বৃদ্ধি হার ঠেকানোর জন্য কোন বাস্তব সম্মত উদ্যোগ আছে কি না ? ছিন্নমূল মানুষের বৃদ্ধির হার রোধে কোন আইন কার্যকর আছে কিনা ? ছিন্নমূল মানুষ পূনর্বাসনে তার ভূমি অধিকার নিশ্চিত করার জন্য কোন ব্যবস্থা নেয়া হচ্ছে কিনা? কিংবা আর একজন মানুষও যেন ছিন্নমূল না হয় সে বিষয়ে আমাদের তৎপরতা কতটুকু ? আলোচ্য প্রবন্ধে এই প্রশ্নগুলোর ব্যাখ্যা দেয়ার চেষ্ঠা করা হবে। সেই সাথে ছিন্নমূল মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে খানিক আলোচনার চেষ্ঠা করা হবে।

২. লক্ষ্য ও উদ্দেশ্য

আলোচ্য প্রবন্ধের মূল লক্ষ্য হিসেবে দেশের ছিন্নমূল অসহায় মানুষের ভূমির অধিকার নিশ্চিত করার মানসে একটি সমন্বিত কার্যক্রম পরিচালনা উপর জোড় দেয়া হয়েছে। সে লক্ষ্যকে সামনে রেখে উদ্দেশ্য সমূহ চিহ্নিত করা হয়েছে -

১। বাস্তুহারা মানুষের বর্তমান অবস্থা এবং এদেশের বাস্তুহারা মানুষের ইতিহাস তুলে ধরা;

২। বাস্তুহারা মানুষের ভূমির অধিকার নিশ্চিত করতে পূনর্বাসনের জন্য গৃহিত কার্যক্রমের উপর আলোকপাত করা;

৩। সত্যিকার পূনর্বাসনে কতিপয় সুপারিশ তুলে ধরা।

৩. পদ্ধতি ও তথ্য

আলোচ্য প্রবন্ধে ব্যবহৃত তথ্য সমূহ মাধ্যমিক উৎস হতে নেয়া হয়েছে। এর মধ্যে বাংলাদেশ অর্থনীতির সমিতি সহ বিভিন্ন সংস্থা কর্তৃক প্রকাশিত বিভিন্ন জার্নাল, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, বিভিন্ন গ্রন্থ,

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বাংলাপিডিয়া, ইন্টারনেট, বিভিন্ন সাময়িকী ও দৈনিকে প্রকাশিত বিভিন্ন প্রতিবেদন ও প্রবন্ধের সহায়তা নেয়া হয়েছে। এ ছাড়া দেশের সামগ্রিক পরিস্থিতির উপর লেখকের অভিজ্ঞতার আলোকে লব্ধ কতিপয় পর্যবেণের ওপর আলোকপাত করা হয়েছে।

৪. বাংলাদেশের বাস্তুহারা মানুষের ইতিহাস

বাংলাদেশে বাস্তুহারা বা বিত্তহীন মানুষের সংখ্যা উদ্বেগ জনক হারে বেড়ে চলছে। গ্রামের ছোট ও ক্ষুদ্র কৃষকেরা দ্রুত হারে বিত্তহীন ও ভূমিহীন মানুষে পরিণত হয়ে শহরে ভিড় জমাচ্ছে। কর্মসংস্থানের অভাব, পরনির্ভরতা নিম্ন মানের জীবন যাত্রা, উচ্চ জন্মহার, স্বাস্থ্য ও পুষ্টির অভাব, বিশুদ্ধ পানি ও পয়:নিষ্কাশনের অভাব, কুসংস্কারাচ্ছন্নতা প্রভৃতি এসকল মানুষের দৈনন্দিন জীবনের অনুষঙ্গ। এসকল অভাবী মানুষের স্ত্রী ও স্কুল গামী ছেলে মেয়েরা পেটের দায়ে শারিরীক শ্রম প্রদান করলেও এরা কোন মজুরি পায়না অথবা যে মজুরি পায় তা নিতান্তই কম। ফলে প্রায় সব পরিবারই জীবন ব্যাপি দারিদ্র্যের কষাঘাতে মানবেতর জীবন যাপনে বাধ্য হয়। এসকল অভাবী মানুষের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বেড়ে চলছে বস্তি সমস্যা। বস্তি সমস্যাকে পরিবেশ দুষণ, ভাসমান পতিতা বৃত্তি, যানজট, আবাসন সংকট সহ অসংখ্য সমস্যা সৃষ্টির জন্য দায়ী করা হচ্ছে। অনাকাঙ্খিত হলেও সত্য যে, শহরের বিত্তশালীদের জাঁকজমকপূর্ণ বিলাসবহুল জীবনযাপনের পাশাপাশি এসকল রুগ্ন, জীর্ণশীর্ণ মানুষের দুর্দশাগ্রস্থ জীবনচিত্র দেখলে সত্যিই বেমানান মনে হয়। বর্তমান বাংলাদেশে যে বিপুল পরিমাণ জনগোষ্ঠী বাস্তুহারা ভাসমান জীবন যাপন করে চলছে তাদের অধিকাংশই জন্মসূত্রে বিত্তহীন। অথচ এদেশের বিত্তহীন মানুষের ইতিহাস খুব বেশি দিনের নয়। ১৭৫৭ সালে এদেশে বৃটিশ শাসনের ভিত রচনায় প্রক্কালে বাংলাদেশে ছিল পৃথিবীর অন্যতম সমৃদ্ধশালী দেশ। প্রাচুর্যে ভরা এদেশের সকল মানুষ সুখে শান্তিতে বসবাস করত।

১৭৫৭ সালে পলাশি যুদ্ধ থেকে শুরু করে ১৭৯৩ সালের লর্ড কর্ণওয়ালিশের প্রবর্তিত চিরস্থায়ী বন্দোবস্তের ফলে তৎকালীন বাংলাদেশে লক্ষ লক্ষ চাষী ও কুটির শিল্পের কারিগর জীবিকা হারিয়ে মানবেতর জীবন যাপন করে। ছিয়াত্তরের সর্বগ্রাসী মন্বন্তরে বাংলাদেশের এই মানুষ ব্যাপক হারে প্রাণ হারায় এবং সমগ্র বাংলাদেশ এক মহাশ্মশানে পরিণত হয়।

সেন্সাস কমিশনার স্যার টমাস মনরোর মতে, ১৮৪২ সালে ভারতে কোন ভূমিহীন কৃষক ছিল না। ১৮৭২ সালে অর্থ্যাৎ এর মাত্র তিরিশ বছর পর ভারতে ভূমিহীন কৃষকের সংখ্যা দাঁড়ায় ৭৫ লক্ষ। ১৮৭৭ সালে ঐতিহাসিক হান্টার সাহেব তার "A Statistical Account" নামক গ্রন্থে ঢাকা জেলা বর্তমান বৃহত্তর ঢাকা জেলা এর বিত্তহীনদের কথা উল্লেখ করে লিখেছেন "ঢাকা জেলায় দিন মজুরদের একটি নির্দিষ্ট শ্রেণি গড়ে উঠার প্রবণতা লক্ষণীয়। এদের জমি নেই এবং জমি পত্তনও নেয়না। জমি যতই মহার্ঘ্য হয়ে উঠছে ততই স্বাভাবিক ভাবেই ভূমিহীনদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।" সে সময়ে বর্তমান রংপুর জেলায়ও জনাব হান্টার ভূমিহীন দিন মজুর শ্রেণির অস্তিত্ব লক্ষ্য করেছেন।

সুতরাং এদেশে ভূমিহীন বিত্তহীন শ্রেণির সৃষ্টি চতুর বৃটিশের নির্দয় শোষণের অনিবার্য ফল। চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের মাধ্যমে প্রাতিষ্ঠানিক/অপ্রাতিষ্ঠানিক ভাবে বিত্তহীন বা বাস্তুহারা শ্রেণি সৃষ্টির ভিত রচনা করা হয়। সাধারণ বিবেচনায় চিরস্থায়ী বন্দোবস্ত ১৭৯৩ সালে কর্ণওয়ালিশ প্রশাসন কর্তৃক ইস্ট ইন্ডিয়া কোম্পানি সরকার ও বাংলার জমি মালিকদের (সকল শ্রেণীর জমিদার ও স্বতন্ত্র তালুকদারদের) মধ্যে সম্পাদিত এক যুগান্তকারি চুক্তি। এই চুক্তির আওতায় জমিদার ও ঔপনিবেশিক রাষ্ট্র ব্যবস্থায় ভূ-

সম্পত্তির নিরঙ্কুশ স্বত্ত্বাধিকারি হন। চিরস্থায়ী বন্দোবস্ত প্রনয়ণের কারণ হিসেবে অনেক ঐতিহাসিক অনেক মতামত ব্যক্ত করেছেন। এগুলোর মধ্যে সামরিক, অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, প্রশাসনিক ইত্যাদি কারণের কথা ঐতিহাসিকগণ উল্লেখ করে থাকেন। বস্তুত: চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তনের অন্যতম প্রধান কারণ ছিল সাংস্কৃতিক। এই সাংস্কৃতিক কারণের মূল ভিত্তি ছিল তৎকালিন ভূমি কেন্দ্রিক অর্থনৈতিক ব্যবস্থায় গড়ে উঠা কৃষি ভিত্তিক সমাজ কাঠামো ভেঙ্গে একটি নতুন সমাজ কাঠামো তৈরী করা। যে কাঠামোতে অনেক গুলো স্তর থাকবে এবং প্রতিটি স্তরে সাংস্কৃতিক বিভাজন থাকবে প্রকট। এই সামাজিক স্তর বিন্যাসের সবার উপরে থাকবে একটি এলিট শ্রেণি যারা বৃটিশদের কাছাকাছি থেকে তাদের স্তুতি গাইবে, তাবেদারী করবে, বিভিন্ন বিদ্রোহ-আন্দোলন থেকে তাদের রক্ষা করবে আর বৃটিশরা তাদের পৃষ্ঠপোষকতা দিবে। আর সবচেয়ে নীচের স্তরে থাকবে ভূমিহীন বিত্তহীন মানুষ। এরা অন্যের জমিতে শ্রমিক হিসেবে পেটের দায়ে পেটে ভাতে বা নাম মাত্র মজুরির বিনিময়ে কাজ করবে, এরা হবে সমাজের সবচেয়ে নিগৃহিত নির্যাতিত ও অবহেলিত শ্রেণি। প্রতিনিয়ত প্রতি মুহুর্তে বিত্তশালীদের দ্বারা নিষ্পেষিত হবে। এভাবে উচ্চ বিত্ত ও বিত্তহীনদের সাথে সাংস্কৃতিক বিভাজন সৃষ্টি করে বৃটিশরা এদেশের হাজার বছরে গড়ে ওঠা একটি সুষম সমাজ কাঠামোকে ভেঙ্গে একটি ভঙ্গুর সমাজ কাঠামো গড়ে তোলতে সক্ষমহয়। মূলত: চিরস্থায়ী বন্দোবস্ত ছিল এদেশের সমাজকাঠামো, সংস্কৃতি ও অর্থনীতি ধ্বংশের একটি সুপরিকল্পিত ও সুদূরপ্রসারি কাল নকশা (Black Design). ইস্ট ইন্ডিয়া কোম্পানির মূল উদ্দেশ্য ছিল বাণিজ্য করা। এখানে একটি বিষয় উল্লেখ করা যায় যে, বঙ্গ বিজয়ের অব্যবহিত পরেই কোম্পানি যুদ্ধের খেসারত বাবদ মীরজাফরের নিকট ২ কোটি পাউন্ড দাবি করেন, যা সমগ্র কলিকাতাবাসীদের সব অস্থাবর সম্পত্তির মূল্যের চেয়েও বেশি ছিল। এই একটি বিষয় থেকেই বুঝা যায়, তাদের বাণিজ্যিক স্বার্থ আদায়ের দাবি কতটুকু অযৌক্তিক ও জঘন্য ছিল ? সুতরাং তাদের বাণিজ্যিক স্বার্থ সর্বোচ্চ করার ব্রত নিয়ে এদেশের মানুষদের শতাব্দীর পর শতাব্দী ধরে শোষন, নির্যাতন করার হীন মানসেই চিরস্থায়ী বন্দোবস্ত প্রণয়ন করা হয়। তাদের উদ্দেশ্য যে অশুভ ছিল তাতে সন্দেহ পোষন করার কোন অবকাশ নেই। আর তাই আমরা দেখতে পাই, চিরস্থায়ী বন্দোবস্তে জমিদারদের স্বত্বাধিকারই পাকাপাকিভাবে নির্ধারিত হয়, কিন্তু প্রজার অধিকার সম্বন্ধে তাতে কোন শর্তই থাকলনা। বস্তুত: The tenant was practically put at the mercy of rack-renting land-lords. এ বিষয়ে এম. আজিজুল হক তার *'বাংলার কৃষক'* গ্রন্থে বলেছেন, দেশে যখন শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য কোন সুষ্ঠ ব্যবস্থা গড়ে ওঠেনি, ঠিক তখনই জমিদারগণ তাঁদের ব্যাপক ও অবাধ ক্ষমতা সম্পর্কে অতিমাত্রায় সচেতন হয়ে ওঠেন। তাদের বৈধ ক্ষমতা প্রত্যাহার করা হলে অতি সহজেই তারা অবৈধ ক্ষমতা প্রয়োগ করতেন। জমিদারদের সাহায্য করার জন্য সরকার একটির পর একটি বিধি জারি করত; এবং শেষ পর্যন্ত এমন বিধিও জারি হয় যে, কোন রায়ত জমিদারের বিরুদ্ধে মামলা করলে বা ভিত্তিহীন অভিযোগ করলে তার জরিমানা ও জেল হবে। চিরস্থায়ী বন্দোবস্তের পর জমিদারগণ হন প্রজাদের প্রভু, কিন্তু কোম্পানির গোলাম। কিছু কিছু জমিদার যে প্রজা হিতৈষী ছিলনা তা নয়। কিন্তু সংখ্যায় তারা ছিল নিতান্তই কম এবং প্রজা হিতৈষী জমিদারদের অধিকাংশই জমিদারী হতে বিতাড়িত হয়েছিল। বস্তুত: অধিকাংশ জমিদারদের হাতে কৃষক প্রজা শ্রেণি নির্মম নির্যাতনের শিকার হয়েছিল তা সহজেই অনুমান করা যায়। আমাদের সমাজে বিত্তহীন ভূমিহীন মানুষের শুরু এভাবেই। কয়েকটি বিষয় অবতারণা করে বিষয়টি আরো স্পষ্ট করা যায় :

- বৃটিশরা তাদের স্বার্থ উদ্ধারে এদেশে পরিবার কেন্দ্রিক সমাজ ব্যবস্থা চালু করেন। এই পরিবার কেন্দ্রিক সমাজ ব্যবস্থার স্বরূপ কেমন ছিল ? ইতিহাসের দিকে তাকালে দেখা যায়,

প্রতিটি গ্রাম বা এলাকায় একটি দু'টি পরিবার প্রবল প্রতাপশালী হিসেবে আভিভূত হয়। এই পরিবারগুলো অর্থনৈতিক প্রভাবের সাথে সাথে সামাজিক প্রভাবের একচ্ছত্র অধিপতি হয়ে ওঠে। গ্রামে এখনও একটি প্রবাদ বহুল প্রচলিত। আর তা হল বটগাছের নীচে আর কোন গাছ হয়না। এই প্রতাপশালী পরিবারগুলো তার এলাকার জন্য এক একটি বটগাছ হিসেবে অভিভূত হয়। এই পরিবারগুলোর বাইরে অন্য কোন পরিবার এগিয়ে আসুক কোন অবস্থাতেই তা হতে পারবেনা। তার মানে এলাকায় কেউ যদি শিক্ষিত হয় তাহলে ঐ পরিবার থেকে হতে হবে। কেউ যদি চাকরিজীবি হয় তাও ওই পরিবার থেকে হতে হবে। মোদ্দা কথা তাদের বাইরে অন্য কোন পরিবারের ছেলেমেয়েরা উঠে আসুক কিছুতেই তা হতে দিতনা।

- বৃটিশরা এদেশে প্রাতিষ্ঠানিক শিক্ষা চালু করে। প্রশ্ন হলো আধুনিক শিক্ষার নামে চালুকৃত এ শিক্ষা কি সাধারণ মানুষের কল্যাণে নাকি বৃটিশ শাসন ও শোষনের ভিত পাকাপোক্ত করার জন্য চালু করা হয়েছিল? একথা সত্য যে, একটি জাতির কেবল আর্থ-সামাজিক উন্নয়ন নয়, সকল উন্নয়নের মূল ভিত হল শিক্ষার প্রসার। জাতি শিক্ষিত হলে নিজেদের সমস্যা অসুবিধা উপলব্ধি করে তা যথাযথ সমাধান করে উন্নয়নের পথ প্রসস্থ করে। বৃটিশরা সে ধরনের গণমূখী শিক্ষা চালু করেনি বরং সে শিক্ষা ছিল প্রায় শতভাগ গণবিচ্ছিন্ন।

- সাধারণ মানুষ তথা শ্রমজীবি মানুষের ভাগ্য উন্নয়নে জসপ্রশাসনের ভূমিকা সর্বাধিক। সাধারণ মানুষের পাশাপাশি থেকে তাদের দু:খ-দুর্দশা অনুভব করে সর্বোত্তম সেবা প্রদান করবে। বৃটিশরা এদেশে গণবিচ্ছিন্ন জনপ্রশাসন চালু করে। প্রশাসকেরা এদেশের সাধারণ মানুষের কল্যাণে নয় বরং তাদের দুর্দশাকে বাড়িয়ে গেছে বহুগুণ।

- রাষ্ট্রীয় সুযোগ সুবিধা লাভ করতে গিয়ে অনেকে সর্বশান্ত হয়েছে এমন অনেক নজির পাওয়া যাবে। মামলা মোকদ্দমায় জড়িয়ে, পুলিশি জামেলায় পড়ে অনেক মানুষ ভিটেমাটি ছাড়া হয়েছে।

- বৃটিশরা এদেশে অনেক আইন প্রণয়ন ও সংশোধন করে থাকে। পর্যালোচনা করলে দেখা যাবে এসকল করা হয়েছে তাদের শোষনের পথ সুগম করার লক্ষ্যে জমিদার, মধ্যস্বত্ব শ্রেণী, বিভিন্ন পেশাজীবি তথা কায়েমী স্বার্থবাদী মহলের স্বার্থে। প্রকৃত জনকল্যাণে বা জনস্বার্থে বিশেষ করে বিত্তহীন দরিদ্র অসহায় মানুষের স্বার্থে কি কোন একটি আইন পাশ হয়ে কার্যকর হয়েছে ? - সম্ভবত না।

- কর্ণওয়ালিশ আবওয়াব নিষিদ্ধ করে খাজনা বাড়ান। এরপরেও লাঠিয়াল বাহিনী দ্বারা জমিদার অতিরিক্ত কর, নিষিদ্ধ কর, তাহরিজ, আবওয়াব, নজরানা কোম্পানির জ্ঞাতসারেই রায়ত থেকে ওসুল করতেন। জমিদারদের প্রতিনিধিগণ বিবাহ, তীর্থযাত্রা, শ্রাদ্ধ, উৎসব, পুণ্যাহ, চাঁদা ইত্যাদি অজুহাতে সব সময়ই আবওয়াব আদায় করত। খরা, প্লাবন, নদীসিকস্তি, মড়ক, লোকক্ষয় বা যে কোন বিপর্যয়ে প্রজাগণ খাজনা বা চাঁদা হতে রেহাই পেতনা।

- বৃটিশ আমলে একাধিকবার জরিপ করে ভূমিহীন মানুষের অস্তিত্ব পাওয়া যায় বলে উল্লেখ পাওয়া যায়। কিন্তু ভূমিহীন মানুষের কল্যাণে কার্যকর ব্যবস্থা নেয়া হয়েছে এমন নজির পাওয়া যায় কি ?

সুতরাং এদশের বাস্তুহারা মানুষের সৃষ্টি সুচতুর বৃটিশ শাসনের সুদুরপ্রসারি পরিকল্পনার অনিবার্য ফল। চিরস্থায়ী বন্দোবস্ত হলো তার আইনি দলিল। রাষ্ট্র যেখানে একজন নাগরিকের ভূমির অধিকার নিশ্চিত করার দায়িত্ব কাঁধে নিয়ে কাজ করার কথা, সেখানে রাষ্ট্রই ভূমিহীন মানুষ সৃষ্টির মূল হাতিয়ার হিসেবে কাজ করে। একথা বলার অপেক্ষা রাখেনা যে, চিরস্থায়ী বন্দোবস্তের প্রাক্কালে এদেশে অর্থনীতি ছিল সম্পূর্ণরূপে ভূমিকেন্দ্রিক বা কৃষিনির্ভর। ফলে কৃষক সমাজই ছিল অর্থনীতির মূল চালিকাশক্তি। চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন হলে এই কৃষক সমাজেরই চরম ভাগ্য বিপর্যয় ঘটে। সাধারণ কৃষকেরা প্রতিনিয়তই নির্যাতিত, নিষ্পেষিত, নিগৃহিত ও অবহেলিত হতে থাকে। এভাবে বাঙ্গালী কৃষক সমাজের দুর্দশার কথা যতই বর্ণনা করিনা কেন প্রকৃত পক্ষে সাধারণ কৃষকদের অবস্থা হয়ে ওঠে আরো অনেক শোচনীয়। নির্মম সত্য এই, নীতি নির্ধারকদের মধ্য হতে এই সাধারণ কৃষকদের পাশে দাঁড়িয়েছে - এমন তথ্য পাওয়া যাবেনা। বিপরীত ক্রমে কৃষকদের এই দুর্দশার অবলোকন করে কেই কিছু বললে তার ওপর চালানো হয়েছে অমানবিক নির্যাতন - এমন অসংখ্য নজির পাওয়া যাবে। চিরস্থায়ী বন্দেবস্ত প্রবর্তনের পর কতিপয় বিষয় বিবেচনা করলেই এর সত্যতা পাওয়া যাবে। যেমন -

- চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে জমিদারকে করা হয় জমির একচ্ছত্র মালিক। কৃষক তার অধীনস্ত প্রজায় পরিণত হয়। মোগল আমলে ভূমিতে রায়তের সুস্পষ্ট ভোগদখলের অধিকার ছিল। জমিদার তখন রায়তকে ভূমি থেকে উৎখাত করতে পারতনা, বরং রায়তকে তার কৃষিকর্মে সর্বোতভাবে সাহায্য করা ছিল জমিদারের কর্তব্য। চিরস্থায়ী বন্দোবস্তে জমিদারদের কাছে সরকারের রাজস্ব-দাবি বৃদ্ধির পথ বন্ধ করে দেওয়া হয়। কিন্তু জমিদারদের তরফ থেকে প্রজাদের ওপর রাজস্বের দাবি বৃদ্ধির ক্ষেত্রে কোন বিধি নিষেধ আরোপিত হয়নি। জমিদারদের জমি বিক্রয়, বন্ধক, দান ইত্যাদি উপায়ে অবাধে হস্তান্তরের অধিকার থাকলেও তাদের প্রজা বা রায়তদের সে অধিকার দেওয়া হয়নি। এতে স্পষ্টতই প্রজাদের ওপর নিপীড়ণের মাত্রা বেড়ে যায়।

- দেখা যায়, জমিদারদের স্বার্থে একাধিকবার মূল আইনে পরিবর্তন আনা হয়। যেমন - ১৭৯৫ সনে ৩৫ নং সংশোধনী রেগুলেশনের নামে বকেয়া খাজনা আদায়ের জন্য জমিদার প্রজার সম্পত্তি ক্রোক করতে পারার স্বৈরাচারী ক্ষমতা দান করা হয়। ১৭৯৯ সনের ৭ নং রেগুলেশনের(সপ্তম আইন) মাধ্যমে সে ক্ষমতাকে আরো সুসংহত করা হয়। এতে জমিদার সরকারি অনুমতি ছাড়াই প্রজাকে বন্দি করা এবং বাকী খাজনা উদ্ধার কল্পে প্রয়োজন হলে প্রজাকে তার বাস্তুভিটা হতে উৎখাত করার ক্ষমতা দেওয়া হয়। ১৮১২ সনের কুখ্যাত ৫ নং রেগুলেশনের (পঞ্চম আইন) আওতায় জমিদারগণ যে কোন মেয়াদের জন্য তাদের জমি ইজারা দেওয়ার নিরঙ্কুশ অধিকার লাভ করে। ১৯১৯ সনের ৮ নং রেগুলেশনের(পত্তনী আইন) মাধ্যমে জমিদার ও প্রজার মধ্যবর্তী একটি বহুস্তর বিশিষ্ট মধ্যস্বত্ব শ্রেণী সৃষ্টি করার অধিকার লাভ করে। প্রজা নিপিড়নে এভাবেই ধাপে ধাপে আইনি কাঠামো গড়ে তোলা হয়।

- জমিদার ও প্রজার মধ্যে যে মধ্যস্বত্ব শ্রেণী গড়ে উঠে এদের নির্দয় অত্যাচার ও শোষনের ফলে সাধারণ কৃষকের অবস্থা শোচনীয় হতে থাকে। ভূমিকেন্দ্রিক এ মধ্যস্বত্ব শ্রেণীর মধ্যে রয়েছে তালুকদার, কানুনগো, পাটোয়ারী ইত্যাদি। পরবর্তীকালে শিক্ষার প্রসারের ফলে কতিপয় পেশাজীবি গড়ে উঠলে এদের কেউ কেউ কৃষকদের কথা ভাবলেও অধিকাংশই জমিদার ও মধ্যস্বত্ব শ্রেণীর ন্যায় সাধারণ কৃষকদের ওপর নির্যাতন, নিপীড়ণ চালিয়ে নিজেদের বিবেক,

বিবেচনাবোধ বিসর্জন দিয়ে নিজের বিলাসী জীবন যাপনে মনোযোগী হয়। জমিদারদের অধিকাংশই ছিল অনুপস্থিত জমিদার। জমিদারগণ যখন গ্রাম ত্যাগ করে শহরে বসবাস করতে লাগলেন এবং তাদের অনুপস্থিতিতে নায়েব-গোমস্তার সাহায্যে খাজনা আদায়ের ব্যবস্থা করলেন তখন রায়তদের দুর্দশা চরমে পৌঁছল।

- মধ্যস্বত্বশ্রেণী ও নীলকরদের অত্যাচার এবং সীমাহীন জুলুমের ফলে বহু কৃষক পরিবার ঘরবাড়ী ছেড়ে বনে জঙ্গলে আশ্রয় নেয়। অনেক ধনী ব্যক্তি পর্যন্ত অভাবের তাড়নায় নিজেদের স্ত্রী-পুত্র-কন্যা বিক্রয় করে দেয়। কোম্পানির সরকারের প্রত্যক্ষ মদদেই এসব হয়।

- মহাজনদের দৌরাত্ম সম্ভবত বৃটিশ আমলেই শুরু হয়। মহাজনদের কাছ সুদে টাকা ধার নিয়ে কত পরিবার যে ভিটেমাটি ছাড়া হয়েছে তার হিসাব কি পাওয়া যাবে? সরকারের পক্ষ থেকে এই শোষক সুদখোরদের বিরুদ্ধে কোন ব্যবস্থা তো নেওয়া হয়নি বরং তাদের প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে পৃষ্ঠপোষকতা দেওয়া হয়েছে।

- কৃষকদের উৎপাদিত পণ্য ন্যায্য দামে বিক্রি করার ন্যায় সঙ্গত দাবী থেকে বঞ্চিত হওয়ার রেওয়াজ কোম্পানি সরকারের শাসন আমলেই হয়েছিল বলা যায়। কৃষকরা শরীরের ঘাম পায়ে ফেলে, রাত দিন নিরলস পরিশ্রম করে, রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে যে ফসল উৎপাদন করতে তাও ন্যায্য মূল্যের চেয়ে কম দামে বিক্রি করতে বাধ্য হত এক শ্রেণী পরগাছা ব্যবসায়ী মধ্যস্বত্ব শ্রেণীর কাছে। ফলে কোন কারণে কোন এক বছর ফসল হানি হলে কৃষকরা ঋণ গ্রস্থ হয়ে যেত এবং কোন একটি পরিবার একবার ঋণগ্রস্থ হলে সে ঋণের চক্র হতে বের হয়ে আসতে পারতনা যে চিত্র এখনও আমাদের সমাজে বিদ্যমান। ছিন্নমূল দরিদ্র মানুষের শারীরিক শ্রম বিক্রয় করে উপার্জন করাই হয়ে ওঠে জীবিকা নির্বাহের একমাত্র অবলম্বন। নিজের কোন উৎপাদন ছিলনা বলে সারা বছর খাদ্য পণ্য কিনে খেতে হত। এসকল পরগাছা মধ্যস্বত্ব শ্রেণীর ব্যবসায়ীরা এসুযোগ লুপে নিতে কৃত্রিম সংকট তৈরী করে খাদ্য পণ্যের দাম বাড়িয়ে দিত। তাদের কবল কৃষকদের রক্ষা করার কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি অধিকন্তু এরা সরকারের প্রত্যক্ষ সহায়তা পেয়েছিল।

- এদেশের সাধারণ কৃষকের পাশে থাকা তো দূরের কথা, তাদের পক্ষে কথা বলার মত সরকারের পক্ষে কেউ ছিল বলে মনে হয় না। অধিকন্তু কোম্পানি সরকারের চিরস্থায়ী বন্দোবস্তের পর জমিদার ও পত্তনীদারদের পরস্পর সহযোগিতায় প্রজাদের উপর শোষণ-নিপীড়ন বৃদ্ধি পেতে থাকে। কৃষকেরা অসন্তুষ্ট ও বাধ্য হয়ে জোড়দার আন্দোলন গড়ে তোলে। বাংলায় প্রায় সর্বত্র, বিশেষ করে পূর্ববঙ্গে ১৮৫০ এর দশকের শেষ ভাগ থেকে কয়েক দফা কৃষক কৃষক বিদ্রোহ ঘটে। বলা হয়ে থাকে, এসব বিদ্রোহ আন্দোলনে বাধ্য হয়েই বৃটিশ সরকার ১৮৫৯ এবং ১৮৮৫ সালে প্রজা স্বত্ব আইন প্রণয়ন করে। এতে প্রজাদের অধিকারের কথা সামান্য উল্লেখ করা হলেও প্রকৃত অর্থে এদেশের বিত্তহীন অভাবী মানুষের ভাগ্য উন্নয়নে কোন নির্দেশনা এবং তা বাস্তবায়নে কোন উদ্যোগ ছিল কী ?

- আবুল বারকাত তাঁর লোক বক্তৃতা ২০১৪ তে যে Rent Seekers এর কথা বলেছেন তার মূল ভিত গড়ে উঠেছিল চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে। এদের মূল বৈশিষ্ট হলো এরা সম্পদ তৈরী করেনা, কিন্তু অন্যের সম্পদ হরণ করে সম্পদের পাহাড় গড়ে তোলে। ১৭৫৭ সালের

পলাশি যুদ্ধে জয়ের মাধ্যমে বৃটিশরা Rent Seeker সেজে এদেশের মানুষের ঘারে চেপে বসে।চিরস্থায়ী বন্দোবস্ত এবং এরপর ১৮১৯ সালের পত্তনী আইনের মাধ্যমে বৃটিশদের পাশাপাশি দেশীয় Rent Seeker শ্রেণী গড়ে উঠে। এরা কৃষকদের উপর অত্যাচার নির্যাতন চালিয়ে সম্পদের পাহাড় গড়ে নিজেদের জীবন স্বচ্ছন্দ্যময় করেছিল। কিন্তু ক্ষতি করেছিল কৃষক সমাজের, গোটা দেশের, নষ্ট করেছিল সামষ্টিক অর্থনীতির। কোম্পানি সরকার সচেতন ভাবেই এই সমাজের সৃষ্টি করেছিল।

পর্যালোচনা করে এভাবে বিভিন্ন উপায়ে কৃষক সমাজের নির্যাতিত ও নিষ্পেষিত হওয়ার অনেক নজির পাব। যে কৃষক সমাজ অর্থনীতির মেরুদন্ড হিসেবে কাজ করে তাদের পবিত্র দুর্দশাগ্রস্থ ও দুর্বিসহ হয়ে ওঠে। ফলশ্রুতিতে ক্রমবর্ধমান হারে বেড়ে চলে বিত্তহীন মানুষের ভীড়। এই বিত্তহীনে পরিণত হওয়ার কাতারে শামীল হয় কারা? একথা অনুমান করতে অসুবিধা হওয়ার কথা নয়। সাধারণ কৃষক, সহজ-সরল, ভীরু, নিরিহ, ঝামেলামুক্ত জীবন যাপনে আগ্রহী, নি:স্বার্থ, রুগ্ন, অনাথ, অসহায়, প্রতিবন্ধি, অতিথি পরায়ন, অকৃপণ, অপচয়কারি, অলস, আরামপ্রিয়, পরোপকারি, অপ্রকৃতস্ত, পাগল, নারী, নাবালগ শিশু, মানসিক ভাবে দুর্বল চিত্তের অধিকারি, শারীরিক ভাবে অক্ষম-দুর্বল, নিজের বুদ ভবিষ্যৎ চিন্তা করেনা এমন মানুষ। অনেক অসহায় যেমন - পরিবারের উপার্জন ক্রম ব্যক্তি মারা যাওয়ার ফলে ছোট্ট ছেলে মেয়ে, স্ত্রী, মা-বাবা, ভাই-বোন। মোদ্দা কথা অর্থনীতির কারিগর তখনকার কৃষক সমাজ থেকেই এই বিত্তহীন মানুষের ভীড় বড় হতে থাকে। বিপরিতক্রমে বিভিন্ন মধ্যস্বত্বশ্রেণী যারা ছিল নির্দয়, নির্যাতনকারি, চরম স্বার্থপর এবং কৃষক পরিবারগুলোর মধ্য থেকে কেবল যারা কঠোর পরিশ্রমী এবং কৃপণ ছিল তারাই কোন মতে ঠিকে ছিল। যেভাবেই হোক কোন একটি পরিবার একবার ছিন্নমূল হয়ে গেলে সে পরিবার আর সে অবস্থা থেকে বের হয়ে আসতে পারেনি। অধিকন্তু সে দুর্দশা বংশানুক্রমিক চলতে থাকে। আর সাধারণত: নির্দয়, নিষ্ঠুর, চরম স্বার্থপর শ্রেণীর মানুষেরা স্বচ্ছল জীবন যাপন করার সুযোগ লুপে নেয়।

এভাবেই রায়তের ভাগ্য ধ্বংসের পথে ধাবিত হয়। ভারত সরকারের ভাষায়, "চিরস্থায়ী বন্দোবস্তের বিশ বছর পর পরিষ্কার হয়ে গেল যে, বাংলার রায়ত ধ্বংশের পথে এগিয়ে যাচ্ছে।" ১৮১৯ সালে কোর্ট অব ডিরেক্টর্স দু:খের সঙ্গে স্বীকার করে, "রায়তগণ সম্পূর্ণরূপে জমিদারদের স্বেচ্ছাচারের শিকার।" ১৮২৭ সালে সদর দেওয়ানি আদালতের প্রবীণতম বিচারপতি লিখিতভাবে বলেন, "দেশের বহু স্থানে রায়ত হচ্ছে জমিদারের প্রকৃত কৃতদাস। জমিদার নিজের খুশিমতো তার গোরু-ছাগলের মতোই তাকে রেহেন বা ভাড়া দিতে পারে।" কাউন্সিলের অধিবেশনে ১৮৫৯ সালের বিল উত্থাপন করতে গিয়ে বাংলাদেশের লেফটেন্যান্ট গভর্ণর বলেন যে, ১৭৯৯ থেকে ১৮৫৯ সাল পর্যন্ত "একদিকে সামন্তবাদ এবং অপরদিকে ভূমিদাস প্রথাই বাংলার ভূমি ব্যবস্থার প্রধান বৈশিষ্ট ছিল।"

চিরস্থায়ী বন্দেবস্তের অনিবার্য ফল হিসেবে অনেক আন্দোলন সংগ্রামে বাধ্য হয়ে কোম্পানি সরকারে অবসান হয়ে বৃটিশ সরকার এসে লোক দেখানো কিছু আইন ও পদক্ষেপ গ্রহণ করে দেখালেও প্রকৃত পক্ষে ভূমিহীন, বিত্তহীন মানুষের পূনর্বাসনে বা ভাগ্য উন্নয়নে কোন ব্যবস্থা করা হয়নি। এভাবেই ভূমিহীন মানুষের সংখ্যা বাড়তে থাকে।

১৯৩৯/৪০ সালে ক্লাইভ কমিশনের রিপোর্টে বলা হয়েছে যে, কৃষির উপর নির্ভরশীল জনসংখ্যার শত করা ৩০.৬ ভাগ ভূমিহীন। ১৯৪৪/৪৬ সালে ইসহাক রিপোর্টে পূর্ব বাংলার (বর্তমানে বাংলাদেশ) বিত্তহীন অর্থাৎ ভূমিহীন জনগোষ্ঠীর সংখ্যা নিরূপন করতে গিয়ে বলা হয়েছে যে, গ্রামের মোট জনসংখ্যার ২৯.৯ ভাগ ভূমিহীন।

১৯৪৭ সালে দেশ বিভাগের পর পাকিস্তান আমলে ১৯৫১ সালে গৃহিত হলো পূর্ববঙ্গ রাষ্ট্রীয় অধিগ্রহন ও প্রজাস্বত্ত্ব আইন।সেখানে আইনের দৃষ্টিতে কৃষককে তার ন্যায্য অধিকার পুরোপুরি ভাবে দেওয়া হয়েছিল। আইনে স্পষ্ট বলা ছিল রাষ্ট্র ও কৃষকের মধ্যে কোন অন্তর্বর্ত্তী সত্ত্বা থাকবেনা। কিন্তু বাস্তবে পাকিস্তানের নব্য ঔপনিবেশিক সামন্ত সেনা প্রভুরা এ আইনকে কৃষক স্বার্থে অনুকূলে ব্যাবহৃত হতে দেয়নি। স্বৈসাচারী আইয়ূব খানের অগণতান্ত্রিক শাসন কালে ১৯৫৮-১৯৬৯ ভূমিহীন মানুষের সংখ্যা বৃদ্ধি পায়। স্বৈরাচারী আইয়ূব খানের তথাকথিত মৌলিক গণতন্ত্র ব্যবস্থার অধীনে গ্রামের ধনী বিত্তবান কৃষক, টাউট শ্রেণির লোকেরা চেয়ারম্যান মেম্বার হয়ে গ্রাম প্রশাসনের হর্তা-কর্তা বিধাতা হয়ে বসেন। এই টাউট শ্রেণির স্বার্থ রক্ষায় আইয়ূব সরকার অধিকতর সচেষ্ট ছিলেন। ''ওয়ার্কস প্রোগ্রাম" এর মাধ্যমে এ শ্রেণির হাতে বিপুল পরিমাণ কালো টাকা পুঞ্জিভূত হয়। অন্যদিকে অর্থনৈতিক সংকট, বেকারত্ব ও অভাবের তাড়নায় ক্ষুদ্র কৃষকরা জমি বিক্রি বা বন্ধক দেয় এই পরগাছা শ্রেণির নিকট। ফলে পাকিস্তান শাসনের পুরো সময় কালে খাস জমির বন্টন কর্মসূচী প্রকৃত গরীব কৃষক শ্রেণির ভাগ্য উন্নয়নে ভূমিকা রাখেনি।

১৯৬৫ সালে পাক-ভারত যুদ্ধের ফলে প্রবর্তিত আইন "শত্রু সম্পত্তি" পরবর্তীতে "অর্পিত সম্পত্তি" আইনে হিন্দু পরিবার গুলোর জমি বাজেয়াপ্ত ও বিক্রির উপর যে নিষেধাজ্ঞা চালু করা হয় এর ফলে বহু প্রান্তিক ও গরীব হিন্দু চাষী জমি হারিয়ে ভূমিহীনে পরিণত হয়। ফলে আইয়ূব শাসন কালের এক দশকে দ্রুত বেগে বেড়ে চলে ভূমিহীন কৃষকের সংখ্যা।

মোট কথা ঔপনিবেশিক শাসনামলে শাসক শ্রেণি সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত হয়েই ভূমিহীন ও বিত্তহীন মানুষ সৃষ্টি করেছিল। প্রশ্ন হলো রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন বাংলাদেশে বিত্তহীন মানুষের সংখ্যা বৃদ্ধি ঠেকানের জন্য আমরা কার্যকর কোন পদক্ষেপ নিয়েছি কিনা ? কিংবা বিরাজমান বিত্তহীনদের পুনর্বাসনের উদ্যোগ নিয়ে সত্যিকার পূনর্বাসন করতে সক্ষম হয়েছি কিনা ? পর্যালোচনা করলে দেখা যাবে, স্বাধীনা পরবর্তী সময়ে একাধিকবার বিত্তহীনদের পূর্নবাসনের কথা বলে খাস জমি বন্টন ও বন্দোবস্তের ব্যবস্থা করা হয়েছে বলা হলেও বাস্তবে ভূমি অফিসের দুনীর্তি, স্থানীয় প্রতিনিধি, প্রভাবশালীদের অধিপত্য, রাজনৈতিক হস্থক্ষেপ, ক্ষমতাশীন দলের কর্মীদের প্রভাব, আমলা নির্ভরতা প্রভৃতি কারণে বারে বারে তা ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। বারে বারে প্রকৃত পাওনাদাররা বঞ্চিত হয়েছে, এখনো হচ্ছে। বস্তুত: চিরস্থায়ী বন্দোবস্তের ভূত আমাদের কাঁধে অষ্টপৃষ্ঠে জড়িয়ে আছে। স্বাধীন ও সার্বভৌম দেশে সমাজ কাঠামো, সমাজ ব্যবস্থা, রাজনীতি, প্রশাসন, ধ্যান-ধারনা, দৃষ্টিভঙ্গি সর্বত্রই চিরস্থায়ী বন্দোবস্তের প্রভাব দৃশ্যমান। চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে সরকার সচেতনভাবে ছিন্নমূল মানুষের সৃষ্টি করেছিল। সরকার ও প্রজার মাঝে জমিদার সহ অনেক মধ্যস্বত্ব শ্রেণী করে সাধারণ কৃষকদের উপর নির্যাতনের পথ সুগম করেছিল। বর্তমান বাস্তবতায়ও মধ্যস্বত্ব শ্রেণী দরিদ্র ছিন্নমূল মানুষের নামে গৃহিত অসংখ্য কর্মসূচীর অর্থ লুটেপুটে নিচ্ছে। পার্থক্য শুধু এই কোম্পানি সরকার ছিন্নমূল মানুষের জীবনমান উন্নয়নে জন্য কিছু করেনি। এখন ছিন্নমূল মানুষের জন্য কথা ভাবা হয়, তাদের ভাগ্য উন্নয়নে অসংখ্য কর্মসূচী বাস্তবায়িত হয়। এসকল কর্মসূচী বাস্তবায়নে প্রতি বছর বিপুল পরিমাণ অর্থ ব্যয়িত হয়। কিন্তু এই অর্থ ব্যয় কেবল কাগজে কলমেই দেখানো হয়। ব্যয়িত অর্থের পুরোটাই যায় মধ্যস্বত্ব শ্রেণীর পকেটে। ফলে প্রকৃত ছিন্নমূল মানুষের কোন উপকার হয়না।তার মানে স্বাধীন বাংলাদেশেও ঔপনিবেশিক আমলের ন্যায় ভূমিহীন ও বিত্তহীনদের সংখ্যা বেড়েই চলছে। বিত্তহীনদের পূনর্বাসনের জন্য বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বাস্তবে তার বাস্তবায়ন চোখে পড়েছে কেউ তা বলতে পারবে বলে মনে হয় না। স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশে বিত্তহীন গরীব মানুষের

সংখ্যা শূন্যের কোটায় নেমে যাবে এমনটা আশা করা হলেও বাস্তবতা হলো স্বাধীনতা লাভের চার দশক পরেও মানুষ অধিক হারে ভূমিহীন ও বিত্তহীনে পরিণত হচ্ছে।

৫. ছিন্নমূল পূনর্বাসনে গৃহিত উদ্যোগ এবং মূল্যায়ন

ছিন্নমূল মানুষ সম্পর্কে রাজনৈতিক সচেতনতা সৃষ্টি হয় যতদূর সম্ভব বৃটিশ ঔপনিবেশিক শাসনের শেষ ভাগে। এই সময়ে নিখিল বঙ্গ প্রজা সমিতি, কৃষক প্রজা পার্টি নামে বিভিন্ন সংগঠন গড়ে উঠে। তেভাগা আন্দোলনেও সাধারণ কৃষক ও ছিন্নমূল মানুষের মুক্তির নির্দেশনা ছিল। বৃটিশ ঔপনিবেশিক শাসনের অবসান হলে পাকিস্তান আমলে সাধারন কৃষক এবং ছিন্নমূল মানুষের অধিকার প্রতিষ্ঠার কথা বিবেচনায় রেখে ১৯৫১ সালে "পূর্ব বঙ্গ প্রজাস্বত্ত্ব আইন" পাশ হয়। স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে ১৪ই এপ্রিল পর্যন্ত বকেয়া এবং সুদ সহ সমস্ত কৃষি জমির খাজনা মওকুপ করা হয়। ২৫ বিঘার কম জমির মালিক কৃষিজীবি পরিবারের জন্য কৃষি জমির মালিকানার সর্বোচ্চ সীমা নির্ধারিত করা হয় ১০০ বিঘা। খাস জমি পূনর্বন্টনের সময় সালামী গ্রহণ করা হবে না বলে স্থির করা হয়। এর ফলে সরকারের বাৎসরিক ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছিল ৪ কোটি ৯০ লক্ষ টাকা। খাস জমি শুধু মাত্র ভূমিহীন এবং প্রায় ভূমিহীন (যাদের জমির পরিমান ১.৫ একরের কম) কৃষকদের মধ্যে বিতরণ করা হবে স্থির করা হয়।

সরকার এই ব্যবস্থার আওতায় জমি পাবার উপযুক্ত পরিবার নিয়ে গঠিত কৃষি সমবায় সমিতির কাছে খাস জমির বড় খন্ডগুলি অগ্রাধিকারের ভিত্তিতে প্রদান করছে বলে স্থির করা হয়। সমস্ত চর জমি সরকারি দখলে এনে তা সরকারি নীতি এবং আইন মোতাবেক দরিদ্রতর কৃষিজীবিদের মধ্যে বন্দোবস্ত দেবার ব্যবস্থা গ্রহণ করা হয়। সুদখোর মহাজন এবং জমি লোলূপদের হাত থেকে গরীব রক্ষা করার লক্ষ্যে খাইখালাসী- হাট ও বাজারের ইজারাদারী প্রথা বিলোপ সাধন করা হয়।

১৯৮২ সালের মার্চ মাসে সামরিক আইন জারির পর কৃষি মন্ত্রির নেতৃত্বে একটি ভূমি সংস্কার কমিটি গঠিত হয়। ১৯৮৩ সালের প্রথম দিকে কমিটি সরকারের কাছে তার প্রতিবেদন পেশ করে। তাদের প্রদান সুপারিশ গুলি সীমাবদ্ধ ছিল ভাগচাষের শর্তাবলীর উন্নতি, ন্যূনতম কৃষি মজুরি নির্ধারণ, ভূমি সংস্কার বাস্তবায়নকারি সংগঠনের পূনর্বিন্যাস, কৃষির উপর সর্বোচ্চ কর ধার্য, ভূমিহীনদের সমূদয় সমিতির নিকট সরকারি জমি বিতরণ ইত্যাদির মধ্যে সরকার পরবর্তী কালে ভুমি সংস্কার ঠিকভাবে বাস্তবায়িত করা যায় তা নির্ধারণের জন্য একটি কমিটির কথা ঘোষণা করেছেন।

প্রকৃত অর্থে সংক্ষেপে এ পর্যন্ত ভূমি সংস্কারের ব্যাপারে কোন কার্যকরী পদক্ষেপ নেয়া হয়নি। অবস্থা দৃষ্টে মনে হয়, সরকারি পর্যায়ে ছিন্নমূল মানুষ পূনর্বাসন কেবল রাজনৈতিক বুলিতে পরিণত হয়েছে। শুধু তাই নয় কথার ফুলঝুড়ি, প্রতিশ্রুতির সাথে সাথে প্রতি বছর হাজার হাজার কোটি টাকা এই দারিদ্র্য বিমোচনে ব্যয়িত হচ্ছে বিভিন্ন বেসরকারি পর্যায়েও।

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ছিন্নমূল মানুষের পূনর্বাসনে বেশ কটি কার্যক্রম চলমান। যেমন আশ্রয়ন প্রকল্প, একটি বাড়ি একটি খামার, গৃহহীনদের ঋণ ও অনুদান প্রদানের জন্য গৃহায়ন তহবিল, ঘরে ফেরা, সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী, চর জীবিকায়ন কর্মসূচী ইত্যাদি উল্লেখযোগ্য। প্রতি বছর এসকল কর্মসূচী বাস্তবায়ন নিঃসন্দেহে প্রশংসনীয়। কিন্তু দু'টি বিষয় উল্লেখ করলেই এ সকল কার্যক্রমের একটি মূল্যায়ণ হবে বলা যায়। প্রথমত: যদি বলা হয় বিগত ১৫ বছরে এই সব কর্মসূচীর আওতায় কত টাকা ব্যয়িত হয়েছে? প্রায় লক্ষ কোটি টাকা ব্যয়িত হয়েছে হিসাব নিকাশ করে এমন তথ্যই পাওয়া যাবে। এই লক্ষ কোটি টাকা ব্যয় করে দেশের অগণিত ছিন্নমূল পরিবারের মধ্যে কয়টি

পরিবার স্বচ্ছল হতে পেরেছে ? এর উত্তর খুঁজলেই এসকল কার্যক্রমের মূল্যায়ণের চিত্র পাওয়া যাবে। দ্বিতীয়তঃ ছিন্নমূল মানুষের প্রথম প্রয়োজন ভূমি অধিকার। আর তা নিশ্চিত করলেই কেবল তার জীবনমান উন্নয়নে কর্মসূচী বাস্তবায়ন করে সত্যিকার সুফল পাওয়া যাবে। গোড়ায় গাছ কেটে পানি ঢালার মতই ভূমির অধিকার নিশ্চিত না করে ছিন্নমূল মানুষের জন্য বহুবিধ কর্মসূচী বাস্তবায়ন করলেও এর সুফল কতটুকু আসবে তা বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করেই বলা যায়। বস্তুত দারিদ্র্য বিমোচন কর্মসূচী তথা ছিন্নমূল মানুষ পূনর্বাসনে দুর্নীতি, পেশীশক্তি, রাজনৈতিক প্রভাবের কাছে জিম্মি হয়ে আছে। ফলে প্রতি বছর হাজার হাজার কোটি ব্যয়িত হলেও বাস্তবে ছিন্নমূল মানুষ পূনবার্সন দুঃস্বপ্নের মত মনে হয়।

৬. সুপারিশ মালা

এদেশে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে তত্ত্বগত ক্রটি তেমন একটা খুঁজে পাওয়া যাবে না। সমস্যা দেখা যায় বাস্তবায়নে। উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে প্রতি বছর বিপুল পরিমাণ অর্থ ব্যয়িত হলেও কাঙ্খিত উন্নয়ন হচ্ছে না। তদুপুরি বলা যায়, স্বাধীনতার ৪৩ বছরে দৃশ্যমান অনেক উন্নয়ন হয়েছে - এতে কোন সন্দেহ নেই। প্রশ্ন হলো এই উন্নয়নের সুফল সকল স্তরের মানুষ বিশেষ করে ছিন্নমূল দরিদ্র মানুষেরা পেয়েছে কিনা ? বস্তুতঃ আমাদের দেশের অর্থনীতি স্ফীত হচ্ছে। আর স্ফীত অর্থনীতিকেই নীতি নির্ধারকেরা উন্নয়ন বলে বুলি আওরাচ্ছেন। প্রকৃত উন্নয়ন চাইলে অর্থনীতির বিকাশ ঘটাতে হবে। টেকসই উন্নয়ন ধারনা আজ বিশ্বব্যাপি আলোচিত। টেকসই উন্নয়ন, সুষম উন্নয়ন এসকল ধারনা আমাদের সমাজে প্রতিষ্ঠিত করতে চাইলে সমাজের ছিন্নমূল অসহায় মানুষের কথা চিন্তা করে তাদের আর্থ সামাজিক অবস্থা উন্নয়নের কথা ভাবতে হবে সবার আগে- এর কোন বিকল্প নেই। অন্যথায় আয় বৈষম্য, অসম উন্নয়ন বাড়তেই থাকবে। সত্যিকার বিবেচনায় অসম উন্নয়ন কোন উন্নয়ন নয়। এতে অর্থনৈতিক বৈষম্যের সাথে সাথে দেশের কতিপয় মানুষের সাথে দেশের অবশিষ্ট সকল মানুষের সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক বৈষম্য গড়ে ওঠে। মানুষে মানুষে ভেদাভেদ ও সাংস্কৃতিক বিভাজন গড়ে ওঠে। ফলে অসম উন্নয়ন থেকে আরো অনেক সমস্যার সৃষ্টি হয়। আমাদের সমাজে বাস্তবে তাই দেখতে পাচ্ছি। উন্নয়নে প্রযুক্তির উন্নয়নে কোন বিকল্প নেই। প্রশ্ন হলো দেশে যে প্রযুক্তির উন্নয়ন হচ্ছে এর সুফল সবাই পাচ্ছে কি না ? সাম্প্রতিক সময়ে কৃষি সংস্কারের ফলে কৃষি ক্ষেত্রে ব্যাপক উন্নয়ন হয়েছে। কিন্তু এ উন্নয়নের ছোঁয়া দেশের বিপুল পরিমাণ ছিন্নমূল, দরিদ্র মানুষদের নূন্যতম স্পর্শ করেনি। এর মূল কারণ ভূমি সংস্কার সম্পাদন না করে কৃষি সংস্কারে হাত দেওয়া। ভূমি সংস্কার কৃষি সংস্কারের একটি অনুষঙ্গ হলেও উন্নয়ন অর্থনীতি বিদগণ ভূমি সংস্কার সম্পন্ন করেই কৃষি সংস্কারের কথা বলে আসছেন দীর্ঘদিন ধরে। আর তা না হলে কেবল ধনী ও স্বচ্ছল কৃষকেরাই লাভবান হবে। স্বাধীনতা পরবর্তী সময়ে দেশে একটি সুষম অর্থনৈতিক সমাজ গঠনের লক্ষ্যে প্রথমেই ভূমি সংস্কারের উপর জোর দেওয়া হয়। অর্থনীতিবিদগন ভূমি সংস্কারের বিষয়টি জোড়ালো ভাবে উপস্থাপন করে। তারা বিভিন্ন দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমি সংস্কারের কথা উল্লেখ করে সকল হিসেব নিকেষ করে দেখিয়ে দেন যে, ভূমি সংস্কার ব্যতিরেখে কৃষি সংস্কার করলে প্রকৃত অর্থে দেশের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব নয়। সেই লক্ষ্যে ভূমিহীন মানুষের মধ্যে খাস জমি বিতরণের প্রস্তাব প্রদান করেন। তাদের প্রস্তাব আলোর মুখ দেখেনি বলেই কৃষি ক্ষেত্রের এই ব্যাপক উন্নয়ন ভূমিহীন ছিন্নমূল মানুষের কোন কাজে আসেনি।

স্বাধীনতার পর শিক্ষা ক্ষেত্রে যে উন্নয়ন হয়েছে প্রকৃত অর্থে তার সুফল ছিন্নমূল দরিদ্র জনগোষ্ঠী পেয়েছে কী ? এখনো পাচ্ছে একথা কেউ বলতে পারবে কী ? অবশ্যই না। অনুরূপভাবে উন্নত স্বাস্থ্য সেবা,

প্রশাসনিক সেবা, আইনি সহায়তা লাভ যাই বলিনা কেন এসকল অধিকার বা রাষ্ট্রীয় সুযোগ লাভে ছিন্নমূল মানুষের সুযোগ নেই বললেই চলে। অধিকন্তু এসকল সুবিধা লাভের নামে তারা প্রতি নিয়তই বঞ্চিত হচ্ছে ও অবহেলিত হচ্ছে। বর্তমান বিশ্ব বাস্তবতা তুমুল প্রতিযোগিতামূলক। আর প্রতিযোগিতামূলক বিশ্বের সাথে তাল মিলিয়ে কাঙ্খিত উন্নয়ন নিশ্চিত করতে চাইলে এসকল অবহেলিত মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন নিশ্চিত করতেই হবে।

বাস্তুহারা বা ছিন্নমূল মানুষ প্রাথমিক শ্রমিক হিসেবে সবচেয়ে কঠিন ও জরুরী কাজে শ্রম প্রদান করে জীবিকা নির্বাহ করে। তথাপি আমাদের সমাজ বাস্তবতায় এসকল মেহনতি মানুষ অসহায়, অবহেলিত অবদমিত হয়ে জীবন যাপন করে। এসকল মানুষ সকলের কাছে নিচু স্তরের মানুষ হিসেবে পরিগণিত। ফলে নিতান্তই কম পারিশ্রমিকের বিনিময়ে এরা মানবেতন জীবন যাপন করে থাকে। বর্তমান বিশ্ব বাস্তবতার সাথে তার মিলিয়ে চলতে দেশের সত্যিকার উন্নয়ন নিশ্চিত করতে এসকল অবহেলিত মানুষের জীবন মান উন্নয়ন সহ আধুনিক নাগরিক জীবনের সাথে মানানসই উপযোগী করে তাকে যোগ্য নাগরিক হিসেবে হড়ে তোলতে হবে। আর এজন্য প্রথম যা করা প্রয়োজন তা হলো প্রতিটি মানুষের ভূমির অধিকার নিশ্চিত করা । ভূমি অধিকার বাস্তবায়নে প্রথমেই একটি বাস্তব সম্মত, স্পষ্ট, দরিদ্র্যমুখী ভূমি সুরক্ষা আইন প্রণয়ন করতে হবে। এ আইনে দু'টি বিষয় অন্তর্ভূক্ত থাকবে। প্রথমত: ছিন্নমূল মানুষের জন্য দ্রুততম সময়ে ভূমির বন্দোবস্ত প্রদান করে পূনর্বাসন করা। দ্বিতীয়ত: আর একটি মানুষও যেন ছিন্নমূল না হয় যে কোন মূল্যে তা নিশ্চিত করতে হবে। এলক্ষ্যে একটি স্বাধীন কমিশন গঠন করা যেতে পারে। যার বিস্তৃতি মাঠ পর্যায় পর্যন্ত থাকবে। ছিন্নমূল মানুষের ভূমির অধিকার নিশ্চিত করে তাদের জীবনমান উন্নয়নে কতিপয় সুপারিশমূলক প্রস্তাব নিম্নে উপস্থাপন করছি :

১। যথাসম্ভব দ্রুততম সময়ে একটি সুন্দর, সময়োপযোগী, বাস্তবসম্মত, দরিদ্রমূখী, আধুনিক মানসম্মত, শতভাগ দুর্নীতিমুক্ত ও রাজনীতি প্রভাবমুক্ত ভূমি সংস্কার সম্পাদন করতে হবে। এদেশে অনেক অর্থনীতিবিদ দীর্ঘ দিন ধরে কৃষি উন্নয়নে ভূমি মালিকানার পরিবর্তন এবং কার্যকর ভূমি সংস্কারের দাবি করে আসছে। তা বাস্তবায়নে প্রকৃত ছিন্নমূল মানুষের মধ্যে খাস ও জলাভূমি বিতরণ করতে হবে। এ লক্ষ্যে পতিত দখলিকৃত সকল খাস জমি এমন কি যে পরিমাণ খাস জমি স্বচ্ছল প্রভাবশালী মহলের মধ্যে বিতরণ করা হয়েছে দ্রততার সহিত তা সরকারি আয়ত্তে নিতে হবে এবং প্রকৃত ছিন্নমূল মানুষের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের নামে যে পরিমাণ খাস জমি দখল আছে তা দখলমুক্ত করতে হবে।

২। ছিন্নমূল মানুষ নির্বাচনে যাতে দুর্নীতি, স্বজনপ্রীতি, রাজনৈতিক বিবেচনা প্রধান্য না পায় তার জন্য একটি দারিদ্র্য শুমারি সম্পাদন করে একটি তথ্য ভান্ডার তৈরী করা যেতে পারে যাতে করে ছিন্নমূল মানুষ নির্বাচন সহজতর, স্বচ্ছ এবং দুর্নীতি মুক্ত হয়।

৩। চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে কৃষক সমাজকে ছিন্নমূল মানুষে পরিণত করার আইনি ভিত রচনা করা হয়। ১৭৯৩ সালের পর হতেই জমিদারগণ কৃষকদের খাজনা আদায়ের নামে বাস্তুভিটা হতে উচ্ছেদ করা শুরু করে। ১৯৫০ সালে প্রজাস্বত্ব আইনে জমিদারি প্রথা বাতির করা হলেও খাজনা আদায়ের নামে কৃষকদের ভিটামাটি থেকে উচ্ছেদ রোধ করার কোন বিধি আরোপ করা হয়নি। এমন কি স্বাধীন বাংলাদেশেও ১৯৭২ সালের ভূমি সংস্কার আইনেও তা করা হয়নি। ১৯৮৪ সালের অর্ডিন্যান্সের আওতায় একটি বিধান ছিল যে, যে কোন পরিস্থিতিতেই বর্গাচাষীকে তার

বসত ভিটা থেকে উৎখাত করা চলবে না, এমনকি খাজনা অনাদায়ের নালিশের জন্যও নয়। এই অর্ডিন্যান্সে বসত বাড়ি হতে উচ্ছেদ করা নিষিদ্ধ করা হয়েছে, কিন্তু স্বেচ্ছায় বসত বাড়ি বিক্রি নিষিদ্ধ করা হয়নি। সুতরাং কেবল খাজনা আদায়ে নয়, সত্যিকার ভূমিহীন ছিন্নমূল মানুষের ভাগ্য উন্নয়নে .৯৯ শতকের নীচে যাদের জমি আছে তাদের জমি বিক্রি করার পথ সম্পূর্ণ বন্ধ করতে হবে। অসুখ-বিসুখ, মামলা-মোকদ্দমা, ঋণ পরিশোধ যে কারণই থাকুক না কেন কোন পরিবারই ভিটেমাটি বিক্রি করতে পারবে না। এক্ষেত্রে .৯৯ শতকের নীচে জমি আছে তাদের প্রতি উপজেলা ভিত্তিক তালিকা করে তাদের জমি বিক্রি সম্পূর্ণ বন্ধ করতে হবে। সেই সাথে ১০ একরের জমির ওপর যাদের জমি আছে তারও একটি তালিকা করতে হবে। যাতে করে তারা নতুন করে আর জমি ক্রয় করতে না পারে।

৪। একটি পরিবারে জমির সর্বোচ্চ সিলিং ১০ একরের বেশী হতে পারবে না। একজন সদস্যের ক্ষেত্রে তা হতে হবে ৫ একর।

৫। ভূমি অধিকার নিষ্পত্তির জন্য স্থানীয় সরকারকে দায়িত্ব দিতে হবে। স্থানীয় সরকার অগ্রাধিকার খাত বিবেচনায় ছিন্নমূল মানুষের ভূমি বন্দোস্তসহ সকল ধরনের ভূমি বিরোধ নিষ্পত্তি করবে।

৬। স্বচ্ছল কৃষক জমি বিক্রি করতে চাইলে তার পার্শ্ববর্তী কেউ যদি ভূমিহীন জমি ক্রয় করছে ইচ্ছা পোষন করে তাহলে তার কাছে জমি বিক্রির বাধ্যবাধকতা রাখতে হবে।

৭। গ্রাম্য শালিশ এবং তার মাধমে জরিমানা করার বিধান সম্পূর্ণ রহিত করতে হবে।

৮। পুলিশি ঝামেলা, মামলা-মোকদ্দমা করে ভিটে বাড়ি বিক্রির অনেক নজির রয়েছে, তা রহিত করার ব্যবস্থা করতে হবে।

৯। ইদানিং কালে ভিটেমাটি বিক্রি করে চাকুরী লাভ, বিদেশে যাওযার প্রবণতা লক্ষ্য করা যায়, এ প্রবণতা স্বমূলে রোধ করতে হবে।

১০। চিরস্থায়ী বন্দোবস্তের মাধ্যমে ছিন্নমূল মানুষের সৃষ্টি কিভাবে হয়েছে এবং তাদের দুর্দশা গ্রস্থ জীবন কেমন করে উদ্ভব হয়েছে সে বিষয়ে এবং সর্বপুরি ছিন্নমূল মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ব্যর্থতার কারণ উৎঘাটনে একটি বস্তুনিষ্ট গবেষণা সম্পাদন হওয়া জরুরী। এলক্ষ্যে ইতিহাসবিদ, অর্থনীতিবিদ, গবেষকদের সমন্বয়ে একটি বিশেষ গবেষণা সেল গঠন করা যেতে পারে। গবেষনার ফল এবং সেই সাথে ছিন্নমূল মানুষের প্রকৃত অবস্থা সম্পর্কে ব্যাপক সচেতনতা আনয়নে প্রতি শ্রেণীর পাঠ্য বইয়ে ছিন্নমূল মানুষের প্রকৃত অবস্থা অন্তর্ভূক্ত করা যেতে পারে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের কৃষি, কৃষক এবং কৃষি ব্যবস্থা নিয়ে একটি আলাদা বিভাগ চালু করা যেতে পারে। যাতে অন্তর্ভূক্ত থাকবে চিরস্থায়ী বন্দোবস্তের ফলে ভূমি ব্যবস্থাপনায় সৃষ্ট নৈরাজ্য এবং সাধারণ কৃষক ও ছিন্নমূল মানুষের দুর্দশার বস্তুনিষ্ট তত্ত্ব।

১১। ছিন্নমূল মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে ছিন্নমূল মানুষের মধ্যে ব্যাপক হারে কর্মসংস্থান, অগ্রাধিকার ভিত্তিক ব্যাংকিং সুবিধা যেখানে সঞ্চয় প্রবণতা সৃষ্টি সহ জামানত বিহিন স্বল্প সুদে (ব্যাংক রেটে) চাহিদামত ঋণ প্রদান, জনশক্তি রপ্তানিতে প্রধান্য দেওয়া, সামাজিক নিরাপত্তা কর্মসূচীগুলো শতভাগ দুর্নীতি ও রাজনীতিমুক্ত করে এসকল কর্মসূচীতে তাদের শতভাগ অংশিদারিত্ব নিশ্চিত করে তার সুফল ছিন্নমূল মানুষের জন্য নিশ্চিত করা, মানসম্মত শিক্ষা, আধুনিক স্বাস্থ্য সুবিধা, আইনি সহযোগিতা, প্রশাসনিক সেবা সুলভ ও সহজলভ্য করতে হবে।

১২। বাংলাদেশের মত একটি ছোট এবং জনবহুল দেশে ভূমির গুরুত্ব অনুধাবন করে ভূমি অধিগ্রহণ নীতিমালা অধিক যৌক্তিক, বাস্তবসম্মত করা উচিৎ। একটি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য হাজার একর জমি ব্যবহার করা উচিৎ হবেনা। প্রয়োজন থাকলেও বর্তমান সমাজ বাস্তবতায় ছিন্নমূল দরিদ্র মানুষের কথা ভেবে সে পরিমাণ যৌক্তিক করা দরকার। এলক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সর্বনিম্ন জমি থাকার বিধান পরিবর্তন করে সর্বোচ্চ পরিমাণ জমি রাখার বিধান চালু করতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের জন্য ২০ একর, কলেজ প্রতিষ্ঠার জন্য ৫ একর, হাই স্কুলের জন্য ২ একর, প্রাথমিক বিদ্যালয়ের জন্য .৫ একর জমির সর্বোচ্চ সিলিং নির্ধারণ করার কথা ভাবা যেতে পারে। অন্যান্য সকল ক্ষেত্রে যেমন অফিস আদালত, কল কারখানা, রাস্তাঘাট ইত্যাদি স্থাপনের ক্ষেত্রে জমি অধিগ্রহণের সর্বোচ্চ সিলিং নির্ধারণে একটি যুগপযোগি নীতিমালা করা যেতে পারে।

১৩। দরিদ্র ছিন্নমূল মানুষের ভূমি অধিকার নিশ্চিত করা এবং তাদের জীবন মান উন্নয়নে গৃহিত কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন কাজের সুনির্দিষ্ট, বস্তুনিষ্ট ও যথাযথ তথ্য সংগ্রহে একটি বিশেষায়িত স্বাধীন গবেষনা প্রতিষ্ঠান স্থাপন করা যেতে পারে। বিশেষ সুবিধাপ্রাপ্ত এ গবেষনা প্রতিষ্ঠান দরিদ্র ছিন্নমূল মানুষের সমস্যা অসুবিধা চিহ্নিত করে তাদের জীবন মান উন্নয়নে নীতিমালা প্রণয়ন থেকে শুরু করে বাস্তবায়ন পর্যন্ত সকল পর্যায়ে গবেষনা সম্পাদন করে সুনির্দিষ্ট তথ্য দেশবাসীর সামনে তুলে ধরবে।

৭. শেষ কথা

একথা সত্য যে, প্রকৃত অর্থে ভূমিহীন, ছিন্নমূল, অসহায় মানুষের যথাযথ ভূমির অধিকার নিশ্চিত করে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন বিরাট এক চ্যালেঞ্জ। আন্তরিকতা এবং সদিচ্ছা থাকলে এ চ্যালেঞ্জ আমরা সহজেই মোকাবেলা করতে পারি। কিন্তু আমাদের রাজনীতি, প্রশাসনিক কাঠামো ও প্রশাসন ব্যবস্থা, দুর্নীতি এবং সর্বোপরি আমাদের অগ্রসর সমাজের ধ্যান-ধারনা, গতানুগতিক ও সনাতনী দৃষ্টিভঙ্গি সহজ কাজকে দুর্বোধ্য ও জটিল করে তুলছে। সরকার ও ছিন্নমূল মানুষের মাঝে এই সমাজ অবস্থান করে করে গরীব দু:খী মানুষের দুর্দশাকে প্রলম্বিত করছে। সমাজের সামগ্রিক উন্নয়ন ক্ষতিগ্রস্থ ও বাঁধাগ্রস্ত হচ্ছে। কিন্তু যথার্থ অর্থে আমাদের উন্নয়ন সাধন করতে হলে এই পশ্চাদপদ জনগোষ্ঠীর যথাযথ উন্নয়ন নিশ্চিত করে আধুনিক নাগরিক জীবনের সাথে মানানসই করে তোলার কোন বিকল্প নেই। অন্যথায় টেকসই, সুষম, কাঙ্খিত বা প্রকৃত উন্নয়ন যাই বলিনা কেন কোন অবস্থাতেই তা অর্জন সম্ভব নয়।

References

1. Barkat, Abul and Roy P.K. : Political Economy of Land Litigation in Bangladesh A Case of Colossal National Wastage, Association for Land Reform and Development(ALRD) : Dhaka, 2004.
2. Barkat, Abul, Zaman, S. and Raihan, S. : Political Economy of Khas Land in Bangladesh, Association for Land Reform and Development(ALRD) : Dhaka, 2001.
3. Government of Bangladesh : The Constitution of the People's Republic of Bangladesh, Ministry of Law, Justice and Parliamentary Affairs, Dhaka, 2008.
4. Internet.
5. Khan, Tanvina ; Jahan, Hasneen ; Miah, T. H. : "Impact of land Tenure System on Boro Paddy Productio : An Economic Analysis in a Selected Area of Mymensingh District", Bangladesh Journal of Political Economy, VOLUME 25. NUMBERS I & 2, Bangladesh Economic Association, Dhaka, 2009.
6. Sobhan, Rehman : Agrerian Reform and Social Transformation : Precondition for Development, University Press Limited, 1993.

৭. আবেদীন জয়নাল : "বাংরাদেশের বিত্তহীন ও পরনির্ভরশীলতার সংস্কৃতি", Bangladesh Journal of Political Economy, Vol. XIV, No. 2, Bangladesh Economic Association, Dhaka, May, 1998.

৮. আলী, ডাঃ টি : "বাংলাদেশের উন্নয়ন ও ভূমি সংস্কার", সার্বিক উন্নয়ন সমীক্ষা, আফসার ব্রাদার্স, ঢাকা, ২০০৬।

৯. ইসলাম, সিরাজুল : বালার ইতিহাস : ঔপনিবেশিক শাসন কাঠামো, বাংলা একাডেমী : ঢাকা, ফেব্রুয়ারি, ১৯৮৪।

১০. উমর, বদরুদ্দীন : চিরস্থায়ী বন্দোবস্তে বাঙলাদেশের কৃষক, মাওলা ব্রাদার্স, ঢাকা, জানুয়ারি ২০১৩।

১১. উদ্‌দীন, মুহাম্মদ জসীম : বাংরাদেশের পাথর শ্রমিকদের আর্থ সামাজিক অবস্থা, রিসার্চ ইনিসিয়েটিভ্‌স বাংলাদেশ (রিইব), ঢাকা, ২০০৬।

১২. খান, মোঃ মোয়াজ্জেম হোসেন : "দারিদ্র্য হ্রাস কৌশল পত্র বাংলাদেশের দারিদ্র্য দূরীকরণের আরও একটি ব্যর্থ প্রয়াস", Bangladesh Journal of Political Economy, Volume 23, Numbers I & 2, Bangladesh Economic Association, Dhaka, May, 2006.

১৩. খান, কে. এম. রাইছউদ্দিন : বাংলাদেশ ইতিহাস পরিক্রমা, খান ব্রাদার্স এ্যান্ড কোম্পানি, ঢাকা, ১৯৯১।

১৪. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার : বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা, অর্থ মন্ত্রণালয়, ২০১৩।

১৫. জলীল, এ, এফ. এম. আব্দুল : পূর্ব বাংলার কৃষক বিদ্রোহ, প্রকাশ ভবন, ঢাকা, ১৯৬৯।

১৬. নওয়াজ, ড. আলি : বাংলাদেশের ভূমি ব্যবস্থা ও ভূমি সংস্কার, আফসার ব্রাদার্স, ঢাকা, ২০১৪।

১৭. বারকাত, আবুল : "বাংলাদেশে দারিদ্র্য- বৈষম্য- অসমতা : একীভূত রাজনৈতিক অর্থনীতির সন্ধানে", লোকবক্তৃতা ২০১৪, ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট অডিটোরিয়াম, ঢাকা, ২২ মার্চ, ২০১৪।

১৮. বারকাত, আবুল : বাংলাদেশে কৃষি - ভূমি - জলা সংস্কার : উন্নয়নের দিগন্ত, জাতীয় সেমিনার, থিয়েটার ইন্সটিটিউট, চট্টগ্রাম, ২০০৮।

১৯. বাংলাপিডিয়া, ১ম, ৩য় ও ৭ম খন্ড, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, মার্চ, ২০০৩।

২০. শামসুদ্দীন, আবুল কালাম, পলাশী থেকে পাকিস্তান, পাকিস্তান পাবরিকেশন্‌স, ১৯৬৮।

২১. সমকাল, প্রথম আলোর বিভিন্ন সংখ্যা।

২২. হক, এম. আজিজুল : বাংলার কৃষক, দিব্য প্রকাশ, ঢাকা, ২০০৪।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

ভালো শিক্ষা প্রতিষ্ঠান বনাম আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান : একটি পর্যালোচনা

মুহাম্মদ জসীম উদ্‌দীন*

সার সংক্ষেপ

আলোচ্য প্রবন্ধে দেশের আর্থ- সামাজিক উন্নয়নে শিক্ষার ব্যাপক প্রসার তথা শিক্ষার প্রকৃত উন্নয়নে ভালো শিক্ষা প্রতিষ্ঠান ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান এর পার্থক্য নিরূপণ করে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা বিস্তারের সহায়ক হিসেবে বিবেচনা করা হয়েছে। প্রবন্ধের শুরুতে লক্ষ্য ও উদ্দেশ্য এবং তথ্য ও পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়েছে। বাংলাদেশের প্রাতিষ্ঠানিক শিক্ষার ইতিহাস, ভালো শিক্ষা প্রতিষ্ঠান ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের পার্থক্য, ভালো এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে আমাদের লালিত দৃষ্টিভঙ্গির উপর আলোকপাত করা হয়েছে। বাংলাদেশের উন্নয়ন ত্বরান্বিত করতে শিক্ষার প্রকৃত উন্নয়ন তথা শিক্ষা বিস্তারের কোন বিকল্প নেই। আর তা নিশ্চিত করতে সবার আগে আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তনের উপর জোর দেওয়া হয়েছে। প্রবন্ধের শেষাংশে বাণিজ্যকীকরণ বন্ধ করে শিক্ষাকে সর্বজনীন, অসাম্প্রদায়িক, গণমুখী ও সবার জন্য উন্মুক্ত করতে কতিপয় সুপারিশ উত্থাপন করা হয়েছে।

১. পটভূমি

বিদ্যমান বাস্তবতায় বাংলাদেশের সামগ্রিক উন্নয়নে শিক্ষা বিস্তারের কোন বিকল্প নেই। নয়া প্রবৃদ্ধি তত্ত্বে শিক্ষা ও জাতীয় আয়ের মধ্যে ধনাত্মক সম্পর্ক প্রতিফলিত হয়েছে যেখানে শিক্ষার ভূমিকা প্রযুক্তি ও উদ্ভাবনের সাথে ওতপ্রোতভাবে জড়িত। তাই যে কোন মূল্যে সব মানুষকে শিক্ষিত করে তুলতে হবে, যে ভাবেই হোক শিক্ষার হার শতভাগে উন্নীত করতে হবে। এই একটি বিষয় নিশ্চিত করতে পারলেই দেশের সামগ্রিক চিত্র দ্রুতই পাল্টে যেতে পারে। এতে অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামো উন্নয়নে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হবে। উন্নয়নের সুফল প্রতিটি মানুষ যাতে পেতে পারে তার একটি পটভূমি

---

* প্রভাষক, অর্থনীতি বিভাগ, সিলেট ক্যাডেট কলেজ, সিলেট

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

রচিত হবে। জনসচেতনতা বাড়বে, পরিকল্পিত কর্মসূচীগুলোর যথাযথ ও প্রকৃত বাস্তবায়ন হবে, সুষম উন্নয়ন নিশ্চিত হবে। এ ধরনের কথা সেই দীর্ঘদিন যাবৎ শুনে আসলেও স্বাধীনতা প্রাপ্তির ৪৩ বছর পরও আমরা শিক্ষা বিস্তারে কাঙ্খিত সাফল্য অর্জন করতে পারিনি।

শিক্ষা বিস্তার, গুণগত মান বৃদ্ধি সহ শিক্ষার সামগ্রিক উন্নয়নে প্রতি বছর যে ব্যয় হয় তা প্রত্যাশার তুলনায় কম হলেও সাধ্যের তুলনায় কম- একথা বলার সুযোগ নেই। শিক্ষার সামগ্রিক উন্নয়নে প্রচুর কর্মসূচী বাস্তবায়িত হয়েছে, বাস্তবায়িত হচ্ছে এবং হতে যাচ্ছে। স্বাধীনতার পরপরই শিক্ষা খাতের ব্যয় দ্রুত বাড়তে থাকে। ১৯৭৩ সালে শিক্ষা খাতে মোট ব্যয় ছিল ৭৩ কোটি টাকা। ১৯৯০ সালে তা ১৩৩০ কোটি টাকায়, ২০০০ সালে ৪২৭৩ কোটি টাকায় এবং ২০০৮ সালে ২০৪৭০ কোটি টাকায় উন্নীত হয়। সুতরাং, এই খাতের উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে আমরা পিছিয়ে নেই। পিছিয়ে আছি আমাদের দৃষ্টিভঙ্গি, আন্তরিকতা ও দায়িত্ব বোধ বিবেচনায়। ফলে, কাড়ি কাড়ি অর্থ ব্যয় করে এই খাত উন্নয়নে প্রতিনিয়তই কর্তাব্যক্তিদের মুখ থেকে অনেক আশার বাণী শুনতে পেলেও বাস্তবতা সম্পূর্ণ ভিন্ন। এই খাতে উন্নয়নের কিছু সফলতা আছে হয়ত, কিন্তু সে উন্নয়নের সুফল সব স্তরের মানুষ সমভাবে পাচ্ছেনা। শিক্ষার অধিকার লাভে মানুষ বৈষম্যেরে শিকার হচ্ছে, সমাজে বৈষম্য ও অস্থিরতা দেখা দিচ্ছে। এই সমস্যা দ্রুত রোধ করতে না পারলে সমাজের রুগ্ন দশা দূর করা কঠিন হয়ে পড়বে।

আমাদের দেশে সামগ্রিক অবস্থার বিচারে শিক্ষার উন্নয়নে যা হবার কথা, হচ্ছে তার বিপরীত। শিক্ষার অধিকার লাভে একটি শিশুও যেন বঞ্চিত না হয় যে কোন মূল্যে তা নিশ্চিত করতে হবে। ফলে গণমুখী শিক্ষা বাস্তবায়নের যে কথা বলা হচ্ছে তা দ্রুততার সাথে বাস্তবায়ন করতে হবে। অনেক অর্থনীতিবিদ, সমাজ চিন্তাবিদ শিক্ষা ক্ষেত্রের ব্যয়কে মানব পুঁজি গঠনের বিনিয়োগ হিসেবে বিবেচনা করের থাকে। আমাদেরকে যে কোন মূল্যে শিক্ষাকে সহজলভ্য, সুলভ করতে হবে। ১৯৪৮ সালের জাতিসংঘ কর্তৃক সর্বজনীন মানবাধিকার এবং ১৯৫৯ সালের শিশু অধিকারের ঘোষণায় প্রতিটি শিশুর শিক্ষা লাভের অধিকারের কথা বর্ণিত হয়েছে। এ দু'টি ঘোষণাতেই প্রাথমিক শিক্ষাকে সর্বজনীন, অবৈতনিক ও বাধ্যতামূক করার প্রতিশ্রুতি দেয়া হয়েছে। সুতরাং, শিক্ষাকে সর্বজনীন করতে শিক্ষা বিপননকে এমন পর্যায়ে নিয়ে আসতে হবে যাতে তা প্রতিনিয়ত প্রতিটি মানুষের দৌড় গোড়ায় পৌছে যায় সহজেই। শিক্ষা খাতে ব্যয় বাড়ানের উচিৎ, কিন্তু শিক্ষা যেন কোন অবস্থাতেই ব্যয় বহুল কিংবা বিলাস বহুল না হয়- এ বিষয়টি বিবেচনায় রাখতে হবে। লক্ষ্যণীয় বিষয় হলো, ইদানিং আমাদের সমাজে শিক্ষা একটি বাণিজ্যিক পণ্য হিসাবে প্রতিষ্ঠিত হতে চলছে। সর্বত্র অসংখ্য কিন্ডার গার্টেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠন, বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজসহ প্রশিক্ষণ প্রদানের নামে অসংখ্য প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হচ্ছে যাদের মূল উদ্দেশ্য হলো মুনাফা অর্জন। অলাভজনক প্রতিষ্ঠান স্থাপনের আড়ালে এধরনের উদ্যোক্তারা কার্যত প্রচুর মুনাফা লুফে নিচ্ছে। ফলে শিক্ষা একটি বাণিজ্যিক পণ্য হিসেবে প্রতিষ্ঠিত হয়ে উঠছে। ০৩ জুন, ২০১৩ দৈনিক জনকণ্ঠ পত্রিকার একটি প্রবন্ধে উল্লেখ করা হয়, বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থায় মূল্যায়ন পদ্ধতির ধারাবাহিক একটি পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে- যা শিক্ষার্থীদের ক্রমাগত মানসিক চাপের কারণ হিসেবে চিহ্নিত করা যায়। বিশেষ কওে, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষা নামে এক বৈতরণী পার হবার যে ব্যবস্থা রয়েছে এবং এ বৈতরণী ক্ষমতা ও অর্থের প্রভাবে পার হবার ঘটনাগুলো বাংলাদেশের ভবিষ্যৎ প্রজন্মের জন্য অভিশাপ হয়ে রইবে।

আমরা যে দৃষ্টিভঙ্গি লালন করে চলেছি– সে এসঙ্গে কিছু বলা প্রয়োজন। আমাদের লালিত দৃষ্টিভঙ্গির দু'টি ধারার কথা উল্লেখ করতে পারি। বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি এবং মানবিক দৃষ্টিভঙ্গি। আমাদের শিক্ষা ক্ষেত্রে এই বেহাল দশার জন্য বাণিজ্যিক দৃষ্টিভঙ্গিই মূলতঃ দায়ী। বাণিজ্যিক দৃষ্টিভঙ্গির দাপটে

মানবিকতা, বিবেক-বিবেচনা, সহমর্মিতা, সহানুভূতি আজ যেন বিসর্জিত। শিক্ষা বিস্তারে একজন শিক্ষকের দায়িত্ব ও দায় বোধ, দেশ ও সমাজের প্রতি প্রতিশ্রুতি, হৃদ্যতা, আন্তরিকতা থাকা জরুরী। শিক্ষকের এই মানবিক গুণাবলি আজ আমাদের সমাজ হতে ক্রমান্বয়ে বিলীন হতে চলছে। বাণিজ্যি দৃষ্টিভঙ্গি এবং বাণিজ্যিক সংস্কৃতিই নৈতিকভাবে আমাদের এমন পেছনে নিয়ে যাচ্ছে। ষোড়শ শতাব্দীতে ইউরোপীয় বণিকরা বাণিজ্য করতে এসে দেশের পর দেশ দখল করে তাদের কলোনী বানিয়ে শোষণের জাল বিস্তার করে, এতে তাদের প্রভূত আর্থিক সমৃদ্ধি ঘটে। তাদের এই বাণিজ্য কেন্দ্রিক এই দৃষ্টিভঙ্গি কলোনী দেশ গুলোতে বপন করে যায় যা আজ বিশ্বব্যাপি প্রতিষ্ঠিত। আর এ দৃষ্টিভঙ্গি থেকেই বাণিজ্য ভিত্তিক সংস্কৃতির উদ্ভব। বাণিজ্যের বাইরে আজ কোন কিছু যেন কেউ চিন্তা করতে পারেনা। আর এর প্রভাব শিক্ষার মত সেবা খাতে পড়েছে। ১৯৭১ সালে দেশ স্বাধীন হওয়ার পর পরই শিক্ষা বিস্তারে বহুমুখী কার্যক্রম হাতে নেয়া হয়। ১৯৭৪ সালে সরকার সব প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করে। তখন কিন্তু শিক্ষাকে বাণিজ্যিকীকরণ করার কোন প্রবণতা লক্ষ্য করা যায়নি। এই প্রবণতা দেখা যায় ১৯৭৫ সালের রাজনৈতিক পট পরিবর্তনের পর থেকে। বর্তমানে এটি প্রতিষ্ঠা পেতে চলছে। এর অশুভ ফল কোন ভাবেই দেশের জন্য মানুষের জন্য শুভ ও কল্যাণকর হতে পারেনা।

এদেশে আধুনিক শিক্ষার ভিত বৃটিশ আমলেই রচিত হয়েছিল এতে কোন সন্দেহ নেই। প্রশ্ন হলো, বৃটিশরা এদেশে শিক্ষা প্রতিষ্ঠান স্থাপনে আগ্রহী হয়েছিল কেন ? সে কি এদেশের সব মানুষকে শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্য নিয়ে ? সে কি উন্নয়নের মূল হাতিয়ার হিসেবে শিক্ষাকে মেনে নিয়ে সব শ্রেণীর ছেলে মেয়েদের শিক্ষার আলোকে আলোকিত করে প্রশাসন, বিচার ব্যবস্থা, স্বাস্থ্য সেবা তথা সব কাজের উপযোগী মানব সম্পদ তৈরী করা ? ইতিহাস পর্যালোচনা করলে সহজেই এর উত্তর মিলবে। সবাইকে শিক্ষিত করা বৃটিশদের উদ্দেশ্য ছিল না। মূল উদ্দেশ্য ছিল এদেশের কিছু মানুষকে শিক্ষিত করে সর্বোচ্চ পরিমাণ বাণিজ্যিক স্বার্থ উদ্ধার করা। আর তা নিশ্চিত করতেই কিছু মানুষকে শিক্ষা লাভের সুযোগ দিয়ে একটি তাবেদার, লুটেরা শ্রেণী সৃষ্টি, মানুষে মানুষে বিভেদ বৈষম্য তৈরী, চতুর সাম্প্রদায়িক মনোভাব সৃষ্টি, সেই সাথে সাম্প্রদায়িক ও সাংস্কৃতিক বিভাজন তৈরী করা ছিল লক্ষ্য, বৃটিশরা সে লক্ষ্য অর্জনে প্রায় শতভাগ সফলও হয়েছিল বলা যায়।

আমাদের মত দেশে মানব সম্পদ উন্নয়ন এক বিরাট চ্যালেঞ্জ। মানব সম্পদ উন্নয়ন তথা সব স্তরের মানুষের দক্ষতা, সামর্থ, জ্ঞান, মানুষের আচার আচরণের উন্নয়নে শিক্ষার কোন বিকল্প নেই। এজন্য প্রয়োজন শিক্ষার ব্যাপক প্রসার। আমাদের মত সমাজে শিক্ষার প্রসার ঘটাতে চাইলে শিক্ষা বাণিজ্যকরণের পথ সম্পূর্ণ রূপে বন্ধ করতে হবে। কিন্তু শিক্ষাকে সর্বজনীন করতে শিক্ষা বাণিজ্যি কী করণ থেকে বেরিয়ে আসার জন্য অসংখ্য শিক্ষাবিদ গবেষক, রাজনীতিবিদ, সুশীল সমাজ সোচ্চার হলেও এই প্রবণতা বেড়েই চলছে। প্রশ্ন হলো জ্ঞান বিজ্ঞানের এই সুসময়ে আমরা পিছিয়ে আছি কেন? আলোচ্য প্রবন্ধে এর নেপথ্য কারণ চিহ্নিত করার চেষ্টা করা হয়েছে। একই সাথে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান ও ভালো শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে এ প্রবন্ধে আলোকপাত করা হয়েছে। শিক্ষার যথাযথ উন্নয়নে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের গুরুত্ব এবং একই সাথে ভালো শিক্ষা প্রতিষ্ঠান গুলো বাণিজ্য করার পাশাপাশি আলোচিত হয়েছে আমাদের দেশে শিক্ষা প্রসারের প্রতিবন্ধকতা সৃষ্টি করার মত মৌলিক অথচ অতি জরুরী বিষয়গুলো।

২. প্রবন্ধের লক্ষ্য ও উদ্দেশ্য

আলোচ্য প্রবন্ধের মূল লক্ষ্য আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান এবং ভালো শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি এবং এতে শিক্ষা বিস্তারের ক্ষেত্রে সৃষ্ট প্রতিবন্ধকতাগুলো তুলে ধরা। আর এ লক্ষ্যকে সামনে রেখে নিচের উদ্দেশ্যগুলো নির্ধারণ করা হয়েছে।

১. এদেশের প্রাতিষ্ঠানিক শিক্ষার ইতিহাস সংক্ষিপ্ত আকারে তুলে ধরা।

২. আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান এবং ভালো শিক্ষা প্রতিষ্ঠানকে সংজ্ঞায়িত করা।

৩. আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান এবং ভালো শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি ও সমাজ জীবনে এর প্রভাব তুলে ধরা এবং সেই সাথে দেশের শিক্ষার সামগ্রিক বর্তমান পরিস্থিতি তুলে ধরা।

৪. বাণিজ্যিক প্রবণতা রোধ করে শিক্ষাকে সত্যিকার গণমুখী এবং সর্বজনীন করার প্রয়াসে কতিপয় সুপারিশ তুলে ধরা।

৩. পদ্ধতি ও তথ্য

আলোচ্য প্রবন্ধে ব্যবহৃত তথ্যসমূহ মাধ্যমিক উৎস হতে নেয়া হয়েছে। এর মধ্যে হোসনে আরা শাহেদ সম্পাদিত 'বাংলাদেশের শিক্ষা ব্যবস্থা' গ্রন্থটিকে প্রধান উৎস হিসেবে বিবেচনা করা হয়েছে। বাংলাদেশ অর্থনীতি সমিতিসহ বিভিন্ন সংস্থা কর্তৃক প্রকাশিত বিভিন্ন জার্নাল, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষার বিভিন্ন সংখ্যা, বিভিন্ন গ্রন্থ, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বাংলাপিডিয়া, ইন্টারনেট, বিভিন্ন সাময়িকী ও দৈনিকে প্রকাশিত বিভিন্ন প্রবন্ধের সহায়তা নেয়া হয়েছে। এ ছাড়া দেশের সামগ্রিক শিক্ষা পরিস্থিতির উপর লেখকের নিজস্ব অভিজ্ঞতা এবং পর্যবেক্ষণের ওপর আলোকপাত করা হয়েছে।

৪. প্রাতিষ্ঠানিক শিক্ষার ইতিহাস

বাংলাদেশে প্রাতিষ্ঠানিক শিক্ষার ইতিহাস দীর্ঘ দিনের নয়। ১৭৫৭ সালের ২৩ জুন পলাশীর যুদ্ধের মাধ্যমে বৃটিশ বেনিয়াদের শাসনের সূত্রপাত হওয়ার আরো অনেক পর ঊনবিংশ শতাব্দীর প্রথম দিকে মূলতঃ এদেশে প্রাতিষ্ঠানিক শিক্ষার ভিত রচিত হয়। প্রাচীন যুগের বাংলা শিক্ষার পদ্ধতি ও প্রকৃতি যথার্থভাবে নিরূপণ করা খুবই দুরূহ ব্যাপার। সে যুগে জ্ঞান-বিজ্ঞান চর্চার প্রমাণ পাওয়া যায় সত্য তবে প্রাপ্ত সূত্রাদিতে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে কোন তথ্য পাওয়া যায়না। মধ্যযুগে দু'টি প্রধান ধর্মীয় সম্প্রদায় হিন্দু ও মুসলমানদের মধ্যে তাদের স্ব-স্ব ঐতিহ্য অনুযায়ী পৃথক দুটি শিক্ষা ব্যবস্থা গড়ে উঠে। মুসলমানদের জন্য প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান মক্তব এবং হিন্দুদের জন্য প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানগুলো পাঠশালা নামে পরিচিত ছিল।

মধ্যযুগে প্রতিষ্ঠিত এই শিক্ষা ব্যবস্থার বদলে আধুনিক শিক্ষা ব্যবস্থা চালু হয় বৃটিশ শাসনামলেই। ১৮১৩ সালে কোম্পানীর সনদ নবায়নকালে ভারতীয়দের শিক্ষার জন্য বার্ষিক এক লক্ষ টাকা বরাদ্দ করা হলে এ ধারার মধ্যে একটা পরিবর্তন সূচিত হয়। এর ফলে শিক্ষা সংক্রান্ত অনুদান বিতরণের জন্য একটি সংস্থা প্রতিষ্ঠার প্রয়োজনী দেখা দেয়।

পশ্চাত্য শিক্ষা লাভের জন্য ১৮১৭ সালে হিন্দু কলেজ স্থাপন করা হয়। বলা হয়ে থাকে এটাই পাশ্চাত্য ধারার প্রথম শিক্ষা কেন্দ্র। এর আগে কোম্পানি সরকারের আমলে ওয়ারেন হেস্টিংস প্রথাগত শিক্ষার প্রথম পৃষ্টপোষকতা করেন ১৭৮১ সালে কলকাতা আলিয়া মাদ্রাসা প্রতিষ্ঠা করে। তারও দশ বছর পর

১৮৯১ সালে জোনাথান ডানকান কাশীতে সংস্কৃত কলেজ স্থাপন করেন। ১৮২৩ সালে কলকাতায় একটি 'জেনারেল কমিটি অব পাবলিক ইনস্ট্রাকশন' গঠিত হয়। এ কমিটির সংখ্যাগরিষ্ঠ সদস্যরা পাশ্চাত্য শিক্ষার পরিবর্তে প্রাচ্য শিক্ষার পক্ষে মতামত দেয় এবং সংস্কৃত ও আরবী শিক্ষার জন্য এর তহবিল ব্যয় করে। ১৮৫৪ সালের চালর্স উড- এর "এডুকেশন ডেস প্যাচ' প্রত্যেক প্রদেশে শিক্ষা প্রশাসন পরিচালনার জন্য আলাদা ডিপার্টমেন্ট সৃষ্টি, ১৮৫৭ সালে কলকাতা, বোম্বাই ও মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা ও গ্রান্টস ইন এইড প্রথা প্রবর্তনের প্রস্তাব দেয় এবং এ প্রতিবেদন সরকারের ভবিষ্যৎ শিক্ষা নীতির মূল খবরগুলো উপস্থাপন করে।

১৮৮২ সালের ভারতীয় শিক্ষা কমিশন বাণিজ্য কৃষি ও প্রয়োগিক বিদ্যা সম্বলিত বিকল্প পাঠ্যক্রম বিবেচনার জন্য পেশ করে। কিন্তু, তা খুবই অল্প সংখ্যক ছাত্রদের আকর্ষণ করে।

১৯১৭ সালের ক্যালকাটা ইউনিভার্সিটি কমিশন স্যার মাইকেল স্যালডায়ের নেতৃত্বে গঠিত কমিশন একটি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড গঠনের সুপারিশ করে। কমিশন সুপারিশ করে ঢাকা এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিভাগ সৃষ্টি করতে হবে এবং উচ্চ মাধ্যমিক, বি.এ এবং এম.এ পরীক্ষায় শিক্ষাকে আলাদা বিষয় হিসেবে প্রবর্তন করতে হবে।

১৯৩৫ সালের ভারত শাসন আইন প্রাদেশিক শিক্ষা মন্ত্রীদের অবস্থান আরো জোরদার করে। প্রাথমিক শিক্ষার বিস্তার, বয়স্ক শিক্ষার প্রবর্তন, পেশাভিত্তিক শিক্ষার উপর গুরুত্ব আরোপ এবং স্ত্রী শিক্ষা ও অপরাপর অ-সুবিধাভোগী শিক্ষার উপর গুরুত্ব আরোপ প্রভৃতি প্রাদেশিক সরকারগুলোর উন্নয়ন কর্মসূচীর অন্তর্ভূক্ত ছিল।

এক্ষেত্রে আরেকটি উল্লেখযোগ্য পদক্ষেপ ছিল গান্ধীর মৌলিক শিক্ষা পরিকল্পনা প্রবর্তন। এটি ছিল জীবনের সামাজিক ও রাজনৈতিক বাস্তবতার সাথে শিক্ষার যোগসূত্র স্থাপনের একটি সচেতন পদক্ষেপ।

সুতরাং বলা যায়, বৃটিশ শাসনামলেই আধুনিক শিক্ষার ভিত রচিত হয়েছিল। কিন্তু, এ আধুনিক শিক্ষা কতটুকু বিস্তৃত ছিল? শিক্ষার মত মৌলিক অধিকার লাভের সুযোগ যাতে সমাজের সব শ্রেণির মানুষ সমভাবে লাভ করতে পারে অর্থাৎ বৃটিশ সরকার এদেশে গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু করেছিল কিনা? মেকলের একটি উক্তি মূল্যায়ন করলেই সহজে এর উত্তর খুঁজে পাব। মেকেল Filteration Theory প্রবর্তন করে যাতে সমাজের উচ্চ স্তরের লোকেরা ইংরেজি মাধ্যমে লব্ধ জ্ঞান তাদের মাতৃভাষার মাধ্যমে সাধারণের মাঝে ছড়িয়ে দিতে পারে। সেদিন তিনি বলেছিলেন, "ইংরেজি শিক্ষার দ্বারা এমন এক শ্রেণির লোক সৃষ্টি করতে হবে, যারা রক্তে ও বর্ণে হবে ভারতীয়, কিন্তু রুচিতে, মতবাদে, নীতিতে এবং হাব-ভাবে হবে সম্পূর্ণ ইংরেজ" (A class of persons Indian in blood and colour but English in tastes-in opinions, in morales and intellect).

আমাদের সামাজিক অবস্থা বিবেচনা করে শিক্ষা বিস্তারে দু'টি বিষয় নিশ্চিত করা জরুরী। প্রথমত: শিক্ষাকে সব মানুষের জন্য সুলভ করে তোলা, দ্বিতীয়ত নারী শিক্ষার প্রসার। বৃটিশরা এবিষয়ে কতটুকু আন্তরিক ছিল তা একটি উদাহরণের মাধ্যমে স্পষ্ট করা যায়। এদেশে নারী শিক্ষার অগ্রদূত হিসেবে নবাব ফয়জুন্নেছা চৌধুরী (১৮৩৪-১৯০৩) খায়েরুন্নেছা (১৮৭৬-১৯১০) এবং বেগম রোকেয়ার (১৮৮০-১৯৩২) নাম আমরা সবাই জানি। নবাব ফয়জুন্নেছা চৌধুরী ছিলেন জমিদার, নারীশিক্ষার প্রবর্তক, সমাজসেবক ও কবি। তিনি ১৮৭৩ সালে কুমিল্লা শহরে মুসলমান মেয়েদের জন্য একটি মুসলিম বালিকা বিদ্যালয় তৈরি করলেন। খায়েরুন্নেছা মুনশি মেহেরুল্লার সঙ্গে একজোট হয়ে

সিরাজগঞ্জ জেলার হোসেনহর নামে একটি প্রত্যন্ত গ্রামে বালিকাদের জন্য একটি স্কুল স্থাপন করেন। ১৯১১ সালে বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন তাঁর স্বামীর নামে স্কুল তৈরি করলেন কলকাতায়। এখানে লক্ষ্যণীয় যে, ফয়জুন্নেছা চৌধুরী এবং বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন এর উদ্যোগে শহরের মেয়েদের পড়াশুনার প্রতি আগ্রহ প্রকাশ পায় এবং খায়েরুন্নেছা গ্রামের দরিদ্র মেয়েদের পড়াশুনার প্রতি মনোনিবেশ করেন। তিনি গণমুখী নারী শিক্ষার অগ্রদূত হিসেবে এদেশের ইতিহাসে অনন্য নজির হয়ে থাকবেন। কিন্তু, তাঁর এই মহতি উদ্যোগ কতটুকু সাড়া পেয়েছিল? কিংবা সরকার কতটুকু পৃষ্ঠপোষকতা করেছিল ? এর উত্তর পাওয়া যায় তার লেখা এক প্রবন্ধে। তিনি সৈয়দ এমদাদ আলির নবনূর- এ 'আমাদের শিক্ষার অন্তরায়' নামে প্রবন্ধটি লেখেন ১৯০৪ সালে। এতে উল্লেখ করেন, ... সৎকার্যে দান যে অধুনা বিরল তাহা সিরাজগঞ্জ হোসেনহর বালিকা বিদ্যালয়ের দৃষ্টান্ত দিলেই সকলেই বুঝিবেন।... এই স্কলের ছাত্রীদিগের নিকট হইতে কোনো বেতন লওয়া হয়না ; বরং মাঝে মধ্যে তাহাদিগকে পুস্তক, কাগজ কলমাদি দিতে হয়। এই গ্রামের অধিক লোক অতি দরিদ্র। তাহাদের নিকট হইতে কিছুমাত্র সাহায্য পাইবার আশা নাই। স্কুলের বেঞ্চ, টেবিল ইত্যাদি আসবাবের অভাব আছে। সেই অভাব মোচনার্থে সাহায্য প্রার্থনা করিয়া এতদ্দেশীয় রাজা, নবাব, জমিদার ও ধনী মহোদয়গণের নিকট বহু সংখ্যক আবেদন পত্র প্রেরণ করা সত্বেও অদ্যাবধি একটি মাত্র পয়সাও পাওয়া যায়নি।"

('আমাদের শিক্ষার অন্তরায়')

সুতরাং, এটি স্পষ্ট যে, বৃটিশ শাসনামলে আধুনিক শিক্ষার ভিত রচিত হয়েছে। কিন্তু, শিক্ষার উন্নয়ন এবং প্রসার হয়নি। যে কয়টি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হয়েছে গণমানুষের স্বার্থে কিংবা শিক্ষার প্রকৃত উন্নয়নে তা করা হয় নি। বৃটিশ সরকার ভারতের অধিবাসীদের মধ্যে শিক্ষা বিস্তারকে তাদের দায়িত্ব বা আইনি বাধ্যবাধকতার অংশ হিসেবে মনে করত না। ফলে যত শিক্ষা কমিশন গঠিত হয়েছিল, তাদের সুপারিশগুলো পর্যালোচনা করলে কাগজে কলমে হয়তো গণমানুষের কিছু কথা পাওয়া যেতে পারে কিন্তু বাস্তবতা ছিল সম্পূর্ণ ভিন্ন। মোট কথা বৃটিশ আমলে শিক্ষা প্রতিষ্ঠানগুলো স্বচ্ছল ঘরের ছেলে মেয়েদের পড়াশুনার জন্যই স্থাপিত হয়েছে। এদেশের সাধারণ মানুষের ছেলে মেয়েদের পড়াশুনার বিষয়টি কখনোই তাদের ভাবনায় ছিলনা।

প্রশ্ন হলো, এই স্বাধীন বাংলাদেশে বৃটিশ ধ্যান ধারনা থেকে আমরা বেরিয়ে আসতে পেরেছি কী না ? স্বাধীনতার ৪৩ বছর পর দেখা যায়, এখনো বিপুল জন গোষ্ঠী শিক্ষার অধিকার থেকে বঞ্চিত। এখনো হাতে গোনা কয়েটি নামী দামী প্রতিষ্ঠান রাষ্ট্রের পৃষ্ঠপোষকতা পায়, গ্রামে যেসব প্রতিষ্ঠানে সাধারণ ঘরের ছেলে মেয়েরা পড়াশুনা করার সুযোগ পায় সেগুলোর উপর বিভিন্ন অজুহাতে নেমে আসে শাস্তির খড়গ। গ্রামের অবস্থান করে কিছু চাকুরীজীবি, ব্যবসায়ী, স্বচ্ছল কৃষক ভালো শিক্ষা প্রতিষ্ঠানে পড়ানোর লোভে পড়ে ছেলে-মেয়েদের উপজেলা শহরে নিয়ে আসে। এখনো শহরের কতিপয় প্রতিষ্ঠানকে ভালো প্রতিষ্ঠান হিসেবে চিহ্নিত করে সরকারিকরণ করা হয়। সুতরাং, একথা বলতেই পারি শিক্ষা বিস্তারে অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হলেও সত্যিকার শিক্ষা উন্নয়নে আমরা আমাদের দৃষ্টিভঙ্গির কোন পরিবর্তন ঘটাতে পারিনি।

আজকের আধুনিত সভ্যতা এবং এর চরম বিকাশমান রূপটি বিশ্বব্যপী দৃশ্যমান তা, শিক্ষাকে প্রাতিষ্ঠানিককরণের জন্যই সম্ভব হয়েছে। এদেশে শিক্ষাকে প্রাতিষ্ঠানিকরনের ইতিহাস দীর্ঘ নয়। তথাপি শিক্ষা, চিকিৎসা, অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামো উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। কিন্তু এর সুফল সবাই পায়নি। আমরা এমন কোন প্রায়োগিক পদ্ধতি বাস্তবায়ন করতে পারিনি যাতে দ্রুততম

সময়ে সব মানুষকে শিক্ষিত করে তুলতে পারি। আর এটিও আজ স্পষ্ট যে, শিক্ষার উন্নয়নে প্রতিনিয়ত বহুমুখী প্রকল্প বাস্তবায়িত হলেও আপামর জনসাধারণ শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে প্রতিনিয়ত।

৫. ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান

ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান ধারনা দুটি এক নয়। আপাত: দৃষ্টিতে সমার্থক মনে হলেও এ দুটি ধারনার মধ্যে পার্থক্য রয়েছে বিস্তর। সাধারনত: ভালো শিক্ষা প্রতিষ্ঠান বলতে শহরে প্রতিষ্ঠিত নামী দামী-স্বনাম ধন্য শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝে থাকি যেসব প্রতিষ্ঠান এসএসসি ও এইচএসসি পরীক্ষার মত পাবলিক পরীক্ষায় নজরকাড়া ফলাফল দেখিয়ে থাকে। শহরে অবস্থানরত হাতে গোণা এসব প্রতিষ্ঠানগুলোতে প্রায় প্রতিবছরই শতভাগ পাশের পাশাপাশি জিপিএ-৫ এর ছড়াছড়ি থাকে। এসব প্রাতিষ্ঠানে ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধাবী ছাত্র ছাত্রীদের ভর্তি করা হয়। নামী-দামী প্রতিষ্ঠানের পড়াশুনার খরচ অন্যান্য প্রতিষ্ঠান হতে অনেক বেশি বলেই এ সব প্রতিষ্ঠানে ছেলেমেয়েদের পড়াতে চাইলে আর্থিক স্বচ্ছলতা থাকা বাধ্যতামূলক। সাধারনত: এলিট শ্রেণির ছেলে মেয়েরাই এসব নামী দামী প্রতিষ্ঠানের প্রতি আকৃষ্ট হয় বেশি। বলা যায়, আর্থিকভাবে স্বচছল, শিক্ষিত ও সচেতন পরিবারের সন্তানদের পড়াশুনা নিশ্চিত করার লক্ষ্যে ভালো ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো প্রতিষ্ঠা করা হয়। সুতরাং, ভালো শিক্ষা প্রতিষ্ঠান দেশের জন্য নয়, শ্রমজীবি সাধারণ মানুষের ছেলে মেয়েদের শিক্ষার সুযোগ সৃষ্টির জন্য নয়, ভালো শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ব্যক্তি বিশেষ, গোষ্ঠী বা সম্প্রদায়ের স্বার্থ হাসিলের হাতিয়ার হিসেবে কাজ করে।

অন্যদিকে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভর্তি হতে ভর্তিচ্ছুদের কোন ভর্তি পরিক্ষা দিতে হয় না। এসব প্রতিষ্ঠানে পড়াশুনা করা ব্যয়বহুলও নয়। ফলে শিক্ষা বঞ্চিত নিরক্ষর শ্রমজীবি মানুষের সন্তানদের পড়াশুনার জন্য তথা শিক্ষা বিস্তারে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান গুলোর ভূমিকা অনস্বীকার্য।

ধরা যাক, ঢাকা শহরে প্রতিষ্ঠিত একটি ভালো শিক্ষা প্রতিষ্ঠান যেখানে প্রতি বছর পাবলিক পরীক্ষায় গড় পড়তাভাবে প্রায় সবাই জিপিএ-৫ পায়। ফলে দেশব্যাপি এ প্রতিষ্ঠানের সুনাম স্বীকৃত। এ প্রতিষ্ঠানে এলিট সমাজ তাদের সন্তানদের ভর্তি করানোর জন্য উঠে পড়ে লাগে। কয়েকটি আসনের জন্য হাজার হাজার ভর্তিচ্ছু ভর্তি পরীক্ষা দেয়। এ সুযোগ কাজে লাগিয়ে কর্তৃপক্ষ ভর্তি পরিক্ষা ফি, মাসিক বেতন, অন্যান্য ফি অধিক হারে আদায় করে নেয়ার সুযোগ লুফে নেয়। আমাদের মত বিপুল জনসংখ্যা অধ্যুষিত একটি দেশে শিক্ষা বাণিজ্যিকরণের এমন প্রভাব কোন বিবেচনায়ই শুভ ফল বয়ে আনতে পারেনা। অথচ ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো তাদের ভালো প্রতিষ্ঠানের সাইনবোর্ড ব্যবহার করে শিক্ষা সেবা প্রদানের নামে প্রতিনিয়তই ব্যবসা করে যাচ্ছে। ফলে মাধ্যমিক পর্যায়ের একটি প্রতিষ্ঠানে পড়াশুনা করাতে প্রতিজনের পেছনে কমপক্ষে মাসিক ২০ থেকে ৩০ হাজার টাকা খরচ হয়ে থাকে। স্বচ্ছল অভিভাবকরা এগুলোকে ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হিসাবে মনে করে। এখানে ছেলে মেয়ে পড়াতে পেরে নিজেদের অভিজাত শ্রেণির মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করতে চায়। বেশি খরচ দিয়ে সন্তানদের পড়াশুনা করানো কৃতিত্ব মনে করে, যেখানে এমন একটি ঐতিহ্যবাহী ভালো প্রতিষ্ঠানে একজন সাধারণ পরিবারের মেধাবী ছাত্র/ছাত্রীর পড়ানোর ন্যূনতম কোন সুযোগ নেই। অন্য দিকে গ্রামে প্রতিষ্ঠিত একটি প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রী ভর্তি হতে কোন ধরনের ভর্তি পরীক্ষা দিতে হয়না। কোন অতিরিক্ত ফি ধার্য করা হয় না। মোট কথা এধরণের প্রতিষ্ঠানে সহজ শর্তে যে কোন স্তরের অভিভাবক তার সন্তানকে ভর্তি করতে পারে। এভাবেই আমরা ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে পার্থক্য নির্ণয় করতে পারি। এছাড়া পর্যালোচনা করলে আমরা ভালো শিক্ষা প্রতিষ্ঠান ও আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের নিম্নোক্ত বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করতে পারি।

ভালো শিক্ষা প্রতিষ্ঠান

১। ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো মূল্যায়িত হয় ভালো ফলাফল অনুযায়ী।

২। ভালোশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কেবলমাত্র মেধাবী শিক্ষার্থীরা পড়াশুনার সুযোগ পায়।

৩। ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষা সেবার নামে কার্যতঃ ব্যবসা করে থাকে।

৪। সব স্তরের ছেলে মেয়েদের ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে পড়াশুনা করার কোন সুযোগ নেই।

৫। ভালো শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশুনার খরচ বেশ ব্যয় বহুল।

৬। কেবল শিক্ষিত, সচেতন এবং আর্থিকভাবে স্বচ্ছল পরিবারের ছেলে মেয়েরা এসব প্রতিষ্ঠানে পড়াশুনা করতে পারে।

৭। ছাত্র-ছাত্রীদের পড়াশুনায় প্রতিষ্ঠানের চেয়ে পরিবারের গুরুত্ব বেশি পরিলক্ষিত হয়।

আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান

১। আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অধিকাংশই গ্রামে অবস্থিত।

২। আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান সব স্তরের ছেলেমেয়েদের পড়াশুনার সুযোগ নিশ্চিত করে।

৩। স্বল্প খরচে পড়াশুনা সম্ভব হয় বলে এসব প্রতিষ্ঠানগুলোতে বাণিজ্যিক প্রবণতা দেখা যায় না।

৪। আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলো গণমুখী শিক্ষা প্রতিষ্ঠান।

বাংলাদেশে শিশুদের শিক্ষার অধিকার লাভে দু'টি ধারা দৃশ্যমান। একদিকে দরিদ্র ঘরের ছেলে মেয়েরা অর্থের অভাবে স্কুলে যেতে পারেনা। পাঠ্যসূচীর বাইরের বই, খাতা, কলম ও অন্যান্য উপকরণ, স্কুল ড্রেস, কাপড় চোপর ক্রয় করার মত অর্থ থাকেনা বলে পড়াশুনা করা তাদের জন্য কঠিন হয়ে ওঠে। বিনামূল্যে পাঠ্য বই প্রদান, উপবৃত্তি সহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করেও তাদের স্কুলগামী করা যায়না। অন্যদিকে স্বচ্ছল ঘরের ছেলেমেয়েদের পড়াশুনা করাতে লক্ষ লক্ষ টাকা বিনিয়োগ করতে হয়। পড়াশুনা যেন বিলাসিতা তাদের আচরণ দেখে অন্ততঃ তাই মনে হয়। ভালো শিক্ষা প্রতিষ্ঠান নামধারী প্রতিষ্ঠানগুলো সে বিনিয়োগের ক্ষেত্র হিসেবে বিবেচিত হচ্ছে। সুতরাং, একটি প্রতিষ্ঠান ভালো প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হলেও আদর্শ হিসেবে নয়। একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান হতে হলে সব স্তরের ছেলেমেয়েদের ভর্তির জন্য উন্মুক্ত থাকতে হবে। আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান ভর্তির ক্ষেত্রে মেধাবী শিক্ষার্থি বা অভিভাবকের স্বচ্ছলতার কথা চিন্তা করতে পারেনা। সকল স্তরের সব পেশার শিক্ষার্থি ভর্তির জন্য উন্মুক্ত রাখাই আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বৈশিষ্ট্য।

৬. ভালো শিক্ষা প্রতিষ্ঠান এবং আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান সম্পর্কে আমাদের দৃষ্টিভঙ্গি

একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান এমন একটি শিক্ষা প্রতিষ্ঠান যেখানে ভর্তি হতে কোন ধরনের বাধা ধরা নিয়ম নেই। যে কোন পেশার, যে কোন স্তরের মানুষের ছেলেমেয়ে চাইলেই ভর্তি হতে পারে। মোট কথা, যাদের জন্য প্রয়োজন ঠিক তাদের পড়াশুনা নিশ্চিত করতে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলো প্রতিষ্ঠিত। অন্য দিকে কেবল অগ্রসর সমাজের সন্তানদের পড়াশুনা করার সুযোগ নিশ্চিত করার জন্য ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো প্রতিষ্ঠিত হয়। সুতরাং, একথা বলার অপেক্ষা রাখেনা যে, আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলো এদেশের শিক্ষার প্রসার, শিক্ষার প্রকৃত উন্নয়ন তথা গণমুখী শিক্ষার পথিকৃৎ। প্রশ্ন হলো, ব্যক্তি সমাজ

বা রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতার সুযোগ লাভ করছে কোন প্রতিষ্ঠান ? ভালো শিক্ষা প্রতিষ্ঠান নাকি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান ? এক্ষেত্রে ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো বেশি সুবিধা লুফে নিচ্ছে। ভালো প্রতিষ্ঠানগুলোতে ছেলেমেয়ে ভর্তি করাতে আমরা হুমড়ি খেয়ে পড়ি। অগ্রসর পরিবারগুলোর মধ্যে এই প্রবণতা বেশি লক্ষ্য করা যায়। পণ্যের মত ভালো ভালো প্রতিষ্ঠানগুলোয় দেশ ব্যাপি সুনাম রয়েছে, সর্বোপরি রাষ্ট্র ভালো শিক্ষা প্রতিষ্ঠানগুলো উন্নয়নে বেশি তৎপরতা দেখায়। একটি শিক্ষা প্রতিষ্ঠান বছরের পর বছর ভালো ফলাফল প্রদর্শন করে। ফলে সেরা শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদানসহ বিভিন্ন ধরনের সহায়তা পেয়ে থাকে। বাণিজ্যিক পণ্যের মতোই প্রতিষ্ঠানের সুনাম বেড়ে যায়। এটিকে পুঁজি করে এই প্রতিষ্ঠান বাণিজ্যিক কার্যক্রম পরিচালনা করার সুযোগ লুফে নেয়। অপর পক্ষে বিভিন্ন অজুহাতে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতি প্রায়ই শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়। এতে এই প্রতিষ্ঠানের সুনাম ক্ষুন্ন হওয়ার সাথে সাথে প্রতিষ্ঠানের স্বাভাবিক বিকাশ বাধাগ্রস্থ হয়। সেই সাথে সংশ্লিষ্ট এলাকার ছেলেমেয়েদের পড়াশুনার দারুন বিঘ্ন ঘটে। সঙ্গত কারণেই আমাদের সমাজে বিদ্যমান এই দৃষ্টিভঙ্গি অত্যন্ত ক্ষতিকর। যে কোন মূল্যে এই সর্বনাশা প্রবণতা থেকে আমাদের বেরিয়ে আসতে হবে।

International immigration and migration is a global phenomenon and it has direct positive and negative impact on our planet especially for poor developing countries have more impact on their social and economic development. From my study, I found that for the origin countries migration has a positive relation between time and remittance inflow while immigration has the negative relation between time and remittance inflow. Although international immigration and migration from Bangladesh have many costs, by and large, it has a positive impact on its development. Suggested policy recommendations can reduce the costs of country's immigration and migration and also can bring more positive impact.

Reference

1. Abdullah, A. M. & Hossain, M. (2014). Brain Drain: Economic and social suffering for Bangladesh. *Asian Journal of Humanity, Art and Literature, Volume.1, No.1, (2014).* Retrieved from *h*ttp://www.journals.abc.us.org/ index.php/ ajhal/article/ view/hossain.
2. Alam, Z. (n. d.). *Migration Scenario in Bangladesh: Prospects, problems and policy issues.* Retrieved from http://www.academia.edu/ 7072149/ Migration_scenario_in_Bangladesh_Prospects_problems_ and_policy_ issuses.
3. BD 5th remittance source of India. (2014, February 28). *The New Nation.* Retrieved from http://www.thedailynewnation.com/news/4633/bd-5th-remittance-source-of-india.html.
4. BD's migration cost world's highest: CPD. (2016, July 16). *The Daily Observer.* Retrieved from http://www.observerbd.com/details.php?id=23948.
5. Biplob, B. H. (2016, February 01). Why so many return dead? *The Daily Star.* Retrieved from http://www.thedailystar.net/backpage/why-so-many-return-dead-210514.
6. Byron, R. K. & Rahman, S. (2015, March 08). Black money flying abroad. *The Daily Star.* Retrieved from http://www.thedailystar.net/black-money-flying-abroad-38711.
7. Etzold, B., & Mallick, B. (2015, November 30). *International Migration from Bangladesh.* Retrieved from http://www.bpb.de/ gesellschaft/migration/ laenderprofile/ 2016104/international-migration-from-bangladesh.
8. Haider, K. I., Nahar, B. S., Messerli, S., Ready, S. B., Khan, N. I. & Chowdhury, T. (2015, August 13). *The Homecoming: Profiling the returning migrant workers of Bangladesh.* Retrieved from http://www.ilo.org/dhaka/ whatwedo/ publications/ WCMS_407961/lang-en/index.htm.
9. Hassan, G. M., Shakur, S., & Bhuyan, M. (2012, April 1). *Nonlinear growth effect of remittances in recipient countries: an econometric analysis of remittances-growth nexus in Bangladesh.* Retrieved from https://www.ideas.repec.org/ p/pra/ mprapa/ 40086.html.
10. Hoque, J. (n.d.). *Assignment on causes of Migration in perspective of Bangladesh.* Retrieved from http://www.academia.edu/ 10725163/Assignment_on _causes_ of_Migration_in _perspective_of_Bangladesh.
11. Husain, T. (2015, January 08). Controlling remittance outflow to India. *The Daily Star.* Retrieved from http://www.thedailystar.net/controlling-remittance-outflow-to-india-58831.

12. Islam, M. N. Bureau of Manpower Employment and Training, Government of Bangladesh. (n.d.). *Bangladesh Expatriate Workers and their Contribution to National Development (Profile of migration, remittance and impact on economy).* Retrieved from https://www.bmet.gov.bd/BMET/resources/static %20 PDF % 20 and %20 Doc/Publication/Remittance % 20 and % 20 its % 20 impact.pdf.

13. Islam, S., Parvin, S. & Kalam, A. (2013). Socio-economic Impacts of International Migration in Bangladesh. *Journal of Economics and Sustainable Development, Volume. 4, No. 4, 2013.* Retrieved from http://www.iiste.org/ Journals/ index.php//JEDS/article/ViewFile/4829/4907.

14. Migration and the Global Financial Crisis: Bangladeshi context. (n. d.). Retrieved from https://www.ids.ac.uk/files/dmfile/GlobalEconomicCrisisfinal.Doc.

List of abbreviation

BBS	=	Bangladesh Bureau of Statistics
BDT	=	Bangladesh Taka
BILS	=	Bangladesh Institute of Labour Studies
BMET	=	Bureau of Manpower, Employment and Training
GDP	=	Gross Domestic Product
ICDDRB	=	The International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh
ILO	=	The International Labour Organization
NGO	=	Non-governmental organization
RM	=	Malaysian Ringgit
RMG	=	Ready Made Garments
UK	=	United Kingdom
UND	=	The United Nations Development Programme
UNESCO	=	The United Nations Educational, Scientific and Cultural Organization
US	=	United States
USA	=	United States of America

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

পরিকল্পিত চট্টগ্রাম: সমস্যা-সম্ভাবনা ও করণীয়

শিমুল বড়ুয়া*

এশিয়া মহাদেশের মধ্যে অর্থনৈতিকভাবে প্রতিশ্রুতিশীল বাংলাদেশের একটি স্বর্ণ সম্ভাবনার জনপদ হচ্ছে বৃহত্তর চট্টগ্রাম। ভৌগোলিক অবস্থান ও প্রাকৃতিক সৌন্দর্যের কারণে শুধু বাংলাদেশে নয় এশিয়া মহাদেশের মধ্যেও চট্টগ্রাম কিছু অনন্য বৈশিষ্ট্যে সমুজ্জ্বল। বাংলাদেশের সর্ব দক্ষিণে সবুজ শ্যামলিমাময় পাহাড়-পর্বত বেষ্টিত সাগর-নদী বিধৌত উর্বর সমতলভুমি সমন্বিত এই প্রান্তিক অঞ্চলটি আর্থসামাজিক-সাংস্কৃতিকভাবে ঋদ্ধ। আদিবাসীদের বৈচিত্র্যময় সংস্কৃতির পাশাপাশি এখানে প্রবহমান পৃথিবীর চার প্রধান ধর্মাবলম্বী মুসলিম, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টানদের স্বাতন্ত্র্য বৈশিষ্ট্যমন্ডিত জীবনাচরণ, জীবনধারা। এছাড়া, সুদূর অতীত থেকে এখানে ভাগ্যান্বেষণে, ধর্ম প্রচারে বা প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের জন্য অথবা জনশাসনের জন্য এসেছে মগ-আরাকানী, চৈনিক-এরাবিয়ান, পর্তুগীজ-ইংরেজসহ বিভিন্ন জাতিগোষ্ঠীর জনগণ, তারা এখানে রেখে গেছেন তাদের কৃষ্টি, সভ্যতার ছাপ। অযুত সম্ভাবনার এই চট্টগ্রামে যুগ যুগ ধরে ধ্বনিত প্রতিধ্বনিত হয়েছে বৈচিত্র্যের মধ্যে ঐক্যের সুর, সৌভ্রাতৃত্ব-সম্প্রীতির সুমহান বারতা। রাজনৈতিকভাবেও আছে তার গৌরবোজ্জ্বল অতীত। নিকট অতীতে ব্রিটিশ বিরোধী আন্দোলন থেকে শুরু করে পাকিস্তানবিরোধী আন্দোলনে, একাত্তরের মহান মুক্তিযুদ্ধে, হাল আমলের সকল স্বৈরাচারবিরোধী গণতান্ত্রিক আন্দোলনে, প্রগতিশীল সংগ্রামে চট্টগ্রামবাসী তার সাহসিকতার-কর্তব্যচেতনার-দায়বদ্ধতার অনন্য কৃতিত্ব স্থাপন করেছেন। অধিকার আদায়ের সকল আন্দোলন-সংগ্রামে চট্টগ্রামবাসীর ভূমিকা ছিল অগ্রগামী, তাই মহাত্মা গান্ধী চট্টগ্রাম সম্পর্কে অমর বাণী স্বরূপ উচ্চারণ করেছিলেন 'Chittagong to the fore–চট্টগ্রাম অগ্রগামী'।

অর্থনৈতিক-বাণিজ্যিক দৃষ্টিকোণ থেকেও চট্টগ্রামের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশের বাণিজ্যিক অর্থনৈতিক কর্মকান্ডের কেন্দ্রবিন্দু চট্টগ্রাম। চট্টগ্রামে আছে বাংলাদেশের অর্থনীতির 'লাইফ লাইন', 'সোনার রাজহাঁস'–প্রধান সমুদ্র বন্দর, একমাত্র স্বাভাবিক প্রোতাশ্রয় (Natural harbour)। চট্টগ্রাম সমুদ্র বন্দর শুধু চট্টগ্রাম তথা বাংলাদেশের অর্থনৈতিক বাণিজ্যিক উন্নয়নে ভূমিকা রাখছে না, বর্তমানে এই সমুদ্র বন্দরটি ভৌগোলিক অবস্থানগত সুবিধার কারণে ভারতের পূর্বাঞ্চলীয় সাতটি রাজ্য এবং নেপাল, ভুটান, মিয়ানমার, থাইল্যান্ড, চীনের তিব্বতসহ আরো কয়েকটি প্রদেশের অর্থনৈতিক

---

* সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ, মিরসরাই কলেজ। e-mail: shimulbaruactg@yahoo.com

০৩ জানুয়ারি ২০১৫, তৃতীয় দ্বি-বার্ষিক সম্মেলন, বাংলাদেশ অর্থনীতি সমিতি– চট্টগ্রাম চ্যাপ্টার

বাণিজ্যিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম প্রতীয়মান হচ্ছে। কেননা চট্টগ্রাম সমুদ্র বন্দর এর মধ্য দিয়ে আন্তর্জাতিক বাণিজ্য সংগঠিত হলে সময় লাগে কম, আমদানি রপ্তানি ব্যয় হয় সাশ্রয়ী। তাই চট্টগ্রাম বাংলাদেশ এবং দক্ষিণ ও দক্ষিণপূর্ব এশিয়ায় অর্থনৈতিক উন্নয়নের স্বর্ণদ্বার হতে পারে আন্তর্জাতিক বাণিজ্যের কেন্দ্রবিন্দু। চট্টগ্রাম বন্দর তথা চট্টগ্রামের অবকাঠামোগত উন্নয়নের ওপর বাংলাদেশের এবং দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার উন্নয়নও জড়িত। এক্ষেত্রে বাংলাদেশের অন্যান্য অঞ্চলের উন্নয়ন ইস্যুর সাথে চট্টগ্রামের উন্নয়নকে এক করে দেখলে বা একই আঞ্চলিক ইস্যু হিসাবে চিহ্নিত করা হলে দেশের সামগ্রিক উন্নয়নে ব্যাঘাত ঘটবে, মারাত্মক ভুল হবে। তাই দেশের সার্বিক উন্নয়নের স্বার্থে বৃহত্তর চট্টগ্রামের উন্নয়নকে প্রাধান্য দিতে হবে। একবিংশ শতাব্দীতে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলার যোগ্যতা অর্জনের জন্য, অনুকূল লেনদেন ভারসাম্য অর্জন ও প্রবহমান রাখার লক্ষ্যে চট্টগ্রামকে পরিকল্পিতভাবে গড়ে তুলতে হবে। এজন্য ১৯৯৫ সালে ইউএনডিপির অর্থ সহায়তায় দেশি-বিদেশি বিশেষজ্ঞদের পরামর্শে প্রণীত হয়েছিল। কিন্তু, বড় পরিতাপের বিষয় হচ্ছে কোটি কোটি টাকা খরচ করে প্রণীত মহা পরিকল্পনায় মেয়াদ প্রায় শেষের পথে এখনো পরিকল্পনাটি চট্টগ্রামের উন্নয়নের কাজে যথাযথভাবে বাস্তবায়ন করা হয়নি। ফলে স্বাধীনতা প্রাপ্তির ৪৩ বছর পরও চট্টগ্রামের যথাযথ উন্নয়ন হয়নি, 'পরিকল্পিত চট্টগ্রাম' বিনির্মাণ সম্ভব হয়নি।

বন্দর নগরী চট্টগ্রামকে বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী বলা হলেও সাংবিধানিকভাবে চট্টগ্রাম বাণিজ্যিক রাজধানীর স্বীকৃতি পায়নি, বা সংসদের চট্টগ্রামের বাণিজ্যিক রাজধানী ঘোষণার কোন বিল পাস হয়নি। এতে তিগ্রস্ত হচ্ছে সমগ্র দেশ। চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী হিসেবে গড়ে তুলতে হলে রপ্তানি উন্নয়ন ব্যুরো, বেশকিছু বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যালয়সহ বাণিজ্য মন্ত্রণালয় চট্টগ্রামে স্থাপন করতে হবে। চট্টগ্রামে বসেই বিশেষ করে বাণিজ্যিক বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা চট্টগ্রামকে দিতে হবে। দুর্ভাগ্যের বিষয় প্রতিটি ক্ষেত্রে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা ঢাকাকেন্দ্রিক।

দেশের সামগ্রিক স্বার্থে বিমাতাসুলভ বৈষম্যের শিকারে পরিণত স্বর্ণ সম্ভাবনায় প্রোজ্জ্বল চট্টগ্রামকে উদ্ধার করতে হবে, এজন্য গ্রহণ করতে হবে সময়-অনুবর্তী পদক্ষেপ। পরিকল্পিত চট্টগ্রাম গড়ার প্রত্যয়ে নিয়ামক হিসেবে নিম্নের বিষয়গুলোর উপর গুরুত্ব দিতে হবে এবং বিদ্যমান সমস্যাসমূহের সমাধানে প্রণয়ন করতে হবে যুগোপযোগী কর্মসূচী, বাস্তবায়নের জন্য গ্রহণ করতে হবে বুদ্ধিদীপ্ত আন্তরিক কর্মোদ্যোগ।

১. চট্টগ্রাম সমুদ্র বন্দর: চট্টগ্রামের মতো চট্টগ্রাম সমুদ্র বন্দরের ইতিহাস অনেক প্রাচীন। তবে, কত প্রাচীন তা বলা কঠিন। ইতিহাসবিদরা অনুমান করেন দুই হাজারেরও অধিক বছর আগে চট্টগ্রাম বন্দরের গোড়াপত্তন হয়েছে। চট্টগ্রাম বন্দরের ঊর্ধ্বতন কর্মকর্তা জনাব মিসবাহউদ্দিন খান রচিত 'চট্টগ্রাম বন্দরের ইতিহাস' গ্রন্থ থেকে জানা যায় পৃথিবীর বিভিন্ন দেশের সওদাগরেরা এখানে ব্যবসা বাণিজ্য করতে আসতেন যা তাদের মতে, বাণিজ্যিক কার্যক্রমের কেন্দ্রবিন্দু ও ধনসম্পদের স্থান ছিল। কারণ, এখানে ব্যবসা-বাণিজ্য করে প্রচুর লাভবান হতেন তারা। ১৫১৭ সালে ইউরোপিয়ানদের মধ্যে পর্তুগীজ ব্যবসায়ীরাই প্রথমে বাংলাদেশে আসেন। পর্তুগীজ ঐতিহাসিক ডি ব্যারস ১৫৩২ সালে লেখেন যে, বাংলাদেশের রাজ্যে চট্টগ্রাম একটি বিখ্যাত সম্পদশালী শহর। কারণ চট্টগ্রাম একটি সামুদ্রিক বন্দর যা প্রাচ্যের সামুদ্রিক বাণিজ্য বহরের চাহিদা মেটাত। চট্টগ্রাম বন্দরের খ্যাতি বিশ্বময় ছড়িয়ে পড়ে। পর্তুগীজরা চট্টগ্রামকে 'পোর্ত্তে গ্রান্ডি' অর্থাৎ বড় বন্দর আখ্যায়িত করেছিল। খ্যাতনামা পর্তুগীজ ঐতিহাসিক ক্যাম্পোস বলেছেন সে সময় চট্টগ্রাম ছিল 'প্রাচ্যের রাণী'।

বন্দর প্রশাসন পরিচালনার জন্য ১৮৮৭-১৮৮৮ সালে প্রবর্তিত চট্টগ্রাম পোর্ট কমিশনার অ্যাক্ট (বেংগল) ধারা মোতাবেক বন্দরের কার্যক্রম শুরু হয় ১৮৮৮ সালের জুন মাসে। ৯জন পোর্ট কমিশনার্স নিয়ে পোর্ট ট্রাস্টি বোর্ড গঠিত হয়। প্রথম পোর্ট কমিশনারস বোর্ডে এদেশীয় তিনজন নির্বাচিত কমিশনার ছিলেন, তাঁরা হলেন নিত্যানন্দ রায়, দুর্গাদাস দাস, হাজী নসু আলুম। ১৯১০ সালে চট্টগ্রাম বন্দরের সাথে আসাম-বেঙ্গল রেলওয়ের সংযোগ সাধিত হয়। পাকিস্তান আমলে ১৯৬০ সালের জুলাই মাসে চট্টগ্রাম পোর্ট কমিশনারকে চট্টগ্রাম পোর্ট ট্রাস্টে পরিণত করা হয়। বাংলাদেশ আমলে ১৯৭৬ সালের সেপ্টেম্বর মাসে চট্টগ্রাম পোর্ট ট্রাস্টকে চট্টগ্রাম পোর্ট অথরিটিতে পরিণত করা হয়।

উত্তম ভৌগোলিক অবস্থানগত সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও বিমাতাসুলভ আচরণ ও আন্তরিক উদ্যোগের অভাবে এযাবৎ চট্টগ্রাম বন্দরকে পৃথিবীর অন্যান্য বন্দরের মত আধুনিক বন্দরে পরিণত করার সর্বার্থক কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। অথচ, আন্তর্জাতিক বাণিজ্যের ক্রমপ্রসারমান চাহিদা অনুযায়ী চট্টগ্রাম বন্দরের সময়োপযোগী উন্নয়ন ও সম্প্রসারণের যথেষ্ট সুযোগ ছিল। বরং, চট্টগ্রামের স্থলে কখনো নারায়ণগঞ্জ, কখনো চালনা ও মংলা বন্দরকে, কখনো অন্য কোন স্থানকে গড়ে তোলার বৃথা উদোগ নেয়া হয়েছিল। ভৌগোলিক অবস্থানগত যে সুবিধা চট্টগ্রাম বন্দরে আছে তা অন্য ক্ষেত্রে নেই। এখনো চট্টগ্রাম বন্দরের মাধ্যমে বাংলাদেশের মোট আমদানি পণ্যের প্রায় ৮০ শতাংশ এবং রপ্তানি পণ্যের প্রায় ৭০ শতাংশ পরিবাহিত হয়। মহেশখালী-সোনাদিয়া গভীর সমুদ্র বন্দর নির্মাণের আগে চট্টগ্রাম বন্দরের পূর্ণ ক্ষমতা ব্যবহার করার উদ্যোগ নেয়া উচিত। বিশেষজ্ঞদের মতে বর্তমান অবস্থায় চট্টগ্রাম বন্দরের ৬০ শতাংশ ক্ষমতা ব্যবহৃত হয়, ৪০ শতাংশ অব্যাহত থাকে। তাই নৌপথের নাব্যতা বৃদ্ধি, সর্বাধুনিক যন্ত্রপাতি ও প্রযুক্তি ব্যবহার বৃদ্ধি ও বন্দর ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির মধ্য দিয়ে যদি চট্টগ্রাম বন্দরের আধুনিকায়ন সম্ভব হয়, তাহলে চট্টগ্রাম বন্দরের পূর্ণ ক্ষমতা ব্যবহৃত হবে, আর সে ক্ষেত্রে চট্টগ্রাম বন্দরের বিশাল পশ্চাদভূমি হিসেবে ভারত, নেপাল, ভুটান, থাইল্যান্ড, মায়ানমার ও চীনকে আন্তর্জাতিক বাণিজ্যের জন্য চট্টগ্রাম বন্দরকে খুলে দেয়া যাবে। তখন চট্টগ্রাম তথা চট্টগ্রাম বন্দর বাংলাদেশের অর্থনৈতিক ও বাণিজিক উন্নয়নে রাখবে অনন্য অবদান।

চট্টগ্রাম বন্দরের আধুনিকায়নের জন্য গ্রহণ করতে হবে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী উদ্যোগ। কর্ণফুলী নদী এবং কর্ণফুলী ও বঙ্গোপসাগরের সংযোগস্থল তথা মোহনার নাব্যতা হচ্ছে চট্টগ্রাম বন্দরের প্রাণ। কর্ণফুলী নদী শাসন ও সংরক্ষণ ছাড়া বন্দর পরিচালনার কথা ভাবা যায় না। দীর্ঘকাল 'ক্যাপিটাল ড্রেজিং' (Capital dredging) না হওয়াতে চট্টগ্রাম বন্দরের প্রবেশ পথের গভীরতা হ্রাস পেয়েছে ফলে, প্রায় মালবাহী জাহাজ ক্ষতিগ্রস্ত হচ্ছে, ডুবে যাচ্ছে এবং বড় জাহাজগুলো চট্টগ্রাম বন্দরে ভিড়তে পারে না। বড় জাহাজগুলো কয়েক নটিক্যাল মাইল দূরে কুতুবদিয়া বা, সাগরে অবস্থান করে। সেখান থেকে লাইটারেজ ভ্যাসেলে করে মালামাল বন্দরে আনা-নেয়া করতে হয়– এতে সময় ও অর্থ দুয়ের অপচয় ঘটে। তাই ক্যাপিটাল ড্রেজিং এর মাধ্যমে কর্ণফুলী নদী এবং কর্ণফুলী ও বঙ্গোপসাগরের সঙ্গমস্থলের নাব্যতা বৃদ্ধি করতে হবে।

বর্তমানে ঢাকা-চট্টগ্রাম হাইওয়েটি অতিরিক্ত ট্রাফিক লোড নিতে পারে না। প্রায় ক্ষেত্রে যানজটের সৃষ্টি হয়। ফোর লেইন কাজ প্রায় শেষ পর্যায়ে, কিন্তু, এতেও সমস্যার সমাধান হবে না। তাই, দ্রুত ঢাকা-চট্টগ্রাম হাইওয়েকে সিক্স বা এইট লেইনে পরিণত করতে হবে এবং শুধু ভারী যানবাহন চলাচলের জন্য হেভী লোড-বিয়ারিং আরেকটি রোড পতেঙ্গা থেকে মিরসরাই পর্যন্ত সমুদ্র উপকুল ধরে নির্মাণ করতে হবে। সরকার কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে টানেল নির্মাণের উদ্যোগ নিচ্ছেন। টানেল নির্মিত হলে

সমুদ্র কুলবর্তী টেকনাফ পর্যন্ত দীর্ঘ পথ ওপেন-আপ হয়ে যাবে, এতে ব্যবসা বাণিজ্য বিনিয়োগ কর্মসংস্থান বৃদ্ধি পাবে।

ঢাকা-চট্টগ্রাম রেলওয়েকে ডাবল লাইনে পরিণত করার জরুরী উদ্যোগ নিতে হবে। এছাড়া বন্দর ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির জন্য আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোচ্চ প্রয়োগ নিশ্চিত করতে হবে। দুর্ভাগ্যের বিষয়, দেশের অর্থনৈতিক স্বার্থে চট্টগ্রাম বন্দরের ভৌগোলিক অবস্থানগত সুবিধাকে আজ পযন্ত পরিপূর্ণভাবে ব্যবহার করা সম্ভব হয়নি। চীন, ভারত, মায়ানমার, থাইল্যান্ড, নেপাল, ভুটান ইত্যাদি দেশ সময় ও আর্থিক সাশ্রয়ের জন্য চট্টগ্রাম বন্দর ব্যবহার করতে উদগ্রীব। অথচ, আজ পর্যন্ত চট্টগ্রাম বন্দরকে আন্তর্জাতিকভাবে মানসম্পন্ন আধুনিক বন্দরে পরিণত করা হয়নি। যোগাযোগসহ সকল অবকাঠামো উন্নয়নের মাধ্যমে যত দ্রুত সরকারি-বেসরকারিভাবে চট্টগ্রাম সমুদ্র বন্দরের প্রতি শুভ দৃষ্টি পড়বে তত দ্রুত দেশের অর্থনৈতিক উন্নয়ন সাধিত হবে।

২. যোগাযোগ ব্যবস্থা: বর্তমান সময়ে উন্নত ও আধুনিক যোগাযোগ ব্যবস্থা অর্থনৈতিক উন্নয়নের মেরুদন্ড স্বরূপ। যত দ্রুত কোন দেশের সড়ক-রেল-আকাশ-নৌপথ উন্নত হবে তত বেশি সেই দেশের অর্থনৈতিক-বাণিজ্যিক উন্নয়ন ত্বরান্বিত হবে। বিশ্বায়ন তথা ট্রানজিট-ট্রান্সশিপমেন্ট ইত্যাদি আঞ্চলিক সহযোগিতা ও কানেকটিভিটির মাধ্যমে আন্তর্জাতিক বাণিজ্য প্রসারজনিত অর্থনৈতিক উন্নয়নের প্রধান পূর্বশর্ত হচ্ছে উন্নত পরিকল্পিত যোগাযোগ ব্যবস্থা। শিল্প-সাহিত্য-সংস্কৃতির বিকাশ এবং শান্তি-শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রেও উন্নত ও পরিকল্পিত যোগাযোগ ব্যবস্থার প্রত্যক্ষ-পরোক্ষ ভূমিকার কথা অনস্বীকার্য। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের প্রাণকেন্দ্র দেশের প্রধান সমুদ্র বন্দর চট্টগ্রামে অবস্থিত বিধায় চট্টগ্রামের সাথে দেশের অন্যান্য অঞ্চলের এমনকি বিদেশের যোগাযোগ ব্যবস্থা হতে হবে অর্থ-সময়সাশ্রয়ী, দ্রুত-নিশ্চিত, নিরাপদ ও আরামপ্রদ। এ বিষয়ে বিশেষজ্ঞ এবং নগর পরিকল্পনাবিদ প্রকৌশলী এম আলী আশরাফ, প্রকৌশলী সুভাষ বড়ুয়া প্রমুখরা Sustainalble development এর লক্ষ্যে Technically justified কিছু স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী প্রস্তাব উত্থাপন করেছেন, এগুলো হলো–

সড়ক যোগাযোগ

ক) চট্টগ্রাম-ঢাকা সড়ক এবং চট্টগ্রাম-কক্সবাজার সড়ক ৪ লেইন থেকে পর্যায়ক্রমে ৮ লেইন সড়কে পরিণত করা

খ) ইনার রিং রোড সদরঘাট থেকে শাহ আমানত সেতু পর্যন্ত সড়ক নির্মাণ

গ) আউটার রিং রোড শাহ আমানত সেতু এবং কালুরঘাট সেতু পার হয়ে আরাকান রোড, কাপ্তাই রোড থেকে অক্সিজেন হাটজারী সড়ককে চট্টগ্রাম-ঢাকা সড়কে সংযোগ স্থাপন

ঘ) দক্ষিণ চট্টগ্রামের সাথে যোগাযোগ সহজ করার জন্য কর্ণফুলী নদীর উপর কালুরঘাট সেতুর পাশে চার লেইন বিশিষ্ট একটি সেতু নির্মাণ।

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক Technical and economical feasibility study না করে বহদ্দারহাট ফ্লাইওভার (নির্মাণ সম্পূর্ণ), কদমতলী ফ্লাইওভার (নি.স.), দেওয়ানহাট ফ্লাইওভার (নি.স.) এবং মুরাদপুর-লালখানবাজার ফ্লাইওভার (সম্প্রতি ভিত্তিপ্রস্তর স্থাপন) নির্মাণ বিশেষজ্ঞদের মতে অলাভজনক ও অপরিকল্পিত একইভাবে বিমান বন্দর থেকে লালখান বাজার ও শাহ আমানত সেতু

পর্যন্ত ৩০০০ কোটি টাকা ব্যয়ে (প্রস্তাবিত) নির্মিতব্য উড়াল সড়ক (এলিভেটেড এক্সপ্রেসওয়ে) বিশেষজ্ঞরা যুক্তিসংগত ও সমতাভিত্তিক উন্নয়ন মনে করেন না। তাঁদের মতে, এসব ফ্লাইওভার বা উড়াল সড়ক দ্বারা নগরের যানজট দূর করা সম্ভব না, এগুলো দিয়ে রিক্সা, টেম্পু, অটোটেক্সি ইত্যাদি চালাচল করতে পারে না। আগে ট্রাফিক ব্যবস্থায় শৃঙ্খলা আনতে হবে, যত্রতত্র পার্কিং বন্ধ করতে হবে। তাঁরা বরং বহদ্দারহাট-পতেঙ্গা রোডের সমান্তরাল আরো একটি বা দুটো রাস্তা নির্মাণকে যুক্তিযুক্ত মনে করেন কেননা, এতে Economic benefit বেশি পাওয়া যাবে। নতুন রাস্তার পাশে আবাসিক এলাকা, বাণিজ্যিক এলাকা গড়ে উঠবে, কর্মসংস্থান বৃদ্ধি পাবে, বিরাট একটা এলাকা ওপেন-আপ হবে। এবং তাঁরা গণপরিবহন ব্যবস্থার সম্প্রসারণকে বেশি গুরুত্ব দিচ্ছেন, কেননা এসব যানবাহন যাত্রীবহন করবে বেশি জায়গা দখল করবে কম। গণপরিবহন ব্যবস্থা জোরদার করে যানজটের ভয়াবহতা অনেক কমানো যাবে। পতেঙ্গা থেকে ফৌজদারহাট পর্যন্ত নতুন রিং রোড নির্মাণ এবং বায়েজিদ থেকে ফৌজদারহাট পর্যন্ত বাইপাস রোড নির্মাণের চউক এর প্রকল্প দুটিকে তাঁরা যুক্তিযুক্ত উদ্যোগ বলে মনে করেন। বর্তমান সরকার ঢাকা-চট্টগ্রাম একটি এক্সপ্রেসওয়ে নির্মাণের চিন্তা করছেন, এ পরিকল্পনা বাস্তবায়ন করা গেলে ঢাকা-চট্টগ্রাম যোগাযোগের ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন সাধিত হবে।

রেল যোগাযোগ

ক) চট্টগ্রাম-ঢাকা রেল লাইন ডাবল করা (ব্রড গেইজ লাইন) এবং ট্রেনের সংখ্যা বৃদ্ধি করা

খ) চট্টগ্রাম-নাজিরহাট সংস্কার সাধন এবং কমিউটার সার্ভিস চালু করা

গ) চট্টগ্রাম-দোহাজারী সংস্কার সাধন এবং কমিউটার সার্ভিস চালু করা

ঘ) দোহাজারী-কক্সবাজার-মিয়ানমার (ঘুমধুম) সীমান্ত পর্যন্ত নতুন রেল লাইন চালু করে ট্রান্স এশিয়ান রেলওয়ের সাথে যুক্ত করা। (উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৩এপ্রিল ২০১১ এ রেলপথ উদ্বোধন করেন, কিন্তু এখনো কাজ শুরু করা হয়নি।)

ঙ) চট্টগ্রাম-চাঁদপুর সংস্কার সাধন ও ট্রেন সংখ্যা বৃদ্ধি করা

রেল যোগাযোগ বাড়াতে পারলে সড়ক পথের উপর পরিবহনের চাপ কমবে, যানজট কমবে, সড়ক দুর্ঘটনা এবং সড়ক দুর্ঘটনা জনিত ক্ষয়ক্ষতি ও মৃত্যুহার কমবে, পরিবহন খরচ কমবে, পরিবেশ দুষণও হবে কম। এক্ষেত্রে বিদেশি দাতাসংস্থা বাণিজ্যিক স্বার্থের কারণে রেলপথে বিনিয়োগে অসহযোগিতা করবে, সরকারকে টেকসই লাভজনক যোগাযোগ ব্যবস্থা চালু ও অর্থনৈতিক উন্নয়নের স্বার্থে দূরদর্শিতার পরিচয় দিতে হবে।

নৌ যোগাযোগ

নদী মাতৃক বাংলাদেশে জালের মত ছড়িয়ে আছে ছোট-বড় অসংখ্য নদ-নদী। একসময় নৌযান ছিল মানুষের যাতায়াতের, মালামাল পরিবহনের অন্যতম বাহন। বর্তমানে যোগাযোগে নৌ নির্ভরতা অনেকটা কমে গেছে। চট্টগ্রামে শুধু সমুদ্র বন্দর নয়, একটি নদী বন্দরও আছে। তাই ১৯৯৫ সালের মাস্টার প্ল্যানে এবং স্ট্রাকচারাল প্ল্যানে সদরঘাট থেকে কালুরঘাট পর্যন্ত উপযুক্ত অবকাঠামো তৈরির প্রস্তাবনা দেয়া আছে, যাতে বিশাল এলাকাকে নদীর বন্দর হিসেবে ব্যবহার করা যায়। সদরঘাট থেকে কালুরঘাট পর্যন্ত কর্ণফুলী নদীর দু'তীরে ছোট ছোট জেটি তৈরি করা যায়। এছাড়া চট্টগ্রাম থেকে ঢাকা

এবং অন্যান্য জায়গায় নৌ পথে কন্টেইনার পরিবহনের ব্যবস্থা নেওয়া গেলে পরিবহন খরচ অনেক কমে যাবে, যানজট থেকে মুক্তি পাওয়া যাবে, এতে পরিবেশ দুষণও কমে যাবে।

আকাশ যোগাযোগ

চট্টগ্রাম শহরের পতেঙ্গাস্থ চট্টগ্রাম বিমান বন্দরকে ২০০১ সালে প্রায় ৭০০ কোটি ব্যয় করে 'চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর' এ পরিণত করা হয়। কিন্তু, আগে বিগত শতাব্দীর ৫০-৬০ এর দশকে এ বন্দর যেই রকম ব্যস্ত ছিল বর্তমানে আন্তর্জাতিক হওয়ার পরও সেই ব্যস্ততা নেই। এক সময় আন্তর্জাতিক রুটে চট্টগ্রাম থেকে সরাসরি ফুকেট, আর কে এয়ার লাইন্স, থাই এয়ারওয়েজের বিমান চালু ছিল, বর্তমানে এসব বন্ধ হয়ে গেছে। দক্ষ ব্যবস্থাপনার অভাবে বর্তমানে বিমান বন্দরটির সক্ষমতার মাত্র ১২% ব্যবহৃত হচ্ছে। তদুপরি, বিমান বন্দরে যাতায়াতের রাস্তা মাত্র একটি, এতে বিমানযাত্রীরা চরম ভোগান্তির শিকার হয়। কাজে চট্টগ্রাম বিমান বন্দরটিকে আন্তর্জাতিক বিমান বন্দরে রূপান্তরিত করার জন্য আন্তর্জাতিক ফ্লাইটের কানেকটিভিটি বাড়ানো, ঢাকা-ব্যাংকক ফ্লাইট অব্যাহত রাখাসহ আরো সময়োপযোগী পদক্ষেপ নিতে হবে।

৩. গ্যাস-বিদ্যুৎ-পানি সরবরাহ নিশ্চিত করা: বর্তমান সময়ে অর্থনৈতিক উন্নয়নের তিনটি মৌলিক উপাদান তথা সহায়ক শক্তি হচ্ছে প্রাকৃতিক গ্যাস, বিদ্যুৎ ও সুপেয় পানির নিরবচ্ছিন্ন সরবরাহ ব্যবস্থা। বিশেষ করে নগরকেন্দ্রিক জীবনের জন্য সুপেয় পানির নিরাপদ নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা জরুরী, পর্যাপ্ত গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ দেশের সামগ্রিক উন্নয়নের জন্য স্থান কাল নির্বিশেষে সর্বক্ষেত্রে অতীব জরুরী। একবিংশ শতাব্দীর তথ্য-প্রযুক্তি নির্ভর সমাজব্যবস্থায় গ্যাস ও বিদ্যুৎবিহীন জীবন অচল অসার। দেশে বর্তমানে চাহিদার তুলনায় গ্যাস ও বিদ্যুতের যোগান খুবই সীমিত। নানান উদ্যোগ-প্রচেষ্টার পরও চাহিদার কাছাকাছি গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ সম্ভবপর হচ্ছে না। ফলে উন্নয়ন প্রচেষ্টা বাধাগ্রস্ত হচ্ছে।

দেশের অন্যান্য অঞ্চলের মতো চট্টগ্রামেও চাহিদার তুলনায় গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ খুবই কম। চট্টগ্রামে বিদ্যুতের চাহিদা হচ্ছে ৬০০ মেগাওয়াট, সরবরাহ ৩৫০ মেগাওয়াট, একইভাবে গ্যাসের চাহিদা হচ্ছে ৩৯৮ মিলিয়ন ঘনফুট কিন্তু, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড থেকে সরবরাহ পাওয়া যাচ্ছে ১৮০/২০০ মিলিয়ন ঘনফুট। নগরকেন্দ্রিক সুপেয় পানির চাহিদা দৈনিক ৫০ কোটি লিটার, কিন্তু চট্টগ্রাম ওয়াসা সরবরাহ করছে মাত্র ১৯ কোটি ৯০ লাখ লিটার। বিদ্যুতের ক্ষেত্রে আশাপ্রদ দিক হলো বর্তমানে সৌরবিদ্যুতের ব্যবহার এবং সোলার হোম সিস্টেম সংযোগ বৃদ্ধি পাচ্ছে। চট্টগ্রাম ওয়াসার কর্ণফুলী ওয়াটার সাপ্লাই প্রজেক্ট বাস্তবায়িত হলে সুপেয় পানির চাহিদা অনেকটা দূর হবে বলে মনে করেন ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তা।

গ্যাস-বিদ্যুৎ-পানি সমস্যার সমাধান মূলত সরকার নিয়ন্ত্রিত স্ব স্ব প্রতিষ্ঠানগুলোর উপর নির্ভর করছে। এক্ষেত্রে জনগণকে ঐক্যবদ্ধভাবে দাবি আদায়ে স্বোচ্চার হতে হবে। দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, চিটাগাং মেট্রোপলিটন চেম্বার, চিটাগং উইম্যান চেম্বার, জুনিয়র চেম্বারসহ অন্যান্য ব্যবসা-বাণিজ্য সংশ্লিষ্ট সংগঠন-প্রতিষ্ঠানকে এ ব্যাপারে আন্তরিক ও বলিষ্ঠ ভূমিকা রাখতে হবে। সরকারকেও চট্টগ্রামের গুরুত্ব উপলব্ধি করতে হবে এবং কথা ও কাজের মধ্যে সমন্বয় ঘটাতে হবে।

৪. পর্যটন শিল্প: বাংলাদেশে বৃহত্তর চট্টগ্রাম প্রাকৃতিক সৌন্দর্যে অনন্য। সবুজে ঢাকা পাহাড়-পর্বত, লতাগুল্মে গাছপালায় পূর্ণ বন জঙ্গল, সাগর-নদ-নদী হ্রদের নীল স্বচ্ছ জলরাশি, দিগন্ত জোড়া সবুজ সোনালী ফসলের মাঠ, নানান ফুলে ফলে শোভিত প্রকৃতি, নানান নাম জানা-অজানা পাখির

কলকাকলিতে মুখরিত প্রান্তর চট্টগ্রামকে এনে দিয়েছে বিশ্বজোড়া খ্যাতি, প্রাচ্যের ভেনিস নামের পরিচিতি। যুগে যুগে দেশি-বিদেশি পর্যটকরা চট্টগ্রামের অপরূপ প্রাকৃতিক সৌন্দর্যে মুগ্ধ হয়েছে, কাব্যে-ছন্দে প্রকাশ করেছেন তাদের মুগ্ধতা। মিরসরাইয়ের মুহুরি প্রজেক্ট, মহামায়া লেক, খৈয়াছড়ার প্রাকৃতিক ঝরণা, সীতাকুন্ডের চন্দ্রনাথ পাহাড়, ইকো পার্ক, বাড়বকুন্ডের প্রাকৃতিক উষ্ণ প্রস্রবণ, কুমিরার সী বীচ সংলগ্ন জাহাজ ভাঙ্গার শিল্প, পতেঙ্গা সী বীচ, ফয়েজ লেক, বাটালী হিল, কোর্ট ব্লিডিং, ডিসি হিল, সিআরবি, সার্কিট হাউস, স্বাধীনতা পার্ক, ওয়ার সিমিট্রি, জাতিতাত্ত্বিক জাদুঘর, ভাটিয়ারীর গলফ ইয়ার্ড, রাউজানের মহামুনি, নবীনচন্দ্র সেন স্মৃতি কমপ্লেক্স, বাঁশখালীর ইকো পার্ক, আনোয়ারার পার্কি বীচ, রাঙ্গামাটির অপরূপ হ্রদ, ঝুলন্ত ব্রীজ, শুভলং এর ঝরনা, প্যাদা টিং টিং, খাগড়াছড়ির আলুটিলা, সাজেকের প্রাকৃতিক সৌন্দর্য, ফটিকছড়ির চা বাগান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, বান্দরবানের শৈলপ্রপাত, নীলগিরি, মেঘলা, নীলাচল, চিম্বুক, বগা লেক, কিওক্রাডাং, রামুর রামকোট বিহার, ডুলাহাজারার সাফারী পার্ক, পৃথিবীর দীর্ঘতম সমুদ্র সৈকত কক্সবাজার, হিমছড়ি ঝরণা, ইনানী ইত্যাদি দর্শনীয় স্থান বৃহত্তম চট্টগ্রামকে করেছে আকর্ষণীয় ও মোহনীয়। এতে পর্যটন শিল্প গড়ার সম্ভাবনায় চট্টগ্রাম হয়েছে সমুজ্জ্বল। তার সাথে প্রয়োজন উপযুক্ত সৌন্দর্যবর্ধক পরিকল্পনা, নিরাপদ আবাস, উন্নত যোগাযোগ ব্যবস্থা, সর্বোপরি, দেশি-বিদেশি পর্যটকদের শতভাগ নিরাপত্তা। এক্ষেত্রে সরকারি-বেসরকারিভাবে বিনিয়োগ হবে নিশ্চিত লাভজনক।

৫. বিদেশি বিনিয়োগ: কাঙ্ক্ষিত অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোতে বিদেশি বিনিয়োগ আকর্ষণ অতীব জরুরী। এজন্য প্রয়োজন উন্নত অবকাঠামো, রাজনৈতিক স্থিতিশীলতাসহ বিনিয়োগ বান্ধব পরিবেশ। এছাড়া প্রয়োজন সরকারি প্রণোদনামূলক কর্মসূচী। বাংলাদেশে উন্নত অবকাঠামো ও রাজনৈতিক স্থিতিশীলতার অভাব থাকা সত্ত্বেও সরকারি প্রণোদনামূলক নীতিমালা ও সদিচ্ছা থাকার কারণে ইতোমধ্যে ব্যবসা-বাণিজ্যে শিল্পে দেশি-বিদেশি যা বিনিয়োগ হয়েছে তার পরিমাণ কম নয়। তবে সরকারের প্রণোদনামূলক নানা প্রচেষ্টা থাকা সত্ত্বেও পর্যাপ্ত নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুতের অভাব, অনুন্নত যোগাযোগ ব্যবস্থা, প্রয়োজনীয় ভূমির অপ্রতুলতা, বন্দরের অদক্ষতা, রাজনৈতিক অস্থিতিশীলতা, নিরাপত্তা ও বিনোদনের অভাব, সিদ্ধান্ত গ্রহণে দীর্ঘসূত্রিতা, দুর্নীতি ইত্যাদি কারণে প্রত্যাশিত বিদেশি বিনিয়োগ আসছে না, দেশের অন্যান্য অঞ্চলের মতো চট্টগ্রামেও বিদেশি বিনিয়োগের পরিমাণ আশানুরূপ নয়। তবে, চট্টগ্রামে আছে বিদেশি বিনিয়োগ আকর্ষণের সবচেয়ে বড় অবকাঠামো চট্টগ্রাম সমুদ্র বন্দর। ফলে এখানে ইতোমধ্যে প্রতিষ্ঠিত হয়েছে দেশের প্রথম রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল সিইপিজেড, কর্ণফুলী ইপিজেড, কোরিয়ান ইপিজেড, মিরসরাইতে 'ইকোনোমিক জোন' (প্রস্তাবিত) ইত্যাদি; যেখানে কোটি কোটি টাকার বিদেশি বিনিয়োগ হচ্ছে। চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর নিজস্ব অর্থায়নে নির্মিত হয়েছে বিদেশি বিনিয়োগ ও ব্যবসা-বাণিজ্য সহায়ক প্রতিষ্ঠান 'ওয়ার্ল্ড ট্রেড সেন্টার'। ২৪তলা বিশিষ্ট এই ট্রেড সেন্টারটি নিউইয়র্কভিত্তিক ওয়াল্ড ট্রেড সেন্টারস এসোসিয়েশন এর সদস্য। এখানে আছে আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণ সহায়ক নানা ব্যবস্থা। তাই আমরা আশাবাদী, বিশেষ করে চট্টগ্রাম সমুদ্র বন্দর ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধিত হলে এবং প্রয়োজনীয় গ্যাস-বিদ্যুৎ এর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করা গেলে চট্টগ্রাম বিদেশি বিনিয়োগ আকর্ষণে বিপ্লব সাধন করতে পারবে।

৬. জাহাজ নির্মাণ শিল্প ও জাহাজ কাটা শিল্প: চট্টগ্রাম তথা বাংলাদেশের আরেকটা সম্ভাবনাময় শিল্প হচ্ছে জাহাজ নির্মাণ শিল্প, সেই শিল্পের একটা সমৃদ্ধ গর্ব করার মতো অতীত ঐতিহ্য আছে, মাঝখানে বলতে গেলে বন্ধই ছিল, বর্তমানে এই শিল্প আবার মাথা তুলে দাঁড়িয়েছে। বৈদেশিক মুদ্রা অর্জন ও

কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দেশের উন্নয়ন-প্রবৃদ্ধি বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা রাখছে। প্রাচীনকালে চট্টগ্রাম জাহাজ নির্মাণে বিখ্যাত ছিল। জাহাজ নির্মাণের প্রধান উপকরণ লোহাকাঠ, সেগুন ও জারুল চট্টগ্রামের পার্বত্য অঞ্চলে প্রচুর পরিমাণে পাওয়া যায়, তদুপরি ঘরের কাছে আছে সমুদ্র বন্দর। ফলে এখানে জাহাজ নির্মাণ শিল্প গড়ে উঠেছিল, নির্মিত হতো পাল (সর) তোলা জাহাজ। ষোল-সতেরোশ শতাব্দীতে তুরস্কের সুলতানের জাহাজ চট্টগ্রামে নির্মিত হতো। ১৮২৪ সালে কলকাতা বন্দরের মালিকানাধীন জাহাজের তালিকা থেকে দেখা যায় সেখানকার জাহাজগুলোর মধ্যে ১১টি ইংলিশ জাহাজ ও ৮টি পালতোলা জাহাজ তৈরি হয়েছিল চট্টগ্রামে। ১৪শ শতাব্দীতে বিশ্ব বিখ্যাত পর্যটক ইবনে বতুতা চট্টগ্রামের পালতোলা জাহাজ দেখে অভিভূত হয়েছিলেন। ১৮১৮ সালে জার্মান সরকার চট্টগ্রাম থেকে একটা জাহাজ আমদানি করেন, জাহাজটির নাম দেন 'ডয়চ ল্যান্ড ফ্রিগেট।' অনেক ব্যবহারের ফলে জাহাজটি ব্যবহারের অযোগ্য হলে পর জাহাজখানি জার্মানির ব্রেমাহাফেন শিপ বিল্ডিং মিউজিয়ামে আজও সংরক্ষিত আছে। চট্টলতত্ত্ববিদ আবদুল হক চৌধুরীর মতে, 'উনবিংশ শতকের শেষ দুই যুগ থেকে বন্দর চট্টগ্রামের জাহাজ নির্মাণ শিল্পের অবনতি শুরু হয়। বিদেশি স্টীম জাহাজের সাথে প্রতিযোগিতায় চট্টগ্রামে নির্মিত সরের জাহাজ হেরে যায়। সুবিখ্যাত ইংরেজ সিভিলিয়ান ডব্লিউ ডব্লিউ হান্টার তাঁর বইতে লিখেছেন ১৮৭৫ সাল অবধি জাহাজ নির্মাণ শিল্প চট্টগ্রামের শ্রেষ্ঠত্ব বজায় ছিল। (বন্দর শহর চট্টগ্রাম)

মূলত বর্তমান শতাব্দীর শুরু থেকে বাংলাদেশে জাহাজ নির্মাণ শিল্পের পুনঃউত্থান ঘটে। বিশ্বে ২০০ বিলিয়ন ডলারের জাহাজ নির্মাণের চাহিদার ৭৫% বিশ্বের বড় বড় জাহাজ নির্মাণ শিপ ইয়ার্ডগুলো যোগান দেয়, বাকী ২৫% তথা ৫০ বিলিয়ন ডলারের চাহিদা বিভিন্ন দেশের ক্ষুদ্র ক্ষুদ্র শিপইয়ার্ডগুলো পূর্ণ করতে পারে। এক্ষেত্রে বাংলাদেশে গড়ে উঠেছে প্রায় অর্ধশতাধিক শিপইয়ার্ড, তার মধ্যে ৭/৮টি শিপইয়ার্ড রপ্তানি যোগ্য জাহাজ নির্মাণ করছে। ফলে অর্জিত হচ্ছে বৈদেশিক মুদ্রা, হচ্ছে হাজারো লোকের কর্মসংস্থান, গড়ে উঠেছে লিংকেজ ব্যবসা। সহজ ও সস্তা শ্রমবাজারের কারণে বিশ্বে আমাদের দেশে নির্মিত জাহাজের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। জাহাজ নির্মাণ শিল্পের উদ্যোক্তাদের মতে যদি সরকার ব্যাংক ঋণের সুদ কমায়, কাঁচামালের উপর আমদানি শুল্ক প্রত্যাহার করে, ট্যাক্স হলিডে ঘোষণাসহ সুযোগ সুবিধা প্রদান করে তাহলে চট্টগ্রামের হৃত গৌরব পুনরুদ্ধার হবে।

সীতাকুন্ড'র কুমিরার সমুদ্র উপকূলে বেশ কিছু জাহাজ ব্রেকিং শিল্প গড়ে উঠেছে, যা ইতোমধ্যে পেয়েছে শিল্পের মর্যাদা। এই শিপ ব্রেকিং ইন্ডাস্ট্রি কর্মসংস্থান বৃদ্ধিসহ নানান ভাবে অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখছে। তবে পরিবেশবাদী কর্মীরা এই শিল্পকে পরিবেশ দূষণের জন্য অভিযুক্ত করে থাকে।

৭. তৈরি পোশাক শিল্প: বর্তমানে বাংলাদেশের রপ্তানি বাণিজ্য মূলত পোশাক শিল্প নির্ভর। আশির দশকে তৈরি পোশাক শিল্পের গোড়াপত্তন ঘটে চট্টগ্রাম থেকে, দেশের প্রথম রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান হচ্ছে চট্টগ্রামের কালুরঘাটে প্রতিষ্ঠিত–'দেশ গার্মেন্টস'। প্রতিটি দশকে তৈরি পোশাক শিল্পের উত্তরোত্তর উত্থান ঘটেছে। বর্তমান বাংলাদেশের রপ্তানি আয়ে এ শিল্পের অবদান ৭৬%। এ শিল্পে কর্মরত আছে চল্লিশ লক্ষাধিক শ্রমিক, প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এ শিল্পের উপর জীবন জীবিকা নির্ভরশীল প্রায় ৪ কোটিরও বেশি লোকের। চট্টগ্রাম থেকে এ শিল্পের যাত্রা শুরু হলেও এ শিল্পের সর্বাধিক বিস্তার ঘটেছে রাজধানী ঢাকা ও তার পার্শ্ববর্তী এলাকাসমূহে। বর্তমানে বাংলাদেশে প্রায় সাড়ে পাঁচ হাজার তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান আছে। তার মধ্যে চট্টগ্রামে আছে প্রায় আটশ'র কাছাকাছি। অর্থাৎ বর্তমানে তৈরি পোশাক শিল্প খাতে রপ্তানি আয়ের ৩০% এসে থাকে চট্টগ্রাম থেকে, চট্টগ্রামের অবদান কমেছে, আগে ছিল ৪০% এর উর্ধ্বে।

চট্টগ্রামে তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান বৃদ্ধি করার ক্ষেত্রে স্বল্প খরচে চট্টগ্রাম বন্দরে শিপমেন্ট করার বাড়তি সুবিধাতো আছে, তার উপর আরো কিছু সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করতে হবে। যেমন–গার্মেন্টস পল্লী স্থাপন, গার্মেন্টস কর্মীদের থাকা-খাওয়ার সুব্যবস্থার জন্য উন্নতমানের ডরমেটরী স্থাপন, পাঁচ তারকা হোটেল স্থাপন, পোশাক শিল্প শ্রমিকদের ট্রেনিং এর ব্যবস্থা, নিরবচ্ছিন্ন গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ, ব্যবস্থাপনায় দক্ষতা ও সুযোগ সুবিধা বৃদ্ধির মাধ্যমে চট্টগ্রাম বিমান বন্দরকে যথার্থে আন্তর্জাতিক বিমান বন্দরে পরিণত করা, যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি।

৮. ইকোনোমিক জোন: অনেক দিক থেকে উন্নয়নকামী সচেতন জনগণের প্রত্যাশা ছিল চট্টগ্রামে একটা ইকোনোমিক জোন প্রতিষ্ঠিত হোক। অভ্যন্তরীণ ও বহিঃস্থ মিতব্যয়ের সুযোগ গ্রহণসহ দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করার প্রত্যয়ে বাংলাদেশ সরকার সমগ্র দেশের মধ্যে ৪টি অঞ্চলে 'অর্থনৈতিক অঞ্চল' (Economic Zone) প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেন। সুভাগ্যের বিষয় তার মধ্যে ২টি অর্থনৈতিক অঞ্চল চট্টগ্রামে প্রতিষ্ঠা করা হবে। ইকোনোমিক জোনগুলো হলো– ১) বাগেরহাটের মংলা, ২) মৌলভীবাজারের শেরপুর, ৩) চট্টগ্রামের মিরসরাই ও ৪) চট্টগ্রামের আনোয়ারা।

অর্থনৈতিক অঞ্চলগুলো প্রতিষ্ঠিত হলে তাতে এক হাজার পাঁচশ কোম্পানী প্রতিষ্ঠিত হবে, যেখানে পনেরো লক্ষ লোকের কর্মসংস্থান হবে। দেশের রপ্তানিমুখী শিল্পের ৮৫ শতাংশ অর্থনৈতিক অঞ্চলের আওতাভূক্ত থাকবে। এছাড়া বার্ষিক প্রায় ২০৫ কোটি ডলারের সমপরিমাণ রপ্তানি বাণিজ্য হবে। এছাড়া উক্ত অঞ্চলসমূহের চারিপার্শ্বের সামাজিক অর্থনৈতিক অবকাঠামোগত ইতিবাচক পরিবর্তন সাধিত হবে।

বিনিয়োগ বাড়ানোর জন্য সরকার ইকোনোমিক জোন প্রতিষ্ঠাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন। গঠন করেছেন বাংলাদেশ ইকোনোমিক জোন অথরিটি, বেজা (Bangladesh Economic Zone Authority)। বেজা ঘোষণা দিয়েছেন আগামী ২০১৬ সালের জুন মাসের মধ্যে কাজ শেষ হয়ে যাবে। দাতা সংস্থা বিশ্বব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংকও অর্থনৈতিক অঞ্চল গঠনে সরকারকে প্রণোদনা দিয়েছেন। এখানেও দীর্ঘসূত্রিতার লাল ফিতায় প্রজেক্ট বন্দী হয়ে যাচ্ছে, এখনো পর্যন্ত প্রকল্পটির জন্য কোন অর্থ বরাদ্ধ করা হয়নি। এখানেও রাষ্ট্রীয় পর্যায়ে কোন বিমাতা সুলভ আচরণের গন্ধ আছে কিনা চট্টগ্রামের জনপ্রতিনিধিদের ভাবতে হবে এবং সজাগ দৃষ্টি রাখতে হবে।

৯. পরিকল্পিত আবাসন: মানুষের পাঁচটি মৌলিক চাহিদার মধ্যে একটি হচ্ছে বাসস্থান। বাংলাদেশের প্রায় প্রতিটা নগরীতে কম-বেশি বর্তমানে আবাসন সমস্যাটি প্রকট। সবচেয়ে বেশি মহানগরীতে, ঢাকার পরে চট্টগ্রাম দ্বিতীয় বৃহত্তম মহানগরী। প্রতিদিনই তার জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে। দেশের বৃহত্তম সমুদ্র বন্দর এবং প্রধান শিল্প প্রতিষ্ঠানগুলো চট্টগ্রামে অবস্থিত হওয়ায় কর্মসংস্থান ও উন্নত নাগরিক জীবনের সুযোগ-সুবিধা উপভোগের জন্য প্রতি বছর চট্টগ্রাম মহানগরীতে নতুন হাজার হাজার লোক বন্দর নগরীর বাসিন্দা হচ্ছে। চট্টগ্রাম মহানগরীতেও আবাসন সমস্যাটি প্রকট আকার ধারণ করছে। ১৯৯৫ সালে ইউএনডিপি কর্তৃক পরিচালিত জরিপে দেখা যায় প্রতি বছর চট্টগ্রাম মহানগরীতে পঁচিশ হাজার নতুন লোকের আগমন ঘটে। এই আবাসন সমস্যার সমাধানের জন্য তথা পরিকল্পিত আবাসন গড়ার লক্ষ্যে মাষ্টার প্ল্যানে প্রস্তাব করা হয় প্রতি বছর ১২০ হেক্টর এলাকায় আবাসন গড়ে তুলতে হবে এবং প্রতি হেক্টরে ৪০০ লোকের বসবাসের সুযোগ-সুবিধা থাকতে হবে। শহরমুখী মানুষের এই স্রোত ঠেকাতে মাষ্টার প্ল্যানে উপশহর গড়ে তোলার প্রস্তাব করা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় মাষ্টার প্ল্যানের এ প্রস্তাব বাস্তবায়নে কোন প্রচেষ্টা এ পর্যন্ত চোখে পড়েনি।

নগরীর আবাসন সংকট নিরসনের দায়িত্বে নিয়োজিত চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক), চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক), বা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ নানান উদ্যোগ নিলেও যথাযথ সফলতা আসেনি। কেননা উপরোক্ত কর্তৃপক্ষ গৃহীত প্রকল্পগুলো যেমন- ছলিমপুর আবাসিক, পটিয়ায় কর্ণফুলী আবাসিক, চান্দগাঁও চন্দ্রিমা আবাসিক, বাকলিয়া কল্পলোক আবাসিক, অনন্যা আবাসিক প্রকল্পগুলো পানি-গ্যাস-বিদ্যুৎ না পাওয়ায় জন্য বাস্তবায়নের মুখ দেখছে না। প্লট মালিকরা আবাসন তথা ভবন নির্মাণে আগ্রহী হচ্ছেন না। আবার গ্যাস-বিদ্যুৎ-পানির অভাবে ডেভেলপারদের নির্মিত হাজারো ফ্ল্যাট হস্তান্তর করা যাচ্ছে না। ফলে, আবাসন সংকট তীব্র আকার ধারণ করছে। বর্তমানে চট্টগ্রাম মহানগরীয় লোকসংখ্যা প্রায় ৬০ লাখ, যা ধারণ ক্ষমতার চেয়ে কয়েকগুণ বেশি। এতে পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে এবং বাড়ীওয়ালারা অহেতুক বার বার বাড়ী ভাড়া বাড়ানোর সুযোগ নিচ্ছেন। এক্ষেত্রে, পরিকল্পিত আবাসন গড়ার জন্য চউক, চসিক ইত্যাদি প্রতিষ্ঠানকে সময়োপযোগী উদ্যোগী ভূমিকা পালন করতে হবে।

১০. এগ্রোবেইজড ইন্ডাষ্ট্রি: অর্থনীতিবিদসহ শিল্প উদ্যোক্তাদের অভিমত হচ্ছে দেশের দ্রুত টেকসই ও সমতাভিত্তিক অর্থনৈতিক উন্নয়নের জন্য যেই অঞ্চলের যেই সম্পদ-সম্ভাবনার প্রাচুর্য রয়েছে, সেই অঞ্চলের সেই সম্পদের পরিপূর্ণ সর্বোচ্চ ব্যবহারকে গুরুত্ব দিতে হবে। ভৌগোলিক সুযোগ-সুবিধার পূর্ণ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে তাহলে স্বল্প উৎপাদন খরচে অধিক উৎপাদন সম্ভবপর হবে, উৎপাদিত পণ্যের গুণগত উৎকর্ষ সাধিত হবে। বাংলাদেশে এলাকাভিত্তিক প্রাকৃতিক সম্পদের ভিন্নতা ও প্রাচুর্যতা পরিলক্ষিত হয়। বৃহত্তর চট্টগ্রামের বিভিন্ন অঞ্চলে পেয়ারা, কাঁঠাল, আনারস, টমেটো, লেবু, পেঁপে ইত্যাদির প্রচুর ফলন হয়; প্রাকৃতিক কারণে উপকূলীয় অঞ্চলে লবণের প্রচুর উৎপাদনের সুযোগ আছে, পাওয়া যায় নানান প্রজাতির মৎস্য ও চিংড়ি। প্রায় ক্ষেত্রে দেখা যায় এগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করা যাচ্ছে না, অপচয় হচ্ছে। তাই এসব ফলের জুস ফ্যাক্টরী; লবণ শিল্প ইত্যাদি স্থাপন করা যায়। এলাকাভিত্তিক এসব এগ্রোবেইজড ইন্ডাস্ট্রিগুলো এলাকার উন্নয়নে রাখবে অনন্য অবদান।

১১. হালদা নদী: চট্টগ্রামের তথা বাংলাদেশের আরেকটা প্রাকৃতিক সম্পদ, হালদা নদী। তার কিছু অনন্য বৈশিষ্ট্যের জন্য হালদা নদী বাংলাদেশের অদ্বিতীয় নদী হিসেবে স্বীকৃত। হালদা নদী রুই জাতীয় মাছের প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র। বিশেষজ্ঞদের মতে হালদা নদী পৃথিবীর একমাত্র জোয়ার-ভাটার নদী যেখানে বড় রুই জাতীয় মাছ (রুই, কাতলা, মৃগেল এবং কালিগনি) সম্পূর্ণ প্রাকৃতিকভাবে ডিম ছাড়ে, যা স্থানীয় অধিবাসীরা বংশ পরম্পরা সংগ্রহ করে নিজস্ব পদ্ধতিতে রেণু উৎপাদন করে। পৃথিবীর আর কোন জোয়ার-ভাটার নদী থেকে সরাসরি ডিম আহরণের নজির আজ পর্যন্ত পাওয়া যায়নি। হালদা নদীটি খাগড়াছড়ি পার্বত্য জেলার রামগড় উপজেলার পাহাড়ি ক্রীক থেকে ছড়া-খালাকারে উৎপন্ন হয়ে মানিকছড়ি, ফটিকছড়ি, হাটহাজারী ও রাউজান উপজেলার মধ্য দিয়ে প্রায় ৯৮ কিঃ মিঃ অতিক্রম করে চট্টগ্রাম শহরের চান্দগাঁও থানার কালুরঘাট নামক স্থানে কর্ণফুলী নদীর সাথে মিলিত হয়েছে। হালদার আর্থিক অবদান সম্পর্কে হালদা গবেষক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপক মো. মনজুরুল কিবরীয়া তাঁর এক প্রবন্ধে (বিশ্ব প্রাকৃতিক ঐতিহ্যের দাবিদার হালদা) উল্লেখ করেন :'হালদা নদীকে কেন্দ্র করে সারা বছর আবর্তিত হয় এক শক্তিশালী অর্থনৈতিক কর্মযজ্ঞ। হালদা নদী থেকে প্রাপ্ত ডিম, উৎপাদিত রেণুর পরিমাণ এবং এখান থেকে উৎপাদিত মাছের হিসাব করলে দেখা যায় এক বছরে চার ধাপে জাতীয় অর্থনীতিতে হালদার অবদান প্রায় ৮০০ কোটি টাকা। এর সাথে কৃষিজ উৎপাদন, যোগাযোগ এবং অন্যান্য অর্থনৈতিক কর্মকান্ডকে যোগ করলে একক নদী হিসেবে আমাদের জাতীয় অর্থনীতিতে হালদা নদীর অবদান খুবই তাৎপর্যবহ'।

হালদা নদীটি তার প্রাকৃতিক অনন্য বৈশিষ্ট্যের জন্য বাংলাদেশের জাতীয় প্রাকৃতিক মৎস্য প্রজনন ঐতিহ্য হওয়ার পাশাপাশি ইউনেস্কো কর্তৃক দেশের তৃতীয় বিশ্ব প্রাকৃতিক ঐতিহ্য হিসেবে ঘোষণার দাবি রাখে। বর্তমানে নদীটি লোনা পানির আগ্রাসন, দূষণ, ব্রুড মাছ (মা-বাবা মাছ) শিকার, অপরিকল্পিত বাঁধ নির্মাণ, নদীর বাঁক কেটে দেওয়া ইত্যাদি কারণে তার স্বাভাবিক কার্যক্রম হারাচ্ছে। বৃহত্তর চট্টগ্রামের তথা বাংলাদেশের এই প্রাকৃতিক সমৃদ্ধ ঐতিহ্য সম্পদ সংরক্ষণে ও সমস্যা গুলোর সমাধানে চট্টগ্রামবাসীর সম্মিলিত প্রয়াস জরুরী।

১২. স্বাস্থ্য সেবা: পরিকল্পিত চট্টগ্রাম বিনির্মাণের ক্ষেত্রে নিঃসন্দেহে উন্নত চিকিৎসাসেবা একটা গুরুত্বপূর্ণ মৌলিক বিবেচ্য বিষয়। মূলত ব্রিটিশ আমলের বন্দর হাসপাতাল, রেলওয়ে হাসপাতাল ও জেনারেল হাসপাতাল থেকে চট্টগ্রামবাসীরা চিকিৎসাসেবা পেত। তখন জনসংখ্যা কম থাকার কারণে চিকিৎসাসেবার অভাবও তেমন ছিল না। পাকিস্থান আমলে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল গড়ে উঠলে পর চট্টগ্রামে চিকিৎসা সেবায় আরো অগ্রগতি পরিলক্ষিত হয়। কিন্তু, স্বাধীনতা পরবর্তী স্বাধীন বাংলাদেশে যেই হারে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে সেই হারে চিকিৎসাসেবার মান বাড়েনি। ফলে চিকিৎসা সেবায় একটা ধ্বস নামে। এক্ষেত্রে বিগত শতাব্দীর আশি-নব্বই এর দশকে বাংলাদেশের মধ্যে প্রথম চট্টগ্রামেই বেসরকারি ক্লিনিক ও কম্পিউটারাইজড প্যাথলজি ল্যাব এর গোড়াপত্তন ঘটে। তবে সরকারি চিকিৎসাসেবায় অবনতি ঘটায় এবং বেসরকারি চিকিৎসাসেবা প্রচুর খরচ সাপেক্ষ ব্যাপার হওয়ায় সাধারণ জনগণ উন্নত চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হতে থাকে। সেই ধারা এখনো অব্যাহত রয়েছে।

এখনো চট্টগ্রামে সরকারি বা বেসরকারি লেবেলে হৃদরোগ, নিউরোসার্জারী, ক্যান্সার চিকিৎসা, কিডনি রোগের ডায়ালাইসিস ইত্যাদি জটিল চিকিৎসার উন্নত অবকাঠামো গড়ে উঠেনি। তদুপরি সাধারণ জনগণের ছিটেফোটা উন্নত সরকারি চিকিৎসা সেবা পাবার ভরসাস্থল হচ্ছে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, সম্প্রতি স্বার্থান্বেষীমহল নিজেদের ব্যক্তিস্বার্থের জন্য কলেজটিকে চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করে আপামর খেটেখাওয়া মানুষের কাছ থেকে ন্যূনতম এই সরকারি চিকিৎসাসেবা পাবার সুযোগটাও কেড়ে নেওয়ার পায়তারা করছে। যেখানে সরকারি উদ্যোগে জনসংখ্যা অনুপাতে চট্টগ্রামে আরো দুটো হাসপাতাল প্রতিষ্ঠার প্রয়োজন। সরকারি চিকিৎসাসেবা বাড়ানোর জন্য চট্টগ্রামবাসীর সম্মিলিত প্রয়াস জরুরী। পরিকল্পিত চট্টগ্রাম এর জন্য পরিকল্পিত স্বাস্থ্যসেবার উন্নত অবকাঠামো গড়ার প্রত্যয়ে বেসরকারি উদ্যোক্তা বাড়াতে হবে। ভারতের টাটা-বিড়লার মতো দেশের বড় বড় কর্পোরেটদের চিকিৎসাসেবায় বিনিয়োগ বাড়ানোর জন্য উদ্বুদ্ধ করতে হবে।

১৩. জলবায়ুর পরিবর্তনজনিত প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধ: অতিরিক্ত কার্বন নিঃস্বরণের ফলে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিজনিত জলবায়ুর পরিবর্তনে বিশ্বের যেই কয়েকটি দেশ চরম ঝুঁকির মধ্যে আছে তার মধ্যে বাংলাদেশ অন্যতম। উষ্ণতা বৃদ্ধিজনিত সামুদ্রিক জলোচ্ছ্বাস, ঘুর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশের বিপদাপন্ন অঞ্চলগুলোর মধ্যে চট্টগ্রামও একটি। IPCC (Intergovermental Panel For Climate Change) এর প্রতিবেদন মতে বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধির ফলে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা ক্রমবর্ধমান। চট্টগ্রাম শহর রক্ষার উপকুলীয় বাঁধের উচ্চতা সামঞ্জস্যপূর্ণ ও টেকসই না হলে বা যেখানে বাঁধ নেই সেখানে পর্যাপ্ত উচ্চতাসম্পন্ন টেকসই বাঁধ নির্মাণ না করলে সম্ভাব্য এই ভয়াবহ বিপর্যয় থেকে রক্ষা পাওয়া যাবে না। প্রচুর প্রাণহানি ও সম্পদ বিনষ্টের সম্ভাবনা আছে। চট্টগ্রাম শহরের দক্ষিণ অংশে আছে গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ যেমন- চট্টগ্রাম বন্দরের স্থাপনা সমূহ, বিমান বন্দর, নৌ ও বিমান বাহিনীর স্থাপনাসমূহ, তেল ডিপো, সিইপিজেড ইত্যাদি। তাই মাষ্টার প্ল্যানে পতেঙ্গা থেকে ফৌজদারহাট পর্যন্ত ৩ মিটার উঁচু উপকুলীয় বাঁধ নির্মাণের প্রস্তাব করা হয়েছিল।

চট্টগ্রাম শহরের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়াতে অপরিকল্পিত নগরায়ণ হচ্ছে। খাল-পুকুর-জলাশয় ভরাট করে পাহাড় কেটে অবকাঠামো নির্মাণ করা হচ্ছে। এতে জলাবদ্ধতা বৃদ্ধি পাচ্ছে, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য নষ্ট হচ্ছে, ঝড়-বৃষ্টি ছাড়া স্বাভাবিক জোয়ারে আগ্রাবাদ হালিশহর ইত্যাদি এলাকা ডুবে যাচ্ছে। এক্ষেত্রে মাষ্টার প্ল্যানের খাল সংস্কার, নতুন খাল খনন-সহ নানান পরিবেশ ও শহর রক্ষাকারী প্রস্তাব অনুসরণ করা হয়নি। পরিবেশ সচেতনতা ও দুর্যোগ মোকাবেলার অভিযোজন ক্ষমতা বাড়াতে হবে, জরুরী ভিত্তিতে শহর রক্ষার উপকুলীয় বাঁধ উঁচু ও মজবুত করে নির্মাণের উদ্যোগ নিতে হবে।

১৪. ইলেকট্রনিক মিডিয়া ও সংবাদপত্র: অতীত ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি, সমসাময়িক ঘটনাবলী ভিত্তিক সংবাদ, পক্ষে-বিপক্ষে অভিমত, অর্থনৈতিক অগ্রগতি, আন্তর্জাতিক-অভ্যন্তরীণ রাজনৈতিক বিষয়-আশয়, সমাজ-ধর্ম-দর্শন, শিল্প-সাহিত্য, পরিবেশ-বিনোদন-খেলাধূলা ইত্যাকার বিষয় সম্পর্কে জনগণকে জানানোর অন্যতম বাহন হচ্ছে ইলেকট্রনিক মিডিয়া ও সংবাদপত্র। বর্তমানে তথ্য-প্রযুক্তির কল্যাণে মাধ্যম দু'টো খুবই শক্তিশালী, রাষ্ট্রীয় নীতি-নির্ধারণে অসম্ভব প্রভাব বিস্তারকারীও বটে। তদুপরি মাধ্যম দু'টো বর্তমানে শুধু তথ্য-বিনোদন সরবরাহকারী যোগাযোগ মাধ্যম নয়; লাভজনক শিল্প প্রতিষ্ঠানও। ফলে এ দু'খাতে বিনিয়োগের পরিমাণও কম নয়।

চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম নগরী, বৃহত্তম চট্টগ্রাম বাংলাদেশের সমৃদ্ধ জনপদ। তৎসত্ত্বেও চট্টগ্রামে কোন টিভি চ্যানেল নেই, কোন জাতীয় পত্রিকা নেই। এক্ষেত্রে চট্টগ্রাম পুরোপুরি ঢাকার উপর নির্ভরশীল। ফলে চট্টগ্রাম জাতীয় পর্যায়ে পরিপূর্ণভাবে প্রকাশিত বা প্রতিফলিত হচ্ছে না। বৃহত্তর চট্টগ্রাম যে শিল্প-সাহিত্য-সংস্কৃতিতে, ব্যবসা-বাণিজ্যে, রাজনীতি-অর্থনীতিতে, প্রাকৃতিক সৌন্দর্যে, পর্যটন শিল্পে অফুরন্ত সম্ভাবনাময় তা ইলেকট্রনিক মিডিয়া ও জাতীয় দৈনিক না থাকাতে প্রচার করা যাচ্ছে না। ফরাসি সরকারের আর্থিক সহযোগিতায় প্রতিষ্ঠিত সিটিভি শুরু থেকে দুর্নীতি, স্বজনপ্রীতি, সুষ্ঠু পরিকল্পনার অভাবে ও দক্ষ ব্যবস্থাপনার অভাবে মাথা তুলে দাঁড়াতে পারছে না। এক্ষেত্রে চট্টগ্রামবাসী অবহেলিত ও বঞ্চিত।

১৯২১ সালে তৎকালীন জেলা কংগ্রেসের সভাপতি মহিম চন্দ্র দাসের সম্পাদনায় প্রকাশিত দৈনিক জ্যোতি হচ্ছে চট্টগ্রামের প্রথম দৈনিক পত্র। এরপর থেকে এ পর্যন্ত অসংখ্য দৈনিক প্রকাশিত হয়েছে। আবার অবলুপ্ত হয়েছে। এক্ষেত্রে ১৯৬০ সালে কোহিনূর ইলেকট্রিক প্রেস থেকে ইঞ্জিনিয়ার আবদুল খালেক কর্তৃক প্রকাশিত দৈনিক আজাদী বাংলাদেশের স্বাধীনতা পূর্বাপর চট্টগ্রামের সবচেয়ে প্রাচীন ও বহুল প্রচারিত দৈনিক। সম্প্রতি পত্রিকাটি তার গৌরবের সুবর্ণ জয়ন্তী পালন করে চট্টগ্রামকে গর্বিত করেছে। দৈনিক আজাদীর সাথে আশির দশকে প্রকাশিত দৈনিক পূর্বকোণ, নিকট অতীত থেকে প্রকাশিত দৈনিক কর্ণফুলী, দৈনিক বীর চট্টগ্রাম মঞ্চ, দৈনিক সুপ্রভাত বাংলাদেশ, দৈনিক পূর্বদেশ বর্তমানে চট্টগ্রামের আঞ্চলিক চাহিদা পূরণ করছে। ঢাকার বাসিন্দা কাশীচন্দ্র গুপ্ত কর্তৃক ১৮৮২/১৮৮৩ সালে প্রকাশিত ধর্মবিষয়ক মাসিক 'সংশোধনী' পত্রিকাটি চট্টগ্রামের প্রথম সাময়িক পত্র। চট্টগ্রামের দ্বিতীয় সাময়িকপত্র হচ্ছে ১৮৮৪ সালে নাজির কৃষ্ণচন্দ্র চৌধুরী কর্তৃক প্রকাশিত কালিকিংকর মুৎসুদ্দী সম্পাদিত 'বৌদ্ধ বন্ধু'। বর্তমানে চট্টগ্রাম থেকে অনেক সাময়িকপত্র প্রকাশিত হয়। তবে বর্তমানে চট্টগ্রাম থেকে প্রকাশিত কোন সাময়িকপত্র জাতীয় পর্যায়ে প্রচারিত বা পরিচিত নয়।

ঢাকার পরে চট্টগ্রামের স্থান হিসাবে চট্টগ্রাম থেকে কোন জাতীয় পত্রিকা প্রকাশিত না হওয়ার পেছনে কিছু কারণও আছে, যেমন–বিজ্ঞাপনের অভাব, সুষ্ঠু পরিকল্পনা ও ব্যবস্থাপনার অভাব, পর্যাপ্ত বিনিয়োগের অভাবে ঢাকায় অফিস নেই ও বিভিন্ন অঞ্চলে জনবল নেই, দেশের নানা অঞ্চলের খবর পরিবেশনের অক্ষমতা, সময়োপযোগী নানা ধরনের বিশেষ পাতা ও ক্রোড়পত্র সংযোজনে ঘাটতি, বাজারজাতকরণ

তথা জেলায়-উপজেলায়-শহর-অঞ্চলভিত্তিক পাঠকের ঘরে ঘরে পৌঁছানোর সমস্যা, সর্বোপরি, সংবাদপত্রকে একটা বৃহৎ শিল্প হিসেবে নেয়ার অপারগতা ইত্যাদি। সংবাদপত্রকে (বা ইলেকট্রনিক মিডিয়া) প্রচুর পুজিবিনিয়োগের শিল্প হিসেবে গ্রহণ করে সাহস ও ঝুঁকি নিয়ে সুষ্ঠু পরিকল্পনা ও দক্ষ ব্যবস্থাপনার মাধ্যমে পরিচালনা করার মানসিকতা নিয়ে কোন উদ্যোক্তা এগিয়ে আসলেই চট্টগ্রাম থেকে জাতীয় পত্রিকা প্রকাশ বা ইলেকট্রনিক মিডিয়া প্রচলন সম্ভব হবে। নতুবা অনেক কিছুর মতো ইলেকট্রনিক মিডিয়া ও সংবাদপত্র বিষয়েও অনেককাল আমাদের ঢাকার উপর নির্ভরশীল হয়ে থাকতে হবে।

১৫. মনন-সৃজনশীল চর্চায় চট্টগ্রাম: যেকোনো মানবগোষ্ঠীর পরিপূর্ণ বিকাশের জন্য অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি তার বুদ্ধিবৃত্তিক ও মননগত বিকাশ জরুরী। মনন-সৃজনশীল চর্চার মধ্য দিয়ে মননের বিকাশ সাধিত হয়। অতীতের মতো বর্তমানেও শিক্ষা-সাহিত্য-সংস্কৃতির বিকাশে চট্টগ্রামের অবদান কোন অংশে গৌণ নয়। বাংলাভাষা-সাহিত্যের আদি নিদর্শন সিদ্ধাচার্যদের রচিত চর্যাপদ। প্রাচীনকালে চট্টগ্রামের পন্ডিত বিহারে সিদ্ধাচার্যরা চর্যাপদ রচনা করতেন। আর মধ্য যুগে বাংলা সাহিত্য-সংস্কৃতি চর্চায় চট্টগ্রাম সমগ্র বাংলার মধ্যে শ্রেষ্ঠত্বের দাবিদার, এসময় চট্টগ্রামে রচিত হয়েছিল পুঁথিসাহিত্য। এক্ষেত্রে স্বনামধন্য পন্ডিত আহমদ শরীফ মহোদয়ের দু'টো বক্তব্য প্রণিধানযোগ্য। তিনি বলেছেন– 'মধ্যযুগের বাংলাসাহিত্যে মুসলমানের রচনা বলতে প্রায় সবটাই তো চট্টগ্রামের দান, এমনকি বাংলাদেশের যে কোন অঞ্চলের চাইতে হিন্দুর দানও কম নয়'। তাঁর হিসাব অনুযায়ী–'আঠারো শতকের প্রথমার্ধের আগে চট্টগ্রাম থেকে যেখানে পঞ্চাশজন কাব্য কবিতা রচয়িতার সন্ধান পাওয়া গেছে সেখানে নোয়াখালীতে পাওয়া গেছে একজন এবং কুমিলাতে তিনজন'। চট্টগ্রামের গর্ব, মধ্যযুগের কয়েকজন কবির নাম এখানে শ্রদ্ধার সাথে স্মরণ করতে পারি, যেমন- শাহ মুহম্মদ সগীর (ইউসুফ জুলেখা), দৌলিত উজির বাহরাম খাঁন (লাইলী মজনু), কবি কবীন্দ্র পরমেশ্বর দাস ও শ্রীকর নন্দী (মহাভারতের অনুবাদক), মুহম্মদ কবীর (মধুমালতী), জৈনুদ্দিন (রসুল বিজয়), দৌলত কাজী (সতী ময়না), কোরেশী মাগন ঠাকুর (চন্দ্রাবতী), মধ্যযুগের বাংলাসাহিত্যের একমাত্র মুসলিম মহিলা কবি রহিমুন্নিসা প্রমুখ।

আধুনিক যুগে তথা উনবিংশ শতাব্দী থেকে বাংলার সাহিত্য-সংস্কৃতি, শিক্ষা-সংগীত-রাজনীতি-প্রগতির বিজয় পতাকাকে উড্ডীন রাখতেও চট্টগ্রামের কবি-সাহিত্যিক-ইতিহাসবিদ, বুদ্ধিজীবী-রাজনীতিবিদরা তাঁদের কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। তাঁদের কয়েকজন হলেন–কবি নবীনচন্দ্র সেন, কবিভাস্কর শশাঙ্কমোহন সেন, কমলাকান্ত সেন, যাত্রামোহন সেন, ডাঃ অন্নদাচরণ খাস্তগীর, ভারততত্ত্ববিদ আচার্য ড. বেণীমাধব বড়ুয়া, তিব্বতবিশারদ শরচ্চন্দ্র দাশ, কালিকারঞ্জন কানুনগো, আবদুল করিম সাহিত্য বিশারদ, মনিরুজ্জামান ইসলামাবাদী, কাজেম আলী মাস্টার, যতীন্দ্রমোহন সেন, ড. মু. এনামুল হক, লোকমান খাঁন শেরওয়ানী, বুলবুল চৌধুরী, মাস্টারদা সূর্য সেন, প্রীতিলতা ওয়াদ্দেদার, সৈয়দ ওয়ালিউল্লাহ, আবুল ফজল, জ্যোতির্মালা দেবী, নভেরা আহমদ, রমেশ শীল, ফণী বড়ুয়া, সুরেন্দ্রলাল দাশ, জগদানন্দ বড়ুয়া, আবদুল হক চৌধুরী প্রমুখ। উপমহাদেশের মধ্যে চট্টগ্রামেই প্রথম বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা প্রবর্তন করেছিলেন জ্ঞানতাপস চট্টগ্রাম পৌরসভার চেয়ারম্যান নূর আহমদ। চট্টগ্রামের যুবকরাই প্রথম ব্রিটিশ শাসকদের অহমিকা চুরমার করে দেওয়ার সাহস দেখিয়েছিলেন। ভাষা আন্দোলনে চট্টগ্রাম থেকে প্রথম কাব্যসুধায় প্রতিবাদের বজ্রবাণী চট্টগ্রামের অকুতোভয় কবি মাহবুবুল আলম চৌধুরীর কণ্ঠে ধ্বনিত প্রতিধ্বনিত হয়েছিল–'কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি'। মহান'৭১-এ চট্টগ্রাম থেকেই প্রথম স্বাধীনতা ঘোষণার বজ্রবাণী বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছিল। বীর বাঙ্গালীর অহংকার মহান মুক্তিযুদ্ধের চেতনা ধারণ-লালন-প্রবহমান রাখার প্রত্যয়ে চট্টগ্রামেই প্রথম 'মুক্তিযুদ্ধের বিজয় মেলা'র গোড়াপত্তন ঘটে যা এখন বাংলাদেশের সর্বত্র আয়োজন করা হয়। আমাদের

চট্টগ্রামের সন্তান বিশ্বজয়ী অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনূস স্বাধীন বাংলাদেশকে প্রথম নোবেল জয়ের সম্মান এনে দেন।

কিন্তু বর্তমানে চট্টগ্রামে সাহিত্য-সংস্কৃতির অনুষ্ঠানাদি করার পর্যাপ্ত সংখ্যক মান সম্পন্ন হল নেই। যা আছে তাও খুবই ব্যয় বহুল। সংস্কৃতি মন্ত্রণালয়ের উদ্যোগে চট্টগ্রামে একটি পূর্ণাঙ্গ সাংস্কৃতিক কেন্দ্র প্রতিষ্ঠা করা দরকার; যেখানে থাকবে সিনেমা হল, মিলনায়তন, আর্ট গ্যালারি, বই-ক্যাসেট-সিডি ও কারুপণ্যের দোকান, প্রকাশনা সংস্থা, প্রযোজনা প্রতিষ্ঠান ও স্টুডিও, অফিস, শিশু বিনোদন কেন্দ্র, মুক্তিযুদ্ধের ভাস্কর্য-ম্যুরাল ইত্যাদি। চাহিদার তুলনায় বৃহত্তর চট্টগ্রামে সরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা অপ্রতুল। উত্তর চট্টগ্রামে কোন সরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ) নেই। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে আবাসন সমস্যা প্রকট। বৃহত্তর চট্টগ্রামে মাত্র একটা পাবলিক বিশ্ববিদ্যালয়, সিটিভি-তে নেই 'প্রমোট চিটাগাং, বা 'ব্র্যান্ড চিটাগাং' শীর্ষক কোন কর্মসূচী। শিক্ষা-সাহিত্য-সংস্কৃতিচর্চা সম্পর্কিত সমস্যা সমাধানেও বিমাতা সুলভ সরকারি আচরণ সহজেই চোখে পড়ে। এক্ষেত্রে প্রয়োজন শ্রেণি-পেশা-ধর্ম অঞ্চল-দল-গোষ্ঠী নির্বিশেষে চট্টগ্রামবাসীর অধিকার আদায়ের সমন্বিত ঐক্যবদ্ধ প্রয়াস। দীপ্ত তারুণ্যকে স্বকীয় স্বাতন্ত্র্যবোধে মূল্যবোধে উজ্জীবিত করার মতো পদক্ষেপ । বৈষয়িক সমৃদ্ধির পাশাপাশি মননজগতের উৎকর্ষ সাধনেই নিহিত আছে 'পরিকল্পিত চট্টগ্রাম' বিনির্মাণের পরিপূর্ণ সফলতা।

বৃহত্তর চট্টগ্রামের তথা পার্বত্য চট্টগ্রামের আদিবাসীদের ভাষা সাহিত্য-সংস্কৃতি চট্টগ্রামের আরেক মূল্যবান মানস সম্পদ। ক্ষুদ্র ক্ষুদ্র নৃগোষ্ঠীগুলোর ভাষা-সাহিত্য-সংস্কৃতি বিশ্বায়নের দাপটে সবলের চাপে পড়ে ক্রমে হারিয়ে যাচ্ছে। এক্ষেত্রে বলা যায় চাটগাঁ ভাষার চর্চাও ক্রমশ কমে যাচ্ছে। পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন আদিবাসীর ভাষা-সাহিত্য-সংস্কৃতির গবেষণা-চর্চা ও সংরক্ষণের জন্য আগ্রাবাদস্থ জাতিতাত্ত্বিক জাদুঘরকে আরো সম্প্রসারণ ও আধুনিকায়ন করে তার কার্যক্রম আরো বাড়ানো যায়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বা চট্টগ্রাম শহরে অথবা যেকোন পার্বত্য জেলায় একটা ভাষা ইন্‌স্টিটিউট স্থাপনের উদ্যোগ নেওয়া উচিত।

শেষ কথা

রাজধানী ঢাকার পরেই চট্টগ্রামের স্থান, চট্টগ্রাম দ্বিতীয় বৃহত্তম নগরী, ঢাকার চেয়ে প্রাচীনতম শহর। অনেকে বাণিজ্যিক রাজধানী বলেন। আবার ইদানিং অনেকে নর্থ-ইস্ট ইন্ডিয়ার ও চায়না-মায়ানমার-থাইল্যান্ডের 'ইকোনোমিক হাব'ও বলেন। যা ভৌগোলিক অবস্থানগত সুবিধা, প্রাকৃতিক সম্পদ-সৌন্দর্য ও শৌর্য-বীর্যের কারণেই বলা হচ্ছে। চট্টগ্রামের সম্ভাবনা অসীম, দেশের সামগ্রিক স্বার্থেই চট্টগ্রামের উন্নয়ন অবশ্যম্ভাবী। বর্তমান সরকারের 'ভিশন–২০২১' সফল করতে হলে তথা ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে চাইলে চট্টগ্রামকে গুরুত্ব দিতে হবে।

উপরোক্ত বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে 'পরিকল্পিত চট্টগ্রাম' গড়ার জন্য সরকারি-বেসরকারি যৌথ প্রচেষ্টা গ্রহণ এবং চউক, চসিক, বন্দর কর্তৃপক্ষ, সওজ, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, কর্ণফুলী গ্যাস সিস্টেম লিঃ, ওয়াসা ইত্যাদি সরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে কাজের সমন্বয় সাধন একান্ত আবশ্যক, তাহলেই চট্টগ্রাম যথার্থে দেশের 'বাতিঘর' হয়ে উঠবে।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

Enabling Environment for Green (Eco) Banking: Implications for Banking Sector of Bangladesh

Moslehuddin Chowdhury Khaled*
Bidduth Kanti Nath**

Abstract

In recent years, enabling environment for green economy and banking is clearly a priority for different international organizations like UN, ICC, OECD, national governments, and other authorities like central banks. Bangladesh Bank also has green banking policies and guidelines which serve as compliance issues for banks and financial institutions, and are yet to be conceptualized and actualized at the branch level or operational levels.

This paper recommends that Bangladesh Bank needs to be more reward oriented rather than compliance oriented, and devise mechanism to recognize the banks and financial institutions, for innovation and adoption of green banking initiatives. Bank managing directors may take a proactive role in convincing the board directors that green banking initiatives will bring more benefits than the costs and will maximize long term value of the banks. The employee evaluation and promotions should integrate GB related indicators into their usual KBO, KRA, KPI (key business objective, key results area, key performance indicator) etc.

* Assistant Professor, Management, Chittagong Independent University. Moslehuddin. khaled@gmail.com

** Assistant Professor, Dept. of Economics, Premier University Bangladesh. bid dutheco@yahoo.com

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

treated at the initial stage and these people should be provided with arsenic free drinking water The water supply in Dhaka, the largest city, is severely stressed due to high population growth and expansion of infrastructures. In many parts of the city, the water supplied is unfit for human use. The government is increasing the water treatment capacity in urban areas and has started building a few water treatment plants. It however, cannot provide water to rural households which are dispersed and they do not have access to piped water systems. A big challenge is the intrusion of salinity in new areas of habitation due to sea level rise which is already affecting about 30 million people in the coastal areas and the number will increase as the sea keeps on rising. In the long run, Bangladesh will require desalinization plants to meet the demands of huge population.

Energy Security

The World Economic Forum (WEF) in its last meeting in Davos emphasized that the world must adopt energy production facilities that are based on renewable resources. The country can fast track the development of its energy sector while ensuring a low carbon path provided adequate resources and appropriate technologies are made available to it from international climate funding sources. The country has taken many steps in the right direction for ensuring sustainable energy security in the country. But as the new and improved technologies are very expensive, the government alone cannot ensure sufficient energy supplies to the people, unless international support is forthcoming under climate mitigation initiative.

Green Development, Green Economy and Green Jobs

Provided appropriate technologies are available, green jobs can be created in such sectors as rice, fruits, spices, flowers, high value vegetables, fishery, livestock rearing, community protected forestry, and other natural resource management activities. Growing more fruits, spices and flowers and high value crops like vegetables can create green jobs. Aqua culture, both in urban and rural areas, can also bring green self-employment for many people if they are imbibed with necessary knowledge and skills. Creation of water reservoirs to meet water shortages and fresh water fisheries can be another green economic activity. Community based social forestry schemes and biodiversity protection will also fall under green jobs. Off farm activities like food processing, packaging, distribution, transportation and marketing has further scope for green jobs. Waste collection, sorting, recycling and reuse can also create green jobs. Compost

making from bio-waste has the potential for not only green jobs for women but also production of organic fertilizer for crops and plants as some piloting has shown.

Bangladesh has achieved significant progress in respect of all three pillars of sustainable development, especially the social front. Bangladesh is fully committed to pursuing sustainable development, seeking to establish and maintain economic vibrancy, social equity and inclusiveness, human dignity for all, and a healthy environment and a sound natural resource base. However, given its

resource limitations, the country needs finance and technology transfer as well as capacity enhancement support, consistent with the properly defined tasks that it will take to move steadfastly towards the goal of sustainable development.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

The Prospects of Nuclear Power in Bangladesh

Asif Reza Chowdhury*
Raihan Ul Islam Shezan*
M.A.R. Sarkar*

1. Introduction

The consumption of electric energy in Bangladesh has grown notably in the last few decades and the gap between demand and production of this energy is increasing day by day. The country is facing a major challenge to meet up the demand. According to Bangladesh Power Development Board, in the year 2013 against a peak electricity demand of 8349 MW, the maximum production of electricity was only 6675 MW. [1] Such production shortages in every year are greatly affecting the growth of GDP and overall development of this country.

With a power sector which is almost dependent on natural-gas fired generation, the country is confronting a simultaneous shortage of natural gas and electricity. According to Ministry of Power, Energy and Mineral Resources nearly 800 MW of power could not be availed from the power plants due to shortage of gas supply. Other fuels for generating low-cost, base-load electricity, such as coal, or large hydropower, are not readily available and thus these primary resources are no more a dependable source of electricity production.

The present system of electricity production is not only inadequate but also the harm to the nature is more from this system. Burning of fossil fuel produces a

* Department of Mechanical Engineering, Bangladesh University of Engineering and Technology, Dhaka-1000, Bangladesh

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

heavy amount of greenhouse gases which damage the equilibrium of nature. These gases cause the temperature of the earth to increase which leads to the melting of polar ice. Thus the sea level rises and more and more land goes under water.

So it is time to go beyond the traditional lines of production of electric energy and bring about a significant change in its production. To keep pace with the increasing demand it needs a source that can produce much more electricity than the present production. Such a breakthrough in electricity production can only be achieved through the introduction of Nuclear Power Plant in power generation system of Bangladesh.

Nuclear energy is produced by fission reaction of radioactive metals in a nuclear reactor. The amount of energy produced from nuclear reaction is gigantic compared to the energy produced from other primary resources. Nuclear power plants also have a higher rate of efficiency compared to other primary energy based power plants. On the other hand, a nuclear power plant produces very little amount of greenhouse gases, so it is much safer.

2. Present Electricity Scenario in Bangladesh

At present the demand of electricity is very high in Bangladesh and it is increasing day by day. In this country only 68% people are now being facilitated with electric supply, leaving the rest 32% people into darkness. To keep the wheel of development rolling and active, this large mass needs to be brought under electric coverage. Power Plants are being commissioned on a regular basis to meet up demands, but with the booming population and the hard endeavor for industrialization the need for electricity is also booming.

According to Power Division of Ministry of Power, Energy and Mineral Resources, Government of the People's Republic of Bangladesh, Plants Commissioned During 2009 – December 2013 (MW) are as follows :

YEAR	2009	2010	2011	2012	2013	TOTAL
Public		255	800	607	587	2249
Private	356	520	963	344	76	2259
Power Import					500	500
Total	356	775	1763	951	1163	5008

[2]

The net production capacity of Electric Power Plants of this country has reached 10445 MW in the year 2014but the maximum power generation in 2014 (as on 18 July, 2014) is 7418.00 MW. The installed capacity of BPDB (Bangladesh Power Development Board) Power Plants as on November 2014 is-

3. Problems with present electricity scenario

3.1 Production shortage

The production curve has always lagged behind the demand curve of electricity in Bangladesh. The insufficient electricity production of this country has always pulled back this developing country. The demand and production data of the past few years describes the scenario best. [4]



3.2 Decreasing stock of primary resources

Bangladesh has very few natural resources which are being used to produce electricity, such as- coal, natural gas, furnace oil, diesel and hydro. Coal is harnessed from coal mines situated in the northern portion of Bangladesh and there are several gas fields lying all around the country. But it is not possible to harness enough coal from the mines because of negative effects of it on nature and gas fields have limited balance of gas left in them. Bangladesh has to import furnace oil and diesel from abroad. At the current rate of natural use in Bangladesh the current estimated proven reserves would last 45 years. Even if the present rate of use increased at 10% per year, these reserves would last about 17 years (source: Wikipedia). Power sector ranks the highest (44%); fertilizer sector ranks the second (28%); and industry, domestic, commercial and other sectors together rank third (22%) in gas consumption. Currently 12gas fields under public and private sectors are in production with gas supply between 900 and 930mmcfg per day. [5]

3.3 Negative impact on environment

These days one of the biggest concerns of the world is the greenhouse gas emission. The burning of fossil fuel emits harmful gases like carbon di-oxide, carbon monoxide, sulphur di-oxide, sulphur tri-oxide, etc. in the atmosphere altogether known as the greenhouse gases. These gases raise the temperature of the atmosphere trapping the heat radiated from the earth making the world a vulnerable place to live in. The chart below demonstrates the emission of greenhouse gases from production of electricity from different raw materials –



As the chart demonstrates, average greenhouse gas emission from coal based electricity production is about 1100 grams of CO_2 per kWh and from nuclear power plant it is about 15 grams of CO_2 per kWh. So nuclear power plants are much healthier for the earth.

4. The Alternative

With such a sharp increase of demand and a decrease in the reserves of primary resources for electricity production, the perfect alternative is the introduction of nuclear based power production.Nucleus, one of the fundamental particles inside an atom releases energywhen some special atoms are combined together to form large atom or some special large atoms are split to form smaller ones. In nuclear fission, atoms are split apart to form smaller atoms, releasing energy. Nuclear power plants use nuclear fission reaction to produce electricity.Usually in commercial production of nuclear energy, special isotopes of Uranium and Plutonium are used. The general reaction is figured out below-

235 U+ neutron fission → fission fragments +2.4 neutrons+192.9 MeV
239 Pu+ neutron fission →fission fragments +2.9 neutrons+198.5 MeV

This massive energy is not produced in open places like the burning of fuels. This production needs an isolated and controlled environment. A nuclear power plant has its own cooling system and such a facility is generally established near big natural water reservoirs. The typical components of a nuclear power plant are shown below.

5. Advantages of Nuclear Based Energy Production

5.1 Production Capacity

This country needs a stable and powerful source which will be able to supply energy continuously for a very long period of time. Here Nuclear Energy can be the best solution to this problem. Primary sources of energy can't provide that much of energy as Nuclear Energy. Also the lifespan of a typical nuclear power plant is much higher than any other plant.



A comparison between heating values of different fuels are given below.

Type of fuel	Heat Value (MJ/kg)
Firewood	16
Brown Coal	9
Black Coal (low quality)	13-20
Black Coal	24-30
Natural Gas	39
Crude Oil	45-46
Natural Uranium in light water reactor	500000

It is seen that the source of nuclear energy- natural uranium can provide about 10000 times more energy than crude oil- the second highest heat value provider. The difference in the heat value of uranium compared with coal and other fuels is important since it directly affects the amount of wastes that each fuel produces. For instance, a single 1000 MW coal-fired plant produces over 300,000 tons of

ash, 44,000 tons of sulphur di-oxide, 22,000 tons of Nitrous Oxide and 6 million tons of carbon. In contrast, a 1000MW of nuclear power plant produces a mere 3 cubic meters of wastes after reprocessing the spent fuel, 300 tons of radioactive wastes and 0.20 tons of plutonium. There are also different transport requirements for both nuclear fuel and fossil fuels in the context of Bangladesh. Transportation costs are higher for coal and oil systems at 20000 train cars or 10 super tankers, in relation to a nuclear plant at just 3-4 trucks. Around the world, there is projected to be around 860 nuclear power plants generating over 800,000 MW. [7]

5.2 Fulfilling Future Demand

To make a proper power generation master plan, it is required to make a proper speculation of the speed at which the demand is increasing. According to the Power System Master Plan (PSMP) 2010, demand forecast made by Government of the People's Republic of Bangladesh based on 7% GDP growth rate is as follows:

Fiscal Year	Peak Demand (MW)
2014	9,268
2015	10,283
2016	11,405
2017	12,644
2018	14,014
2019	15,527
2020	17,304
2021	18,838
2022	20,443
2023	21,993
2024	23,581
2025	25,199
2026	26,838
2027	28,487
2028	30,134

This speculation is made on the basis of a fixed GDP. So an increasing GDP will definitely increase the demand much more. To fulfill such a great demand of electricity in the future present production needs to be incremented greatly which can only be done with nuclear power plants.

5.3 Effect on Environment

Nuclear reaction does not produce greenhouse gases during production of energy. Though small amount of greenhouse gases are produced in a nuclear power plant

due to the use of supporting machineries like turbine and cooler, it is far less compared to the produced greenhouse gases in other power plants. Thus a nuclear power plant saves the earth from the harmful effects of these toxic gases.

5.4 Safety Features

In the past, the disposal of radioactive waste was difficult and harmful to the nature to some extent. Besides, operating nuclear power plant machineries and the cooling procedure were very difficult. But presently due to the improvement of the power plant up to 3rd Generation, the use of pressurized water reactor and the fully automated power plants make the nuclear based power production very secured. Besides the in-built safety features reduces the chances of accidents significantly. These safety features consist of multiple layers of protective walls and emergency core cooling system.

6. Advancements regarding Nuclear Energy in Bangladesh

In 1963 the Ruppur site was selected for the establishment of the first nuclear power plant of this country. In 2001 Bangladesh adopted a national Nuclear Power Action Plan. On 24 June 2007, Government of People's Republic of Bangladesh announced plans to build a nuclear power plant to meet electricity shortages. In May 2010, Bangladesh signed a civilian nuclear agreement with the Russian Government. Bangladesh also has framework agreements for peaceful nuclear energy applications with the US, France and China. In February 2011, Bangladesh reached an agreement with Russia to build the 2,000 megawatt (MW) Nuclear Power Plant with two reactors, each of which will generate 1,200 MW of power. The nuclear power plant will be built at Ruppur, on the banks of the Padma River, in the Ishwardi sub district of Pabna, in the northwest of the country. The RNPP (Ruppur Nuclear Power Plant) is estimated to cost up to US$2 billion, and start operating by 2021. The inter-governmental agreement (IGA) was officially signed on 2 November 2011.On May 29, 2013 honorable Prime Minister of Bangladesh declared that a second nuclear power plant will be constructed in an inland river island in southern region of the country. [8]

Station/ Project Name	Type	Capacity	Expected Construction Start Year	Expected Commercial Year
1. Ruppur Nuclear Power Plant (Unit- I)	VVER	1000~1250 MWe	By 2016	By 2021
2. Ruppur Nuclear Power Plant (Unit- II)	VVER	1000~ 1250 MWe	One year after the first unit built	------

7. Summary

Nuclear energy these days are safe, reliable and on the context of Bangladesh capable of reducing the gap between demand and production significantly. The 3rd Generation Pressurized Water Reactors with automated and in-built safety features make Nuclear Energy a reliable source of massive electricity production. On the basis of present energy scenario of Bangladesh nuclear energy based power production should be the best solution to the overall energy crisis.

References

1. Bangladesh Power Development Board- http://www.bpdb.gov.bd
2. http://www.powerdivision.gov.bd/user/brec/112/58
3. Ministry of Power, Energy and Mineral Resources, Government of the Peoples' Republic of Bangladesh-http://www.bpdb.gov.bd/bpdb/index.php?option=com_content&view=article&id=150&Itemid=16
4. http://www.bpdb.gov.bd/download/PSMP/PSMP2010.pdf http://www.bpdb.gov.bd/bpdb/index.php?option=com_content&view=article&id=12&Itemid=126
5. Banglapedia
6. IAEA 2010
7. Applied Reactor Technology by Henryk Anglart, 2011 edition
8. Wikipedia
9. http://pub.iaea.org/MTCD/Publications/PDF/CNPP2013_CD/countryprofiles/Bangladesh/Bangladesh.htm

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

২০১৫ সালে বাংলাদেশের নারী ঃ সিডও সনদের মূলকথা ও জাতিসংঘের প্রত্যাশা

হান্নানা বেগম*

পূর্বকথা

জাতিসংঘ তার ঘোষণাপত্র থেকে সর্বজনীন মানবাধিকার দলিল পর্যন্ত সর্বত্র নারীর সমঅধিকারের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় রেখেছে। কিন্তু কার্যত দেখা গেছে, নারী মানব জাতির অর্ধেক হওয়া সত্ত্বেও নারীর অধিকার মানবাধিকার রূপে স্বীকৃতি পাচ্ছে না। কারণ জাতিসংঘের মানবাধিকারের সব দলিলে, নারী-পুরুষকে এক অবস্থান থেকে দেখা হয়েছে। একই অধিকার ভোগ করতে পারার কথা বলা হয়েছে। কিন্তু সমঅবস্থায় না থাকলে সমঅধিকার ভোগ করা যায় না। বাস্তবে প্রথমত: নারী পুরুষের চেয়ে পিছিয়ে আছে, দ্বিতীয়ত: নারীর মাতৃত্ব বা প্রজনন ভূমিকা বা বিশেষ অবদানের জন্য তার বিশেষ কিছু চাহিদা আছে এবং সুযোগ সুবিধা পাওয়ার অধিকার আছে। এজন্য আলাদা সনদের প্রয়োজনীয়তা দেখা দেয়। এরই প্রেক্ষিতে, উপরোক্ত দুটো সমস্যাকে সামনে নিয়ে নারী-পুরুষের বৈষম্য কমিয়ে সমতার সৃষ্টি করা এবং নারীর মানবাধিকার প্রতিষ্ঠা করার লক্ষ্যে সিডও সনদের সৃষ্টি।

সিডও সনদ গৃহীত হয়, ১৯৭৯ সনের ১৮ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে। ইংরেজীতে– পুরো নাম Convention of the Elimination of All forms of Discrimination Against women-CEDAW (সিডও)। বাংলায় আমরা বলি 'নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ।' ১৯৮১ সালের ৩ সেপ্টেম্বর ২০টি রাষ্ট্রের অনুমোদন লাভের পর সিডও সনদ কার্যকর বলে ঘোষিত হয়। বাংলাদেশ সরকার ১৯৮৪ সালে এ সনদে স্বাক্ষর করে। সিডও এর আঠার নম্বর ধারা অনুযায়ী শরীক রাষ্ট্রকে এ সনদ অনুমোদনের পর সংশ্লিষ্ট সিডও কমিটির বিবেচনার জন্য সনদে বর্ণিত ধারার আলোকে একবছরের মধ্যে একটি প্রতিবেদন জমা দিতে হয়। পরবর্তী প্রতিবেদন প্রতি চারবছর অন্তর। সিডও কমিটি তাদের বাৎসরিক সভায় প্রতিবেদন সর্ম্পেকে অভিমত প্রদান করে এবং আগামী প্রতিবেদনের জন্য সুপারিশ রাখে।

---

* পরিচালক, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ব্যাংক। সাবেক অধ্যক্ষ ইডেন গার্লস কলেজ, ঢাকা।

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

সিডও সনদ হচ্ছে একমাত্র সনদ, যা সমতা স্থাপনের প্রশ্নে রাষ্ট্রের নিজস্ব বিবেচনার মানদন্ডকে প্রত্যাখান করে বৈশ্বিক মানদন্ড সৃষ্টি করেছে। সে জন্য এই সনদের বড় অবদান হচ্ছে, বৈশ্বিক পর্যায়ে "নারীর অধিকার মানবাধিকার" এই সত্যকে প্রতিষ্ঠিত করা। বিশ্বের ১৮৫টি দেশ এই সনদে স্বাক্ষর করেছে। প্রত্যক দেশের নিজস্ব স্বাধীন রাষ্ট্রীয় আইন থাকতেই পারে, তবে সিডও সনদ একটি আন্তর্জাতিক আইন যা প্রত্যেক রাষ্ট্রের মানা উচিত। এটিকে বাস্তবায়িত করতে হবে আন্তর্জাতিক মান অনুযায়ী। ইতোমধ্যে বিশ্বব্যাপী এই সনদের মূল বিষয়বস্তু বাস্তবক্ষেত্রে না হলেও তাত্ত্বিক ক্ষেত্রে প্রতিষ্ঠা পাচ্ছে, এটা আমরা বিশ্বাস করতে চাই।

সনদের মূলকথা, বাস্তবায়ন প্রক্রিয়া ও ধারাসমূহ

এ সনদ সমতা, বৈষম্যহীনতা ও শরিক রাষ্ট্রের দায়িত্ব, এই তিনটি নীতির উপর প্রতিষ্ঠিত। সমতা অর্থ এই নয় যে, উভয় লিঙ্গকে অভিন্ন প্রক্রিয়ার অধীন করা। উভয় লিঙ্গের জন্মগত পাথর্ক্যকে অবশ্যই মনে রাখতে হবে। সনদের উদ্দেশ্য হচ্ছে-পুরুষের মত নারীর ক্ষেত্রে সুযোগের সমতা সৃষ্টি করা। এবং তা এমন পর্যায়ে হতে হবে যাতে করে প্রাপ্য সুযোগ ব্যবহারের মাধ্যমে একই মানের ফলাফল নিশ্চিত হয়। আদত কথা-নারীর সমতা প্রতিষ্ঠার জন্য রাষ্ট্র কি পদক্ষেপ নিচ্ছে তা মুখ্য নয়, বরং গৃহীত পদক্ষেপ নারীর জন্য সমতা অর্জনে কতখানি ফলপ্রসু হয়েছে সেটাই মূল লক্ষ্য। এক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে অসম ক্ষমতার বিভাজনের দিকে দৃষ্টি রেখে রাষ্ট্রকে সমতার নীতি স্থাপনে একদিকে যেমন আইন ও বিধির ক্ষেত্রে সমতা স্থাপন করতে হবে, অন্য দিকে ক্রমান্বয়ে বিভিন্ন সহায়ক প্রক্রিয়ার মাধ্যমে জেন্ডার সমতা স্থাপনে এগিয়ে যেতে হবে।

যদিও বুদ্ধি ও কর্মক্ষমতায় নারী পুরুষের চেয়ে নিম্নমানের এটি প্রমাণিত হয়নি, কিন্তু মাতৃত্বের কারণে নারীর কর্মপরিধি গৃহভিত্তিক এবং বর্হিজগতের জন্য পুরুষ নির্ভর। পুরুষতন্ত্র নারীর অবদানকে অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে কম গুরুত্বপূর্ণ আখ্যা দিয়ে তাকে অধস্তন করে রাখে একটি নির্যাতন প্রক্রিয়ার মাধ্যমে। এ থেকে শুরু হয় অসম জেন্ডার সম্পর্ক। এটিকে কেন্দ্র করেই সমাজ নারী-পুরুষের বৈষম্যকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার চেষ্টা করে। ক্রমান্বয়ে এ প্রক্রিয়ায় প্রথা, আচরণ, বিধি ও আইন সৃষ্টির মাধ্যমে নারীর জীবনের সকল ক্ষেত্রে সমাজ বৈষম্য প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। সিডও সনদের মূল উদ্দেশ্য হলো এভাবে জৈবিক পার্থক্যের কারণে আরোপিত জেন্ডার বৈষম্য সমূহকে নির্মূল করা।

সিডও চুক্তি জাতিসংঘ ও একটি স্বাধীন রাষ্ট্রের মধ্যে সম্পাদিত হয়। রাষ্ট্র নিজ উদ্যোগে এই চুক্তি করে বিধায় এই দর্শন বাস্তবায়নের দায়িত্ব রাষ্ট্রের। রাষ্ট্র তার দায়িত্বের মূল ইস্যুগুলোকে এভাবে চিহ্নিত করতে পারে, যেমন: • বৈষম্য চিহ্নিতকরণ, • বৈষম্যহীন নীতি ঘোষণা, • বৈষম্য রহিতকরণে সংশ্লিষ্ট ক্ষেত্রে যথাযথ পদক্ষেপ গ্রহণ, • যথাযথ আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা নেওয়া, • বৈষম্য আরোপকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা গোষ্ঠির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া, • সমতা অর্জনের সময় কমানোর জন্য অস্থায়ী সাময়িক ব্যবস্থা গ্রহণ করা, • আইনগত সমতার সাথেই প্রকৃত সমতা স্থাপনে গুরুত্ব প্রদান, • জাতিসংঘের সিডও কমিটির নিকট যথাসময়ে সনদ বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন পেশ করা।

সনদ বাস্তবায়ন প্রক্রিয়া

সিডও সনদ বাস্তবায়ন বহুলাংশে সে দেশের রাজনৈতিক সদিচ্ছার ওপর নির্ভরশীল। যে কারণে আমরা দেখি বহু দেশ সনদ অনুমোদনের পর একে সংবিধানে সম্পৃক্তির মাধ্যমে রাষ্ট্রীয় নীতির অংশ হিসেবে

প্রতিষ্ঠিত করে, এ উদ্দেশ্যে সংবিধানে প্রয়োজনীয় সংশোধন আনে, কখনও কখনও দেশের আইন ও প্রশাসনিক কাঠামোতে সিডও সনদকে প্রতিফলিত করার উদ্দেশ্যে পুরাতন সংবিধানের পরিবর্তে নতুন সংবিধান প্রণয়ন করে। এক্ষেত্রে কলম্বিয়া ও উগান্ডা যথাক্রমে ১৯৯১ এবং '৯৫ সালে সিডও সনদের ধারাসমূহ প্রতিফলনের উদ্দেশ্যে নতুন সংবিধান রচনা করে। আবার ব্রাজিল ১৯৮৮ সালে সনদের আলোকে নারীর মানবাধিকারের ইস্যুসমূহ অন্তর্ভূক্ত করে সংবিধানে পরিবর্তন আনে। সাউথ আফ্রিকা স্বাধীনতার পর, যে নতুন সংবিধান রচনা করেছে তাতে নারীর সমতা ও মানবাধিকারকে সংবিধানের বিভিন্ন ধারায় অন্ত-র্ভূক্ত করেছে। আমাদের প্রতিবেশী দেশ নেপাল সিডও সনদ অনুমোদনের পর একে সাংবিধানিক প্রক্রিয়ার মাধ্যমে দেশীয় আইনের অন্তর্ভূক্ত করেছে। তবে রাষ্ট্র কর্তৃক সংবিধানে সনদের মৌলিক ধারাগুলো প্রতিফলিত না হলেও স্বাধীন বিচার ব্যবস্থা এবং জেন্ডার সংবেদনশীল আইনের মাধ্যমেও নারীর প্রতি বৈষম্য নিরসনের পদক্ষেপ নেওয়া যায়। এজন্য বিচার বিভাগের স্বাধীনতা ও বিচারকসহ অন্যান্য সংশ্লিষ্ট সকলের, বিশেষভাবে সুশীল সমাজ ও এনজিওদের সিডও সনদ বাস্তবায়নের জন্য বিশেষভাবে সচেতন হওয়া প্রয়োজন। ভারতের 'বিশাখা বনাম রাজস্থান সরকার' এর মামলাটি এ প্রসঙ্গে উল্লেখ করা যায়। ১৯৯২ সালে বিশাখা নামের একজন কর্মচারী তাঁর সহকর্মীদের দ্বারা ধর্ষণের শিকার হন। কিন্তু কর্তৃপক্ষের গাফিলতির কারণে তাৎক্ষণিকভাবে এ নিয়ে কোনো মামলা করা হয়নি। পরে স্থানীয় জনগণ ও নারী আন্দোলনকারীরা বিশাখার পক্ষে রাষ্ট্রের বিরুদ্ধে মামলা করে। কিন্তু মনে রাখার বিষয়, তখনো ভারতে এ সম্পর্কিত কোনো যৌন হয়রানির আইন ছিল না। মামলা কোর্টে ওঠার পর বিচারক সিডও-র স্বাক্ষরকারী দেশ হিসেবে এ ব্যর্থতার জন্য রাষ্ট্রকে কাঠগড়ায় দাঁড় করান। বিচারে এটিও উল্লেখ করা হয় যে ভারতের সংবিধানে দেওয়া লিঙ্গ সমতার নিশ্চয়তা এবং কর্মপরিবেশের নিশ্চয়তার অঙ্গীকারও এখানে লঙ্ঘিত হয়েছে। এ জন্য বিশাখাকে ক্ষতিপূরণ দেওযার আদেশ দেওয়া হয়। এ ছাড়া যৌন হয়রানি প্রতিরোধে আইন প্রণয়নের জন্য বর্ণিত নীতিমালা অনুসরণের আদেশ দেওয়া হয়।

রাষ্ট্রের অনীহার ক্ষেত্রে সিডও সনদের হাতিয়ারটি কাঁধে তুলে নিতে পারে নারী সংগঠন, এনজিও এবং সচেতন মানব সমাজ। তারা আন্দোলনের মাধ্যমে গণসচেতনতা সৃষ্টি করতে পারে এবং সরকারকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধ্য করতে পারে। সিডও কমিটির নিয়মানুসারে রাষ্ট্রকে সিডও কমিটিতে প্রতি চার বছর অন্তর একটা প্রতিবেদন এবং বিকল্প প্রতিবেদন পাঠাতে হয়। এক্ষেত্রে বিকল্প প্রতিবেদন প্রণয়নের দায়িত্ব পালন করে এনজিওসমূহ। সিডও কমিটির অভিজ্ঞতায় দেখা গেছে, অনেক ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশের নারী বৈষম্যের সর্বাপেক্ষা সংবেদনশীল অথচ গুরুত্বপূর্ণ বিষয়গুলো রাষ্ট্রীয় প্রতিবেদনে প্রতিফলিত হয়না। এরূপ পরিস্থিতিতে এনজিওদের প্রেরিত অনুসন্ধানমূলক প্রতিবেদন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। নারীর কি কি দাবী-দাওয়া অগ্রাধিকার ভিত্তিতে পাওয়া দরকার মাঠকর্মীরাই তা সহজে নির্ণয় করতে পারে। যে কারণে সিডও কমিটি তার ১৭তম সভা থেকে জাতীয় ও আন্তর্জাতিক এনজিওদের সাথে মতবিনিময় সভার আয়োজন করেছে।

সিডও সনদের ধারাসমূহের বিভাজন

সিডও সনদ ৩০টি ধারা সম্বলিত। এই ৩০টি ধারা তিনটি ভাগে বিভক্ত।

ক। ১ থেকে ১৬ ধারা-নারী-পুরুষের সমতা সম্পর্কিত,

খ। ১৭ থেকে ২২ ধারা-সিডও কর্মপন্থা ও দায়-দায়িত্ব বিষয়ক এবং

গ। ২৩ থেকে ৩০ ধারা-সিডও প্রশাসন সংক্রান্ত।

স্বাক্ষরদানকালে বাংলাদেশ সরকারের ধারা সংরক্ষণ

বাংলাদেশ ১৯৮৪ সালে সিডও সনদ অনুমোদন করে স্বাক্ষর দান করে। তবে স্বাক্ষরদান কালে ধারা-২, ১৩ (ক) এবং ১৬-১ (গ) ও (চ) বাস্তবায়নের ক্ষেত্রে সংরক্ষণ প্রদান করে। পরবর্তীকালে সরকার ধারা-১৩ (ক): পারিবারিক কল্যাণের অধিকার এবং ধারা-১৬-১ (চ): অভিভাকত্ব, প্রতিপালকত্ব, ট্রাস্টিশীপ, পোষ্যসন্তান গ্রহণ, ইত্যাদি ধারাগুলির উপর থেকে সংরক্ষণ প্রত্যাহার করে এগুলি অনুমোদন করে।

বাংলাদেশ কর্তৃক জাতিসংঘ সিডও কমিটির নিকট সর্বশেষ পেশকৃত ষষ্ঠ ও সপ্তম পিরিয়ডিক প্রতিবেদন (২০১১) এবং এই সম্পর্কে কমিটির আশাবাদ

সিডও কমিটি রাষ্ট্রপক্ষের ২০০৪ সালে পঞ্চম সাময়িক প্রতিবেদন (CEDAW/C/ইএউ/৫) পর্যালোচিত হবার পর থেকে গৃহীত আইনী সংস্কার ও ব্যাপক আইনী পদক্ষেপ গ্রহণসহ অর্জিত অগ্রগতিকে স্বাগত জানায়। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য: • বাংলাদেশ শ্রম আইন (২০০৬)। •সংবিধানে চতুর্দশ সংশোধনী যা সংরক্ষিত মহিলা আসন সংখ্যা ৩০ থেকে ৪৫-এ উন্নীত করে; • জনপ্রতিনিধিত্ব (সংশোধনী) আদেশ (২০০৮); • নাগরিকত্ব (সংশোধনী) আইন (২০০৯) যা বাংলাদেশি নারীকে তার সন্তানের নাগরিকত্ব অর্জনের ক্ষমতা প্রদান করে; • তথ্য অধিকার আইন (২০০৯); • জাতীয় মানবাধিকার আইন(২০০৯) এবং • পারিবারিক সহিংসতা আইন (২০১০) • কমিটি রাষ্ট্রপক্ষ কর্তৃক ৩০ নভেম্বর ২০০৭ তারিখে প্রতিবন্ধীদের অধিকার সম্পর্কিত সনদ ও ১২ মে ২০০৮ তারিখে এর ঐচ্ছিক বিধানের অনুমোদনকে সন্তুষ্টির সঙ্গে উল্লেখ করেছে।

সিডও কমিটির উদ্বেগের ক্ষেত্র ও সুপারিশসমূহ

কমিটি রাষ্ট্রপক্ষের বৈষম্যমূলক আইন পর্যালোচনা ও সংশোধনের উদ্যোগকে প্রশংসা জানাচ্ছে। তবে উল্লেখযোগ্য সংখ্যক বৈষম্যমূলক আইন যা নারীকে পুরুষের সমঅধিকার দিতে নারাজ যেমন বিবাহ, তালাক, জাতীয়তা, অভিভাকত্ব ও তত্ত্বাবধায়ক অধিকার সংক্রান্ত আইন বহাল থাকায় কমিটি উদ্বিগ্ন। কমিটি রাষ্ট্রপক্ষকে একটি পরিষ্কার সময়সীমার মধ্যে এর নিজস্ব আইনসমূহ সিডও সনদের আওতায় এর দায়-দায়িত্বের সঙ্গে সমন্বিত করার লক্ষ্যে অনতিবিলম্বে এর আইন পর্যালোচনা কার্যকরণ চালিয়ে যেতে আহ্বান জানাচ্ছে।

গতানুগতিক ও ক্ষতিকর অভ্যাসসমূহ: কমিটি, বিশেষ করে সংবাদ মাধ্যম ও শিক্ষা কর্মসূচির মাধ্যমে নারীদের গতানুগতিক ভূমিকা পরির্বতনে রাষ্ট্রপক্ষের তৎপরতাকে স্বীকৃতি জানাচ্ছে, কিন্তু নারী ও পুরুষের ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে পুরুষশাসিত মনোভাব ও বদ্ধমূল গতানুগতিক অভ্যাস বিদ্যমান থাকায় উদ্বিগ্ন ।

নারীর প্রতি সহিংসতা

কমিটি উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছে যে সীমিত সংখক আশ্রয়কেন্দ্র ও ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টার নির্যাতনের শিকার নারীদের প্রয়োজনে সাড়া দেবার জন্য নিতান্তই অপ্রতুল। কমিটি আরও লক্ষ্য করছে যে আইনবহির্ভূত ফতোয়ার শাস্তি বেআইনি বলে হাইকোর্টের সিদ্ধান্ত থাকা সত্ত্বেও সালিশের মাধ্যমে বেআইনি শাস্তি 'অসামাজিক ও অনৈতিক আচরণ' রোধে প্রয়োগ করা হচ্ছে। কমিটি নারীর প্রতি সকল

প্রকার সহিংসতার কোনো তথ্য না থাকায় এবং সেই সহিংসতা বিস্তার ও মূলধারাকরণের ওপর কোনো জরিপ বা গবেষণা না থাকায় দুঃখ প্রকাশ করে।

পাচার ও যৌন নিপীড়ণ

কমিটি রাষ্ট্রপক্ষকে নিম্নলিখিত পদক্ষেপের মাধ্যমে সনদের ৬ নং ধারার পূর্ণ বাস্তবায়নের জন্য অনুরোধ জানাচ্ছে- রাষ্ট্রপক্ষের আইনে সার্ক সনদ অন্তর্ভূক্তকরণ- • পাচার নিরোধে ও পাচারকারীদের অভিযুক্ত করার উদ্দেশ্যে আইনের ধারাকে সমন্বিত করতে পার্শবর্তী দেশগুলোর সঙ্গে দ্বিপাক্ষিক সহযোগিতার প্রেক্ষিতে এর তৎপরতা নিবিড়করণ। • পাচার ও যৌন নিপীড়ন মোকাবেলায় ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ এবং কার্যকরীভাবে বাস্তবায়ন এবং সে সঙ্গে বিচার, আইন প্রয়োগকারী কর্মকর্তাবৃন্দ, সীমান্তরক্ষী বাহিনী ও সারা দেশে কর্মীদের প্রশিক্ষণ নিশ্চিতকরণ। প্রবণতা ও পদক্ষেপ গ্রহণের অগ্রাধিকার ক্ষেত্র নিরূপনের জন্য পাচারের সকল দিকের উপর ভিন্ন ভিন্ন সব তথ্য সংগ্রহ ও বিশ্লেষণকরণ।

জেন্ডার সমতা ও সিদ্ধান্ত গ্রহণ

জেন্ডার সমতা ও সিদ্ধান্ত গ্রহনে নারীর অংশগ্রহণের গুরুত্ব সম্পর্কে সামগ্রিকভাবে সমাজে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকান্ডের আয়োজন, নারী প্রার্থী ও সরকারি পদে নির্বাচিত নারীদের জন্য প্রশিক্ষণ ও পরামর্শ কর্মসূচি এবং বর্তমান ও ভবিষ্যতে নারী নেতৃত্বের জন্য ও দর কষাকষির দক্ষতা (negotiations skill)বৃদ্ধি কর্মসূচি অব্যাহত রাখা।

নাগরিকত্ব আইন সংশোধন

কমিটি বাংলাদেশি নারীকে তার নাগরিকত্ব সন্তানের উপর বর্তানোর অধিকার দানকারী নাগরিক (সংশোধনী) আইন (২০০৯) গৃহীত হওয়াকে স্বাগত জানিয়েছে, কিন্তু একজন বাংলাদেশি নারীর স্বামী ৫ বছর বাসিন্দা থাকার পর নাগরিক হবার আবেদন করতে পারবে অথচ একজন বিদেশি নারী বাংলাদেশি পুরুষের সঙ্গে বিবাহিত হলে তার দুই বছর বাসিন্দা থাকলেও চলবে। এই বিষয়টি নিয়ে কমিটি উদ্বিগ্ন।

শিক্ষা

শিক্ষা ক্ষেত্রে অন্যান্য উদ্বেগের সাথে বিশেষ জোর দিয়ে বলা হয়েছে যে বিদ্যালয়ের কর্মকর্তা, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের সচেতনতা বৃদ্ধি জোরদার করতে ও বিদ্যালয়ে যৌন হয়রানির বিষয়ে জিরো টলারেন্স নীতি প্রয়োগ করতে, বাড়ি থেকে বিদ্যালয় ও বিদ্যালয় থেকে বাড়ি নিরাপদ যাতায়াত আর বৈষম্য ও সহিংসতামুক্ত নিরাপদ শিক্ষার পরিবেশ সৃষ্টির ব্যবস্থা করতে এবং অপরাধীরা যাতে উপযুক্ত শাস্তি পায় তা নিশ্চিত করতে।

কর্মসংস্থান

কমিটি রাষ্ট্রপক্ষকে সিডও সনদের ধারা ২২ অনুযায়ী শ্রমবাজারে মেয়েদের সমসুযোগ নিশ্চিত করতে অনুরোধ জানাচ্ছে। এই উদ্দেশ্যে কমিটি রাষ্ট্র পক্ষকে অনুরোধ করেছে অপ্রাতিষ্ঠানিক ক্ষেত্রে নারীদের

সামাজিক নিরাপত্তা ও অন্যান্য সুবিধা বিধানের উদ্দেশ্যে একটি নিয়ন্ত্রণ কাঠামো (রেগুলেটরি ফ্রেওয়ার্ক) করতে এবং শিশু শ্রমে নিয়োজিত মেয়েদের শোষণ রোধে পরিবীক্ষণ চালিয়ে যেতে এবং ব্যবস্থা নিতে।

স্বাস্থ্য

কমিটি রাষ্ট্রপক্ষকে অনুরোধ করেছে- • দরিদ্র ও সুবিধাবঞ্চিত নারীদের প্রতি বিশেষ মনোযোগ রেখে প্রসূতি স্বাস্থ্য সেবা সহ মানসম্মত স্বাস্থ্য সেবা সুবিধাবলীতে নারীদের প্রবেশাধিকার বাড়ানোর জন্য বাস্তব পদক্ষেপ নিতে। • একটি ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণের মাধ্যমে মাতৃ মৃত্যুর হার হ্রাস করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে যাতে থাকবে- পর্যাপ্ত জন্মপূর্ব ও জন্মপরবর্তী যত্ন ও প্রশিক্ষিত প্রসব পরিচর্যাকারী এবং গর্ভনিরোধক ব্যবহারের গুরুত্ব, বিপদজ্জনক গর্ভপাতের ঝুঁকি ও নারীদের প্রজনন অধিকারের উপর শিক্ষা ও সচেতনতার বৃদ্ধি কর্মসূচি। • সারাদেশে নিরাপদ ও সুলভ জন্মনিরোধ সেবা প্রাপ্তি বাড়াতে তৎপরতা জোরদার ও ব্যাপক করতে হবে এবং গ্রামীন নারীরা যাতে পরিবার পরিকল্পনার তথ্য ও সেবা অভিগমনে বাধা না পায় তা নিশ্চিত করতে। • পরবর্তী সাময়িক প্রতিবেদনে নারীদের স্বাস্থ্য পরিস্থিতির উপর তথ্যাবলী প্রদান করতে এবং জাতিসংঘের সংশ্লিষ্ঠ বিশেষায়িত এজেন্সি ও অন্যান্য আন্তর্জাতিক দাতা ও সংগঠনগুলোর কাছে কারিগরি ও আর্থিক সহায়তা চাইতে।

অর্থনৈতিক ক্ষমতায়ন

• জমিতে নারীদের মালিকানা, নিয়ন্ত্রণ ও ব্যবহার সংকোচনকারী বৈষম্যমূলক আইনসমূহ সংশোধন করতে এবং নারীর উদ্যোগতা হবার পথে বাধাসমূহ চিহ্নিত করে দূর করতে। • বিভিন্ন স্তরের নারীদের বিশেষ অবস্থার কথা মনে রেখে নারীদের অর্থনৈতিক ক্ষমতায়নে উৎসাহদানকারী উদ্যোগসমূহ জোরদার করতে এবং • সামাজিক ও অর্থনৈতিক নীতিমালা নারীদের উপর কেমন প্রভাব ফেলছে তা নিয়মিত পরিবীক্ষন করার ব্যবস্থা গ্রহণ করতে।

গ্রামীন নারী

সিডও কমিটি রাষ্ট্র পক্ষকে আহ্বান জানাচ্ছে- • স্থানীয় উন্নয়ন পরিকল্পনা তৈরি ও বাস্ত-বায়নে গ্রামীন নারীদের অংশগ্রহন বৃদ্ধি ও জোরদার করতে। • জমিতে নারীদের উত্তারাধিকার ও মালিকানা সংরক্ষণে পরিষ্কার আইনি কাঠামো প্রতিষ্ঠা করতে, এবং গ্রামঞ্চলে সম্পত্তিতে নারীদের অধিকার পূর্ণ ভোগে বাধাস্বরূপ ক্ষতিকর প্রথা ও চিরাচরিত রীতিসমূহ সংশোধনে বা দূরীকরণে ব্যাপক কর্মকৌশল প্রতিষ্ঠা করতে।

সুবিধা বঞ্চিত নারী

কমিটি সংখ্যালঘু নারী যেমন দলিত সম্প্রদায়ের নারী, অভিবাসী নারী,উদ্বাস্ত নারী, বয়স্ক নারী, প্রতিবন্ধী নারী ও রাস্তায় থাকা মেয়েসহ সুবিধাবঞ্চিত নারীদের সম্পর্কে অত্যন্ত সীমিত তথ্যাবলী প্রদানে উদ্বিগ্ন বোধ করছে । কমিটি আরোও উদ্বিগ্ন যে ঐ সব নারী ও মেয়েদের বিশেষ করে শিক্ষা, কর্মসংস্থান, স্বাস্থ্য সেবা, গৃহায়ণ, সহিংসতা থেকে রক্ষা ও ন্যায় বিচার পেতে প্রায় বিভিন্ন প্রকার বৈষম্যের ভোগান্তি পোহাতে হয়।

কমিটি সুপারিশ করছে যে- • রাষ্ট্রপক্ষ বিভিন্ন প্রকার বৈষম্যের শিকার সুবিধাবঞ্চিত নারী গোষ্ঠিসমূহের অবস্থার উপর জেন্ডার বিভাজিত তথ্যাবলী গ্রহন করে, ঐসব বৈষম্য দূরীকরণে এবং তাদেরকে সহিংসতা ও অন্যায় থেকে রক্ষা করতে সাময়িক ও বিশেষ কার্যকরী ব্যবস্থা গ্রহণ করুক।

বিবাহ ও পারিবারিক সম্পর্ক

কমিটি রাষ্ট্রপক্ষকে সুপারিশ করছে যে- • অগ্রাধিকার ভিত্তিতে নারীদের সমঅধিকার প্রদানকারী একটি অভিন্ন পারিবারিক আইন প্রণয়নের গুরুত্ব সম্পর্কে সমাজের সকল স্তরে বিশেষ করে প্রাচীনপন্থী ও ধর্মীয় গোষ্ঠি সংবাদ মাধ্যম ও সুশীল সমাজের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার অভিযান সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য

কমিটি জোর দিয়ে বলছে যে, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জনে সিডও সনদের পূর্ণ ও কার্যকরী বাস্তবায়ন অপরিহার্য। কমিটি সহগ্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জনে নিয়োজিত সকল প্রচেষ্টায় একটি জেন্ডার পরিপ্রেক্ষিতে যুক্ত করার ও সনদের বিধানগুলোর স্পষ্ট প্রতিফলন ঘটানোর আহ্বান জানাচ্ছে এবং রাষ্ট্রপক্ষকে এই তথ্যগুলো তার পরবর্তী সাময়িক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে অনুরোধ করছে।

প্রচার

কমিটির সাধারণ সুপারিশাবলী, বেইজিং ঘোষণা, প্ল্যাটফরম ফর এ্যাকশন এবং নারী ২০০০; একুশ শতকের জন্য জেন্ডার সমতা; উন্নয়ন আর শান্তি বিষয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের তেইশতম বিশেষ অধিবেশনের ফলাফল ব্যাপকভাবে, বিশেষ করে নারী ও মানবাধিকার সংগঠন সমূহের কাছে প্রচার করে যাওয়ার জন্য কমিটি রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানাচ্ছে।

শেষের কথা

বাংলাদেশের চলমান সরকার মুক্তিযুদ্ধের সরকার। এই সরকারের প্রতি মানবতাবাদী দেশপ্রেমিকদের আস্থা রয়েছে। আমাদের প্রত্যাশা এবং জাতিসংঘের প্রত্যাশা এ সরকার যুক্তিসিদ্ধ কারণই সিডও সনদের ওপর ডে সংরক্ষণ রয়েছে তা প্রত্যাহার করবে।

তথ্যসূত্র

১. হান্নানা বেগম- *মানব সম্পদ বাংলাদেশের নারী* - বাংলা একাডেমী- মার্চ, ২০০২।

২. সালমা খান- *আন্তর্জাতিক মানবাধিকার আইন ও নারীর সমতা*- জুন, ২০০৩।

3. Hannana Begum- *Bangladesh Social And Economic Forum (BASEF) 2011*-Dhaka School of Economics-June, 2011।

৪. বাংলাদেশ মহিলা পরিষদ- *ইউনিফরম ফ্যামিলি কোড*- ফেব্রুয়ারি, ২০০৬।

৫. হান্নানা বেগম- *নারী ও বাংলাদেশের অর্থনীতি*- আয়শা প্রকাশনা, ফেব্রুয়ারি,২০০৯।

৬. হামিদা হোসেন- *আমরা যদি সত্যিই- সিডও সনদের বাস্তবায়ন চাই*, (প্রথম আলো- ৪/০৯/২০০৮ইং)।

৭. কাজী সুফিয়া আখতার- *সিডও এবং বাংলাদেশের নারী*- (দৈনিক যুগান্তর)।

৮. *সিডও এবং বাংলাদেশ*- স্টেপস টুওয়ার্ডস ডেভেলপমেন্ট- ২০০১।

৯. হান্নানা বেগম- *বাজেটের কথা ও জনপ্রত্যাশা*- উন্নয়ন কথা- ফেব্রুয়ারি, ২০১১।

১০. রাজনৈতিক দলের নির্বাচনী ইশতেহার সমূহ (২০০৮)।

১১. উন্নয়ন পদক্ষেপ, সপ্তদশ বর্ষ, প্রথম সংখ্যা, জুন, ২০১১।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

বাংলাদেশের অবকাঠামো (অর্থনৈতিক ও সামাজিক) যানবাহন, শিক্ষা ও স্বাস্থ্য

মোঃ মনোহর আলী*

আমরা জানি যে, বাড়ী ঘর ও দালান কোঠার শক্ত ভিত্তি না হলে বেশী দিন স্থায়ী হয় না। সেরূপ একটি দেশের কিছু প্রয়োজনীয় স্থাপনা ইত্যাদির ভিত্তি বা অবকাঠামো সঠিক না হলে ইহা বেশী দিন থেকে প্রয়োজনীয় ও কাংখিত লক্ষ্যে পৌছানো অসম্ভব হয়। তাই আমরা এ প্রবন্ধে একটি দেশের যানবাহন, শিক্ষা ও স্বাস্থ্য খাতের অবকাঠামো সম্বন্ধে এখানে আলোচনায় অর্থনৈতিক ও সামাজিক খাতের অবস্থানের দিকে আলোকপাত করবো।

যানবাহনের ভূমিকা আর্থ-সামাজিক খাতে গুরুত্বপুর্ণ ভূমিকা রাখে। ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, অর্থনৈতিক ও সার্বিক দিকে যানবাহন প্রয়োজন। অফিস আদালত, শিল্পখাতে দেশে ও বিদেশে যানবাহনের গুরুত্ব অবহেলা করা যায় না। যেদেশে যানবাহন যতো উন্নত, সে দেশের অর্থনৈতিক ও সামাজিক খাত ততো বেশী উন্নয়নগামী হয়।

বাংলাদেশে স্থল, জল ও আকাশপথের গুরুত্ব অনেক বেশী। স্থলপথে আমরা ঠেলাগাড়ী, ভ্যানগাড়ী, রিক্সা, অটোরিক্সা, মটরগাড়ী, বাস, ট্রাক ও অন্যান্য যানবাহন ব্যবহার দেখি। স্বাধীনতার পরবর্তীতে আমরা এ খাতের যানবাহন বেশী ব্যবহার দেখি। স্বাধীনতার পরবর্তীতে আমরা এখাতের ব্যবহার যথেষ্ট উন্নয়ন দেখিতেছি। স্থলপথে রেলগাড়ীর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। আধুনিক রেল ব্যবস্থার জন্য সরকারী পদক্ষেপ প্রশংসনীয়। কিন্তু উন্নয়নের ক্ষেত্রে কালো বিড়ালের জন্য অনেক বাধা এসে যায়। অন্যান্য যানবাহনের অর্থনৈতিক ও সামাজিক খাতে চাঁদাবাজিকে অন্যতম অন্তরায় মনে হচ্ছে। বাস ও ট্রাকের ভুমিকাকে সুষ্ঠু যানবাহন পরিচালনায় ক্ষতিগ্রস্থ করা হয়। বন্দরে কন্টেইনার টার্মিনালে দেশী-বিদেশী ব্যবসায়ীরা ব্যবসায় বাধার সম্মুখীন হয়। তাই, স্থলপথের যানবাহন অর্থনৈতিক ও সামাজিক অবকাঠামো উন্নয়নে সকল বাধা চিহ্নিত করা প্রয়োজন।

---

* সাবেক কর কমিশনার, ঢাকা।

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

স্থলপথের যানবাহনের প্রধান অবকাঠামো হচ্ছে রাস্তা, সড়ক, মহাসড়ক, সেতু ও উড়াল সেতু ইত্যাদি। এগুলোর অবকাঠমো উন্নয়নে যথেষ্ট বিনিয়োগ প্রয়োজন। বঙ্গবন্ধু সেতু ও পদ্মাসেতু নির্মাণের ব্যয় সম্বন্ধে আমরা জানি। ঢাকায় উড়ালসেতু ও মেট্রোরেলের নির্মাণ চলছে। আধুনিক রেলগাড়ীর ব্যবস্থায় সরকার অগ্রসরমান। কিন্তু অবকাঠামো নির্মাণের ব্যয় অভ্যন্তরীন সম্পদ থেকে সম্ভব নয়। কারণ, এক কিলোমিটার রাস্তা নির্মাণের ব্যয় প্রায় কোটি টাকা। সুতরাং বৈদেশিক সহায়তা প্রয়োজন। এ ব্যাপারে দীর্ঘ মেয়াদী ঋণ ও সুদের হার কম হয়। কিন্তু রাজনৈতিক স্থিতিশীলতার জন্য ইহা সময় সাপেক্ষ হয়ে থাকে। তাই, একটি দেশের আর্থ-সামাজিক অবকাঠমো উন্নয়নে যানবাহনের ভুমিকা অতিগুরুত্বপূর্ণ। আমাদের প্রতিবেশী দেশ সমূহের সাথে ট্রানজিট চুক্তি যানবাহনের অবকাঠামো দূর্বলতার জন্য আটকে আছে।

জলপথে যানবাহনের ভূমিকা ও অবকাঠামো উন্নয়ন আর্থ-সামাজিক খাতের জন্য গুরুত্বপূর্ণ। কলাগাছের ভেলা, নৌকা, লঞ্চ, স্টীমার ও জাহাজ এখাতে আলোচনা আসে। ছোট বেলায় বন্যার সময় এবং এখনো বন্যার সময় কলা গাছের ভেলা দিয়ে যানবাহনের কাজ চলে। সকল জায়গায়, নৌকা পাওয়া যায় না। নৌকায় ভ্রমন এখন সহজসাধ্য হয়েছে। বর্তমানে যাত্রী ও মালপত্র বহনে ইঞ্জিনের নৌকা ব্যবহার হয়। লঞ্চ, স্টীমার ও জাহাজের অনেক উন্নতি হয়েছে। কিন্তু নৌপথের অবকাঠামো অতি দূর্বল। প্রাকৃতিক দুর্যোগ ও নদী শাসনে অবকাঠামো উন্নয়ন অতি জরুরী। তাই, জলপথের আর্থ-সামাজিক খাতের অবকাঠমো উন্নয়নে দেশীয় ও বৈদেশীক বিনিয়োগের প্রয়োজন। কিন্তু শ্রমিক আন্দোলনের নেতাদের এ দিকে সামলানো রাখা দরকার।

আকাশ পথের যানবাহন ব্যয়বহুল। এই অবকাঠামো উন্নয়নে বাণিজ্যিক হিসাব করা হয়। প্লেন বা বিমান ক্রয়ের চেয়ে বিমানবন্দর হচ্ছে ১ম ধাপ। একটি বিমান বন্দর নির্মানের ব্যয় আর্থ-সামাজিক অবকাঠামোর জন্য জরুরী। আমাদের পুরানা বিমান বন্দর ও নতুন বিমান বন্দর নির্মাণের এবং সংস্কারের জন্য অবকাঠামো নির্মাণ প্রয়োজন। তাই দেশী বিদেশী বিনিয়োগ বাড়াতে হবে। বাণিজ্যিক ছাড়াও রাষ্ট্রিয় বিমান বহরের অবকাঠামো নির্মানে আর্থ-সামাজিক খাতের গুরুত্ব দিতে হবে। কারণ, রাষ্ট্রিয় আকাশপথে রাষ্ট্রের ইমেজ বৃদ্ধি ও সংকট থাকে। একবার লন্ডনে আমেরিকা থেকে আসার সময় হিথ্রো বিমান বন্দরে বাংলায় বিমানের যাত্রীদেরকে বাংলাদেশ বিমানে আরোহনের ঘোষণা দেয়া হচ্ছিল। আমি বাংলা শব্দ বিদেশে শুনে হতবাক হই। পরে ঘোষণা শুনে আশ্বস্থ হই। তাই আকাশ পথের যানবাহনের অবকাঠামো আর্থ-সামাজিক উন্নয়নের জন্য অতি গুরুত্বপূর্ণ। কিন্তু যখন বলাকা ভবনে কর্মকর্তাদের ইউনিয়ন কর্তৃক ঘেরাও ও অবরুদ্ধ রাখা হয়, তখন ইহার উন্নয়নের জন্য আশংকা হয়। ইহা অতি দ্রুত সামলাতে হবে।

অতএব, যানবাহনের অবকাঠামো উন্নয়নে জরুরী পদক্ষেপ প্রয়োজন। কারণ, বর্তমানে ঢাকা শহরের অন্যান্য সমস্যাসহ রাস্তাঘাটের যে করুন অবস্থা, ইহার সমস্যায় আর্থ-সামাজিক খাতের উন্নয়নের বাধা হবে। তাই, মানুষ চালিত রিক্সা বন্ধ করে, ব্যাটারী চালিত রিক্সা বন্ধ না করে চলাচলের অনুমতি দেয়া প্রয়োজন। কারন, মানুষ চালিত রিক্সায় ঢাকায় অবাধে চলাচল করে। সুতরাং, মানুষ চালিত যানবাহনের স্থলে ইঞ্চিন চালিত যানবাহনের সম্প্রসারণ জরুরী।

ডঃ অমর্ত্য সেন বলেছেন যে, শিক্ষা ব্যতিত একটি জাতীয় উন্নয়ন সম্ভব নয়। তাই শিক্ষাই জাতির মেরুদন্ড গণ্য করে ইহার অবকাঠামো তৈরি জরুরী প্রয়োজন। শুধু শহরে কিছু স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় তৈরী করে উন্নয়ন সম্ভব নয়। জিপিএর হার বৃদ্ধি করে শিক্ষার অবকাঠামো ও গুনগত মান

বৃদ্ধি সম্ভব নয়। স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো তৈরি এক দিনে দ্রুত সম্ভব নয়। তাই, বিদ্যমান অবকাঠামোতে ২/৩ শিফটে শিক্ষাক্রম চালাতে হবে। এ ছাড়া মসজিদ, মন্দির ও মাদ্রাসার অবকাঠামো ব্যবহার করা যায়। প্রথমে শিক্ষক নির্বাচনে গুনগত দিক বিবেচনা প্রয়োজন। কারণ, প্রচলিত আছে যে, যার নাই কোন গতি সেজন করে মাষ্টারী। ইহা স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত প্রযোজ্য। আমরা শিক্ষাঙ্গনে ১৯৬৫ সাল থেকে ইহা দেখেছি। ভালো শিক্ষকরা সরকরী উচ্চপদে চাকুরীর জন্য পাগল। এ ভাবে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় মেধাহীন হয়। তাই, শিক্ষাকতা জাতীয় নীতিমালা ১ম স্থান দিয়ে সকল ক্ষেত্রে শিক্ষকতাকে ১ম শ্রেণীর মর্যাদাসহ বেতন ও অন্যান্য সুবিধা দেয়া প্রয়োজন। কারণ, বিদেশে শিক্ষার মান ও গুন বৃদ্ধির জন্যে স্কুলে মাষ্টার্স ডিগ্রীধারী ও কলেজে ডক্টরেট শিক্ষক নেয়া হয়। সকল সুবিধা দিয়ে ১ম শ্রেণীর মর্যাদায় উন্নতি করার ফলে বিদেশে শিক্ষকের মূল্য বেশী। এ জন্য আমাদের আমলারা বিদেশে গিয়ে ডক্টরেট উপাধি নিয়ে শিক্ষাগতা করেন।

শিক্ষা ব্যবস্থায় প্রথমেই অবকাঠামো তৈরীতে স্থাপনার প্রতি আকর্ষণ জরুরী। ছোট বেলায় দেখিয়াছি বড় লোকদের গ্রামের ঘরে সাময়িক স্কুল ছিল। পরবর্তীতে গ্রামের লোকজনের সাহায্যে অস্থায়ী স্কুল-মাদ্‌াসা হয়েছে। স্বাধীনতার পরে ইহার যথেষ্ট উন্নতি হয়েছে। কিন্তু কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে আমরা অনেক পিছনে। এখনও পত্রিকায় গাছতলায় শিক্ষাদান দেখা যায়। এ ব্যাপারে বেসরকারী ভুমিকা অগ্রগন্য। ইতিহাস থেকে দেখা যায় যে বিদ্যমান অনেক স্কুল, কলেজ এমন কি বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজ ইত্যাদি শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ কর্তৃক প্রতিষ্ঠিত তাই, শিক্ষা খাতের অবকাঠামো তৈরি ছাড়া একটি জাতীয় উন্নতি সুদুরপরহত।

শিক্ষাখাতের উন্নতির জন্য শিক্ষাকরাই প্রথমে দায়ী। কারণ অধিকাংশ শিক্ষকরা ব্যবসায়ী মনোভাব। কারণ, সহপাঠীরা সরকারী চাকুরী করে আংগুল ফুলে কলাগাছ। তাই, প্রতিযোগিতায় শিক্ষকরা পাগল। প্রকৃত শিক্ষকের গুন অধিকাংশের মধ্যে নাই। কিন্তু এমনও শিক্ষক আছেন যারা আমেরিকা থেকে দেশে এসে নিজ গুনের শিক্ষকতার পরিচয় দিচ্ছেন।

বর্তমানে কোচিং নামের বাণিজ্য শিক্ষাখাতে ভয়াবহ সংকট সৃষ্টি করেছে। এর একমাত্র কারণ শিক্ষকতা করে তাড়াতাড়ি বড়লোক হওয়াই একমাত্র উদ্দেশ্য। তাই, রাজনীতি করে সাদা, কালো, হলুদ ও লাল ইত্যাদি নাম ধারণ করে ক্ষমতা দখলে পাগল। প্রশ্নপত্র ফাঁস ও নানা রকম কেলেংকারী চলছে। এ ব্যাপারে একজন শিক্ষকের সাথে আলাপ কালে জানা যায় যে, তিনি ১৯৮৭ সালের প্রার্থী হয়ে ১৯৯০ সালে মাস্টার্স পাস করেন। আমি বললাম আমরা ১৯৬৯ সালে মাস্টার্স পাস করি। তখন কোন সেশন জট ছিল না। কারণ, শিক্ষকরা রাজনীতির বাহিরে ছিলেন। উনি বললেন যে, আপনারা স্বর্নযুগে ছিলেন। আমি তাহাকে বলিনি যে, এখন আপনারা কি রোপ্য, পার হয়ে তাম্র অথবা লৌহ যুগেই আছেন। শিক্ষকরা ইচ্ছে করলে ছাত্রকে ক্লাসে বিষয় বুঝিয়ে দিতে পারেন। কিন্তু কোচিং এর জন্য বাধ্য করা না হলে বাণিজ্য চলবে না। এ ব্যাপারে একজন বিশিষ্ট আমলা সচিব বলেন যে, আমরা গ্রামে লেখাপড়া করে বড় হয়েছি এবং ভালো চাকুরী করেছি। কিন্তু এখন কোচিং নামের ব্যবসা কি জন্য করে শিক্ষাখাতকে ডুবানো হচ্ছে এর কারণ বুঝি না। তাই, ছাত্ররা শিক্ষককে পিস্তলের গুলি দিয়ে শিক্ষা দেয়।

অতএব, শিক্ষাখাতকে প্রথমে অগ্রাধিকার, জাতীয় পর্যায় দিয়ে ইহার অবকাঠামো ঠিক করতে হবে। কারণ, একজন মুর্খ বন্ধুর চেয়ে একজন শিক্ষিত শত্রু ভাল। তাই, একজন লেখক বলেছিলেন যে, আমাকে একজন শিক্ষিত মা দেও, আমি তোমাকে একটা শিক্ষিত দেশ দেবো। এ ব্যাপারে সরকারের দৃষ্টিই যথেষ্ট নয়। শিক্ষিত সাধারণকে সবার আগে এগিয়ে আসতে হবে।

স্বাস্থ্যই সকল সুখের মূল। এই প্রবাদ বাক্য সর্বত্রই প্রযোজ্য। স্বাস্থ্য ভালো না হলে কোন কাজই সম্ভব নয়। এ ব্যাপারে একজন লোকের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত স্বাস্থ্য সচেতন থাকা প্রয়োজন। তাই এ ব্যাপারে ব্যাপক অবকাঠামো সমস্যা জানা থাকা জরুরী।

দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার অভাবে অধিক পুত্র সন্তানের আশায় বেশী সন্তান জন্মায়। মায়ের স্বাস্থ্য সচেতন না থাকায় শিশু মৃত্যুর হার বেশী হয়। তাই, শিশু মৃত্যু ও মায়ের মৃত্যু দেখা যায়। এ ছাড়া অল্প বয়সে মেয়েদের বিবাহ হয়। এর একমাত্র কারণ হচ্ছে স্বাস্থ্য অবকাঠামো সমস্যা ভরপুর।

ছোট বেলা দেখেছি যে গ্রামে কবিরাজের ঔষধ রোগের কাজের জন্য প্রচলিত ছিল। ডিপ্লোমা ধারী ডাক্তার বোতলে পানির মতো তরল ঔষধ দাগ কেটে দেওয়া হতো। টীকা ও ইনজেকশান প্রচলিত ছিল। ডিগ্রীধারী ডাক্তার না থাকায় কলেরা, মহামারী ও বসন্ত রোগের প্রাদুর্ভাব বেশী ছিল। মহামারী ও কলেরা দেখা দিলে গ্রামে দল বেঁধে লোক কলেমা ও জিকির এবং আজান দিয়ে ধর্মের কাজ করতো। রোগী মারা গেলে থানা থেকে তামাদি ঔষধ প্রয়োগ করা হতো।

বর্তমানে স্বাস্থ্ খাতের অবকাঠামো অনেক উন্নতি হচ্ছে। উপজেলায় স্বাস্থ্য অবকাঠামোর অনেক উন্নতি হচ্ছে। উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স তৈরী করে হাসপাতাল ও ডাক্তার দেয়া হচ্ছে। কিন্তু সমস্যা হচ্ছে যে দালান আছে। কিন্তু ডাক্তার নাই। রোগী আসলে ঔষধ নাই। এর ফলে রোগীরা হতাশ। এ ছাড়া শহর থেকে ডাক্তার গ্রামে যেতে নারাজ। এই অসুবিধার জন্য স্বাস্থ্য খাতের মুল অবকাঠামো ভেঙ্গে পড়ার উপক্রম হচ্ছে।

গ্রাম থেকে শহরে এসে চিকিৎসা ব্যয়বহুল। সরকারী হাসপাতালে ডাক্তার রোগীকে প্রাইভেট হাসপাতালে রেফার করেন। অসুখের নামে নানা রকম টেষ্ট করাতে রোগী পাগল। শেষ পর্যায়ে সার্জারী করে টাকা আদায় করা হয়। গর্ভবতীদের প্রায়ই সার্জারী করতে বলা হয়। তাই, মানুষ এখন ডাক্তার আতংকে আছে।

স্বাস্থ্য খাতের আর্থ-সামাজিক অবকাঠামো খাত আমাদের দেশে খুবই দুর্বল করে রাখা হয়েছে। রাষ্ট্র প্রধান অথবা সরকার প্রধানসহ উর্ধতন কর্মকর্তাসহ রাজনৈতিক ও বড় ব্যবসায়ী ইত্যাদি দলের ব্যক্তিবর্গের দেশের চিকিৎসার উপর আস্থা নাই। তাই প্রায়ই পত্রিকায় চিকিৎসার্থে বিদেশ যাওয়ার খবর দেখা যায়। অথচ সমান ডিগ্রীধারী বিদেশে চিকিৎসা করেন। আমার জানামতে একজন কর্মকর্তা মাদ্রাজে চক্ষু চিকিৎসার জন্য গিয়েছিলেন। সেখানকার ডাক্তার বলেছেন যে আপনার দেশের চোখের বিশেষজ্ঞ ডাঃ হারুনকে দেখান। উনি না পারিলে আমার কাছে আসবেন। কারণ, আমরা একসাথে লেখাপড়া করেছি। এভাবে আমাকে আমেরিকায় চোখের ডাক্তার বলেছেন। সেখানে দুইজন ডাক্তার চোখ পরীক্ষা করেন।

আমাদের স্বাস্থ্য অবকঠামো উন্নয়নে সরকারী ও বেসরকারী খাত সচেতন দেখা যায়। কিন্তু বেসরকারী খাত বাণিজ্যমুখী। এর ফলে স্বাস্থ্যখাত ব্যয়বহুল হয়েছে। এখাতে বিনিয়োগ ব্যয়বহুল। তাই, যৌথ অবকাঠামো ও স্থাপনা বিনিয়োগ বিদেশী পূঁজি প্রয়োজন। কারণ, বিদেশী বিনিয়োগ বেশী পূঁজিকম সুদে পাওয়া যায়।

অতএব, একটি দেশের অবকাঠামো উন্নয়ন (আর্থ-সামাজিক) যানবাহন, শিক্ষা ও স্বাস্থ্য খাতের উন্নতি অতি জরুরী। ৭ কোটি লোক এখন ১৬ কোটি। এ সংখ্যা গাণিতিক উন্নয়নের চেয়ে জ্যামিতিক হারে সমস্যা সৃষ্টি করছে। রাজনীতিতে লোকসংখ্যার অনুপাতে আবাসন, যানবাহন, শিক্ষা ও স্বাস্থ্য খাত এখন

ঝুঁকির মধ্যে যাচ্ছে। সরকারীভাবে এ সমস্যা সমাধানে সীমাবদ্ধতা আছে। তাই, বিকেন্দ্রীকরণ জরুরী। রাজধানী মুখী থেকে শহর ও গ্রাম মুখী উন্নয়ন প্রয়োজন। কিন্তু অবকাঠামো নিমার্ণ ব্যয় বহুল। এ ব্যাপারে পদ্মাসেতু নির্মাণে আমরা বিলম্বিত হচ্ছি। তাই, বিদেশ নির্ভরতা ছাড়া বিকল্প নাই। সুতরাং ব্যয়বহুল অবকাঠামো নির্মাণে আমরা স্বল্প সুদে দীর্ঘ মেয়াদী বিনিয়োগ আশা করি। তবে একটি দেশের সার্বিক উন্নয়নে একটি স্থিতিশীল রাজনৈতিক পরিবেশ জরুরী

বিদেশে অবস্থানকারী একজন লেখক বলেছেন, যে তিনি আমেরিকার হাওয়াই যাচ্ছিলেন ভ্রমনের উদ্দেশ্যে। হাওয়াই দ্বীপ একসময় খুবই অবহেলিত ছিল। কিন্তু আমেরিকার সাথে যুক্ত হওয়ার ফলে এখন খুবই উন্নত এলাকা। তাই, উন্নত দেশের সাথে আমরা অবকাঠামো উন্নয়নের সহযোগী হলে ক্ষতি কী?

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

Women Empowerment and Sustainable Development

Rasheda Akhter Khanam*

After the independence of Bangladesh in 1971, a tremendous change has come in the life style and socio-economic status of women in this country. Some affirmative actions are also taken by the government to improve the education of the girl children. Special vocational training for women has also been undertaken under the Ministry of Women and Children Affairs. As a whole the status of women has improved.

This is reflected in various social and economic indicators which are generally used for measuring gender equality and women's empowerment. Gender gaps have been removed in case of life expectancy at birth. It is now equal to or higher than men's. Gender gaps have also been closed in case of child mortality and immunization rates. Women's mortality at child birth and fertility rate has also been reduced.

A tremendous economic empowerment has been achieved by the women of Bangladesh with the introduction of apparel industries. It has been found that women are particularly, suitable for working in the Garment industries. Their labor is cheap and their fingers are soft to make particular piece of work like stitch button hole or collar of the shirt. Readymade Apparel exports to Japan has increased to 14.90% to $ 862.08 million from $ 572.22 million 2013-2014 financial year. More than 90% of these workers are women.

---

* Treasurer: Women For Women, Former Director: Women Entrepreneurship Development programme, BSCIC, Former Consultant : Technology and Entrepreneurship Development–JMS

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

It is seen that earnings from apparel products to Japan has shot up 5 times in just 5 years. Besides Japan, other western countries are also importing readymade garments from Bangladesh.

Exports to Japan – in million $.

Source EPB

434.12		750.27	862.08
	291.07		
FY'11	FY'12	FY'13	FY'14

These achievements in women sector has drawn the attention of global world. Bangladesh will attain Millennium Development Goal (MDG) which also includes goal of gender equality and women's empowerment.

But still now women are the marginalized sector of the country and are victims of violence from their male partners.

They are not even getting their shares of paternal property as their brothers are occupying and enjoying it.

Many NGOs like BRAC, PROSHIKA, DIPTA are working in the field of gender and development. Their aim is to achieve gender equality, establishing human rights and sustainable Development.

The concept of Corporate Social Responsibility (CSR) has recently emerged in Bangladesh. It is now understood that, CSR goes beyond philanthropy and compliance. It is about, how corporate sector and big companies will include the community members in the value chain as suppliers. Now the aim of NGOs, who are working in the field, will be to connect these vulnerable and marginalized groups of women to this value chain. They will get access to the market for their different products and thus they will attain sustainability.

Here we can set the example of a girl like Fatima a poor girl in Rampal.

(Report- written in the Daily Star, 10th September 2014, Shazia Omor, Advocacy Advisor). Fatima scored A+ in SSC exam but cannot continue her higher education because her parents cannot afford the expenses of her education. Reading the news in paper, a generous person came forward and took the responsibility of continuing her education. But this is only one example. There are

thousand of girls in the village area about the age group of 14 to 16 who are vulnerable to early marriage as their parents cannot afford higher education. So finding the data about these girls is not enough, they have to be linked with Corporate Social Responsibility (C.S.R) fund which is available in different banks. What they needs is a livelihood programme that works for the economic empowerment of the poorest, a packages of skills, coaching and assets to 350,000 poor families.

This is not denying the fact that women have achieved a lot but yet they have to go a long way. Gender gaps in primary and secondary level is almost closed but in tertiary and in science and technology the gap is huge. Rates of employment has increased no doubt, but they are mostly working at lower level. Very few women are found in the highest decision making level.

Rural women generally spend 8 hours in average per day in the kitchen and other informal works whereas a man spends only one hour according to a study done by Action Aid Bangladesh and CGST of BRAC University (Centre for gender and social transformation). But knowing this information is not enough. There has to be a method to convert this informal labor into economic labor. This has to be reflected in the GDP as the value product of poor women.

This is true that Bangladesh from 1991 is ruled by two very powerful women leaders coming one after another. But that does not mean that all women are empowered. The presence of women in decision making level is very less, women mostly work in the informal and unskilled sector, So their income is less than that of men. Bangladesh is one of a pioneering countries which has a separate Ministry for women and children. It also introduced quota in civil administration and elected representative institutions.

It can be said that during last four decades women's voice has definitely strengthened. Both Govt. and NGOs are working as a chain agent to empower women. Once women prosper, it means the whole nation prospers.

Violence against Women (VAW) is reported to be very high in Bangladesh. But if these marginalized women are empowered through education and vocational training in diversified income generating activities, then this violence will cease to exit. They will be self empowered and respected as a earning member of the family. The growth that will be achieved will lead to sustainable development.

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

প্রেস বিজ্ঞপ্তি, শোকবার্তা ও অন্যান্য

প্রেস বিজ্ঞপ্তি : ০৯ এপ্রিল, ২০১৫

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী ২৮ চৈত্র ১৪২১/১১ এপ্রিল ২০১৫ (শনিবার) **"বিচারহীনতার সংস্কৃতি, সাম্প্রদায়িকতা-মৌলবাদ-জঙ্গিবাদ : আমাদের করণীয়"** শীর্ষক একটি জাতীয় সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন **ড. আবুল বারকাত,** অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সেমিনারে সভাপতিত্ব করবেন **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী,** সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি। সেমিনারটি অনুষ্ঠিত হবে সকাল ১০:০০টায় ইঞ্জিনিয়ার্স ইনিষ্টিটিউশন মিলনায়তনে।

উক্ত সেমিনারে সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন ফটো সাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৬ মে, ২০১৫

বাংলাদেশ অর্থনীতি সমিতি আগামী ৩০ মে, ২০১৫ তারিখ শনিবার দুপুর ১১.০০টায় **২০১৫-১৬ সালের "প্রাক-বাজেট"** এক সংবাদ সম্মেলন-এর আয়োজন করেছে। উক্ত সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী**। সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বাংলাদেশ অর্থনীতি সমিতির অডিটোরিয়ামে (৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা)।

উক্ত সংবাদ সম্মেলনে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হ'ল

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৮ মে, ২০১৫

বাংলাদেশ অর্থনীতি সমিতি আগামী ৩০ মে, ২০১৫ তারিখ শনিবার দুপুর **১১.০০টায় ২০১৫-১৬ সালের "প্রাক-বাজেট"** এক সংবাদ সম্মেলন-এর আয়োজন করেছে। উক্ত সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী**। সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বাংলাদেশ অর্থনীতি সমিতির অডিটোরিয়ামে (৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা)।

উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন ফটো সাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ১১ জুন, ২০১৫

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী ৩০ জ্যৈষ্ঠ ১৪২২/১৩ জুন ২০১৫ (শনিবার) **"বিচারহীনতার সংস্কৃতি, সাম্প্রদায়িকতা-মৌলবাদ-জঙ্গিবাদ : আমাদের করণীয়"** শিরোনামে একটি বিভাগিয় সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন **ড. আবুল বারকাত,** অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

সেমিনারে সভাপতিত্ব করবেন **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী,** সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি। সেমিনারটি অনুষ্ঠিত হবে সকাল ১০:০০টায় খুলনা সরকারী মহিলা কলেজ অডিটোরিয়ামে (বয়রা খুলনা)।

উক্ত সেমিনারে সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন ফটোসাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ১ নভেম্বর, ২০১৫

ধর্মীয় উগ্র সাম্প্রদায়িক জঙ্গিত্বের শিকার মুক্তিযুদ্ধের চেতনার বীর ফয়সাল আরেফিন দীপন হত্যাকান্ডে বাংলাদেশ অর্থনীতি সমিতির তীব্র ঘৃণা, প্রতিবাদ ও করণীয় প্রসঙ্গে

মুক্তচিন্তা ও মুক্তিযুদ্ধের চেতনার প্রতিভূ লেখক ফয়সাল আরেফিন দীপনকে পরিকল্পিত হত্যার নিন্দা, প্রতিবাদ ও শাস্তির দাবি

গত **৩১** অক্টোবর ২০১৫ তারিখ **ফয়সাল আরেফিন দীপনকে** হত্যা এবং প্রকাশক আহমেদুর রশীদ চৌধুরী টুটুল, ব্লগার তারেক রহিম ও রণদীপম বসুকে উগ্রধর্মীয় সাম্প্রদায়িক জঙ্গী গোষ্ঠি হত্যার

উদ্দেশ্যে কুপিয়ে আহত করেছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি বিগত প্রায় পনেরো বছর যাবত বাংলাদেশে মৌলবাদী জঙ্গিত্ব ও মৌলবাদী অর্থনীতির মহাসংকুল বিপদ ও ধর্মের নামে রাষ্ট্র ক্ষমতা দখলের লক্ষ্যে মৌলবাদী জঙ্গিত্বের আস্ফালন সম্পর্কে রাষ্ট্রসহ সমগ্র দেশবাসীর প্রতি যৌক্তিক আহ্বান জানিয়ে আসছে। এসবেরই আপাত পরিণতি হিসেবে গতকাল হত্যা কান্ড চালানো হয়েছে। এর আগে ০৭ আগস্ট ২০১৫ তারিখ নিলয় চট্টোপাধ্যায় নীলকে, ব্লগার রাজিব হায়দার শোভনকে ১৫ ফেব্রুয়ারি ২০১৩ ওরা হত্যা করেছে। এর পরে ওদের হত্যার শিকার হয়েছেন অভিজিৎ রায়। এখানেই শেষ নয়। হত্যা হয়েছেন ওয়াশিকুর রহমান বাবু, ৩০ মার্চ ২০১৫; হত্যা হয়েছেন অনন্ত বিজয় দাস, ১২ মে ২০১৫। আমরা মনে করি এইই শেষ নয়। আমাদের বিশ্লেষণে এ কথা স্পষ্ট যে ১৯৭১-এর মুক্তিযুদ্ধের চেতনায় কঠিন কোন পদক্ষেপ না নিলে এসব চলতেই থাকবে। যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণ প্রক্রিয়া ব্যহত হতেই থাকবে।

এমতাবস্থায় বাংলাদেশ অর্থনীতি সমিতি দৃঢ়ভাবে বিশ্বাস করে যে মুক্তিযুদ্ধের চেতনার সকল বিরুদ্ধ শক্তিকে কঠোর হস্তে দমন করার কোনই বিকল্প নেই। আমরা বিশ্বাস করি যে মুক্তিযুদ্ধের চেতনায় সিক্ত বর্তমান রাষ্ট্র ও সরকার বিষয়টিকে সমগ্রতার নিরিখে দেখবেন এবং কোন ধরণের সময় ক্ষেপন না করে ব্যবস্থা গ্রহণ করবেন। এটি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসি বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির সকল সদস্যের সম্মিলিত সিদ্ধান্ত। বাংলাদেশ অর্থনীতি সমিতি মুক্তিযুদ্ধের চেতনায় বৈষম্যহীন ও অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে রাষ্ট্র ও সরকারকে সকল ধরণের নি:স্বার্থ সহযোগিতা প্রদানে অঙ্গীকার করছে।

এ সব ঘটনাকে বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রকে দখলের লক্ষ্যে উগ্রধর্মীয় মৌলবাদী জঙ্গী তৎপরতার অংশ হিসাবে দেখছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি এও মনে করে যে **ফয়সাল আরেফিন দীপনকে** হত্যা এবং প্রকাশক আহমেদুর রশীদ চৌধুরী টুটুল, ব্লগার তারেক রহিম ও রণদীপম বসুকে কুপিয়ে আহত করা, নিলয় চট্টোপাধ্যায় নীল, ড. অভিজিৎ রায়ের হত্যা, ব্লগার রাজিব হায়দার, অধ্যাপক মোহাম্মদ ইউনুস, অধ্যাপক তাহের, অধ্যাপক শফিউল আলমসহ মুক্তচিন্তা ও বিবেকবান মানুষ হত্যার মহা-পরিকল্পনার অংশ মাত্র। আমাদের প্রিয় মাতৃভূমির স্বাধীনতা রক্ষা ও অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি প্রচেষ্ঠা নস্যাৎ করার ঘৃণ্য ষড়যন্ত্রমূলক তৎপরতায় লিপ্ত জঙ্গীগোষ্ঠীর অর্থ ও অস্ত্র যোগানদাতা ব্যক্তি-প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে। জঙ্গী সংশ্লিষ্ঠ আর্থিক ব্যবস্থা এবং তাদের অস্ত্রের উৎস অনুসন্ধানে একটি কার্যকর টাস্কফোর্স গঠন করে এসব প্রতিষ্ঠানসমূহ সনাক্ত করা সম্ভব বলে অর্থনীতি সমিতি বিশ্বাস করে। এ বিষয়ে আমরা মহান মুক্তিযুদ্ধের চেতনাবাহি সকল রাজনৈতিক ও পেশাজীবী সংগঠনকে ঐক্যবদ্ধভাবে সোচ্চার হওয়ার আহ্বান জানাচ্ছি।

ফয়সাল আরেফিন দীপনকে হত্যা এবং প্রকাশক আহমেদুর রশীদ চৌধুরী টুটুল, ব্লগার তারেক রহিম ও রণদীপম বসুকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে আহত করার ঘটনার সাথে প্রত্যক্ষভাবে জড়িত ও এ হত্যাকান্ড পরিকল্পনাকারীদের বিরুদ্ধে সম্ভাব্য যথাদ্রুত যথাযথ ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ০৩ ডিসেম্বর, ২০১৫

বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে ১৯৭১ সালে পরাজিত পাক-হানাদার বাহিনীর অন্যতম দোসর ও যুদ্ধপরাধী সালাহউদ্দিন কাদের চৌধুরী ও আলী আহসান মোহাম্মদ মুজাহিদের ফাঁসির দন্ডাদেশ প্রদান ও তা কার্যকর পরবর্তী পাকিস্তান সরকারের ঔদ্ধত্যপূর্ণ মন্তব্যে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর ঘৃণা প্রকাশ করছে। পাকিস্তান সরকার যদি আগামী ৪৮ ঘন্টার মধ্যে তাদের এই ঔদ্ধতাপূর্ণ মন্তব্যের জন্য বাংলাদেশের জনগণ ও বাংলাদেশ সরকারের কাছে নি:শর্ত ক্ষমা প্রার্থনা না করে সে ক্ষেত্রে আমরা আগামী ৪৪তম বিজয় দিবসের আগে ১৬ ডিসেম্বরের মধ্যে হানাদার পাক সরকারের সাথে সকল প্রকার অর্থনৈতিক এবং কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করার জোর দাবি জানাচ্ছি। একই সাথে বাংলাদেশে অবস্থিত পাকিস্তানি দূতাবাসকে বাংলাদেশ থেকে বিতারিত করে সে স্থানে মুক্তিযুদ্ধ জাদুঘরসহ মহান মুক্তিযুদ্ধ সংশ্লিষ্ট স্থাপনা প্রতিষ্ঠার জোর দাবি জানাচ্ছি।

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ১০ ডিসেম্বর, ২০১৫

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী ২৮ অগ্রহায়ণ ১৪২২/১২ ডিসেম্বর ২০১৫ (শনিবার) **"বাংলাদেশে মৌলবাদের রাজনৈতিক অর্থনীতি ও জঙ্গিবাদ : মর্মার্থ ও করণীয়"** শিরোনামে একটি জাতীয় সেমিনার আয়োজন করা হয়েছে। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন **ড. আবুল বারকাত,** অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং প্রাক্তন সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি।

সেমিনারে সভাপতিত্ব করবেন **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী,** সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি। সেমিনারটি অনুষ্ঠিত হবে সকাল ১০:০০টায় ইঞ্জিনিয়ার্স ইনিষ্টিটিউশন মিলনায়তনে।

উক্ত সেমিনারে সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের প্রতিবেদক ও ফটোসাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ৫ জানুয়ারি, ২০১৬

বাংলাদেশের আন্তর্জাতিক খ্যাতি সম্পূর্ন বিশিষ্ট কৃষি অর্থনীতিবিদ অধ্যাপক ড. মাহবুব হোসেন গত ৪ জানুয়ারি ২০১৬ সোমবার যুক্তরাষ্ট্রের নিউ জার্সির ক্লিভল্যান্ড ক্লিনিকে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর শোক প্রকাশ করছে। তিনি বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ছিলেন। ড. মাহবুব হোসেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক ও ব্র্যাকের নির্বাহী পরিচালকের উপদেষ্ঠা ছিলেন। তাঁর স্মৃতি আমাদের কাছে অর্থনীতিবিদদের

সামাজিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে চিরজাগরুক থাকবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি তাঁর পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৯ জানুয়ারি, ২০১৬

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী **০২ ফেব্রুয়ারি, ২০১৬ মঙ্গলবার বিকেল ৩.০০টায় "Whither the World: The Political Economy of Future" ("বিশ্ব কোন দিকে যাচ্ছে : ভবিষ্যতের রাজনৈতিক অর্থনীতি")** শিরোনামে একটি লোকবক্তৃতা আয়োজন করা হয়েছে। লোকবক্তৃতা প্রদান করবেন পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো, Founder Director, Transformation, Integration and Globalization Economic Research (TIGER), কজ্‌মিনস্কি বিশ্ববিদ্যালয়, ওয়ার্শ, পোলান্ড।

লোকবক্তৃতায় সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী। লোকবক্তৃতাটি অনুষ্ঠিত হবে **নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা**। লোকবক্তৃতায় সমিতির সদস্যসহ দেশের শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ, সমাজবিজ্ঞানী, সাংবাদিক, রাজনীতিবিদ, গবেষক, দেশী-বিদেশী উন্নয়ন সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের প্রতিবেদক ও ফটোসাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৯ জানুয়ারি, ২০১৬

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী **০২ ফেব্রুয়ারি, ২০১৬ মঙ্গলবার বিকেল ৩.০০টায় "Whither the World: The Political Economy of Future" ("বিশ্ব কোন দিকে যাচ্ছে : ভবিষ্যতের রাজনৈতিক অর্থনীতি")** শিরোনামে একটি লোকবক্তৃতা আয়োজন করা হয়েছে। লোকবক্তৃতা প্রদান করবেন পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো, Founder Director, Transformation, Integration and Globalization Economic Research (TIGER), কজ্‌মিনস্কি বিশ্ববিদ্যালয়, ওয়ার্শ, পোলান্ড।

লোকবক্তৃতায় সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী। লোকবক্তৃতাটি অনুষ্ঠিত হবে **নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়,**

ঢাকা। লোকবক্তৃতায় সমিতির সদস্যসহ দেশের শীর্ষস্থানীয় অর্থনীতিবিদ, সমাজবিজ্ঞানী, সাংবাদিক, রাজনীতিবিদ, গবেষক, দেশী-বিদেশী উন্নয়ন সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের প্রতিবেদক ও ফটোসাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ৩০ জানুয়ারি, ২০১৬

পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো, Founder Director, Transformation, Integration and Globalization Economic Research (TIGER), কজ্‌মিনস্কি বিশ্ববিদ্যালয়, ওয়ার্শ, পোলান্ড। বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী **০২ ফেব্রুয়ারি, ২০১৬ মঙ্গলবার বিকেল ৩.০০টায় "Whither the World: The Political Economy of Future" ("বিশ্ব কোন দিকে যাচ্ছে : ভবিষ্যতের রাজনৈতিক অর্থনীতি")** শিরোনামে একটি লোকবক্তৃতার আমন্ত্রণে আজ (৩০/০১/২০১৬) সকালে বাংলাদেশে এসেছেন। তিনি বাংলাদেশে আগামী ৪ ফেব্রুয়ারি পর্যন্ত অবস্থান করবেন। দেশে অবস্থাকালে বাংলাদেশ অর্থনীতি সমিতির লোকবক্তৃতাসহ দেশের সুশীল সমাজের প্রতিনিধি, সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা, বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধির সঙ্গে আলোচনা করবেন। এছাড়া সুন্দরবনসহ দেশের বিভিন্ন দর্শনীয় স্থান পরিদর্শন করবেন।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

প্রেস বিজ্ঞপ্তি : ১লা ফেব্রুয়ারি, ২০১৬

বাংলাদেশ অর্থনীতি সমিতির উদ্যোগে আগামী ০২ ফেব্রুয়ারি, ২০১৬ মঙ্গলবার বিকেল ৩টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে "Whither the World: The Political Economy of Future" ("বিশ্ব কোন দিকে যাচ্ছেঃ ভবিষ্যতের রাজনৈতিক অর্থনীতি") শিরোনামে একটি লোকবক্তৃতা আয়োজন করা হয়েছে। লোকবক্তৃতা প্রদান করবেন পোলান্ডের প্রাক্তন উপ-প্রধানমন্ত্রী ও অর্থমন্ত্রী অধ্যাপক ড. গ্রেগর্গ ডাবলু কোলদ্‌কো, Founder Director, Transformation, Integration and Globalization Economic Research (TIGER), কজ্‌মিনস্কি বিশ্ববিদ্যালয়, ওয়ার্শ, পোলান্ড।

লোকবক্তৃতায় সভাপতিত্ব করবেন অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী, সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি।

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৯ মে, ২০১৬

বাংলাদেশ অর্থনীতি সমিতি আগামী ৩১ মে, ২০১৬ তারিখ মঙ্গলবার দুপুর ১১.০০টায় **২০১৬-১৭ সালের "প্রাক-বাজেট"** সংবাদ সম্মেলন-এর আয়োজন করেছে। উক্ত সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি **অধ্যাপক ড. আশরাফ উদ্দিন চৌধুরী**। সূচনা বক্তব্য প্রদান করবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির প্রাক্তন সভাপতি **অধ্যাপক ড. আবুল বারকাত**। সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে বাংলাদেশ অর্থনীতি সমিতির অডিটোরিয়ামে (৪/সি, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা)।

উক্ত অনুষ্ঠানের সংবাদ সংগ্রহ ও প্রচারের জন্য আপনার প্রতিষ্ঠানের একজন প্রতিবেদক ও একজন ফটোসাংবাদিক পাঠানোর জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

শোকবার্তা

প্রেস বিজ্ঞপ্তি : ২৫ মার্চ, ২০১৬

বাংলাদেশের বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক মোঃ আবদুর রহমান গত ২৪ মার্চ ২০১৬ বৃহস্পতিবার সকালে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর শোক প্রকাশ করছে। তিনি বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ছিলেন। অধ্যাপক মোঃ আবদুর রহমান রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক ছিলেন। তাঁর স্মৃতি আমাদের কাছে অর্থনীতিবিদদের সামাজিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে চিরজাগরুক থাকবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি তাঁর পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

প্রেস বিজ্ঞপ্তি : ৭ ফেব্রুয়ারি, ২০১৭

বাংলাদেশের বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. এ. টি. এম. জহুরুল হক আজ ৭ ফেব্রুয়ারি ২০১৭ মঙ্গলবার সকালে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর শোক প্রকাশ করছে। তিনি বাংলাদেশ অর্থনীতি সমিতির জীবন সদস্য ও পর পর চার বার কার্যনির্বাহক কমিটির বিভিন্ন পদে নির্বাচিত সদস্য ছিলেন। অধ্যাপক এ. টি. এম. জহুরুল হক ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক ছিলেন। তিনি ইউজিসি-এর প্রাক্তন চেয়ারম্যান, ষ্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ছিলেন। তাঁর স্মৃতি আমাদের কাছে অর্থনীতিবিদদের সামাজিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে চিরজাগরুক থাকবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি তাঁর পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৪ ফেব্রুয়ারি, ২০১৭

বাংলাদেশের বিশিষ্ট অর্থনীতিবিদ অধ্যাপক ড. এ. টি. এম. জহুরুল হক গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ মঙ্গলবার সকালে ইন্তেকাল করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর শোক প্রকাশ করছে। তিনি বাংলাদেশ অর্থনীতি সমিতির জীবন সদস্য ও পর পর চার বার কার্যনির্বাহক কমিটির বিভিন্ন পদে নির্বাচিত সদস্য ছিলেন। অধ্যাপক এ. টি. এম. জহুরুল হক ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি

বিভাগের প্রাক্তন অধ্যাপক ছিলেন। তিনি ইউজিসি-এর প্রাক্তন চেয়ারম্যান, ষ্টামফোর্ড বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের প্রতিষ্ঠাতা সভাপতি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ছিলেন। তাঁর স্মৃতি আমাদের কাছে অর্থনীতিবিদদের সামাজিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে চিরজাগরুক থাকবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি তাঁর পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রেস বিজ্ঞপ্তি : ২৪ ফেব্রুয়ারি, ২০১৭

বাংলাদেশের বিশিষ্ট ব্যাংকার ও অর্থনীতিবিদ জনাব মোঃ আব্দুর রাজ্জাক গত ১৭ ফেব্রুয়ারি ২০১৭ শুক্রবার রাতে মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি গভীর শোক প্রকাশ করছে। তিনি বাংলাদেশ অর্থনীতি সমিতির জীবন সদস্য ছিলেন। জনাব রাজ্জাক বাংলাদেশ ব্যাংকের উপ-ব্যবস্থাপক পদে নিয়োজিত ছিলেন। তাঁর স্মৃতি আমাদের কাছে অর্থনীতিবিদদের সামাজিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে চিরজাগরুক থাকবে। তাঁর মৃত্যুতে বাংলাদেশ অর্থনীতি সমিতি তাঁর পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করছে এবং তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

নিন্দা ও প্রতিবাদ লিপি

বিবৃতি : ১৩ ফেব্রুয়ারি, ২০১৫

চলমান অবরোধ-হরতাল এবং সন্ত্রাস নাশকতা থেকে উত্তরণ

বিগত ৬ সপ্তাহ ধরে টানা অবরোধ-হরতাল এবং ভয়াবহ সহিংসতা-নাশকতায় সাধারণ মানুষের মর্মান্তিক মৃত্যু ঘটেছে। যা চলমান। দেশের বিভিন্ন হাসপাতালের বার্ণ-ইউনিটে পেট্রোল বোমায় ঝলসানো মানুষ অসহ্য কষ্টে কাতরাচ্ছেন। জাতি-ধর্ম-বর্ণ-শিশু-বয়বৃদ্ধ-নারি-পুরুষ নির্বিশেষে দেশের মানুষ ভীত-সসন্ত্র জীবন অতিবাহিত করছেন। অর্থনীতির সর্বত্র অপূরণীয় ক্ষয়ক্ষতি ঘটছে। শিল্পকারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে, পরিবহন সংকটে অভ্যন্তরীণ পণ্য সরবরাহসহ আমদানি-রপ্তানি বাণিজ্য ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। কৃষক, বিশেষ করে দরিদ্র কৃষক তার উৎপাদিত পণ্য বাজারজাত করতে না পেরে নিঃস্ব হয়ে পড়ছেন। প্রধান খাদ্যশস্য বেরোধান রোপনের মৌসুমে উপকরণ সরবরাহ ও বিপনন ব্যবস্থায় সংকট সৃষ্টি হওয়ায় এই ধানের পরবর্তী উৎপাদন ব্যাপকভাবে বিঘ্নিত হবে। ক্ষুদ্র উৎপাদক ও ক্ষুদ্রব্যবসায়ী অর্থনৈতিক সংকটে নিপতিত। কৃষিশ্রমিকসহ খেটে খাওয়া মানুষ কাজ পাচ্ছেন না। কখনও স্বল্প মজুরিতে বাধ্য হয়ে কাজ করছেন। তাদের জীবিকার সকল উপায় বিধ্বস্ত প্রায়।

যে ভয়াবহ সহিংসতা-নাশকতা এভাবে মানুষের জীবন কেড়ে নেয়, পুড়িয়ে মানুষ মারে, দেশের নিরিহ সাধারণ জনগণের মনে গভীর ভীতি সঞ্চার করে, সাধারণ মানুষের জীবিকা নির্বাহের উপায় ধ্বংস করে এবং অর্থনীতিতে ধস নামানোর লক্ষ্যে নিয়োজিত তা কোনো অর্থেই গণতান্ত্রিক রাজনৈতিক কর্মকান্ড হতে পারে না। এসব নিছক সন্ত্রাস। এই সন্ত্রাস-জঙ্গীবাদের পেছনে যুদ্ধাপরাধীদের বিচার ঠেকানোর অশুভ তৎপরতাও রয়েছে বলে আমরা বিশ্বাস করি। এর মূল উৎপাটনের জন্য যুদ্ধাপরাধীদের বিচার দ্রুত সম্পন্ন করে সব রায় কার্যকর করা জরুরি।

এমতাবস্থায় সন্ত্রাস-নাশকতায় যারা লিপ্ত তাদের বোধোদয় না হলে, এসব জন-বিরোধী কর্মকান্ড বন্ধ করতে সরকারকে আরো কঠোর ব্যবস্থা নিতে হবে বলে আমরা মনে করি।

রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে উদ্ভুত দেশ গড়া সংশ্লিষ্ট অন্যান্য সমস্যা ছাড়াও বিভিন্ন জঙ্গিগোষ্ঠি তাদের কর্মকান্ড চালানোর সুযোগ পায়। তাই বাংলাদেশের স্বাধীনতা সার্বভৌমত্ব অক্ষুণ্ন রেখে রাজনৈতিক স্থিতিশীলতা প্রতিষ্ঠাকল্পে সংলাপ-আলোচনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট সকল রাজনৈতিক শক্তির প্রতি আমরা উদ্বাত্ত আহ্বান জানাচ্ছি। সেই সাথে বিভিন্ন রাজনৈতিক দলকে উস্কানিমূলক বক্তব্যদান থেকে বিরত থাকতে অনুরোধ করছি।

সকল ধরনের ষড়যন্ত্র, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনের মাধ্যমে এবং মুক্তিযুদ্ধের চেতনা সমুন্নত রেখে দেশের সুস্থ টেকসই গঠনতান্ত্রিক বিকাশে প্রত্যেকে প্রত্যেকের অবস্থান থেকে সম্ভাব্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য দেশবাসির প্রতি মহান একুশকে সামনে রেখে আমরা আহ্বান জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

ড. কাজী খলীকুজ্জমান আহমদ
অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ
অধ্যাপক আশরাফ উদ্দিন চৌধুরী
ড. মোহাম্মদ ফরাসউদ্দিন
অধ্যাপক আবুল বারকাত
ড. মোস্তফা কামাল মুজেরী

অধ্যাপক ড. আব্দুর সাত্তার মন্ডল
খোন্দকার ইব্রাহীম খালেদ
ড. তৌফিক আহমদ চৌধূরী
অধ্যাপক মুহাম্মদ মাহবুব আলী
(ডেফোডিল ইন্টান্যাশনাল ইউনির্ভাসিটি, ঢাকা)
মসিহ্ মালিক চৌধুরী, *এফসিএ*
(সভাপতি, ইনষ্টিটিউট অব চাটার্ড একাউন্টটস, বাংলাদেশ)

ড. জায়েদ বখ্‌ত
অধ্যাপক হান্নানা বেগম
অধ্যাপক শফিক উজ জামান
ড. জামালউদ্দিন আহমেদ, *এফসিএ*
(সাধারন সম্পাদক, বাংলাদেশ অর্থনীতি সমিতি)
অধ্যাপক নিতাই চন্দ্র নাগ
(চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও ঢাকা স্কুল অব ইকনোমিকস)

উপর্যুক্ত স্বাক্ষরকারীদের পক্ষে

কাজী খলীকুজ্জমান আহমদ

প্রতিবাদ লিপি ঃ ১৬ ফেব্রুয়ারি, ২০১৫

গণজাগরন মঞ্চের সভায় ককটেল নিক্ষেপের প্রতিবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড বন্ধের দাবী

১. গতকাল ১৫ ফেব্রুয়ারী ২০১৫ তারিখ রবিবার ছিল গণজাগরন মঞ্চের রাজীব হায়দার শোভনের হত্যার দ্বিতীয় বার্ষিকী। এ উপলক্ষ্যে শাহবাগ গণজাগরন চত্বরে মৃত্যু বার্ষিকীর স্মরণ সভা চলছিল। বাংলাদেশ অর্থনীতি সমিতির সদ্য বিদায়ী সভাপতি ও বর্তমান কার্যকরী কমিটির জ্যেষ্ঠ সদস্য অধ্যাপক ড. আবুল বারকাত উক্ত স্মরণ সভায় সভাপতিত্ব করার মধ্য দিয়ে সভার কাজ চলাকালীন সময়ে কতিপয় দুর্বৃত্ত মোটরসাইকেল থেকে ককটেল নিক্ষেপ করে পালিয়ে যায়। এ হামলায় বেশ কয়েকজন আহত হয়।

২. আমাদের মহান মুক্তিযুদ্ধের বিরোধী রাজাকার-ধর্মভিত্তিক জঙ্গীত্বের বিরুদ্ধে প্রতিবাদী অরাজনৈতিক প্লাটফর্ম গণজাগরন মঞ্চকে অন্যান্য লক্ষ-কোটি জনতার মত বাংলাদেশ অর্থনীতি সমিতি অকুন্ট সমর্থন দিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় গতকালের রাজিবের স্মরণ সভায় অর্থনীতি সমিতির সদ্য বিদায়ী সভাপতি ও বর্তমান কার্যনির্বাহক কমিটির নির্বাচিত জ্যেষ্ঠ সদস্য অধ্যাপক ড. আবুল বারকাত অংশ গ্রহণ করেন। বাংলাদেশ অর্থনীতি সমিতি বিশ্বাস করে বাংলাদেশকে তালেবান রাষ্ট্র প্রতিষ্ঠার স্বপ্ন বাস্তবায়নকারীরা এবং মৌলবাদের অর্থনীতির বর্তমান সুবিধা ভোগকারীরা এ বর্বর হামলার পরিকল্পনাকরী এবং বাস্তবায়নকারী সংস্থা।

৩. বাংলাদেশ অর্থনীতি সমিতি দৃঢ়ভাবে বিশ্বাস করে যে ৩০ লক্ষ শহীদের রক্তস্নাত গণযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের মহান স্বাধীনতা গুটি কয়েক যুদ্ধাপরাধী জঙ্গিবাদীগোষ্ঠী ও তাদের সহায়ক দালাল-দোসররা আমাদের প্রিয় মাতৃভূমির স্বাধীনতা নস্যাৎ করতে পারবে না। তবে জঙ্গীবাদের দোসররা তাদের সর্ব শক্তি নিয়োগ করবে তাদের স্বপ্ন ধর্মভিত্তিক জঙ্গীরাষ্ট্র প্রতিষ্ঠা করতে যা আমাদের মুক্তি ও স্বাধীনতা চেতনার সম্পূর্ণ পরিপন্থী। তাই এদের রুখতে সর্বস্তরের জনগণের ঐক্য হওয়া একান্ত জরুরী। এদেশের শান্তিকামী জনগণ, সচেতন যুব সমাজ, নারী সংগঠনসমূহ, পেশাজীবি, কর্মজীবি ও শ্রমজীবি মানুষ এসব উগ্র জঙ্গীবাদীদের প্রতিহত করবে। এমতাবস্থায়

বাংলাদেশ অর্থনীতি সমিতি–সরকার, সংসদ সদস্য, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংকসহ সকল কর্তৃপক্ষকে জঙ্গিবাদের অর্থ যোগাদানদাতা প্রতিষ্ঠান অবিলম্বে জাতীয়করণসহ জঙ্গিদের সামরিক স্থাপনা গুড়িয়ে দেয়ার জোর দাবী জানাচ্ছে। গতকালের ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে সম্ভাব্য যথাদ্রুত যথাযত ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে।

বিষয়টির জাতীয় গুরুত্ব বিবেচনা করে আমাদের উল্লেখিত প্রতিবাদলিপি আপনার গণমাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রতিবাদ পত্র ঃ ২৮ ফেব্রুয়ারি, ২০১৫

ব্লগার ও লেখক প্রকৌশলী ড. অভিজিৎ রায়কে হত্যার নিন্দা ও প্রতিবাদ

গত ২৬ ফেব্রুয়ারী ২০১৫ তারিখ ড. অভিজিৎ রায়কে রাত ৯.০০ টার দিকে টিএসসি সংলগ্ন সোহরাওয়ার্দী উদ্যানের ৩নং গেটে তাকে উগ্রধর্মীয় সাম্প্রদায়িক জঙ্গী গোষ্ঠি কুপিয়ে হত্যা করে এবং তার স্ত্রী ব্লগার রাফিদা আহমেদ বন্যাকে কুপিয়ে হত্যাশম জখম করেছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি এ হত্যাকান্ডের তীব্র প্রতিবাদ ও দোষীদের যথাদ্রুত সনাক্তকরণ করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানাচ্ছে।

বাংলাদেশ অর্থনীতি সমিতি এঘটনাকে বাংলাদেশ রাষ্ট্রকে দখলের লক্ষ্যে উগ্রধর্মীয় মৌলবাদী জঙ্গী তৎপরতার অংশ হিসাবে দেখছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি এও মনে করে যে ড. অভিজিৎ রায়ের হত্যা, ব্লগার রাজিব হায়দার, অধ্যাপক মোহাম্মদ ইউনুস, অধ্যাপক তাহের, অধ্যাপক শফিউল আলম সহ মুক্তচিন্তা ও বিবেকবান মানুষ হত্যার মহা-পরিকল্পনার অংশ মাত্র। আমাদের প্রিয় মাতৃভূমির স্বাধীনতা রক্ষা ও অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি প্রচেষ্ঠা নস্যাৎ করার ঘৃণ্য ষড়যন্ত্রমূলক তৎপরতায় লিপ্ত জঙ্গীগোষ্ঠীর অর্থ ও অস্ত্র যোগানদাতা ব্যক্তি-প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে। জঙ্গী সংশ্লিষ্ঠ আর্থিক ব্যবস্থা এবং তাদের অস্ত্রের উৎস অনুসন্ধানে একটি কার্যকর টাকসফোর্স গঠন করে এসব প্রতিষ্ঠানসমূহ সনাক্ত করা সম্ভব বলে অর্থনীতি সমিতি বিশ্বাস করে। এ বিষয়ে মহান মুক্তিযুদ্ধের চেতনাবাহি সকল রাজনৈতিক ও পেশাজীবি সংগঠনকে ঐক্যবন্ধভাবে সোচ্ছার হওয়ার আহ্বান জানাচ্ছে।

ড. অভিজিৎ রায়ের হত্যার ঘটনার সাথে প্রত্যক্ষভাবে জড়িত ও এ হত্যাকান্ড পরিকল্পনাকারীদের বিরুদ্ধে সম্ভাব্য যথাদ্রুত যথাযথ ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে।

বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আমাদের উল্লেখিত প্রতিবাদলিপি আপনার গণমাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রতিবাদ পত্র ঃ ১১ জুন, ২০১৫

ধর্মীয় উগ্র সাম্প্রদায়িক জঙ্গিত্বের শিকার মুক্তিযুদ্ধের চেতনার বীর নিলয় নীল হত্যাকান্ডে বাংলাদেশ অর্থনীতি সমিতির তীব্র ঘৃণা, প্রতিবাদ ও করণীয় প্রসঙ্গে

মুক্তচিন্তা ও মুক্তিযুদ্ধের চেতনার প্রতিভূ ব্লগার ও লেখক বীর নিলয় নীলকে পরিকল্পিত হত্যার নিন্দা, প্রতিবাদ ও শাস্তির দাবি

আজ ০৭ আগস্ট ২০১৫ তারিখ **নিলয় চট্টোপাধ্যায় নীলকে** শুক্রবার জুমার নামাজ শেষে উত্তর গোড়ান নিজ বাসায় তাকে উগ্রধর্মীয় সাম্প্রদায়িক জঙ্গী গোষ্ঠি কুপিয়ে হত্যা করেছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি বিগত প্রায় পনেরো বছর যাবত বাংলাদেশে মৌলবাদী জঙ্গিত্ব ও মৌলবাদী অর্থনীতির মহাসংকুল বিপদ ও ধর্মের নামে রাষ্ট্র ক্ষমতা দখলের লক্ষ্যে মৌলবাদী জঙ্গিত্বের আস্ফালন সম্পর্কে রাষ্ট্রসহ সমগ্র দেশবাসীর প্রতি যৌক্তিক আহ্বান জানিয়ে আসছে। এসবেরই আপাত পরিণতি হিসেবে আজ নিলয় নীলকে হত্যা করা হয়েছে। এর আগে ব্লগার রাজিব হায়দার শোভনকে ১৫ ফেব্রুয়ারি ২০১৩ ওরা হত্যা করেছে। এর পরে ওদের হত্যার শিকার হয়েছেন অভিজিৎ রায়। এখানেই শেষ নয়। হত্যা হয়েছেন ওয়াশিকুর রহমান বাবু, ৩০ মার্চ ২০১৫; হত্যা হয়েছেন অনন্ত বিজয় দাস, ১২ মে ২০১৫। আমরা মনে করি এইই শেষ নয়। আমাদের বিশ্লেষণে এ কথা স্পষ্ট যে ১৯৭১-এর মুক্তিযুদ্ধের চেতনায় কঠিন কোন পদক্ষেপ না নিলে এসব চলতেই থাকবে। যা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা বিনির্মাণ প্রক্রিয়া ব্যহত হতেই থাকবে।

এমতাবস্থায় বাংলাদেশ অর্থনীতি সমিতি দৃঢ়ভাবে বিশ্বাস করে যে মুক্তিযুদ্ধের চেতনার সকল বিরুদ্ধ শক্তিকে কঠোর হস্তে দমন করার কোনই বিকল্প নেই। আমরা বিশ্বাস করি যে মুক্তিযুদ্ধের চেতনায় সিক্ত বর্তমান রাষ্ট্র ও সরকার বিষয়টিকে সমগ্রতার নিরিখে দেখবেন এবং কোন ধরণের সময় ক্ষেপন না করে ব্যবস্থা গ্রহণ করবেন। এটি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসি বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির সকল সদস্যের সম্মিলিত সিদ্ধান্ত। বাংলাদেশ অর্থনীতি সমিতি মুক্তিযুদ্ধের চেতনায় বৈষম্যহীন ও অসাম্প্রদায়িক বাংলাদেশ বিনির্মাণে রাষ্ট্র ও সরকারকে সকল ধরণের নি:স্বার্থ সহযোগিতা প্রদানে অঙ্গীকার করছে।

এ সব ঘটনাকে বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রকে দখলের লক্ষ্যে উগ্রধর্মীয় মৌলবাদী জঙ্গী তৎপরতার অংশ হিসাবে দেখছে। বাংলাদেশ অর্থনীতি সমিতি এও মনে করে যে **নিলয় চট্টোপাধ্যায় নীলকে,** ড. অভিজিৎ রায়ের হত্যা, ব্লগার রাজিব হায়দার, অধ্যাপক মোহাম্মদ ইউনুস, অধ্যাপক তাহের, অধ্যাপক শফিউল আলমসহ মুক্তচিন্তা ও বিবেকবান মানুষ হত্যার মহা-পরিকল্পনার অংশ মাত্র। আমাদের প্রিয় মাতৃভূমির স্বাধীনতা রক্ষা ও অর্থনৈতিক ও রাজনৈতিক মুক্তি প্রচেষ্ঠা নস্যাৎ করার ঘৃণ্য ষড়যন্ত্রমূলক তৎপরতায় লিপ্ত জঙ্গীগোষ্ঠীর অর্থ ও অস্ত্র যোগানদাতা ব্যক্তি-প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণের দাবী জানাচ্ছে। জঙ্গী সংশ্লিষ্ঠ আর্থিক ব্যবস্থা এবং তাদের অস্ত্রের উৎস অনুসন্ধানে একটি কার্যকর টাস্কফোর্স গঠন করে এসব প্রতিষ্ঠানসমূহ সনাক্ত করা সম্ভব বলে অর্থনীতি সমিতি বিশ্বাস করে। এ বিষয়ে আমরা মহান মুক্তিযুদ্ধের চেতনাবাহি সকল রাজনৈতিক ও পেশাজীবী সংগঠনকে ঐক্যবদ্ধভাবে সোচ্চার হওয়ার আহ্বান জানাচ্ছি।

নিলয় চট্টোপাধ্যায় নীলকে হত্যার ঘটনার সাথে প্রত্যক্ষভাবে জড়িত ও এ হত্যাকান্ড পরিকল্পনাকারীদের বিরুদ্ধে সম্ভাব্য যথাদ্রুত যথাযথ ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

প্রতিবাদ পত্র ঃ ১১ সেপ্টেম্বর, ২০১৫

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সম্বন্ধে গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিতের দায়িত্বহীন ও বিবেকহীন ভাষ্যের প্রতিবাদ পত্র

বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের সম্বন্ধে মাননীয় অর্থমন্ত্রীর বিদ্বেষমূলক বক্তব্যের প্রেক্ষিতে বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির ১১-০৯-২০১৫ তারিখ জরুরী সভায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করা হয়। বাস্তব বিবর্জিত ও দায়িত্বহীন এ ধরণের বক্তব্য প্রত্যাহারের জন্য জোর দাবি করা হয়। অতীতেও এ ধরণের কথা বার্তা অন্যদের প্রতি অবমাননামূলক মন্তব্য করা এবং ব্যাংকিং সেক্টরে কোটি কোটি টাকা লোপাটের ঘটনাকে "সামান্য টাকা" বলে মন্তব্য করে দেশের অসংখ্য ক্ষুদ্র ও মাঝারী সঞ্চয় ও আমানতকারীদের স্বার্থে ও অনুভূতিতে আঘাত করেছেন। বয়োঃজনিত কারণে যদি বার বার এই ধরণের চিন্তাভাবনার প্রকাশ ঘটে তাহলে দেশের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কিভাবে নেওয়া হয় সে বিষয়ে প্রশ্ন থেকে যায়।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয় শিক্ষকদের দ্বারা শিক্ষা ও প্রশিক্ষণপ্রাপ্ত সরকারী কর্মকর্তাদের তুলনায় শিক্ষকদের বেতন স্কেল কয়েক ধাপ পদাবনত করা হয়েছে যা অনভিপ্রেত। এছাড়া শিক্ষার গুরুত্ব বিবেচনায়, করের আওতা বৃদ্ধির নামে, শিক্ষা প্রতিষ্ঠানের উপর ভ্যাট প্রয়োগ অযৌক্তিক ও অবাঞ্ছনীয়। এই ভ্যাটের অভিঘাত ছাত্র-ছাত্রীদের উপর গিয়ে বর্তায়।

প্রতিবাদ লিপিটি গুরুত্বসহ আপনার গণমাধ্যমে প্রকাশের জন্য সবিনয় অনুরোধ করা হ'ল।

ধন্যবাদান্তে,

জামালউদ্দিন আহমেদ, এফসিএ
সাধারণ সম্পাদক

আশরাফ উদ্দিন চৌধুরী
সভাপতি

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৪

বাংলাদেশ অর্থনীতি সমিতি সম্মাননা স্বর্ণপদক ২০১৫: সম্মাননা পরিচিতি

ড. অশোক মিত্র

ক্ষণজন্মা এ মহান ব্যক্তিত্বের জন্ম ১৯২৮ সালের ১০ই এপ্রিল বাংলাদেশের ঢাকায়। অত্যন্ত কৃতিত্বের সঙ্গে স্কুল ও কলেজ জীবনের লেখাপড়া সমাপ্ত করে তিনি ব্রিটিশ ঔপনিবেশিক আমলে প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি শাস্ত্রে বি.এ. অনার্স ও এম.এ. ডিগ্রী অর্জন করেন। ১৯৪৭ সালের ভারত বিভক্তির ফলশ্রুতিতে তিনি মাতৃভূমি ত্যাগ করে ভারত গমনে বাধ্য হন। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করলেও তাঁকে সেখানে ভর্তি হওয়ার সুযোগ দেয়া হয় নি। পরে তিনি বেনারশ হিন্দু বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এম.এ. ডিগ্রী অর্জন করেন। এই কৃতি মানুষটি বিগত শতাব্দীর পঞ্চাশের দশকের শুরুতে নব প্রতিষ্ঠিত দিল্লী স্কুল অব ইকনোমিক্সে শিক্ষকতার পেশায় যোগ দেন। পরবর্তীতে তিনি নেদারল্যান্ডস এর ইন্সটিটিউট অব স্যোসাল স্টাডিজে পড়াশোনা করতে যান যেখান থেকে ১৯৫৩ সালে নোবেল জয়ী প্রখ্যাত অর্থনীতিবিদ প্রফেসর আয়ান টিনবার্গেনের তত্ত্বাবধানে রটেরড্যাম বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে ডক্টরেট ডিগ্রী অর্জন করেন। কর্ম জীবনে দিল্লী স্কুল অব ইনকনোমিক্স, লেক্ষ্ণ বিশ্ববিদ্যালয় ও জাতিসংঘের ইকনোমিক কমিশন ফর এশিয়া এন্ড দি ফার ইস্ট, ব্যাংকক, থাইল্যান্ডে ১৯৬১ সাল পর্যন্ত শিক্ষকতা করেন। এছাড়াও বিগত শতাব্দীর ষাটের দশকে তিনি ওয়াশিংটনের ইকনোমিক ডেভেলপমেন্ট ইন্সটিটিউট ও বিশ্ব ব্যাংকেও কিছু সময়ের জন্যে কাজ করেন। অত:পর তিনি নব প্রতিষ্ঠিত ইন্ডিয়ান ইন্সটিটিউট অব ম্যানেজমেন্টে প্রফেসর পদে যোগদান করেন। তিনি তৎকালীন কেন্দ্রীয় ভারত সরকারের প্রধান অর্থনৈতিক উপদেষ্টা এবং এগ্রিকালচারাল প্রাইস কমিশনের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। মার্কসীয় আদর্শে বিশ্বাসী এ কৃতি মানুষটি ১৯৭৭-৮৭ মেয়াদে পশ্চিম বঙ্গ রাজ্যের তৎকালীন সর্বজন শ্রদ্ধেয় নেতা জ্যোতি বসুর নেতৃত্বাধীন বামফ্রন্ট সরকারের প্রথম অর্থমন্ত্রীর দায়িত্ব পালন করেন। বিগত শতাব্দীর মধ্য–নব্বই এর দশকে তিনি ভারতের রাজ্য সভার সদস্য নির্বাচিত হন এবং পার্লামেন্টের শিল্প ও বাণিজ্য সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতির দায়িত্ব পালন করেন।

তিনি শুধু অর্থনীতিবিদ-রাজনীতিবিদই নন, তিনি মেধাবী সুসাহিত্যিক স্বীকৃতি স্বরূপ ১৯৫৪ সালে নব প্রতিষ্ঠিত ভারতীয় সাহিত্য একাডেমী পুরষ্কারে ভূষিত হন (তাল-বেতাল গ্রন্থের জন্যে) বাংলা ও ইংরেজী ভাষায় দেশে-বিদেশে তাঁর অসংখ্য প্রবন্ধ ও গ্রন্থ প্রকাশিত হয়েছে। তাঁর রচিত উল্লেখযোগ্য গ্রন্থ হচ্ছে : "অকথা-কুকথা", "অচেনাকে চিনে-চিনে", "কবিতা থেকে মিছিলে", "নাস্তিকতার বাইরে", "চরিত্রাবলী", "সমাজসংস্থা আশানিরাশা", "তাল-বেতাল", "পুরানো আখরগুলি", "A Prattler's Tale", "The Nowhere Nation" ইত্যাদি। আর তাঁর লিখিত "Calcutta Diary" অত্যন্ত জনপ্রিয় কলাম ছিল আড়াই দশকেরও বেশী সময় ধরে। বর্তমানে তিনি কোলকাতায় নিজের বাড়ীতে অবসর জীবন যাপন করছেন।

আমাদের দেশের মহান মুক্তি যুদ্ধ ও কৃষি গবেষণায় গুরুত্বপূর্ণ জ্ঞানসমৃদ্ধ মানবতাবাদী কল্যাণকামী অর্থনীতিবিদ হিসেবে তাঁকে বাংলাদেশ অর্থনীতি সমিতির স্বর্ণপদক সম্মাননা ২০১৫ প্রদান করা হলো।

প্রয়াত অধ্যাপক ড. মুশার্‌রফ হোসেন

প্রগতিশীল ধারার এ মহান মানুষটির জন্ম ১৯৩০ সালের ১লা ডিসেম্বর ঢাকার রায়পাড়া গ্রামে। ভারতের পশ্চিম বঙ্গের মিদনাপুর কলেজিয়েট স্কুল ও কোলকাতার প্রেসিডেন্সি কলেজ থেকে যথাক্রমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সাথে প্রথম বিভাগে উত্তীর্ণ হন। চল্লিশের দশকের শেষ দিকে প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে প্রথম শ্রেণী সহ বি.এ. অনার্স ও এম.এ. ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি যুক্তরাজ্যের ম্যানচেষ্টার বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এম.এ. ও লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রী অর্জন করেন।

কর্ম জীবনে তিনি ১৯৫৭-৫৮ সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন, ১৯৫৭-৫৮ সময়ে পূর্ব পাকিস্তান পরিকল্পনা বোর্ডের প্রধান অর্থনীতিবিদ, ১৯৫৯-৬৮ সময়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও সভাপতি এবং সোসিত্ত ইকনোমিক রিসার্চ বোর্ডের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। মহান মুক্তিযুদ্ধের সময়ে তিনি প্রবাসী অস্থায়ী বাংলাদেশ সরকারের পরিকল্পনা সেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন। অত:পর স্বাধীন বাংলাদেশের প্রথম পরিকল্পনা কমিশনের সদস্য হিসেবে ১৯৭২-৭৩ সময়ে কাজ করেন। ১৯৭৪-৯১ সময়কালে পুনরায় তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে অধ্যাপকের দায়িত্ব পালন করেন। দীর্ঘ অবসর জীবন কাটানোর পর ২০১৩ সালের ২১শে ফেব্রুয়ারী এ মহান শিক্ষক ও গবেষক মৃত্যুবরণ করেন।

দেশী-বিদেশী জার্নালে তাঁর অসংখ্য প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়াও অর্থনীতির উপর তিনি বেশ কয়েকটি গ্রন্থ রচনা করেছেন যার মধ্যে বিশেষভাবে উল্লেখের দাবী রাখে ১৯৮৭ সালে প্রকাশিত "The Assault that failed" এবং ১৯৯১ সালে "Agriculture in Bangladesh" গ্রন্ধদ্বয়।

আমাদের দেশের মহান মুক্তি যুদ্ধ ও কৃষি গবেষণায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা প্রদান করা হলো।

প্রয়াত লুৎফর রহমান সরকার

জনাব লুৎফর রহমান সরকার বগুড়া জেলার ফুলকোট গ্রামে ১৯৩৪ সালের ১লা ফেব্রুয়ারী জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম আলহাজ্ব দিরাজতুল্লাহ সরকার ও মাতার নাম আসাতুন্নেসা। তিনি ১৯৫৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্রবিজ্ঞানে এম.এ ডিগ্রী লাভ করেন।

পেশাগত জীবনে তিনি একজন প্রথিতযশা ব্যাংকার। ১৯৫৭ সালে তদানীন্তন হাবীব ব্যাংকে প্রবেশনারী অফিসার হিসাবে কর্ম জীবন শুরু। ১৯৬৪ সালে লন্ডন থেকে উচ্চতর ব্যাংকিং প্রশিক্ষণ গ্রহণ ছাড়াও তিনি অনেক দেশি-বিদেশী ব্যাংকিং প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। ১৯৬৫ সালে নব গঠিত স্ট্যান্ডার্ড ব্যাংকের উচ্চ নির্বাহী পদে যোগদান করেন। সুদীর্ঘ ৪৮ বছরের ব্যাংকিং জীবনে তিনি অগ্রণী ব্যাংক, সোনালী ব্যাংক, ইসলামী ব্যাংক ও প্রাইম ব্যাংক এ ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৬ সালে বাংলাদেশ ব্যাংকের গভর্ণর পদে নিয়োগ প্রাপ্ত হন।

লুৎফর রহমান সরকার সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক থাকাকালীন শিক্ষিত বেকার যুবকদের বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে "বিশ্ববিদ্যালয় কর্মসংস্থান প্রকল্প" (বিকল্প) চালু করেন, যা পরবর্তীকালে জনপ্রিয়তা লাভ করে। বর্তমান কর্মসংস্থান ব্যাংক জনাব রহমানের সুচিন্তারই ফসল। বিআইবিএম প্রতিষ্ঠায় তাঁর সক্রিয় ও বলিষ্ঠ নেতৃত্ব সর্বমহলে প্রশংসা অর্জন করে।

সাহিত্য জগতেও রয়েছে তাঁর পদাচারণা। তাঁর লেখা চারটি রম্য রচনা গ্রন্থ ও তিনটি ছড়ার বই পাঠক সমাজে সমাদৃত। তিনি ১৯৭৯ সালে সূফী মোতাহার হোসেন সাহিত্য পুরষ্কার, ১৯৮৪ সালে আমি তুমি সে (কুমিল্লা) পুরষ্কার, ১৯৮৫ সালে আসাফউদ্দৌলা স্মৃতি সাহিত্য পুরস্কার ও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক দল কর্তৃক সংবর্ধনা, ১৯৮৮ সালে সেন্টার ফর বাংলাদেশ কালচার পুরষ্কার, ১৯৯০ সালে বাংলাদেশ কৃষি সংসদ স্বর্ণপদক ও সংবর্ধনা, ১৯৯১ সালে কবিতালাপ (খুলনা) পুরষ্কার ও বগুড়া লেখকচক্র পুরুষ্কার লাভ করেন। তিনি ১৯৯৯ সালে বাংলা একাডেমী কর্তৃক সম্মানসূচক ফেলোশিপ লাভ করেন। তাঁকে ২০০৯ সালে 'মার্কেন্টাইল ব্যাংক বিশেষ সম্মাননা' প্রদান করা হয়। তিনি ২০১৩ সালের ২৪শে জুন মৃত্যুবরণ করেন।

উদ্ভাবনী ব্যাংকিং এর জন্যে প্রয়াত লুৎফর রহমান সরকারকে বাংলাদেশ অর্থনীতি সমিতির স্বর্ণপদক সম্মাননা ২০১৫ প্রদান করা হলো।



অধ্যাপক ড. নুরুল ইসলাম

অত্যন্ত মেধাবী এক উন্নয়ন অর্থনীতিবিদের নাম নুরুল ইসলাম। তিনি বিগত শতাব্দীর গোড়ার দিকে চট্টগ্রামে জন্ম গ্রহণ করেন। কৃতিত্বের সাথে স্কুল ও কলেজ জীবন সমাপনান্তে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে বি.এ. সম্মান শ্রেণীতে ভর্তি হন এবং ১ম শ্রেণীতে ১ম স্থান অধিকার করে অর্থনীতিতে সম্মান ডিগ্রী অর্জন করেন। পরবর্তী বছর একই বিশ্ববিদ্যালয় থেকে একই ফলাফল পেয়ে এম.এ. ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সঙ্গে এম.এ. ও ডক্টরেট ডিগ্রী অর্জন করেন।

কর্ম জীবনে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ও সভাপতি ছিলেন। এছাড়া তিনি বঙ্গবন্ধুর আমলে প্রথম বাংলাদেশ পরিকল্পনা কমিশনের ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। বিভিন্ন বিদেশী বিশ্ববিদ্যালয়ে ভিজিটিং প্রফেসরসহ অনেক আন্তর্জাতিক সংস্থায় সফলতার সাথে দায়িত্ব পালন করেন। বর্তমানে তিনি ওয়াশিংটনস্থ ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইন্সটিটিউটে রিসার্চ ফেলো এমিরিটাস অধ্যাপক হিসেবে কর্মরত আছেন।

দেশী-বিদেশী জার্নালে তাঁর অসংখ্যা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। এছাড়াও উন্নয়ন অর্থনীতির উপর তাঁর অসংখ্য গ্রন্থ প্রকাশিত হয়েছে যার মধ্যে বিশেষভাবে উল্লেখের দাবী রাখে "Development Planning in Bangladesh"; Making of A Nation Bangladesh: An Economist's Tale" গ্রন্থদ্বয়।

উন্নয়ন অর্থনীতিতে বিশেষ অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণপদক সম্মাননা ২০১৫ প্রদান করা হলো।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৯তম দ্বিবার্ষিক
সম্মেলন ২০১৫-এর উদ্বোধনী অনুষ্ঠানে

সভাপতির ভাষণ

আবুল বারকাত*

শ্রদ্ধেয় প্রধান অতিথি, শেখ হাসিনা, এমপি, মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
সম্মানীয় অতিথি, প্রাক্তন প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হক,
সম্মানীয় অধ্যাপক ড. আবুল বারকাত, আহবায়ক, ঊনবিংশতম দ্বিবার্ষিক সম্মেলন, ২০১৫ প্রস্তুতি কমিটি
মন্ত্রী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ,
বাংলাদেশ জাতীয় সংসদের সম্মানিত সদস্যবৃন্দ,
বিদেশী দূতাবাসসহ বিভিন্ন সংস্থার সম্মানিত অতিথিবৃন্দ,
সরকারের পদস্থ সম্মানিত কর্মকর্তাবৃন্দ,
মিডিয়ার সম্মানিত ভাই ও বোনেরা,
বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্যবৃন্দ,

সম্মানিত উপস্থিত সুধী,

আপনারা সবাই আমার সম্ভাষণ গ্রহণ করুন।

প্রথমেই আমি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ দিতে চাই ও কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই– এ জন্য যে আপনি আপনার হাজারো কর্মব্যস্ততার মাঝে আমাদের মধ্যে প্রধান অতিথি ও সম্মেলন

---

* সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি

This Paper was Presented at the 19th Biennial Conference "Rethinking Political Economy and Development" of the Bangladesh Economic Association held during 08-10 January, 2015 at the Institution of Engineers, Bangladesh, Dhaka.

উদ্বোধক হিসেবে এসে সম্মেলনের ভাবগাম্ভীর্য বৃদ্ধি করলেন। এর আগে আমাদের গত দু'টি দ্বিবার্ষিক সম্মেলনে, ২০০৯ ও ২০১২ সালেও, আপনি প্রধান অতিথি হিসেবে আমাদের সমিতির দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধন করেছিলেন। অর্থনীতি সমিতির প্রতি আপনার এ সহমর্মিতার জন্য আমি সমিতির চার হাজারের বেশি সদস্যের পক্ষ থেকে আপনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সুধিবৃন্দ,

আপনারা লক্ষ্য করেছেন এবছর আমাদের সম্মেলনের মূল প্রতিপাদ্য বিষয় "রাজনৈতিক অর্থনীতি ও উন্নয়ন পুনর্ভাবনা" (Rethinking Political Economy and Development)। আমার আজকের উদ্বোধনী বক্তব্যে এবারের সম্মেলনের প্রতিপাদ্য বিষয়সহ সংশ্লিষ্ট বিষয়ে কয়েকটি কথা বলার প্রয়োজন বোধ করছি। প্রয়োজন বোধ করছি এ কারণেও যে আমি বাংলাদেশ অর্থনীতি সমিতির বিদায়ি সভাপতি। যারা সামনে নেতৃত্বে আসবেন তাঁরাসহ এখানে উপস্থিত-অনুপস্থিত সবার জন্য কথাগুলো কাজের কথা হতে পারে।

সম্মানিত সুধি,

"রাজনৈতিক অর্থনীতি ও উন্নয়ন" নিয়ে **পুনর্ভাবনা–** কেনো, কোন দিকে, কি লাভ হবে তাতে, কার লাভ হবে, দেশ ও দেশের মানুষের ভবিষ্যৎ প্রগতির সাথে এ পুনর্ভাবনার কি সম্পর্ক? অতি স্বল্প পরিসরে স্বল্প সময়ে এসব প্রশ্ন নিয়ে আমার নির্মোহ ধারণার মূল কথাগুলো বলতে চাই। দিক নির্দেশনা দেবার যোগ্যতা হয়তোবা আমার নেই তবে চিন্তা উদ্রেগ করার জন্য কিছু প্রশ্ন উত্থাপনসহ সুপারিশ-নির্দেশনা তো করতেই পারি– অর্থনীতি সমিতির নির্বাচিত সভাপতি হিসেবে যদি নাও হয় দেশের একজন সাধারণ নাগরিক হিসেবেও এ অধিকার আমার আছে। জন্মগত অধিকার। আমার বক্তব্যের স্পষ্টতা নিয়ে কাউকে দ্বিধা-দ্বন্দ্ব-সংশয়-এ ফেলতে চাই না। তার শুরুতেই আমার বক্তব্য-ভাবনার ভিত্তি-দর্শন (foundational philosophy) হিসেবে কয়েকটা কথা সরাসরি বলে ফেলা দরকার। **প্রথমত:** সুদীর্ঘ এক মুক্তিসংগ্রামের প্রক্রিয়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আহবানে 'জয় বাংলা' স্লোগান ধারণ করে ৩০ লক্ষ শহিদ, ১০ লক্ষ মা-বোনের ইজ্জত-সম্ভ্রম, ও এ দেশের ৭ কোটি ৯ লক্ষ মানুষের বর্ণানাতীত দুঃখ-কষ্টের বিনিময়ে ১৯৭১-এর মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা মুক্ত-স্বাধীন বাংলাদেশ অর্জন করি– কষ্টার্জিত আমাদের দেশের নাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ। যে দেশের সংবিধান অনুযায়ী জনগণই এবং একমাত্র জনগণই প্রজাতন্ত্রের মালিক, জনগণই সকল ক্ষমতার উৎস, এবং জনগণই এবং শুধুমাত্র জনগণই সার্বভৌম। **দ্বিতীয়ত:** মহান মুক্তিযুদ্ধের চেতনা ছিল বঙ্গবন্ধুরই জীবন দর্শন উদ্ভূত রাজনৈতিক দর্শন ও তার সাথে সঙ্গতিপূর্ণ সমাজ-অর্থনীতির প্রগতি-উন্নয়ন দর্শন যে দর্শনের মূলসূত্র হল "বৈষম্যহ্রাসকারী প্রগতি ও অসাম্প্রদায়িক মানস কাঠামোসহ আলোকিত মানুষের বাংলাদেশ– সোনার বাংলাদেশ"। **তৃতীয়ত: দেশের সমাজ-অর্থনীতিসহ বৈশ্বিক ব্যবস্থা স্থির-অনড়-অপরিবর্তনীয়** (static) কোনো বিষয় নয় তা গতিশীল-সদা চলমান-পরিবর্তনশীল-পরিবর্তনমুখী (dynamic)।

এখন প্রশ্ন রাজনৈতিক-অর্থনীতি আর উন্নয়ন নিয়ে পুনর্ভাবনা প্রয়োজন কেন? প্রয়োজন– এক কথায়– এ জন্যই যে ১৯৭১-এ আমরা স্বাধীন হয়েছি, কিন্তু ১৯৭৫-এর ১৫ আগস্ট বিদেশি-দেশি ষড়যন্ত্রকারীরা

স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রাক-পরিকল্পনানুযায়ী হত্যা করে "সোনার বাংলার' স্বপ্নকেই হত্যা করে দেশ-জাতি-রাষ্ট্রসহ বাংলাদেশকে উল্টোপথে পরিচালিত করেছে– যেখানে অর্থনীতি হয়েছে দুর্বৃত্তায়িত; রাজনীতি হয়েছে দুর্বৃত্তায়িত; জনগণের দেশ চলে গেছে গুটিকয়েক rent seeker– লুটেরা– অন্যের সম্পদ জবরদখলকারী-পরজীবী-ফাওখাওয়া শ্রেণির হাতে যারা কার্যত রাষ্ট্র-সরকার-রাজনীতিকে নিয়ন্ত্রণ করছে অথবা প্রতিনিয়ত তা করতে চায়; ধর্মীয় মৌলবাদ পরিপুষ্ট হয়ে সাম্প্রদায়িক শক্তি অর্থনীতি-সরকার-রাষ্ট্রের রন্ধ্রে রন্ধ্রে ঢুকে পড়ে এখন রাষ্ট্রক্ষমতাকেই জোর করে দখল করতে উদ্যত– সুতরাং দেশ স্বাধীন হয়েছে কিন্তু জনগণের মুক্তি (liberty) হয়নি। এ সত্য অস্বীকার করলে ইতিহাস অস্বীকার করা হবে।

সুধিবৃন্দ,

"রাজনীতি-অর্থনীতি-উন্নয়ন" নিয়ে পূনর্ভাবনা প্রয়োজন এজন্য যে বঙ্গন্ধুর উন্নয়ন দর্শনের ভিত্তিতে মহান মুক্তিযুদ্ধে উদ্বুদ্ধ হয়ে জনগণের অভিপ্রায় হিসেবে আমরা চাইলাম শোষণহীন বাংলাদেশ, বঞ্চণামুক্ত বাংলাদেশ, বৈষম্যহীন বাংলাদেশ, অসাম্প্রদায়িক বাংলাদেশ, জ্ঞান-বিজ্ঞান চেতনা সমৃদ্ধ আলোকিত মানুষের বাংলাদেশ। কিন্তু বঙ্গবন্ধুকে হত্যা পরবর্তিকালে বিগত ৪ দশকের মধ্যে প্রায় ৩ দশকই যে সেনাশাসন, স্বৈরশাসন, পাকিস্তানী প্রেতাত্মাদের শাসন, সেনা-স্বৈরশাসনের মোড়কে তথাকথিত গণতন্ত্র-লেবাসি শাসন, বৈশ্বিক সাম্রাজ্যবাদের ইশারা-নির্দেশে অঙ্গুলি হেলনের শাসন ব্যবস্থায় আমরা শাসিত হলাম তা আমাদের মুক্তি-চেতনার ঈপ্সিত লক্ষ্যের সম্পূর্ণ বিপরীতমুখী। এমনটি কেন হলো এবং কি করা– এ নিয়ে পুনর্ভাবনা আরো পুনঃপুনঃ পুনর্ভাবনা জরুরি। অর্থনীতিবিদ (Economist) বন্ধুরা কেউ কেউ হয়তো বা আমার এসব বক্তব্যে রাজনীতির (politics) গন্ধ পাচ্ছেন। তাঁদের প্রতি আমার প্রশ্ন অর্থনীতি শাস্ত্রের কোন সূত্র-কোন তত্ত্ব রাজনীতির বাইরে? আপনারা যে সব অর্থনীতি তত্ত্বের কথা বলেন 'উন্নয়নের' লক্ষ্যে যে সব দাওয়াই দেন বিশেষ করে এখন অনেকের জন্যই খুবই "আত্মতৃপ্তিকর" (!) নয়া-উদারবাদি অর্থনীতি মতবাদ তো পুরোটাই রাজনীতি– সাম্রাজ্যবাদের সাম্রাজ্য বিস্তারের রাজনীতি, দুনিয়ার সব সম্পদ কুক্ষিগত করার রাজনীতি। ঐ সব 'বন্ধুদের' উদ্দেশ্যে আরো একটা প্রশ্ন রাখা দরকার– ১৯৭১-এর মুক্তিযুদ্ধ রাজনীতি না অর্থনীতি? না'কি অর্থনৈতিক মুক্তির লক্ষ্যের রাজনীতি? আমি জানি আমার এ সব প্রশ্নের উত্তর তারা দেবেন না। কারণ তারা স্থির করে ফেলেছেন– যে অর্থনীতি চর্চা তাঁরা করেন এবং তদনুযায়ী 'উন্নয়নে' তাঁরা যে প্রেসক্রিপশন দেন যা আপাতদৃষ্টে জনকল্যাণ- উদ্দিষ্ট মনে হলেও হতে পারে আসলে কিন্তু ঐ সব দাওয়াইপত্র নির্ভেজালভাবেই সাম্রাজ্যবাদের স্বার্থ সংরক্ষণ উদ্দিষ্ট। আমার দৃঢ় বিশ্বাস তারা নিজেরাও তাদের ঐ ভ্রান্তির নৈতিক ভিত্তি সম্পর্কে সম্পূর্ণ অবগত। অর্থনীতিবিদদের নৈতিকভাবেই আর মধ্যপন্থা অবলম্বন করা উচিত হবে না। পক্ষ নিতে হবে। সিদ্ধান্ত নিতে হবে। কোন পক্ষে থাকবেন? এদেশের জনগণের পক্ষে? না'কি জনগণের বিপক্ষে– সাম্রাজ্যবাদ ও তাদের আর্থ-সামাজিক-রাজনৈতিক প্রতিষ্ঠানের পক্ষে? জনগণের পক্ষে থাকলে মুক্তিযুদ্ধের পক্ষে থাকতে হবে, আর সেটাই যদি অবস্থান হয় তাহলে জনগণের মঙ্গল-কল্যাণের লক্ষ্যে পেশাগত দায়বদ্ধতা পালন করছেন বিধায় দেশের মানুষের সম্মান-শ্রদ্ধা পাবেন; আর যদি অবস্থানটা বিপরীত হয় তা'হলে দেশের মানুষের কাছে ঘৃণার পাত্র হবেন, ইতিহাসের আস্তাকুড়ে নিক্ষিপ্ত হবেন। সুতরাং সিদ্ধান্তটা আপনাকেই নিতে হবে– স্বতন্ত্র ব্যাক্তি সত্ত্বা হিসেবে। সিদ্ধান্তটা জনকল্যাণকামী হলে যৌথভাবে কাজ করতে হবে– মুক্তির পক্ষে, জনগণের কল্যাণের পক্ষে।

আসুন আমরা "রাজনৈতিক অর্থনীতি ও উন্নয়ন পুনর্ভাবনা"র মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে, বঙ্গবন্ধুর উন্নয়ন-প্রগতি দর্শনের পক্ষে, জনগণের পক্ষে অবস্থান নিই। এবং দেরী না'করে– এখনই, আজই।

আপনাদের সবাইকে ধন্যবাদ। আপনারা সবাই ভাল থাকুন– সুস্থ থাকুন।

জয় বাংলা,
জয় বঙ্গবন্ধু,
জয় হোক বাংলাদেশের মানুষের।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

বাংলাদেশ অর্থনীতি সমিতির অষ্টাদশ সম্মেলন প্রস্তুতি কমিটির আহ্বায়কের শুভেচ্ছা ভাষণ

জামালউদ্দিন আহমেদ

সম্মনিত সুধী বৃন্দ,

আপনাদের সবাইকে শুভ সকাল। বাংলাদেশ অর্থনীতি সমিতি ঊনবিংশতম দ্বিবার্ষিক সম্মেলনের মাননীয় প্রধান অতিথি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সম্মানিয় অতিথি বিচারপতি এবিএম খায়রুল হক। বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সভাপতি ও এদেশের গনমানুষের অর্থনীতিবিদ অধ্যাপক ড. আবুল বারকাত। সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধুরী। উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দ ও বাংলাদেশের প্রত্যান্ত অঞ্চল থেকে আগত অর্থনীতি সমিতির সম্মানিত সদস্যবৃন্দ। অর্থনীতি সমিতির ২০১২-২০১৪ সালের নির্বাচিত কার্যকরী নির্বাহক কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।

আজ ৮ জানুয়ারী বৃহস্পতিবার ঊনবিংশতম দ্বিবার্ষিক সমম্মেলনে আপনাদের সকলকে অর্থনীতি সমিতির পক্ষথেকে সাদর আমন্ত্রণ ও শুভেচ্ছা জানাচ্ছি।

সুধীবৃন্দ,

বাঙ্গালী জাতি রাষ্ট্রগঠনে আধুনিক স্বাধীন বাংলাদেশের স্বপ্ন দ্রষ্ঠা ও স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের বাঙ্গালী জাতীয়তাবাদ ভিত্তিক রাজনৈতিক ও অর্থনৈতিক মুক্তি সংগ্রামের অন্যতম সহযোগী think tank হিসাবে অর্থনীতি সমিতি এদেশের সার্বিক মুক্তির লক্ষ্যে নিরলস কাজ করে আসছে।

এরই ধারাবাহিকতায়, স্বাধীনতা উত্তর বাংলাদেশে পূনগঠনে এ সমিতি উল্লেখ যোগ্য অবদান রেখেছে। জাতীয় সম্পদ রক্ষা, পরিচালনা, দেশের মানুষের জীবন যাত্রার মানউন্নয়ন ও অর্থনৈতিক মুক্তি, সম্পদের সুষম বন্টন, ধনী দরিদ্রের বৈষম্য হ্রাসকরণ সহ ন্যায় ভিত্তিক সমাজ কাঠামো বিনির্মানে নিরলস কাজ করে যাচ্ছে।

সুধী বৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতি দেশের উন্নয়ন দর্শন বাস্তবায়নে হোম গ্রোন ডেভলপমেন্ট কন্‌সেপ্ট নীতিতে বিশ্বাস করে। এ বিশ্বাসে ভিত্তি করে সনাতনী পরনির্ভরশীলতার জাল থেকে বেরিয়ে নিজ অর্থে পদ্মা সেতু নির্মানের ঐতিহাসিক প্রস্তাবনা আমাদের সমিতি অধ্যাপক ড. আবুল বারকাতের নেতৃত্বে জাতির কাছে উপস্থাপন করা হয়। শেষ বিচারে বংলাদেশের বর্তমান কর্নধার আজকের এ মহতী উদ্বোধনী অনুষ্ঠানের মাননীয় প্রধান অতিথি ও গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজ অর্থে পদ্মাসেতু নির্মানের ঐতিহাসিক সিদ্ধান্ত গ্রহণ করেন। সমালোচকদের মুখে ছাই দিয়ে পদ্মা সেতুর নির্মান কাজ শুরু হয়েছে। এটাই বাস্তবতা। এ জন্য আমরা গর্বিত। এ সাহসী পদক্ষেপের জন্য মাননীয় প্রধানমন্ত্রী আপনাকে উষ্ণ অভিন্দন।

সুধী বৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে ধর্মীয় মৌলবাদের রাজনৈতিক অর্থনীতি নিয়ে সর্ব প্রথম মৌলিক গবেষণা এদেশে মৌলবাদের খোলস উন্মোচন করেছে। বাংলাদেশে ধর্মীয় মৌলবাদের অর্থনৈতিক ও রাজনৈতিক অভিঘাত নিয়ে গবেষণা বিশ্বব্যাপী সাড়া জাগিয়েছে। রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহনে যাবতীয় তথ্য উপাত্ত সংগ্রহের সুত্র চিহ্নিত করা হয়েছে। বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সভাপতি অধ্যাপক ড. আবুল বারকাতের নিরলস পরিশ্রম এ অর্থনীতি পেশায় নিয়োজিত ভবিষ্যত গবেষকদের উৎসাহ যোগাবে।

সুধী বৃন্দ,

মাননীয় প্রধানমন্ত্রী ২০০৮ সালে আপনার নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশ গড়ার ঘোষনা আমাদের দেশের ১৬ কোটি মানুষের মধ্যে বৈপ্লবিক সাড়া জাগিয়েছে। সমালোচকদের পশ্চাদমুখী ধ্যান ধারনার মুখে ছাই দিয়ে আজ বাংলাদেশ ডিজিটাল্যাইজেশন এর দিকে দ্রুত ধাবিত হচ্ছে। বাংলাদেশকে মধ্য আয়ের দেশের মর্যদায় আসীন করার লক্ষ্যে ইতিমধ্যে গৃহীত পদক্ষেপ যথাঃ শিক্ষাখাত, যোগাযোগ, অবকাঠামো, স্বাস্থ্যখাত, সেবাখাত, তথ্য প্রযুক্তিখাত কৃষিখাতের উন্নতি চোখে পড়ারমত। আর্থিক খাতের ডিজিটাল্যাইজেশন অর্থনীতিতে প্রাণ সঞ্চার করবে বলে সমিতি বিশ্বাস করে। সরকারের যাবতীয় সামাজিক নিরাপত্তা খাতে আর্থিক অনুদান পৌঁছানোর কাজে প্রযুক্তির ব্যবহার অপরিহার্য্য। সমিতি বিশ্বাস করে, নুন্যতম সময়ে দুইলক্ষ ৫০ হাজার কোটি টাকার বাজেট দ্বিগুনে উন্নীত হবে। এ বিষয়ে সমিতি সরকারকে সহায়তা দিতে প্রস্তুত। রাজস্ব সংগ্রহ ব্যবস্থা ডিজিটাল্যাইজেশন এবং কর প্রশাসন বিকেন্দ্রীকরনের মাধ্যমে এটা সম্ভব।

সুধী বৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতির এবারের দ্বিবার্ষিক সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানের পর থাকবে বিশেষ প্লেনারী অধিবেশন। এই প্লেনারী অধিবেশনে বক্তব্য দিবেন বাংলাদেশের বিচার জগতের দৃষ্টান্ত সৃষ্ঠিকারী বিচারপতি এবিএম খায়রুল হক। গতানুগতিক উন্নয়ন দর্শন পূনর্ভাবনার বিষয়ে বক্তব্য রাখবেন বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক ড. আবুল বারকাত। এ সম্মেলনে ৪ জন কৃতিমান অর্থনীতিবিদ যথাক্রমে (১) ড. অশোক সেন, (২) অধ্যাপক ড. নূরুল ইসলাম, (৩) অধ্যাপক

ড. মোশারফ হোসেন (প্রয়াত) ও (৪) জনাব লুৎফর রহমান সরকার (প্রয়াত) কে স্বর্ণ পদক সম্মাননা দেয়া হবে। এছাড়া এ তিন দিনের কর্ম অধিবেশনে ১৩ টি সেশনে মোট ১১২ টি প্রবন্ধ পাঠ করা হবে। সম্মেলনের ১৩ টি কর্ম অধিবেশন দেশের ১৩ জন খ্যাতিমান অর্থনীতিবিদের নামে উৎসর্গ করা হয়েছে। এ সম্মেলনের ১৩টি কর্ম অধিবেশন ৪টি হলে একাধারে চলবে। এ চারটি হল ৪ জন স্বর্ণপদক প্রাপ্ত অর্থনীতিবিদদের নামে নিদ্দিষ্ঠ করা হয়েছে।

সুধী বৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতির এ দ্বিবার্ষিক সম্মেলন অনুষ্ঠান কর্মসূচী আপনাদের কাছে ইতিমধ্যে প্রেরিত হয়েছে। সম্মেলনে পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক বয়েছে যারা দুর দুরান্ত থেকে আগত সদস্যদের সার্বিক সহযোগিতায় নিয়োজিত। পূর্বের মত অনেক প্রতিষ্ঠান ও সংস্থা আমাদের পাশে দাড়িয়েছেন সহযোগিতায় হাত বাড়িয়ে। আমরা তাদের প্রতি অকুণ্ঠ কৃতজ্ঞতা জানাই। আগামী ২ দিনের কর্মঅধিবেশনে যোগদান করে আমাদের প্রিয় মাতৃভূমির অর্থনৈতিক মুক্তির লক্ষে কর্ম পরিকল্পনা প্রণয়নে আপনার মুল্যবান মতামত দিয়ে জাতি গঠনে সহযোগিতার আহ্বান জানাই। আপনাদের সকলকে ধন্যবাদ।

বাংলাদেশ
অর্থনীতি
সমিতি
সাময়িকী
২০১৭

বাংলাদেশ অর্থনীতি সমিতির

২৭ শে পৌষ ১৪২১/১০ জানুয়ারী ২০১৫ তারিখ-এ অনুষ্ঠিত
সমিতির সাধারণ সভায় কার্যনির্বাহক কমিটির

সাধারণ সম্পাদকের প্রতিবেদন

গঠনতন্ত্রের ধারা জ (১) অনুযায়ী, সমিতির ২০১২-১৪-এর কার্যবিবরণী।
গঠনতন্ত্রের ধারা চ (৫) অনুযায়ী সাধারণ সভায় উপস্থাপনের জন্য
০৭ জানুয়ারী ২০১৫ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহক কমিটির সভায় অনুমোদিত।
স্থানঃ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, রমনা, ঢাকা

শ্রদ্ধেয় সভাপতি ও বাংলাদেশ অর্থনীতি সমিতির সম্মানিত সদস্যবৃন্দ,

বাংলাদেশের বিভিন্ন জেলা-উপজেলা থেকে এমনকি প্রত্যন্ত জনপথ থেকে মূল্যবান সময়, রাজনৈতিক প্রতিবন্ধকতা, পেশাগত ও পারিবারিক কাজকে উপেক্ষা করে আপনারা তিন দিনব্যাপি ঊনবিংশতম দ্বিবার্ষিক সম্মেলনে অংশগ্রহণ করেছেন, এজন্য আপনাদের অজস্র ধন্যবাদ। বাংলাদেশ অর্থনীতি সমিতির ২০১২-১৪ সালের নির্বাচিত কার্য নির্বাহী কমিটির পক্ষ থেকে সাধারণ সম্পাদক হিসেবে আমি এখন ২০১২-১৪ সাল ব্যাপী আমাদের কর্মকান্ড সংক্রান্ত প্রতিবেদন পেশ করছি।

শ্রদ্ধেয় সদস্যবৃন্দ,

গত দুই বছর সমিতির বিভিন্ন কর্মকান্ডে আপনাদের সক্রিয় অংশগ্রহণ ও আন্তরিক সহযোগিতা সমিতির কার্যক্রমকে গতিশীল করেছে। বাংলাদেশ অর্থনীতি সমিতির ১৯তম দ্বিবার্ষিক সম্মেলনের আজ শেষ দিন। এ তিনদিনে উদ্বোধনী ও বিশেষ প্লেনারি অধিবেশন ছাড়াও মোট বারটি বিভিন্ন কর্ম অধিবেশনে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আপনাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ। আপনারা লক্ষ্য করেছেন এবারের দ্বিবার্ষিক সম্মেলনের অন্যতম আকর্ষন ছিল বিশেষ প্লেনারি অধিবেশন, যেখানে সম্মেলনের সম্মানীয় অতিথি ও সমিতির সভাপতি সম্মেলন প্রতিপাদ্যের উপর নাতিদীর্ঘ বক্তব্য প্রদান করেছেন। কার্যনির্বাহক কমিটির সিদ্ধান্ত অনুসারে এখন থেকে প্রতিটি দ্বিবার্ষিক সম্মেলনের প্রতিপাদ্যের উপর সমিতির সভাপতি সমিতির অবস্থান ব্যখ্যাপূর্বক নীতি নির্ধারনী বক্তব্য প্রদান করবেন। বিশেষ প্লেনারি অধিবেশন ব্যতিত এবারের সম্মেলনে মোট ১৬৬ জন প্রবন্ধকার ১১৩ টি প্রবন্ধ দক্ষতার সাথে উপস্থাপন

করেছেন। সৃজনশীল এবং সুচিন্তিত প্রবন্ধ উপস্থাপনের মাধ্যমে সম্মেলনকে প্রাণবন্ত করে তোলার জন্য প্রবন্ধকারদের প্রতি আমরা আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি এবং তাঁদের গবেষণা কর্মের আরো সফলতা কামনা করি।

সম্মানিত সদস্যবৃন্দ,

গত দু'বছরে আমরা আমাদের সমিতির প্রাণপ্রিয় ক'জন সদস্যকে চিরতরে হারিয়েছি। আমাদের সমিতির আজীবন সদস্য এবং আমাদের প্রাণপ্রিয় শিক্ষক অধ্যাপক ড. মুশাররফ হোসেন; সমিতির আজীবন সদস্য ও দুই বার কার্য নির্বাহক-কমিটির নির্বাচিত সদস্য, HBFC-র প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক ড. যাদব চন্দ্র সাহা; বাংলাদেশ ব্যাংক এর প্রাক্তন মহাব্যবস্থাপক ও একবার সহ-সভাপতিসহ দুইবার কার্যনির্বাহক কমিটির নির্বাচিত সদস্য মো: গোলাম মোর্তজা; আজীবন সদস্য সউদ আহমদ; আজীবন সদস্য ড. খালেদা সালাউদ্দিন; আজীবন সদস্য ও বর্ত্তমান (২০১২-১৪) কার্যনির্বাহক কমিটির নির্বাচিত সহ-সভাপতি শামীমা আখতার; আজীবন সদস্য, নির্বাহী কমিটির প্রাক্তন নির্বাচিত সদস্য, বিভিন্ন রাষ্ট্রীয় নিয়ন্ত্রনাধীন ও বেসরকারী ব্যাংক এর ব্যবস্থাপনা পরিচালক এম. তাহের উদ্দিন; আজীবন সদস্য কাজী এমদাদুল হক মৃত্যুবরন করেছেন। তন্মধ্যে প্রয়াত অধ্যাপক ড: মুশাররফ হোসেন স্মরনে সমিতি ১লা মার্চ, ২০১৩ তারিখ একটি স্মরন সভা আয়োজন করেছিল। তাছাড়া ড: খালেদা সালাহউদ্দিন ও শামীমা আখতার এর প্রতি শ্রদ্ধার নিদর্শনস্বরূপ এবারের সম্মেলনের ৯ম ও ১০ম অধিবেশনদ্বয় উৎসর্গ করা হয়েছে। এবারেই প্রথম বারের মত সূচীত সমিতির সম্মানিত সদস্য (প্রয়াতসহ) ও বিশিষ্ট ব্যক্তিদের প্রতি সম্মান জানানোর উদ্দেশ্যে "অর্ধিবেশন উৎসর্গ" করার ধারাটি ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে আমরা বিশ্বাস করি। এছাড়া গত দুই বছরে আমাদের সমিতির সদস্য নন অথচ গুরুত্বপূর্ন ব্যক্তিত্বদের মধ্যে যারা মৃত্যুবরন করেছেন তন্মধ্যে উল্লেখ্য, বাংলাদেশের সাবেক মহামান্য রাষ্ট্রপতি মো. জিল্লুর রহমান, সাবেক প্রধান বিচারপতি ও তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা সর্বজন শ্রদ্ধেয় মো. হাবিবুর রহমান, বরেন্যে ইতিবাসবিদ জাতীয় অধ্যাপক এ. এফ সালাউদ্দিন আহমদ, বিশিষ্ট দার্শনিক ও শিক্ষাবিদ সরদার ফজলুল করিম, ভাষাসৈনিক আবদুল মতিন, জাতীয় স্মৃতিসৌধের স্থপতি সৈয়দ মাইনুল হোসেন, সাবেক উপাচার্য শিক্ষাবিদ জিল্লুর রহমান সিদ্দিকী, শিল্পী কাইয়ুম চৌধূরী, বিজ্ঞানী মাকসুদুল আলম, সাবেক প্রধান বিচারপতি মোস্তফা কামাল। এছাড়াও, বাংলাদেশ অর্থনীতি সমিতি সাভারস্থ রানা প্লাজা ধ্বসে গার্মেন্টস শ্রমিকদের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে এবং ধ্বসের জন্য দায়ী ব্যক্তিদের সমুচিত শাস্তি প্রদানের জোর দাবি জানিয়ে বিবৃতি প্রদান করেছে। আমাদের সদস্য ও উল্লেখযোগ্য ব্যক্তিত্বদের মৃত্যুতে আমরা তাঁদের পুণ্য স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই এবং বিদেহী আত্মার শান্তি কামনা করি। আমাদের সদস্যদের অনেকেই তাঁদের অতি প্রিয়জনদের হারিয়েছেন– আমরা আপনাদের সাথে সহমর্মিতা প্রকাশ করছি। সেই সাথে আমাদের সদস্যদের অনেকেই এখন বয়সের ভারে ন্যুজ হয়ে পড়েছেন এবং/অথবা অসুস্থ-তাঁদের সবার সুস্থতা কামনা করছি।

প্রিয় সদস্যবৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতি এ-দেশের অর্থনীতিবিদদের একমাত্র পেশাজীবী সংগঠন। পরিকল্পনা কমিশনের প্রথম ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণ পদক সম্মাননা - ২০১৫ বিজয়ী

অধ্যাপক ড. নুরুল ইসলামের ভাষায় বাংলাদেশ অর্থনীতি সমিতি "জনস্বার্থরক্ষাকারী অর্থনীতিবিদদের প্লাটফর্ম"। একারনেই এ-দেশের বৃহত্তর জনগোষ্ঠী যার অধিকাংশই দরিদ্র-প্রান্তিক-বঞ্চিত-নিম্নমধ্যবিত্ত এবং সেই সাথে সমাজ, রাষ্ট্র ও স্বাধীনতার প্রতি আমাদের দায়বদ্ধতা অন্য অনেক পেশাজীবী সংগঠনের তুলনায় অপেক্ষাকৃত বেশী। একদিকে অর্থনীতি শাস্ত্রের সাধারণের দুর্বোধ্য অথচ প্রয়োজনীয় টেকনিক্যাল বিষয়াদির চর্চা অব্যাহত রাখা অন্যদিকে যা কিছু আমাদের অর্থনীতি-সমাজ-রাষ্ট্রের গতিপথ নির্দেশ ও নিয়ন্ত্রণ করে, এবং সমাজ-রাজনীতি-রাষ্ট্রের যা কিছু অর্থনীতি দিয়ে নির্দ্ধারিত হয়-এ সবের নির্মোহ বিশ্লেষণ এবং তা দেশের মানুষের কাছে পৌঁছে দেয়া আমাদের সমিতির অন্যতম প্রধান দায়িত্ব। এদেশে সত্যভাষ্যের সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্যেও গত দুই বছরে আমরা এসব দায়িত্ব পালনে অঙ্গীকারাবদ্ধ হবার কারণে কোনো অবস্থাতেই পিছপা হইনি, সাহস হারাইনি।

প্রিয় সদস্যবৃন্দ,

২০১২ সালের সেপ্টেম্বর মাসে আপনাদের ভোটে দু'বছর মেয়াদের জন্য আমরা নির্বাচিত হয়ে সমিতির কার্যনির্বাহক কমিটির দায়িত্বভার গ্রহণ করি। দেশের সার্বিক পরিস্থিতি, মাননীয় প্রধান মন্ত্রীর ব্যস্ততা, সমিতির সদস্যদের ছেলে মেয়েদের পিএসসি ও জেএসসি পরীক্ষা, সম্মেলনের প্রস্তুতি মূলক ব্যপক কর্মকান্ড ও সম্মেলন ব্যয়ভার বহনে অনুদান সংগ্রহ-এসব কারণে সম্মেলনের আয়োজনে একটু দেরি হয়ে গেলো। এ অনিচ্ছাকৃত বিলম্বের জন্য আপনাদের ক্ষমাসুন্দর দৃষ্টি প্রত্যাশা করছি।

উপস্থিত সদস্যবৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতি গত দুই বছরে যে যথেষ্ট মাত্রায় সচল ছিল এবং বহুমুখী কর্মকান্ড সুসম্পন্ন করেছে তার প্রমাণ মিলবে এ প্রতিবেদনের শেষে সংযুক্ত বাংলাদেশ অর্থনীতি সমিতি "২০১২-২০১৪ এর মূল কর্মকান্ডের খেরো-খাতা'য় (সংযোজনী-ক)। সমিতির গঠনতন্ত্র মোতাবেক আমাদের পেশাগত উৎকর্ষ ও স্বার্থসংরক্ষণসহ এ দেশের গণ-মানুষের প্রতি আমাদের দায়-দায়িত্ব পালনে বর্তমান কার্যনির্বাহক কমিটির সদস্যদের মেধা, অক্লান্ত পরিশ্রম ও সকল সদস্যের সহযোগিতার মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে বলে আমরা মনে করি। অনেক কিছু নিয়েই আমরা বেশ খুশী তবে অনেক ক্ষেত্রেই আমরা আত্মতুষ্ট নই।

গত দু'বছরে সমিতি যে যথেষ্ট মাত্রায় কর্মমুখর ছিল তা আমাদের দৃশ্যমান কর্মকান্ডের একটি সংক্ষিপ্ত বিবরণী দিলে স্পষ্ট হবে। গত দু'বছরে সমিতির সফল কর্মকান্ডের অন্তর্ভুক্ত বিষয়াদি নিম্নরুপঃ

১। সৃজনশীল প্রতিভা, মেধা মনন এবং জনকল্যাণ উদ্দিষ্ট গবেষণা ও কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ গত কয়েক বছর যাবৎ আমাদের সমিতি "বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণ পদক সম্মাননা" নামে সৃজনশীল ও প্রথিতযশা ব্যক্তিবর্গকে স্বর্ণপদক প্রদান করে আস্‌ছে। কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী "বাংলাদেশ অর্থনীতি সমিতি স্বর্ণ পদক সম্মাননা-২০১৫" স্বর্ণপদক প্রদান করা হয়েছে মোট ৪ জন বিশিষ্ট অর্থনীতিবিদ ও ব্যক্তিকে। এরা হলেনঃ প্রয়াত অধ্যাপক ডঃ মুশাররফ হোসেন, প্রয়াত লুৎফর রহমান সরকার, ডঃ অশোক মিত্র, অধ্যাপক ডঃ নুরুল ইসলাম। এবারই প্রথম সমিতি দেশের বাইরে এক জন অর্থনীতিবিদকে স্বর্ণপদক সম্মাননা জানাল। উল্লেখ্য, ড. অশোক মিত্র পশ্চিম বঙ্গের বাসিন্দা হলেও এদেশেই জন্মেছেন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট।

২। নোবেল বিজয়ী অর্থনীতিবিদ, বিশিষ্ট আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন অর্থনীতিবিদ ও ব্যক্তিবর্গকে সমিতির সম্মানিত আজীবন সদস্য পদ প্রদান করা আমাদের একটি রেওয়াজ। এরই ধারাবাহিকতায় এবারের দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধক বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, এমপি এবং সম্মেলনের সম্মানীয় অতিথি বিচারপতি এ.বি.এম খায়রুল হক, চেয়ারম্যান, আইন কমিশন- কে সমিতির সম্মানিত আজীবন সদস্যপদ প্রদান করা হয়েছে। এখানে উল্লেখ্য যে এবারই প্রথম দুইজন দেশীয় বিশিষ্ট ব্যক্তিকে সম্মানিত আজীবন সদস্য পদ (ক্রমিক নং - ১২ ও ১৩) প্রদান করা হয়েছে। আপনারা সবাই অবগত আছেন, গত ২০১০-১২ দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা "ঢাকা স্কুল অব ইকোনমিক্স" এর শুভযাত্রা ঘোষণা করেছিলেন। সম্মানিত সদস্যদের জ্ঞাতার্থে জানাচ্ছি যে, "ঢাকা স্কুল অব ইকোনমিক্স" ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নিয়ে একাডেমিক কার্যক্রম শুরু করেছে। এরিমধ্যে বাংলাদেশ সরকার স্কুলটিকে নিজস্ব ভবন নির্মানের জন্য ঢাকার অদূরে পূর্বাচল আবাসিক এলাকায় সরকার নির্ধারিত মূল্যে ৫ বিঘা জমি প্রদান করেছে। যদিও স্কুলটি একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান, তথাপি একথা বলতেই হয় যে, অর্থনীতি শাস্ত্রের নির্মোহ জ্ঞান চর্চার মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ অর্থনীতি সমিতির একক প্রচেষ্টায় এটা প্রতিষ্ঠিত হয়েছে। আমরা স্কুলটিকে অর্থনীতি শাস্ত্রের দক্ষিণ এশিয়ার একটি "সেন্টার অফ এক্সেলেন্স" হিসেবে দেখতে চাই। সমিতি দৃঢ়ভাবে আশাবাদী যে, ডঃ কাজী খলীকুজ্জমান আহমদ-এর সুযোগ্য নেতৃত্বে স্কুলটি দৃঢ় পদক্ষেপে সেদিকে এগিয়ে যাবে।

৩। ২০১২-১৪ সালের দ্বিবার্ষিক সম্মেলনে উপস্থাপিত প্রবন্ধসমুহ এবং তৎপরবর্তীতে গত দুই বছরে সমিতি আয়োজিত বিভিন্ন সেমিনারে উপস্থাপিত প্রবন্ধসমূহ যথাযথ Editorial Screening এর মাধ্যমে নির্বাচিত প্রবন্ধসমূহের সমন্বয়ে Journal of Political Economy ২০১২-১৪ (পাঁচ খন্ড) প্রকাশ করা হয়েছে। জার্নালটি প্রকাশ করার ক্ষেত্রে সমিতির আজীবন সদস্য ডঃ আইয়ুবুর রহমান ভূঁইয়ার অবদান কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

৪। সমিতিরি সদস্যদের আরও কিছু প্রবন্ধের সমন্বয়ে এবং সমিতির বিভিন্ন কার্যক্রমের বর্ণনা সংযুক্ত করে প্রণীত হয়েছে "বাংলাদেশ অর্থনীতি সমিতি সাময়িকী-২০১৪।"

৫। ডিসেম্বর, ২০১৪ পর্যন্ত সমিতির মোট সদস্য সংখ্যা হল ৪,১২৪, তন্মধ্যে আজীবন ও সাধারণ সদস্য সংখ্যা যথাক্রমে ২৬৯৯ এবং ১৩৪৯। সহযোগী সদস্য সংখ্যা হচেছ ৭৬। এ মুহুর্তে কোন ছাত্র সদস্য নেই।

৬। আমাদের কার্যকালে আমরা মোট ২টি লোক বক্তৃতার আয়োজন করেছিলাম। "Globalization and Development" শীর্ষক প্রথম লোক বক্তৃতাটি প্রদান করেছিলেন ড. অশোক মিত্র, ৩০ শে নভেম্বর ২০১২ তারিখে এল.জি.ই.ডি.অডিটরিয়ামে। দ্বিতীয় লোক বক্তৃতাটি প্রদান করেছেন সমিতির বর্তমান সভাপতি অধ্যাপক ড. আবুল বারকাত, ২২শে মার্চ ২০১৪ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে।

৭। আমাদের কার্যক্রম শুধুমাত্র ঢাকায় সীমাবদ্ধ না রেখে আমরা পূর্বের ন্যায় এবারও রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে মোট ২টি আঞ্চলিক সেমিনারের আয়োজন করেছিলাম। কুমিল্লা বিশ্ববিদ্যালয় এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়,

রংপুর-এ আরও দুইটি আঞ্চলিক সেমিনার করার কথা থাকলেও রাজনৈতিক ও অন্যান্য জটিলতার কারনে তা সম্ভব হয়ে উঠেনি। এজন্য আমরা আন্তরিক ভাবে দুঃখিত।

৮। প্রতি বছরের ন্যায় আমাদের কার্যকাল সময়ে আমরা ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরের বাজেট পূর্ব এবং বাজেট পরবর্তী বিশ্লেষণ সংবাদ সম্মেলনের মাধ্যমে দেশবাসীকে অবহিত করেছি। এখানে উল্লেখ্য যে, বিগত অর্থবছরগুলোতে বাংলাদেশ সরকারের নীতি নির্ধারকরা বাজেট সংক্রান্ত আমাদের সুপারিশমালা অত্যন্ত মনযোগের সাথে শুনেছেন এবং আমাদের বহু সুপারিশ বাজেটে সন্নিবেশিত করেছেন। আরো উল্লেখ্য, পরিকল্পনা কমিশন কতৃক প্রণীতব্য Seventh Five Year Plan- কে উদ্দেশ্য করে গঠিত Panel of Economists- এ অন্তর্ভূক্ত আছেন সমিতির সভাপতি, সাধারন সম্পাদক ও এক জন সহসভাপতি।

৯। ২০১২-১৪ কার্য্যকালে মোট ২টি প্রশিক্ষন কর্মশালার আয়োজন করা হয়েছিল। তন্মধ্যে প্রথমটি ছিল "সাংবাদিক রিফ্রেশার কোর্স অন বাজেট" এবং দ্বিতীয়টি ছিল "Green Banking and Green Economy" - ব্যাংকার ও সাধারন সদস্যদের জন্য।

১০। সমিতি আয়েজিত লোক বক্তৃতা, আঞ্চলিক সেমিনার, প্রশিক্ষন কর্মশালা ইত্যাদি কর্মকান্ডে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, অতিথি ও সমিতির সদস্যবৃন্দের উপস্থিতির হার ছিল ব্যপক। এসব তথ্য নির্দেশ করে যে একদিকে যেমন আমাদের উপর অর্পিত দায়িত্ব পালনে আমরা সচেষ্ট ছিলাম, অন্যদিকে সম্মানিত সদস্যরাও গভীর আগ্রহ নিয়ে আমাদের সকল কর্মকান্ডে অংশ নিয়েছেন। শুধু একাডেমিক কার্যক্রম নয়, জাতীয় পর্যায়ের বিভিন্ন দিবসগুলির কার্যক্রম যেমনঃ পহেলা বৈশাখ, একুশের প্রভাত ফেরী, বিজয় দিবস, শহীদ বুদ্ধিজীবি দিবসের অনুষ্ঠান ইত্যাদিতেও বাংলাদেশ অর্থনীতি সমিতির সদস্যরা সক্রিয়ভাবে অতীতের ন্যায় অংশ নিয়েছিলেন। সমিতির এ ঐতিহ্য ভবিষ্যতেও ধরে রাখতে আমরা সংকল্পবদ্ধ।

১১। বাংলাদেশ অর্থনীতি সমিতি প্রচলিত অর্থে একটি অরাজনৈতিক সংগঠন। কিন্তু আমরা মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জিবিত হয়ে সম্পূর্ন অসাম্প্রদায়িক, প্রগতিশীল, উদার গনতান্ত্রিক কল্যান রাষ্ট হিসাবে বাংলাদেশকে বিনির্মানের স্বপ্ন দেখি। আমরা প্রতিনিয়ত দেশের বৃহত্তর দরিদ্র বঞ্চিত জনগোষ্ঠির স্বার্থানুকুলেই কাজ করি। কিন্তু মুক্তিযুদ্ধের বিরোধিতাকারী, বাংলাদেশের স্বাধীনতা বিরোধী অপশক্তি সমূহের হত্যাযজ্ঞ ও মানবতাবিরোধী কার্যক্রমের আন্তর্জাতিক আইন সম্মত বিচার কার্য শুরু হওয়া এবং ২০১৪ সালের সাধারন নির্বাচনের প্রেক্ষাপটে ২০১২-২০১৩ সালে সংগঠিত সহিংস রাজনীতি, জ্বালাও পোড়াও, অর্থনীতি ধ্বংসকারী কার্যক্রম বিবেচনায় নিয়ে বিবেকের দংশনে বাংলাদেশ অর্থনীতি সমিতি ৪ঠা জানুয়ারী ২০১৪ তারিখে "সহিংস রাজনীতি, সংকটে দেশ ঃ ভবিষ্যত ভাবনা" শীর্ষক একটি গোলটেবিল আলোচনার আয়োজন করে। সমিতির সভাপতি অধ্যাপক ড. আবুল বারকাত এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী কবি, সাহিত্যিক শিক্ষক, বুদ্ধিজীবি, অবসর প্রাপ্ত সামরিক কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, সংস্কৃতিকর্মী সহ সকল স্তরের মানুষ অংশগ্রহণ করে। অনুষ্ঠানটি কয়েকটি টিভি চ্যানেলে সরাসরি সম্প্রচার করা হয়। উপরোক্ত অনুষ্ঠানটি সাম্প্রদায়িক জঙ্গী গোষ্ঠী ও তাদের সহায়তাকারীদের বিপক্ষে, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসীদের সংগঠিত করার লক্ষ্যে এবং সাধারন জনমত গঠনে ব্যপক ভূমিকা রেখেছে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

একই ভাবে তৎকালীন (২০১২-১৩) সময়ে জঙ্গীবাদী গোষ্ঠীর সহিংস রাজনৈকিত কার্যকলাপ তথা বাস-ট্রাক-ট্রেন জ্বালাও পোড়াও কর্মকান্ডে অগ্নিদগ্ধ হয়ে যে সমস্ত নিরীহ জনতা চিকিৎসাধীন ছিলেন তাদের সাহায্যার্থে সমিতি ঢাকা মেডিকেল কলেজের বার্ন ইউনিটে তিন লাখ টাকা অনুদান প্রদান করে। মুক্তিযুদ্ধে মানবতাবিরোধী অপরাধের সাথে জড়িত স্বাধীনতা বিরোধীদের সর্বোচ্চ শাস্তির দাবিতে সচেতন তরুণ সমাজ আয়েজিত "গনজাগরন মঞ্চের" সাথে আপামর সাধারন মানুষের ন্যায় সমিতিও একাত্মতা ঘোষণা করে।

সমিতি মানবতা বিরোধী আন্তর্জাতিক আদালতের রায় নিয়ে পাকিস্তানি মন্ত্রীর বিরূপ মন্তব্যের সমালোচনা করে বিবৃতি প্রদান করে।

প্রিয় সহকর্মী ও সদস্যবৃন্দ,

১২। সমিতির গঠনতন্ত্রের ধারা ঙ.১ মোতাবেক কার্যনির্বাহক কমিটির সভা অনুষ্ঠিত হবার কথা প্রতি ৩ মাসে অন্তত একবার। গঠনতন্ত্রের বিধান মোতাবেক সমিতির দায়িত্বভার নেবার পরে গত ২৮ মাসে (সেপ্টেম্বর, ২০১২ থেকে ডিসেম্বর, ২০১৪) কার্যনির্বাহক কমিটির নিয়মিত মাসিক সভা ২০১২ সনে ৩টি, ২০১৩ সনে ১০টি এবং ২০১৪ সনে ২৪টি অনুষ্ঠিত হয়েছে। কার্যনির্বাহক কমিটির সদস্যদের গড় উপস্থিতির হার ছিল প্রায় ৬০%। আশা করি আপনারা সকলেই একমত হবেন যে সমিতির ইতোমধ্যে উল্লেখিত ব্যাপক কর্মকান্ড আর সেই সাথে কার্যনির্বাহক কমিটির নিয়মিত মাসিক সভা-এ দু'য়ের মধ্যে সম্পর্কটি সমিতিতে গত দুই বছরে আমাদের সক্রিয়তার মাত্রা নির্দেশ করে।

১৩। সমিতির আজীবন সদস্য জনাব মোঃ আবদুল মজিদ (সদস্যনং-৭২১) গঠনতন্ত্র সংশোধনী সংক্রান্ত তাঁর ২রা আগস্ট, ২০১৪ স্বাক্ষরিত পত্রটি (সংযোজনী-খ) এবং কার্যনির্বাহক কমিটির গঠনতন্ত্র সংশ্লিষ্ট উপ-কমিটির সুপারিশ সম্বলিত রিপোর্টটি (সংযোজনী-গ) সমিতির ২৯ শে ডিসেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহক কমিটির সভায় উপস্থাপিত হলে কমিটি গঠনতন্ত্রের ধারা ছ(১) অনুযায়ী সাধারন সভায় উপস্থাপনের জন্য ধারা এবং ছ(২) অনুযায়ী সাধারন সদস্যদের কাছে প্রেরনের সিদ্ধান্ত গ্রহন করে। সিদ্ধান্ত অনুযায়ী আপনাদের নিকট সংশোধনী সংক্রান্ত মাননীয় সদস্য-এর চিঠি ও সংশ্লিষ্ট কমিটির রিপোর্ট যথাসময়ে প্রেরিত হয়েছে। সাধারন সম্পাদকের রিপোর্ট পেশের পর সংশোধনী প্রস্তাবের উপর আলোচনা করা যেতে পারে।

১৪। ১২ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহক কমিটির সভায় মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ড. আবুল বারকাত - কে উদ্দেশ্য করে তৎকালীন সময়ে গনমাধ্যমে প্রকাশিত বক্তব্যের উপর আলোচনা হয়। একই বিষয়ে পরবর্তীতে ১৫ সেপ্টেম্বর, ২৩ সেপ্টেম্বর, ৩০ সেপ্টেম্বর, এবং ১৫ অক্টোবর, ২০১৪ তারিখে আলোচনার প্রেক্ষিতে ১৫ অক্টোবর সভায় বিষয়টি সাধারন সদস্যদের অবহিত করার লক্ষ্যে সাধারন সম্পাদকের প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপরোক্ত বিষয়ে ১২ সেপ্টেম্বর, ১৫ সেপ্টেম্বর, ২৩ সেপ্টেম্বর, ৩০ সেপ্টেম্বর এবং ১৫ অক্টোবর, ২০১৪ তারিখে গৃহীত কার্যনির্বাহক কমিটির সিদ্ধান্তসমূহ তারিখওয়ারী উদ্ধৃত হ'লঃ

ক) ১২ সেপ্টেম্বরঃ সিদ্ধান্ত ৭ঃ অধ্যাপক ড. আবুল বারকাত-কে উদ্দেশ্য করে মাননীয় অর্থমন্ত্রী সাম্প্রতিক বক্তব্যের প্রেক্ষিতে গনমাধ্যমে প্রেস রিলিজের মাধ্যমে প্রতিবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত (প্রেস রিলিজের বিষয়ে খসড়া তৈরী করবেন ড. জামালউদ্দিন আহমেদ ও জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সর্দার) হয়।

খ) ১৫ সেপ্টেম্বরঃ সহজ সাবলীল ভাষায় একটি প্রেস রিলিজ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রেস রিলিজের ভাষায় যাতে অর্থনীতি সমিতির মর্যাদা সমুন্নত থাকে এবং অধিকাংশ জনগনের নিকট গ্রহনযোগ্য হয় সে বিষয়টি লক্ষ্য রাখার জন্য সভার পক্ষ থেকে নজর রাখার জন্য অনুরোধ জানানো হয়। (প্রেস বিজ্ঞপ্তি সংযুক্ত)

প্রেস বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত সম্প্রতি বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি অধ্যাপক ড. আবুল বারকাত সম্পর্কে কিছু মন্তব্য করেছেন। এ ধরনের মন্তব্যে বাংলাদেশ অর্থনীতি সমিতি অত্যন্ত মর্মাহত ও এর প্রতিবাদ জানাচ্ছে। সমিতি মনে করে যে, অর্থমন্ত্রী মহোদয়ের মত একজন দায়িত্বশীল ব্যক্তির কাছ থেকে এ ধরনের মন্তব্য প্রত্যশিত নয়। সমিতি আরও মনে করে যে, ভবিষতে তিনি এ ধরনের মন্তব্য করা থেকে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে বিরত থাকবেন।

গ) ২৩ সেপ্টেম্বরঃ সিদ্ধান্ত ২ঃ সভায় গত ১৫/০৯/২০১৪ তারিখের জরুরী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন সমিতির যুগ্ম সম্পাদক জনাব বদরুল মুনির। তিনি গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পত্রিকায় প্রদানের লক্ষ্যে প্রনীত প্রেস রিলিজটি পড়ে শোনান।

সিদ্ধান্ত ৩ঃ সহ-সভাপতি অধ্যাপক ড. মোয়াজ্জেম হোসেন খান এবং যুগ্ম সম্পাদক জনাব বদরুল মুনির-এর স্বাক্ষরে প্রেস বিজ্ঞপ্তি পত্রিকায় যাবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে গনমাধ্যমে পাঠানোর আগে সভাপতি মহোদয়ের সাথে আলাপ করতে হবে।

ঘ) ৩০ সেপ্টেম্বরঃ সিদ্ধান্ত ৬ঃ গত ১৫/০৯/২০১৪ তারিখের মিটিং এ প্রস বিজ্ঞপ্তি পত্রিকাতে দেবার ব্যপারে সমিতির সাধারন সম্পাদক অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধূরী, কোষাধ্যক্ষ জনাব মসিহ মালিক চৌধূরী এবং কার্যনির্বাহক কমিটির সদস্য অধ্যাপক হান্নানা বেগম Note of Dissent দেন (৩ জন)।

সিদ্ধান্ত ৮ঃ প্রেস বিজ্ঞপ্তি (প্রত্রিকাতে দেওয়ার জন্য) প্রস্তুতের পর যে তারিখ হবে, সেই তারিখে সমিতির সহ সভাপতি ড. জামালউদ্দিন আহমেদ ও যুগ্ম সম্পাদক জনাব বদরুল মুনির এর স্বাক্ষরে প্রেরন করা হবে। এছাড়াও সম্মতি দিয়েছেন এবং দেবেন তাদের স্বাক্ষর থাকবে বলে সিদ্ধান্ত হয়।

১৫ অক্টোবরঃ সিদ্ধান্ত ৬ঃ জনতা ব্যাংকের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাত সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত "বিগত ৫ (পাঁচ) বছরে জনতা ব্যাংকের অবক্ষয় হয়েছে" মর্মে যে বাস্তবতা বিবর্জিত বক্তব্য প্রদান করেছেন, তা বাংলাদেশ অর্থনীতি সমিতির নির্বাচিত কার্যনির্বাহক কমিটিকে মর্মাহত করেছে। সভায়

জনতা ব্যাংকের সদ্য সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. আবুল বারকাতকে উদ্দেশ্য করে এরূপ বক্তব্য প্রদান করায় প্রতিবাদ ও নিন্দাজ্ঞপন করে প্রত্রিকায় প্রতিবাদলিপি প্রকাশের জন্য কার্যনির্বাহক কমিটির সংখ্যাগষ্ঠিতার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হলেও তা দেশ ও জাতীর বৃহত্তর স্বার্থে স্থগিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। তবে সেই সাথে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্তও নেয়া হয় যে, বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির পূর্ববর্তী সভার (৩০.০৯.২০১৪ তারিখ) কার্যবিবরণীর ৬, ৭ ও ৮ নং সিদ্ধান্তের বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক বক্তব্যের নিন্দা জানানোর ব্যাপারে সভায় পত্রিকায় প্রতিবাদলিপি (প্রেস বিজ্ঞপ্তি) প্রেরণ না করে, সমিতির আসন্ন সাধারন সভায় সাধারন সদস্যগণকে এ ব্যাপারে অবহিত করার লক্ষ্যে গঠনতন্ত্রের অনুচ্ছেদ নং ঙ এর (৮) ধারা মোতাবেক সাধারণ সম্পাদকের "বার্ষিক প্রতিবেদনে" বিষয়টি অন্তর্ভূক্ত করা হবে। কার্যনির্বাহক কমিটির সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে উল্লেখিত নিন্দাজ্ঞাপন বিষয়ে প্রতিবাদলিপির (প্রেস বিজ্ঞপ্তির) ব্যাপারে যে ৩ জন ভিন্নমত (Note of Dissent) দিয়েছেন সে বিষয়টিও বার্ষিক প্রতিবেদনে উল্লেখ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১৫। আমাদের সমগ্র কর্মকান্ডে স্বচ্ছতা নিশ্চিত করা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে প্রায় প্রতিটি বিষয়েই পত্র মারফত আপনাদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার চেষ্টা করেছি। কার্যনির্বাহক কমিটির প্রয়োজনীয় সকল সিদ্ধান্ত সময়মত আপনাদের অবগত করেছি। সমিতির কার্যক্রম আরো ফলপ্রদ আরো ভালো করার জন্য আপনাদের পরামর্শ চেয়েছি। আর্থিক হিসেব-নিকেশের স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিতে কার্যনির্বাহক কমিটিতে কোষাধ্যক্ষের রিপোর্ট প্রদানের বিধি অব্যাহত রাখা হয়েছে। শুধু তাই নয় প্রতিটি কার্যনির্বাহক কমিটির সভার কার্যবিবরণী পরবর্তী সভায় নিয়মিতভাবে উপস্থাপন করা এবং সুসংবদ্ধভাবে নথীভুক্ত করা হচ্ছে। এ সবই স্বচ্ছতা ও জবাবদিহিতামূলক স্বেচ্ছাশ্রমের উৎকৃষ্ট দৃষ্টান্ত।

সুধীজন,

তিনদিন ব্যাপি দ্বিবার্ষিক সম্মেলন আয়োজনে সমিতির কার্যনির্বাহক কমিটির বিভিন্ন কমিটি-উপকমিটির সকল সদস্য এবং সমিতির সীমিত সংখ্যক কর্মচারী-কর্মকর্তারা নির্ঘুম পরিশ্রম করেছেন- এজন্য তাঁদের আন্তরিক কৃতজ্ঞতা জানাই। আমাদের প্রিয় ছাত্র-ছাত্রীরাসহ অন্যান্যরা যে স্বেচ্ছাশ্রম দিয়েছেন সেজন্য সমিতির পক্ষ থেকে তাদের সবাইকে ধন্যবাদ। আজকের এ মিলনায়তনে অনুপস্থিত অথচ সম্মেলন কর্মকান্ড সুন্দর ও সার্থক করা 'পর্দার অন্তরালের' যেসব ব্যক্তির অক্লান্ত পরিশ্রম ছাড়া অসম্ভব সেই দরিদ্র রাত-জাগা মুদ্রণ কর্মী, খাদ্য পরিবেশক এবং শান্তি-শৃংখলা সংশ্লিষ্ট কর্মকান্ডের সাথে জড়িত সবাইকে আন্তরিক ধন্যবাদ। সম্মেলনের বিভিন্ন কার্যক্রমে যারা মেধা-শ্রমসহ আর্থিক সহায়তা প্রদান করেছেন তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। যেসব প্রতিষ্ঠানের প্রতি আমরা কৃতজ্ঞতা স্বীকার করছি তাদের মধ্যে আছেঃ

1. Abul Barkat Peace and Progress Foundation
2. Agrani Bank Ltd.
3. Ali Paper Mills Ltd.
4. ANNON Tex Group
5. Bangladesh Bank

6. Bangladesh Export Import Co. ltd.
7. Bangladesh Small & Cottage Inds. Corp.
8. Exim Bank Ltd.
9. Exim Leather
10. Green Trade House
11. Hamdard Laboratories (WAQF)
12. Janata Bank Ltd.
13. M/S Ratanpur Steel Re-Rolling Mills Ltd.
14. Maksons Spinning Mills Ltd.
15. Mercantile Bank Ltd.
16. Moneex Fabrics Ltd.
17. NCC Bank Ltd.
18. Paradise Fashions Pvt. Ltd.
19. Pragati Leather Complex
20. Pubali Salt Insdustries
21. Ranka Denim Texitile Mills Ltd.
22. Rupali Bank Ltd.
23. Shajalal Islami Bank Ltd.
24. Social Islami Bank Ltd.
25. Sonali Bank Ltd.
26. South Bangla Bank Limited
27. The Delta Composite Knitting Industries Ltd.
28. Thermex Group
29. Union Apprarels Ltd.
30. Zara Grain Ltd.

সর্বশেষ, ইঞ্জিনিয়ার্স ইনষ্টিটিউশন বাংলাদেশ এর কর্তৃপক্ষকে সর্বাত্মক সহযোগিতার জন্য বাংলাদেশ অর্থনীতি সমিতির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ।

প্রিয় সদস্যবৃন্দ,

বাংলাদেশ অর্থনীতি সমিতির গত দুই বছরের কর্মকান্ড সংক্রান্ত সাধারণ সম্পাদকের প্রতিবেদন পেশ করলাম। আমরা সব কিছু পেরেছি একথা বলবো না। তবে আমাদের সদিচ্ছা এবং স্বেচ্ছাশ্রমে চেষ্টার কোনো ত্রুটি ছিল না। যা কিছু আমরা করেছি সেখানে ***দেশের স্বার্থ ও দেশের ব্যাপক জনগোষ্ঠীর স্বার্থ সব কিছুর উর্ধ্বে*** -এ বিবেচনা আমরা কখনও ভুলিনি। কারণ এসবই আমাদের মুক্তি ও স্বাধীনতার মূল চেতনা।

এবারের সম্মেলনসহ গত দুই বছরে আমাদের কোনো ভুল-ত্রুটি থাকলে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন।

সমিতি এখন এক স্বচ্ছ রূপ ধারনে সক্ষম হয়েছে। সমিতি অতীতের তুলনায় সক্রিয়তর হয়েছে। এ অর্জন ধরে রাখা প্রয়োজন। সেই সাথে সময়ের চাহিদার সাথে তাল মিলিয়ে ভবিষ্যতে আরো সৃজনশীলতার প্রয়োগ প্রয়োজন।

সর্বশেষে অবশ্যই আপনার ও আপনার পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

আপনাদের সবাইকে আরো একবার ধন্যবাদ।

ড. তৌফিক আহমদ চৌধূরী
সাধারণ সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি

সংযোজনী - ক

বাংলাদেশ অর্থনীতি সমিতি

২০১২ - ১৪ মূল কর্মকাণ্ডের খেরোখাতা

১। লোকবক্তৃতা

(Publication)

তারিখ/স্থান	শিরোনাম	বিষয়	Speaker	উপস্থিতি
৩০/১১/২০১২ এলজিইডি মিলনায়তন	'BEA Public Lecture-2012'	"Globalization and Development"	Dr. Ashok Mitra	৬৫০
২২/০৩/২০১৪ ঢাকা সিনেট হল	লোকবক্তৃতা ২০১৪	বাংলাদেশে দারিদ্র্য-বৈষম্য-অসমতা: একীভূত রাজনৈতিক অর্থনীতির তত্ত্বের সন্ধানে	ড. আবুল বারকাত	১২০০

২। আঞ্চলিক সেমিনার

(Regional Seminar)

তারিখ/স্থান	সেমিনারের বিষয়	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকার	নির্ধারিত আলোচক/বক্তা	উপস্থিতি
২৬/১০/২০১৩ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ	"Changing Farming System in Bangladesh and Its Implication for Improving food Security"	Rice-Sunflower cropping pattern and its contribution to income and food security of farmers.	Mahnaz Afsar Mahbub Hossain Tofazzal Hossain Miah	অধ্যাপক ড. আবুল বারকাত অধ্যাপক ড. মোঃ রফিকুল হক অধ্যাপক ড. শংকর কুমার রাহা	২০০
		Risk and Agricultural production-an Assessment towards Food Security in Kurigram District of Bangladesh.	Md. Rais Uddin Mian		
		Small-Scale commercial Vegetables Farming and its implication for improving livelihoods of Char People. Financial profitability of	Sakib Hassan Mahbub Hossain Tofazzal Hossain Miah		

তারিখ/স্থান	সেমিনারের বিষয়	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকার	নির্ধারিত আলোচক/বক্তা	উপস্থিতি
		aromatic rice production and its impacts on farmers livelihood in Selected Areas of Tangail District.	Jannatul Nasrin Md. TajUddin		
		Profitability and Resource Use Efficiency of Maize Production in Changing farming System and Its implication in Household Food Security.	Md. Rais Uddin Mian A.M. Kudrat-E-Huda		
		Commercial Bean Farming uner different farm categories and its impacts on livelihoods of farmers in Ishwardi Upazila of Pabna District.	Md. Ruhul Amin Tofazzal Hossain Miah		
১০/০৫/২০১৪ রাজশাহী বিশ্ববিদ্যালয় সিনেট হল, রাজশাহী	অর্থনৈতিক উন্নয়নে আঞ্চলিক বিষয়সমূহ"	An Exploration of The Role of Non-Conventional Mechanized Transport in the Northern Bang ladesh: A Supply Side Analysis	Md. Nasir Uddin Goni A.N.K. Noman Md. Abdur Rashid Sarker	অধ্যাপক ড. তারিক সাইফুল ইসলাম অধ্যাপক ড. আবুল বারকাত অধ্যাপক ড. মোয়াজ্জেম হোসেন খান অধ্যাপক ড. চৌধুরী সারওয়ার জাহান অধ্যাপক ড. মৌলিক আহমদ চৌধুরী অধ্যাপক ড. মুহম্মদ নিজামউদ্দিন	২০০
		Climatic Variability, Agricultural Transformation And Food Security In The North-Western Bangladesh	A.N.K. Noman Kazi Julfikar Ali		
		Impact Of Farm Mechanization On Productivity And Profitability Of Rice Farm In Rajshahi District			
		Drought And Public Policy Concerns For North-Western Region Of Bangladesh	Md. Atiqul Islam A.N.K. Noman		

তারিখ/স্থান	সেমিনারের বিষয়	প্রবন্ধের বিষয়	প্রবন্ধকার	নির্ধারিত আলোচক/বক্তা	উপস্থিতি
		aromatic rice production and its impacts on farmers livelihood in Selected Areas of Tangail District.	Jannatul Nasrin Md. TajUddin		
		Profitability and Resource Use Efficiency of Maize Production in Changing farming System and Its implication in Household Food Security.	Md. Rais Uddin Mian A.M. Kudrat-E-Huda		
		Commercial Bean Farming uner different farm categories and its impacts on livelihoods of farmers in Ishwardi Upazila of Pabna District.	Md. Ruhul Amin Tofazzal Hossain Miah		
১০/০৫/ ২০১৪ রাজশাহী বিশ্ববিদ্যালয় সিনেট হল, রাজশাহী	অর্থনৈতিক উন্নয়নে আঞ্চলিক বিষয়সমূহ"	An Exploration of The Role of Non-Conventional Mechanized Transport in the Northern Bang ladesh: A Supply Side Analysis	Md. Nasir Uddin Goni A.N.K. Noman Md. Abdur Rashid Serker	অধ্যাপক ড. তারিক সাইফুল ইসলাম অধ্যাপক ড. আবুল বারকাত অধ্যাপক ড. মোয়াজ্জেম হোসেন খান অধ্যাপক ড. চৌধুরী সারওয়ার জাহান অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধুরী অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন	২০০
		Climatic Variability, Agricultural Transformation And Food Security In The North-Western Bangladesh	A.N.K. Noman Kazi Julfikar Ali		
		Impact Of Farm Mechanization On Productivity And Profitability Of Rice Farm In Rajshahi District			
		Drought And Public Policy Concerns For North-Western Region Of Bangladesh	Md. Atiqul Islam A.N.K. Noman		

৩। গোলটেবিল, সংলাপ, মতবিনিময় সভা
(Round Table Discussion and Dialogue Meeting)

তারিখ/স্থান		মূল বিষয়	আলোচক	আলোচক, সভাপতি	উপস্থিতি
০৪/০১/২০১৪	গোলটেবিল আলোচনা	"সহিংস রাজনীতি, সঙ্কটে দেশ: ভবিষ্যৎ ভাবনা" (প্রবন্ধ নেই)		অধ্যাপক ড. আবুল বারকাত	২০০

৪। সাংবাদিক সম্মেলন: বাজেট

তারিখ/স্থান	বিষয়	প্রবন্ধের বিষয়	উপস্থাপক	উপস্থিতি
১৭/০৬/২০১৩	সাংবাদিক সম্মেলন (বাজেট ২০১৩-১৪)	বাংলাদেশ সরকারের ২০১৩-১৪ অর্থবছরের বাজেট: প্রতিক্রিয়া ও সুপারিশ	ড. আবুল বারকাত ড. তৌফিক আহমদ চৌধুরী	১৫০
০৭/০৬/২০১৪	সাংবাদিক সম্মেলন	বাংলাদেশ সরকারের ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেট: প্রতিক্রিয়া ও সুপারিশ	ড. আবুল বারকাত ড. তৌফিক আহমদ চৌধুরী	১৩০

৫। প্রশিক্ষণ কর্মশালা

তারিখ/স্থান	বিষয়	প্রশিক্ষক	প্রশিক্ষণ বিষয়	কোঅর্ডিনেটর	প্রশিক্ষণার্থী সংখ্যা
১৩/০৪/২০১৩	সাংবাদিক রিফ্রেশার কোর্স-অন বাজেট	Dr. Abul Barkat Mr. Khandakar Ibahim Khaled Dr. Toufic Ahmad Choudhury Dr. Mohammed Abu Eusuf Mr. Shirajun Noor Chowdhury	Budget: Conceptual Issues Budget: Bangladesh Issues Process of Budget Preparation in Bangladesh Open Discussion on National budget of Bangladesh Panelist		৪০
০৫/১০/২০১৩ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	**Green Banking & Green Economy**	Mr. S M Aminur Rahman Mr. Sanwar Hossain Dr. Fahmida Khatun Dr. Shah Md. Ahsan Habib Mr. Morshed Millat Mr. Fazle Rabbi Sadeque Ahmed Dr. Sarwar Uddin Ahmed	Green Banking : Conceptual Issues Status of Green Banking and role of Bangladesh Bank Regulatory and Policy Issues of a Green Economy : Bangladesh Perspective Open Discussion on Green Banking and Green Economy		৬০

৬। স্মরণ সভা

তারিখ/স্থান	বিষয়		সভাপতি	উপস্থিতি
০১/০৩/২০১৩ অর্থনীতি সমিতির অডিটোরিয়াম	স্মরণ সভা- ২০১৩	(প্রয়াত অধ্যাপক ড. মুশাররফ হোসেন)	অধ্যাপক ড. আবুল বারকাত	১২০

৭। আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

তারিখ	বিষয়	পরিচালনায়	সভাপতি	উপস্থিতি
১৪/০৪/২০১৪ উপস্থিতি	আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	মেহেরুননেছা	অধ্যাপক ড. আবুল বারকাত	১০০

৮। পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি/শোক বার্তা/নিন্দা প্রস্তাব

তারিখ/স্থান	বিষয়	
১৫/১০/২০১২	কক্সবাজারের রামুতে সংগঠিত বৌদ্ধ ধর্মাবলম্বীদের উপর বর্বরোচিত আক্রমনের প্রতিবাদে	
১৭/১০/২০১২	বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যনির্বাহক কমিটির সহ-সম্পাদক জনাব মোঃ সালিকুর রহমান ভূইয়া-এর পিতা আলহাজ্ব সুরুজ আলী ভূইয়া মৃত্যুতে গভীর শোক প্রকাশ।	
২২/০২/২০১৩	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য অধ্যাপক ড. মুশাররফ হোসেন-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
০৫/০৩/২০১৩	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ও পর পর দুই বার কার্যনির্বাহক কমিটির নির্বাচিত সদস্য ড. যাদব চন্দ্র সাহা-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
২০/০৩/২০১৩	বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি মোঃ জিল্লুর রহমান-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
২৫/০৪/২০১৩	সাভারস্থ রানা প্লাজা ভবন ধ্বসে গার্মেন্স শ্রমিকদের মৃত্যুতে সমিতির শোক প্রকাশ।	
২৭/০৯/২০১৩	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ও পর পর দুই বার কার্যনির্বাহক কমিটির নির্বাচিত সদস্য ছিলেন মোঃ গোলাম মুর্তজা-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
০৩/১১/২০১৩	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য জনাব সউদ আহমদ-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
১২/০১/২০১৪	সাবেক প্রধান বিচারপতি ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা জনাব মুহাম্মদ হাবিবুর রহমান-এর	

	মৃত্যুতে শোক প্রকাশ।	
১৬/০১/২০১৪	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য অর্থনীতিবিদ ও সমাজসেবিকা ড. খালেদা সালাউদ্দিন-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
০০/০০/০০০০	পাকিস্তানের সরকারের প্রতি নিন্দা প্রস্তাব (কাসের মোল্লার ফাঁসির বিষয়)	
০৯/০৩/২০১৪	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ও পর পর চার বার বিভিন্ন পদে নির্বাচিত শামীমা আখতার-এর মৃত্যুতে শোক প্রকাশ।	
০৯/০৫/২০১৪	বাংলাদেশ অর্থনীতি সমিতির আজীবন সদস্য ও এক বার কার্যনির্বাহক কমিটির নির্বাচিত সদস্য এম. তাহের উদ্দিন-এর মৃত্যুতে শোক প্রকাশ।	

৯। প্রভাত ফেরি

তারিখ/স্থান	বিষয়	উপস্থিতি
১৬/১২/২০১২	বিজয় দিবস উদযাপন	EC
২১/০২/২০১৩	একুশের প্রভাত ফেরি ফুল দেয়া	EC
১৪/১২/২০১৩	বুদ্ধিজীবি হত্যা দিবস	EC
১৬/১২/২০১৩	বিজয় দিবস উদযাপন	EC
২১/০২/২০১৪	একুশের প্রভাত ফেরি ফুল দেয়া	EC
১৪/১২/২০১৪	বুদ্ধিজীবি হত্যা দিবস	EC
১৬/১২/২০১৪	বিজয় দিবস	EC

১০। প্রকাশনা ও অন্যান্য

- বাংলাদেশ জার্নাল অব পলিটিক্যাল ইকনমি: ২০১২-২০১৪-এর পরিকল্পনা অনুযায়ী পাঁচ ভলিয়ুম ইতোমধ্যে প্রকাশিত হয়েছে।
- বাংলাদেশ অর্থনীতি সমিতির সামগ্রিকী ২০১৪ (এক) ইতোমধ্যে প্রকাশিত হয়েছে।
- সমিতির সদস্যদের ছবিসহ ডেটার তালিকা তৈরী হয়েছে।

সংযোজনী-খ

সাধারন সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি
ঢাকা, বাংলাদেশ।

বিষয় : **গঠনতন্ত্রের সংশোধন** ।

জনাব,

সালাম গ্রহণ করবেন।

সমিতির গঠনতন্ত্রের কিছু সংশোধনী উপস্থাপন করছি :-

সমিতির নামের পরে ১ (ক) ধারা সংযোজন করা যেতে পারে।

সংযোজনী -১ : বৎসর ১ জুলাই হতে পরবর্তী জুন পর্যন্ত সময়কে বুঝাইবে অর্থাৎ জুলাই ২০১৪ - জুন ২০১৬ বুঝাইবে।

ঝ - (১৩) সংযোজনের সুপারিশ ঃ-

০২। কোন সদস্য ইতোমধ্যে যিনি অব্যাহতভাবে পর পর তিনবার নির্বাহী কমিটিতে (যে কোন পদে) নির্বাচিত থাকিয়া দায়িত্ব পালন করিয়াছেন তিনি পরবর্তী নির্বাচনে অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন না। কমপক্ষে একবার বিরতির পর পুনরায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য তিনি উপযুক্ত/যোগ্য বিবেচিত হইবেন।

ঝ - (১৪) সংযোজনের সুপারিশ ঃ-

০৩। যে কোন সম্মানিত সদস্য সমিতির সদস্য হওয়ার পর থেকে পাঁচবার নির্বাহী কমিটিতে নির্বাচিত হইয়াছেন তারা যে কোন পদে নির্বাচন করিতে পারিবেন না।

ব্যাখ্যা ঃ

যদি এ ব্যবস্থা গঠনতন্ত্রে সংযোজন করা হয় তাহলে অন্য উপযুক্ত সদস্যগণ নির্বাচনে প্রতিযোগী হবার সুযোগ পাইবে ও অর্থনীতি সমিতির উন্নয়নে সচেষ্ট হইবেন।

ঞ - (১০) সংযোজনের সুপারিশ ঃ-

নির্বাহী কমিটি অবলুপ্তি ঃ

নির্বাহী কমিটি যদি উহার কার্যক্রম পালনে ব্যর্থ হয় বলে প্রতীয়মান হয় সেই ক্ষেত্রে নির্বাহী কমিটির মোট সদস্যের অর্ধেকের বেশী সংখ্যক সদস্যের লিখিত অনুমতি সাপেক্ষে একজন সহ সভাপতি বা যুগ্ম সাধারণ সম্পাদক সমিতির কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ১০ সদস্য সম্বলিত একটি এডহক কমিটি গঠনের লক্ষ্যে একটি তলবী সভা আহবান করতে পারিবেন। উক্ত সভায় নির্বাহী কমিটি অবলুপ্ত ঘোষণা করা হইলে অবলুপ্তির তারিখ হইতে পরবর্তী তিন মাসের মধ্যে এডহক কমিটি নতুন নির্বাহী কমিটি গঠন করার জন্য গঠনতন্ত্র অনুযায়ী নতুনভাবে নির্বাচনের ব্যবস্থা করিবেন।

শুভেচ্ছান্তে,

(মোঃ আব্দুল মজিদ) ০২-০৬-২০১৪

জীবন সদস্য - ৭২১
বাংলাদেশ অর্থনীতি সমিতি।

অনুলিপি জ্ঞাতার্থে ঃ

অধ্যাপক আবুল বারকাত
সভাপতি
বাংলাদেশ অর্থনীতি সমিতি, ঢাকা।

সংযোজনী - গ

বিষয়: বাংলাদেশ অর্থনীতি সমিতির গঠনতন্ত্র সংশোধন

বাংলাদেশ অর্থনীতি সমিতির জীবন সদস্য (নং-৭২১) জনাব মোঃ আব্দুল মজিদ গত ০২-০৮-২০১৪ ইং সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক বরাবরে এক পত্রে সমিতির গঠনতন্ত্রের কতিপয় ধারায় সংশোধনীর প্রস্তাব রাখেন, যা নিম্নরূপ:

সংযোজনী-১। বৎসর ১লা জুলাই হতে পরবর্তী জুন, অর্থাৎ জুলাই ২০১৪ হতে জুন ২০১৬ বুঝাবে।

ঝ-(১৩) ও ঝ-(১৪) সংশোধন/সংযোজনের সুপারিশ ঃ

ঝ-(১৩)

০২। কোন সদস্য **ইতোমধ্যে যিনি** অব্যাহতভাবে **পর পর তিনবার নির্বাহী কমিটিতে (যে কোন পদে)** নির্বাচিত থাকিয়া দায়িত্ব পালন করিয়াছেন তিনি পরবর্তী নির্বাচনে অংশগ্রহনের জন্য যোগ্য বিবেচিত হইবেন না। কমপক্ষে একবার বিরতির পর পুনরায় নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য তিনি উপযুক্ত-যোগ্য বিবেচিত হইবেন।

ঝ-(১৪)

০৩। যে কোন সম্মানিত সদস্য সমিতির সদস্য হওয়ার পর হতে পাঁচবার (৫ বার) নির্বাহী কমিটিতে নির্বাচিত হইয়াছেন তারা যে কোন পদে নির্বাচন করিতে পারিবেন না।

ঙ-(১০)

নির্বাহী কমিটি অবলুপ্তি :

নির্বাহী কমিটি যদি উহার কার্যক্রম পালনে ব্যর্থ হয় বলে প্রতীয়মান হয় সেই ক্ষেত্রে নির্বাহী কমিটির মোট সদস্যের অর্ধেকের বেশী সংখ্যক সদস্যের লিখিত অনুমতি সাপেক্ষে ১ জন সহ-সভাপতি বা যুগ্ম-সম্পাদক সমিতির কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ১০ সদস্য সম্বলিত একটি এডহক কমিটি গঠনের লক্ষে একটি তলবী সভা আহবান করতে পারিবেন। উক্ত সভায় নির্বাহী কমিটি অবলুপ্ত ঘোষনা করা হইলে অবলুপ্তির তারিখ হইতে পরবর্তী তিন মাসের মধ্যে এডহক কমিটি নতুন নির্বাহী কমিটি গঠন করার জন্য গঠনতন্ত্র অনুযায়ী নতুনভাবে নির্বাচনের ব্যবস্থা করিবেন।

প্রস্তাবের উপর গঠনতন্ত্র সংশ্লিষ্ট নিম্নস্বাক্ষরকারীগণের সমন্বয়ে উপ-কমিটি ২৫ ডিসেম্বর ২০১৪ তারিখে বাংলাদেশ অর্থনীতি সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত সভায় জনাব মজিদ কর্তৃক গঠনতন্ত্রে সংশোধনীর প্রস্তাব বিস্তারিত আলাপ-আলোচনা ও পর্যালোচনাপূর্বক ঐক্যমতে পৌছে নিম্নলিখিত সিদ্ধান্তে উপনীত হয়, যা কার্যনির্বাহক কমিটির সভায় পেশ করা হয় ঃ

বিষয় সংযোজনী-১ সংশ্লিষ্ট:

কমিটির মেয়াদ কাল পূর্ববর্তী কমিটির মেয়াদ হতে ২ বছর বিধায় সুনিদিষ্টভাবে তারিখ অর্থাৎ মাস ও বৎসর উল্লেখের প্রয়োজন নেই।

বিষয়: ঝ-(১৩) ও ঝ- (১৪) সংশোধন/সংযোজন প্রস্তাব সংশ্লিষ্ট:

১। প্রস্তাব ঝ-(১৩) ও ঝ-(১৪) এর বিষয়ে উল্লেখ্য যে, এ ধরনের প্রস্তাবের উপর বাংলাদেশ অর্থনীতি সমিতির গত কার্যনির্বাহক কমিটির মেয়াদান্তে ২০১২ সালে অনুষ্ঠিত বাংলাদেশ অর্থনীতি সমিতির দ্বিবার্ষিক সাধারণ সভায় অন্যান্যের মধ্যে এ মর্মে প্রস্তাব গৃহীত/অনুমোদিত হয় যে, সমিতির কোন সদস্যই কার্যনির্বাহী কমিটির একই পদে পর পর ২ মেয়াদের অধিক নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না (গঠনতন্ত্র সংশোধন 'ছ' অনুচ্ছেদ-এর ১২ উপ-অনুচ্ছেদ পৃ: ১২)। আলোচ্য সংশোধনের কার্যকারিতা শুরু হয়েছে বিধায় এ পর্যায়ে এতদবিষয়ে আর কোন সংশোধনী/সংযোজনের প্রয়োজনীয়তা নেই।

২। কোন সদস্যের যোগ্যতা এবং/অথবা জনপ্রিয়তা এবং/অথবা কর্মদক্ষতা এবং/অথবা সমিতির স্বার্থে প্রয়োজনীয়তা থাকলে সমিতির সম্মানিত সদস্যগণের ভোটে নির্বাচনের মাধ্যমে দীর্ঘকাল নির্বাচিত হলে এতে কারও আপত্তি থাকার কথা নয়।

বিষয়: সংশোধনী প্রস্তাব-ঙ (১০) সংশ্লিষ্ট:

প্রস্তাব ঙ-(১০) সম্পর্কে অর্থাৎ অন্তবর্তীকালীন সময়েও তলবী সভা আহবানের বিষয়ে সংবিধানের 'জ' অনুচ্ছেদের ৫ উপ-অনুচ্ছেদে (পৃ: ১০) সুস্পষ্টভাবে উল্লেখ থাকায় আলোচ্য প্রস্তাবের যৌক্তিক মর্মার্থ স্পষ্ট নয়।

(মোঃ সাদিকুর রহমান ভূইয়া)	(মোঃ মোজাম্মেল হক)	(মনজু আরা বেগম)
আহবায়ক	সদস্য	সদস্য
গঠনতন্ত্র সংশ্লিষ্ট উপ-কমিটি	গঠনতন্ত্র সংশ্লিষ্ট উপ-কমিটি	গঠনতন্ত্র সংশ্লিষ্ট উপ-কমিটি

বাঅস/দ্বিস-২৪/২০১৪/০১২ তারিখঃ ৩০ ডিসেম্বর, ২০১৪

প্রিয় সদস্য,

শুভেচ্ছা নিন।

বাংলাদেশ অর্থনীতি সমিতির ২৯ ডিসেম্বের ২০১৪ তারিখ কার্যনির্বাহক কমিটির সভায় সমিতির আজীবন সদস্য জনাব মোঃ আবদুল মজিদ-এর (সদস্য নম্বর-৭২১) গঠনতন্ত্র সংশোধন প্রস্তাবটি সভায় আলোচনা হয় এবং তার প্রেরিত সংশোধন প্রস্তাবের চিঠির কপি এবং গঠনতন্ত্র সংশ্লিষ্ট উপ-কমিটির সুপারিশ সম্বলিত পত্রটি আপনার অবগতির জন্য প্রেরণ করা হ'ল। বিষয়টি আসন্ন বার্ষিক সাধারণ সভায় আলোচনা করা হবে।

ভাল থাকুন, সুস্থ থাকুন।

(অধ্যাপক ড. তৌফিক আহমদ চৌধূরী)
সাধারণ সম্পাদক
বাংলাদেশ অর্থনীতি সমিতি

সংযুক্ত : বর্ণনামতে

বাংলাদেশ অর্থনীতি সমিতির
২০১৫-২০১৬ কার্যক্রমের
ফটো এ্যালবাম

১৯তম দ্বিবার্ষিক সম্মেলন ২০১৫ উপলক্ষে সাংবাদিক সম্মেলন

বাংলাদেশ অর্থনীতি সমিতির বিজয় দিবস ২০১৫ উদ্‌যাপন

২১ শে ফেব্রুয়ারি ২০১৫ জাতীয় শহীদ মিনারে পুষ্প অর্পণ

১৯তম দ্বিবার্ষিক সম্মেলনে জাতীয় সংগীত পরিবেশন

১৯তম দ্বিবার্ষিক সম্মেলনে সম্মাননা প্রদান

১৯তম দ্বিবার্ষিক সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রীকে সনদ প্রদান

১৯তম দ্বিবার্ষিক সম্মেলনে বিচারপতি এ.বি.এম খায়রুল হক- কে সনদ প্রদান

নির্বাচনী ফলাফল প্রদান-২০১৫

জাতীয় সেমিনার ২০১৫

দিনাজপুর আঞ্চলিক সেমিনার ২০১৫ উপলক্ষে সংবাদ সম্মেলন

দিনাজপুর-এ আঞ্চলিক সেমিনার ২০১৫

ঢাকায় ২০১৫-১৬ প্রাক-বাজেট সম্মেলন

চট্টগ্রাম চ্যাপ্টারের দ্বিবার্ষিক সম্মেলন ২০১৫

বিভাগীয় সেমিনার (রংপুর) ২০১৫

লোকবক্তা ২০১৬ অধ্যাপক জি ডব্লিউ. কলোদকো-কে ক্রেস্ট প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ভবনে অধ্যাপক কলোদকো ও অন্যান্যরা

লোকবক্তৃতা ২০১৬

২১ শে ফেব্রুয়ারি ২০১৬ জাতীয় শহীদ মিনারে পুষ্প অর্পণ

ব্যাংকার্স প্রশিক্ষণ কোর্স ২০১৬

আঞ্চলিক সেমিনার ২০১৬ (চট্টগ্রাম)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন (চট্টগ্রাম)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন (কুষ্টিয়া)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন (ময়মনসিংহ)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন (দিনাজপুর)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন (রাজশাহী)

২০১৬-১৭ প্রাক-বাজেট সংবাদ সম্মেলন, বাংলাদেশ অর্থনীতি সমিতির নিজস্ব কার্যালয়, ঢাকা

ডাঃ এম আর খান-এর মৃত্যুতে পুষ্পস্তবক প্রদান

আঞ্চলিক সেমিনার ২০১৬ (রাজশাহী)

আঞ্চলিক সেমিনার ২০১৬ (নোয়াখালী)

বাংলাদেশ অর্থনীতি সমিতির বিজয় দিবস ২০১৬ উদ্‌যাপন

আঞ্চলিক সেমিনার ২০১৬ (মানিকগঞ্জ)

২১ শে ফেব্রুয়ারি ২০১৭ জাতীয় শহীদ মিনারে পুষ্প অর্পণ

National Bank Limited

A Bank for Performance with Potential

বাংলাদেশ অর্থনীতি সমিতি
Bangladesh Economic Association
4/C Eskaton Garden Road, Dhaka 1000
Phone & Fax : 880 -2 - 9345996
Email : bea.dhaka@gmail.com, Web : bdeconassoc.org